ব্যবস্থাসার সংগ্রহ

অর্থাৎ

স্মার্ত্ত ও হরিভক্তি বিলাসাদি ধৃত প্রমাণ সম্বলিত

স্মৃতি সংগ্রহ।

শ্রীযুক্ত গোকুলচন্দ্র গোস্বামি সঙ্কলিত।

শ্রীযুক্ত গোপেশ্বর মুখোপাধ্যায়

প্রকাশিত।

শ্রী মতিলাল মণ্ডল কর্ত্তৃক গুপ্তপ্রেশে মুদ্রিত।

২২১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট,—কলিকাতা।

১২৮৮ সাল।

মূল্য ১।০ এক টাকা চারি আনা।

বিজ্ঞাপন।

প্রতি অস্মদ্দেশে আর্য্যধর্ম্মের লোপ হইবার বিলক্ষণ উপক্রম হইয়াছে, একেবারে বিলুপ্ত হইয়াছে বলিলেও বোধ হয় অসঙ্গত হয় না। ইহার কারণ অনুসন্ধান করিলে, বোধ হয় কেবলমাত্র ধর্ম্মশাস্ত্র চর্চ্চার বিরহ। শব্দে প্রথমতঃ বেদকেই বুঝায়। কিন্তু উহা অত্যন্ত দুরূহ, এই মনু, অত্রি, হারিত, যাজ্ঞবল্ক্য প্রভৃতি ইঁহারা সহজে ঐ বেদার্থ করিয়াছেন। উহার নাম স্মৃতি, ও এক্ষণে প্রাচীন বলিয়া পরিগণিত। পুরাণাদি দ্বারাও বেদার্থ নির্ণীত হইয়াছে বলিয়া, উহাকেও স্মৃতি শব্দে থাকেন। পূর্ব্ব পূর্ব্ব মহাত্মাগণ ঐ সকল শাস্ত্র চর্চ্চাদ্বারা ধর্ম্মতত্ত্ব হইয়া, অনায়াসেই ঐহিক ও পারত্রিক সুখ সম্ভোগ করিতে সক্ষম। কিন্তু কালক্রমে ক্রমশঃ উহা অবসন্নপ্রায় হইতে লাগিল দেখিয়া. ব পণ্ডিতবরেণ্য রঘুনন্দন ভট্টাচার্য্য পূর্ব্বোক্ত প্রাচীন স্মৃতি স কল ও সকলের বচন অবলম্বন পূর্ব্বক তিথি, প্রায়শ্চিত্ত, উদ্বাহ, ইত্যাদি দে অষ্টাবিংশতি তত্ত্ব, এক খানি স্মৃতি সংগ্রহ করিলেন। অস্মদ্দেশে ত বৈধ সমস্ত কার্য্যই প্রায় উহার সাপেক্ষ। কিন্তু পূর্ব্বে ই বলিয়াছি মে ক্রমশঃ উহাও অবসন্নপ্রায় হইতেছে, দেখিয়া আম রা একখানি সারসংগ্রহ” নামে স্মৃতি সংগ্রহপূর্ব্বক বাঙ্গালা অনুবাদ সম্বলিত মুদ্রিত ম। ইহাতে সংক্ষেপে সমস্ত ধর্ম্মমর্ম্ম অনায়াসেই অবগত হইতে যাইবে। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত রঘুনন্দন ভট্টাচার্য্য কৃত অষ্টাবিংশতি হরিভক্তি বিলাসাদি গ্রন্থ হইতে প্রমাণ সকল উদ্ধৃত হইয়া এই গ্রন্থে শিত হইল অধিকন্তু হরিভক্তি বিলাসের মত সন্নিবেশিত থাকায় সম্প্রদায়ের বিশেষ রূপ উপকার হইতে পারিবে। এক্ষণে সাধারণে করিলেই শ্রম সফল জ্ঞান করি।

নন্দরাম সেনের গলি
শোভাবাজার ; কলিকাতা,
৩০ আষাঢ় সন ১২৮৮।

শ্রীগোকুলচন্দ্র গোস্বামিনঃ।

নির্ঘণ্ট পত্র

ব্যবস্থাসার সংগ্রহ।

অথ তিথিনির্ণয়।

শ্রীকৃষ্ণং সচ্চিদানন্দং নত্বা সংকলয়াম্যহং।
সর্ব্বেষাং সুখবোধায় ব্যবস্থাসারসংগ্রহং॥ ১॥

প্রথমতঃ প্রতিপদাদি তিথিনিরূপণের অগ্রে, তিথি কাহাকে বলে তাহা নির্ণয় করা উচিত। অমাবস্যা হইতে পূর্ণিমা পর্য্যন্ত এই ষোলটিকে তিথি বলে।

তথাচ।

"অমাষোড়শভাগেন দেবি প্রোক্তা মহাকলা।
সংস্থিতা পরমা মায়া দেহিনাং দেহধারিণী॥
অমাদিপৌর্ণমাস্যন্তা যা এব শশিনঃ কলাঃ।
তিথয়স্তাঃ সমাখ্যাতাঃ ষোড়শৈব বরাননে॥"

চন্দ্রমণ্ডলের ষোলভাগে পরিমিত যে অমা তাহাকেই মহাকলা বলে। তদতিরিক্ত পনেরটি কলাকেই প্রতিপৎআদি পনেরটি তিথি শব্দে কহিয়া থাকে। অর্থাৎ প্রথমটি প্রতিপৎ, দ্বিতীয়টি দ্বিতীয়া ইত্যাদি পূর্ণিমা পর্য্যন্ত পনেরটি তিথি হইয়া থাকে। এবং ঐ প্রতিপৎআদি তিথি যখন বৃদ্ধিরূপ হয়, তখন শুক্ল, ও যখন হ্রাস রূপ হয়, তখন কৃষ্ণ, এইরূপে দুইটি পক্ষ হয়। প্রমাণ। যথা—

"তত্র পক্ষাবুভৌ মাসে শুক্লকৃষ্ণৌ ক্রমেণ হি।
চন্দ্রবৃদ্ধিকরঃ শুক্লঃ কৃষ্ণশ্চন্দ্রক্ষয়াত্মকঃ ॥
*পক্ষত্যাদ্যাস্তু তিথয়ঃ ক্রমাৎ পঞ্চদশ স্মৃতাঃ।
দর্শান্তাঃ কৃষ্ণপক্ষে তাঃ পূর্ণিমান্তাশ্চ শুক্লকে" ॥ ইতি।

প্রতিমাসে শুক্ল ও কৃষ্ণ দুইটি পক্ষ ক্রমান্বয়ে হয়। যাহাতে চন্দ্রের বৃদ্ধি হয়, তাহাকে শুক্ল, ও যাহাতে ক্ষয়, তাহাকে কৃষ্ণ পক্ষ বলে। এবং ঐ প্রতিপৎআদি পনেরটি তিথির, কৃষ্ণপক্ষে অমাবস্যাতে শেষ, ও শুক্লপক্ষে পূর্ণিমায় শেষ পরিগণিত হইয়া থাকে।

অথ জন্মতিথির ব্যবস্থা।

প্রতিবৎসরেই জন্মতিথিপূজার বিধান আছে। কিন্তু জন্মতিথি পূজা মলমাসে করিবেনা

তথাচ—

"তচ্চ মলমাসে ন কর্ত্তব্যং চান্দ্রমাসীয়ত্বেন
সাবকাশত্বাৎ ॥ ইতি।

এবং জন্মতিথি দিবসে গুরু দেবতা নক্ষত্র প্রভৃতির পূজা করিতে হয়। প্রমাণ। যথা।—

"সর্ব্বৈশ্চ জন্মদিবসে স্নাতৈ র্মঙ্গলপাণিভিঃ।
গুরুদেবাগ্নিবিপ্রাশ্চ পূজনীয়াঃ প্রযত্নতঃ।
স্বনক্ষত্রঞ্চ পিতরৌ তথাদেবঃ প্রজাপতিঃ।
প্রতিসম্বৎসরঞ্চৈব কর্ত্তব্যশ্চ মহোৎসবঃ ॥" ইতি।

---

* পক্ষতি শব্দে প্রতিপৎ।

অর্থাৎ জন্মদিবসে সকলেই স্নাত, ও মঙ্গল দ্রব্য হস্তে ধারণ করতঃ, গুরু দেবতা অগ্নি ও ব্রাহ্মণের পূজা করিবে। এবং জন্ম নক্ষত্র ও পিতামাতা ও ব্রহ্মার পূজা করিবে। প্রতিবৎসরই এইরূপে পূজাকরিয়া মহোৎসব করা কর্ত্তব্য।

পূর্ব্বোক্ত মঙ্গল দ্রব্য শব্দে এখানে দূর্ব্বা গোরোচনা গুগ্‌গুল প্রভৃতি ও জন্মগ্রন্থি হস্তে ধারণ করা বুঝাইবে।

প্রমাণ যথা—

"গুড়দুগ্ধ তিলানদ্যাজ্জন্ম গ্রন্থেশ্চ বন্ধনং।
গুগ্‌গুলং নিম্ব সিদ্ধার্থং দূর্ব্বা গোরোচনা যুতং॥" ইতি।

জন্মতিথিতে গুড়, দুগ্ধ, তিল একত্রে ভোজন করিবে। আর গুগ্‌গুল নিম্ব ও সিদ্ধার্থ ও দূর্ব্বা গোরোচনা যুক্ত জন্মগ্রন্থি হস্তে ধারণ করা কর্ত্তব্য।

এবং জন্মতিথি দিবসে ষট্‌তিলী হইবে। অর্থাৎ তিলমর্দ্দনপূর্ব্বক গাত্রে বিলেপন (১) তিলযুক্ত জলে স্নান (২) তিলদ্বারা হোম (৩) তিলপ্রদান (৪) তিল ভক্ষণ (৫) তিলবপন (৬) করিবে।

প্রমাণ যথা—

"তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোমী তিলপ্রদঃ।
তিলভুক্ তিলবাপী চ ষট্‌তিলী নাবসীদতি॥" ইতি।

এবং নূতন বস্ত্র পরিধান পূর্ব্বক সূর্য্য ও গণেশ পূজা করিয়া মার্কণ্ডেয় নিকটে এইমন্ত্রে প্রার্থনা করত তাঁহার পূজাকরিবে।

প্রার্থনামন্ত্র। যথা—

"চিরজীবী যথা ত্বংভো ভবিষ্যামি তথা মুনে।
রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়াযুক্তশ্চ সর্ব্বদা॥
মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন।
আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থ মস্মাকং বরদো ভব॥" ইতি।

তদনন্তর চিরজীবিদিগের পূজা করিবে।
যথা—

"ততো দীর্ঘায়ুষং ব্যাসং রামং*দ্রৌণিং†কৃপং বলিং।
প্রহ্লাদং চ হনূমন্তং বিভীষণমথার্চ্চয়েৎ॥" ইতি।

এবং জন্মনক্ষত্র ও ষষ্ঠী দেবীর পূজা কর্ত্তব্য।
প্রমাণ। যথা—

"স্বনক্ষত্রং জন্মতিথিং প্রাপ্য সংপূজয়েন্নরঃ।
ষষ্ঠীংচ দধিভক্তেন বর্ষে বর্ষে পুনঃ পুনঃ॥" ইতি।

এবং স্নানাদি কার্য্যে সর্ব্বদা ভগবান্ নারায়ণের ধ্যান করিবে, ও "তদ্বিষ্ণোঃ পরমং পদং সদাপশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং" এই মন্ত্র—পাঠপূর্ব্বক স্নান করিবে ‡।
প্রমাণ যথা—

"ধ্যায়েন্নারায়ণং নিত্যং স্নানাদিষু চ কর্ম্মসু।
তদ্বিষ্ণোরিতি মন্ত্রেণ স্নায়াদপ্সু পুনঃ পুনঃ॥" ইতি।

সর্ব্বাগ্রে ভগবন্নারায়ণের অর্চ্চনা কর্ত্তব্য, নারায়ণ পূজাব্যতিরেকে কোন-কার্য্য সফল হয়না। এবং সঙ্কল্প করাও উচিত।
প্রমাণ যথা—

---

* পরশুরাম।

† অশ্বত্থামা।

‡ কিন্তু শূদ্রের মন্ত্র বিশেষে অধিকার না থাকায়, স্বয়ং মন্ত্রাদি পাঠ করিবেনা, ব্রাহ্মণ দ্বারা উপযুক্ত কার্য্য করাইবে।
প্রমাণ যথা—

"অয়মেব বিধিঃ প্রোক্তঃ শূদ্রাণাং মন্ত্রবর্জ্জিতঃ।
অমন্ত্রস্য তু শূদ্রস্য বিপ্রো মন্ত্রেণ গৃহ্যতে॥" ইতি।

"সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভং।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ॥
সঙ্কল্পেন বিনা রাজন্ যৎকিঞ্চিৎ কুরুতে নরঃ॥
ফলংচাল্পাল্পকংতস্য ধর্ম্মস্যার্দ্ধক্ষয়ো ভবেৎ॥" ইতি।

কিন্তু জন্মতিথি পূজায় বিশেষ এই, অর্ঘ্যের পর পাদ্য প্রদান করিতে হইবে।
প্রমাণ যথা—

"অর্ঘ্যপাদ্যাদিকং তত্র মধুপর্কং প্রযোজয়েৎ"॥ ইতি।

পূজানন্তর পূজিত দেবতাদিগের তিলদ্বারা হোম করা কর্ত্তব্য।
প্রমাণ। যথা—

"একৈকাং দেবতাং রাম সমুদ্দিশ্য যথাবিধি।
চতুর্থ্যন্তেন ধর্ম্মজ্ঞ নাম্না চ প্রণবাদিনা॥॥
হোম দ্রব্য মথৈকৈকং শতসংখ্যন্তু হোময়েৎ॥" ইতি।

এবং জন্মতিথি দিবসে নখ ও কেশের খণ্ডন, মৈথুন, দূরপথেগমন, আমিষ ভক্ষণ, কলহ ও হিংসা নিষিদ্ধ, এবং উষ্ণজলে স্নানও নিষিদ্ধ।
প্রমাণ যথা—

"খণ্ডনংনখকেশানাং মৈথুনাধ্বানমেব চ।
আমিষং কলহং হিংসাং বর্ষবৃদ্ধৌ বিবর্জ্জয়েৎ"॥
"নস্নায়াদুষ্ণবারিণা॥" ইতি।

এবং

স্নাত্বা জন্মদিনে স্ত্রিয়ং পরিহরন্ প্রাপ্নোত্যভীষ্টাং শ্রিয়ং,
মৎস্যান্ মোচয়তো দ্বিজায় দদতোহপ্যায়ুশ্চিরং বর্দ্ধতে।

শক্তূন্ খাদতি যস্তু তস্য রিপবো নাশং প্রয়ান্তি ধ্রুবং,
ভুংক্তে যস্তু নিরামিষং সহি ভবেজ্জন্মান্তরে পণ্ডিতঃ॥" ইতি।

জন্মতিথিতে স্ত্রীসঙ্গ পরিত্যাগ করিলে অভিলষিত স্ত্রী লাভ হয়। জলে মৎস্য ছাড়িলে ও ব্রাহ্মণকে দান করিলে পরমায়ু বৃদ্ধি হয়। এবং যিনি, শক্তু (অর্থাৎ ছাতু) ভক্ষণ করেন, তাহার শত্রুগণ সমূলে নাশ প্রাপ্ত হয়। আর জন্মতিথিতে নিরামিষ ভোজন করিলে জন্মান্তরে পণ্ডিত হয়।

যাহার জন্মতিথিতে জন্মনক্ষত্র প্রাপ্ত হয়, তাহার সেবৎসর, বহুবিধ সুখ, সম্মান ও নিরোগিতা হয়।

প্রমাণ যথা,—

"জন্মর্ক্ষযুক্তা যদি জন্মমাসে যস্য ধ্রুবং জন্মতিথি র্ভবেচ্চ।
ভবন্তি তদ্বৎসরমেব যাবন্নৈরুজ্যসম্মান সুখানি তস্য॥"
ইতি।

কিন্তু জন্ম নক্ষত্র প্রাপ্ত না হইয়া, যদি শনি, কিম্বা মঙ্গলবারে জন্মতিথি হয়, তাহা হইলে, সেবৎসর পদে পদে নানা বিধ বিঘ্ন ঘটে।

প্রমাণ যথা,—

"কৃতান্তকুজয়ো র্বারে যস্য জন্মদিনং ভবেৎ।
অনৃক্ষযোগসংপ্রাপ্তৌ বিঘ্নস্তস্য পদে পদে॥" ইতি।

অতএব উহার শান্তি নিমিত্ত এই সকল কার্য্য করিবে।

যথা,—

"তস্য সর্ব্বৌষধিস্নানং গ্রহবিপ্রসুরার্চ্চনং।
গ্রহানুদ্দিশ্য হোমো বা গ্রহাণাং প্রীতিমিচ্ছতা॥
সৌরারয়ো র্দিনে মুক্তা দেয়ানৃক্ষে তু কাঞ্চনং॥ ইতি।

সর্ব্বৌষধিযুক্ত জলেস্নান, ও গ্রহ বিপ্র দেবতার পূজা, এবং গ্রহগণের প্রীতিজন্য, তাঁহাদিগের হোম কর্ত্তব্য। এবং শনি, কিম্বা মঙ্গলবারে মুক্তা প্রদান করিতে হয়, আর জন্ম নক্ষত্র যোগ না হইলে কাঞ্চন প্রদান করিবে।

এক্ষণে সর্ব্বৌষধি শব্দে যেসকল দ্রব্য বুঝায় তাহা কথিত হইতেছে। যথা,—

"মুরামাংসী বচাকুষ্ঠং শৈলেয়ং রজনীদ্বয়ং।
শঠীচম্পকমুস্তঞ্চ সর্ব্বৌষধিগণঃ স্মৃতঃ॥" ইতি।

অথ প্রতিপৎ।

শুক্লপক্ষে অমাবস্যাযুক্ত প্রতিপদে দৈবাদি কর্ম্ম করিবে।

প্রমাণ যথা,—

"যুগ্মাগ্নিকৃতভূতানি ষণ্মুন্যো র্বসুরন্ধ্রয়োঃ।
রুদ্রেণ দ্বাদশীযুক্তা চতুর্দশ্যাথ পূর্ণিমা॥
প্রতিপদপ্যমাবস্যা তিথ্যোর্যুগ্মং মহাফলং॥
এতদ্ব্যস্তং মহাঘোরং হন্তি পুণ্যং পুরাকৃতং॥" ইতি।

অর্থাৎ

দ্বিতীয়া তৃতীয়া, চতুর্থী পঞ্চমী, ষষ্ঠী সপ্তমী, অষ্টমী নবমী, একাদশী দ্বাদশী, চতুর্দ্দশী পূর্ণিমা, প্রতিপৎ অমাবস্যা, এই তিথি গণের যে মেলন সেই সেই তিথিমাত্রে বিহিত যে কর্ম্ম তাহাতে মহাফলজনক হয়॥ ইতি।

আর কৃষ্ণপক্ষে দ্বিতীয়া যুক্তা প্রতিপদে দৈবাদি কর্ম্ম করিবে। কিন্তু দ্বিতীয়া যুক্তা কৃষ্ণা প্রতিপদে উপবাস করিবেনা। অর্থাৎ পূর্ণিমাযুক্তাতে উপবাস করিবে।

প্রমাণ যথা,—

"প্রতিপৎ সদ্বিতীয়া স্যাৎ ॥" ইতি।

দ্বিতীয়া পঞ্চমী বেধাদ্দ্বাদশী চ ত্রয়োদশী।

চতুর্দ্দশী চোপবাসে হন্যুঃ পূর্ব্বোত্তরে তিথী ॥" ইতি।

অর্থাৎ কৃষ্ণপক্ষের প্রতিপৎ দ্বিতীয়া যুক্তা গ্রাহ্য। কিন্তু উপবাসস্থলে দ্বিতীয়া যোগে পরিত্যজ্য হয়। কারণ, দ্বিতীয়া পঞ্চমী, দ্বাদশী, ও চতুর্দ্দশী এই সকল তিথির যোগে, ইহাদিগের পূর্ব্ব ও উত্তর তিথিদিগকে হত করে। অর্থাৎ সেই সেই তিথিতে উপবাস করিলে, কর্ম্ম জন্য শুভ অদৃষ্টের ব্যাঘাত জন্মায়।

কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয় প্রতিপদে গোবর্দ্ধন পূজা হইয়া থাকে।

প্রমাণ। হরিভক্তি বিলাসধৃত স্কন্দ পুরাণ,

যথা,—

"প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য দ্যূতঞ্চৈব সমাচরেৎ।

ভূষণীয়াস্তথা গাবঃ পূজ্যাশ্চ দোহবাহনাঃ ॥"

অর্থাৎ কার্ত্তিক শুক্ল প্রতিপৎ প্রভাতে গোবর্দ্ধন পূজা অবশ্য কর্ত্তব্য। এবং গাভিগণেরও উত্তম বেশভূষণাদি করিয়া দিবে, দোহনাদি করিবে না।

এবং এই কার্ত্তিক শুক্ল প্রতিপৎকে বীর প্রতিপৎ নামে কহিয়া থাকে, ইহাতে বলিরাজারও পূজা হয়।

প্রমাণ। যথা—

"বীরপ্রতিপদা নাম তব ভাবী মহোৎসবঃ।

অত্র ত্বাং নরশার্দূল হৃষ্টাঃ পুষ্টাঃ স্বলঙ্কৃতাঃ ॥

পুষ্পদীপপ্রদানেন পূজয়িষ্যন্তি মানবাঃ ॥"

অর্থাৎ বলিরাজাকে ভগবান্ বলিয়াছিলেন, হে নরশার্দ্দূল! এই কার্ত্তিক-শুক্ল প্রতিপৎকে বীর প্রতিপৎ নামে বলিবে, এবং ইহাতে সকললোক, হৃষ্ট, পুষ্ট ও অলঙ্কৃত হইয়া, পুষ্প ও দীপাদিদ্বারা তোমার পূজা করিবে।

কিন্তু এই বলিরাজার পূজা প্রদোষ সময়ে করিতে হয়।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, যথা,—

"লিখিত্বা শ্রীবলিং পট্টে বিন্ধ্যাবল্যান্বিতং মুদা।
প্রদোষে তৎপ্রতিপদো ভগবদ্ভক্তমর্চ্চয়েৎ॥"

ভগবদ্‌ভক্ত বলিরাজাকে, বিন্ধ্যাবলির সহিত লিখিয়া, প্রদোষ সময়ে পূজা করিবে।

এবং ঐ প্রতিমূর্ত্তি পঞ্চবর্ণ বর্ণক* দ্বারা লিখিতে হইবে।

যথা,—

"বলিমালিখ্য দৈত্যেন্দ্রং বর্ণকৈঃ পঞ্চরঙ্গকৈঃ॥" ইতি।

এবং এই কার্ত্তিক শুক্ল প্রতিপদে, দ্যূত ক্রীড়ায় জয় হইলে, সম্বৎসর সর্ব্বত্র জয়লাভ হয়।

প্রমাণ। যথা,—

"তস্মিন্ দ্যূতে জয়ো যস্য তস্য সম্বৎসরঃ শুভঃ।
পরাজয়ো বিরুদ্ধস্তু লব্ধনাশকরো ভবেৎ॥" ইতি।

এই প্রতিপদে দ্যূত ক্রীড়ায়, যাহার জয় হইবে, তাহার সম্বৎসর সর্ব্বত্র শুভ। এবং পরাজয় হইলে, সমস্ত বৎসর অশুভ ও লব্ধ বস্তুরও নাশ হয়।

কার্ত্তিকী পূর্ণিমার পর যে অগ্রহায়ণ মাসের কৃষ্ণ প্রতিপৎ, তাহাতে রোহিণী নক্ষত্র যোগে গঙ্গাস্নান করিলে বহুশত সূর্য্যগ্রহণ জন্য গঙ্গাস্নানের যে ফল, তাহার সমান ফললাভ হয়।

প্রমাণ। যথা,—

"রোহিণ্যাং প্রতিপদ্‌যুক্তা মার্গে মাসি সিতেতরা।
গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহশতৈঃ সমা॥" ইতি।

* গুঁড়ি ইতি ভাষা।

অথ দ্বিতীয়া।

কৃষ্ণপক্ষের দ্বিতীয়া যদি প্রতিপৎযুক্তা হয় তবে তাহাই দৈবাদি কর্ম্মে গ্রাহ্য।

প্রমাণ। যথা,—

"প্রতিপৎ সদ্বিতীয়া স্যাৎ দ্বিতীয়া প্রতিপদ্‌যুতা॥" ইতি।

আর শুক্লপক্ষীয় দ্বিতীয়া তৃতীয়াযুক্তা গ্রাহ্যা।

প্রমাণ। যথা,—

"যুগ্মাগ্নি" ইত্যাদি।

কিন্তু উপবাসস্থলে কৃষ্ণপক্ষের দ্বিতীয়া পূর্ব্বযুক্তা (অর্থাৎ প্রতিপৎযুক্তা) গ্রাহ্যা, আর শুক্লপক্ষের দ্বিতীয়া, পরযুক্তা (অর্থাৎ তৃতীয়া যুক্তা) গ্রাহ্যা।

প্রমাণ। যথা,—

"দ্বিতীয়ৈকাদশী ষষ্ঠী তথা চৈবাষ্টমী তিথিঃ
বেধাদধস্তাদ্ধন্যুস্তা উপবাসে তিথীস্ত্বিমাঃ॥"
"একাদশ্যষ্টমী ষষ্ঠী দ্বিতীয়া চ চতুর্দ্দশী।
ত্রয়োদশ্যপ্যমাবস্যা উপোষ্যাঃস্যুঃ পরান্বিতাঃ॥"ইতি।

আষাঢ় মাসের শুক্লপক্ষের দ্বিতীয়ার নাম রথ দ্বিতীয়া, ইহা পুষ্যানক্ষত্র যোগে অত্যন্ত প্রশস্তা হয়, বিনা নক্ষত্রযোগেও ইহাতে ভগবানের রথযাত্রা হইয়া থাকে।

প্রমাণ। যথা,—

"আষাঢ়স্য সিতে পক্ষে দ্বিতীয়া পুষ্যসংযুতা।
তস্যাং রথে সমারোপ্য রামং মাং ভদ্রয়া সহ॥
যাত্রোৎসবং প্রবৃত্ত্যার্থং প্রীনয়েচ্চ দ্বিজান্ বহূন।
"ঋক্ষাভাবে তিথৌ কার্য্যা সদা সা প্রীতয়ে মম॥" ইতি।

এবং কার্ত্তিক মাসের শুক্লপক্ষের দ্বিতীয়ার নাম যমদ্বিতীয়া। ইহাতে যমের পূজা কর্ত্তব্য, এবং যমুনায় স্নান করিলে বিশেষ ফললাভ হয়।

প্রমাণ। শ্রীহরিভক্তি বিলাসে যথা,—

"ঊর্জে শুক্লদ্বিতীয়ায়াং মধ্যাহ্নে যমমর্চ্চয়েৎ।
স্নানংকৃত্বা ভানুজায়াং* যমলোকং ন পশ্যতি॥" ইতি।

এই দ্বিতীয়াকে ভ্রাতৃদ্বিতীয়া নামেও কহিয়া থাকে। ইহাতে ভ্রাতৃ-পূজন কর্ত্তব্য, যে স্ত্রীলোক এই দিন ভ্রাতৃপূজা না করেন, তাহার সপ্তজন্ম ভ্রাতৃ-বিনাশ হয়।

প্রমাণ। লিঙ্গ পুরাণে যথা,—

"কার্ত্তিকে তু দ্বিতীয়ায়াং শুক্লায়াং ভ্রাতৃপূজনং।
যা ন কুর্য্যাৎ বিনশ্যন্তি ভ্রাতরঃ সপ্তজন্মনি॥" ইতি।

এবং ভ্রাতারও এই দিন ভগিনী-হস্তে ভোজন করা কর্ত্তব্য, কারণ নিজ-গৃহে ভোজন নিষিদ্ধ। আর ভগিনীকেও বস্ত্র অলঙ্কারাদি প্রদান করিতে হয়।

প্রমাণ। মহাভারতে যথা,—

"কার্ত্তিকে শুক্লপক্ষস্য দ্বিতীয়ায়াং যুধিষ্ঠির।
যমো যমুনয়া পূর্ব্বং ভোজিতঃ স্বগৃহে স্বয়ং॥
তস্মান্নিজগৃহে পার্থ। নভোক্তব্যমতোবুধৈঃ।
যত্নেন ভগিনীহস্তাদ্ ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধনং॥
দানানি চ প্রদেয়ানি ভগিনীভ্যো বিশেষতঃ॥" ইতি।

---

* ভানুজায়াং যমুনায়াং। ভানুজা শব্দে যমুনাকে বুঝায়।

এবং ভ্রাতা ও ভগিনী উভয়েই যম ও যমুনা পূজানন্তর এই মন্ত্র পাঠপূর্ব্বক নমস্কার করিবে।

যমের প্রণাম মন্ত্র, যথা,—

"ধর্ম্মরাজ! নমস্তুভ্যং নমস্তে যমুনাগ্রজ।
পাহি মাং কিঙ্করৈঃ সার্দ্ধং সূর্য্যপুত্র নমোঽস্তু তে॥

যমুনার প্রণাম মন্ত্র, যথা,—

"যমস্বসর্নমস্তেঽস্তু যমুনে লোকপূজিতে!।
বরদা ভব মে নিত্যং সূর্য্যপুত্রি! নমোঽস্তু তে॥ ইতি।

আর ভ্রাতাকে অন্নদান করিয়া, ভগিনী এই মন্ত্র পাঠ করিবে। যথা,—

"ভ্রাতস্তবানুজাতাহং ভুঙ্ক্ষ্ব ভুক্তমিদং শুভং।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ॥

যদি জ্যেষ্ঠা ভগিনী হয়, তবে প্রথম চরণটি এইরূপ পড়িবে,

"ভ্রাত স্তবাগ্রজাতাহং ইত্যাদি।

এই ভোজনের কাল, দিবসকে আট ভাগ করিয়া তাহার পঞ্চম ভাগ, ইহাই মুখ্য কাল, তদভাবে সামান্য কালও গ্রাহ্য।

প্রমাণ। দক্ষ যথা,—

"পঞ্চমে চ তথাভাগে সম্বিভাগো * যথার্হতঃ।
পিতৃদেব মনুষ্যাণাং কীটানাঞ্চোপদিশ্যতে॥
সম্বিভাগং ততঃ কৃত্বা গৃহস্থঃ শেষভুগ্‌ভবেৎ॥" ইতি।

* সম্বিভাগঃ—বিভজ্যান্নপ্রতিপাদনং

আর এই যমদ্বিতীয়াতে যাত্রা নিষিদ্ধ। কারণ উহাতে যাত্রা করিলে মৃত্যু হয়।

প্রমাণ। জ্যোতিষে যথা,—

'যমদ্বিতীয়ায়াং যাত্রায়াং মরণংভবেৎ।" ইতি

এবং এই সকল দ্বিতীয়াতে অধ্যয়ন করিতে নাই, অর্থাৎ প্রেতপক্ষ গত হইলে, যে শুক্লাদ্বিতীয়া, ও কোজাগর পূর্ণিমার পর যে কৃষ্ণাদ্বিতীয়া, আর, চৈত্র পূর্ণিমার পর যে কৃষ্ণাদ্বিতীয়া, এবং কার্ত্তিকী পূর্ণিমার পর যে কৃষ্ণা-দ্বিতীয়া, এই সকল দ্বিতীয়াতে অধ্যয়ন নিষিদ্ধ।

প্রমাণ। রাজমার্ত্তণ্ডে যথা,—

"প্রেকোচৈচা দ্বিতীয়াস্তাঃ প্রেতপক্ষে গতে তু যা।
যাতু কোজাগরে যাতে চৈত্র্যাবল্যাঃপরেপি চ
চাতুর্মাস্যে সমাপ্তে চ দ্বিতীয়া যা ভবেৎ তিথিঃ॥
পরাস্বেতাস্বনধ্যায়ঃ পুরাণৈঃ পরিকীর্ত্তিতঃ॥" ইতি।

অথ তৃতীয়া।

রম্ভাব্রত ব্যতিরিক্ত দৈবাদি কর্ম্মে, চতুর্থীযুক্তা তৃতীয়া সর্ব্বত্র গ্রাহ্য।

প্রমাণ। ব্রহ্মবৈবর্ত্তে যথা,—

"রম্ভাখ্যাং বর্জয়িত্বা তু তৃতীয়াং মুনিসত্তম।
অন্যেষু সর্ব্বকার্য্যেষু গণযুক্তা * প্রশস্যতে॥" ইতি।

জ্যৈষ্ঠ মাসের শুক্ল তৃতীয়াতে রম্ভাব্রত বিহিত আছে।

---

* গণযুক্তা অর্থাৎ চতুর্থীযুক্তা, গণশব্দে গণপতি, তাঁহার তিথি চতুর্থী, তদ্‌যুক্তা।

প্রমাণ। ভবিষ্যোত্তরে যথা,—

"ভদ্রে! কুরু প্রযত্নেন রম্ভাখ্যং ব্রতমুত্তমং।
জ্যৈষ্ঠশুক্লতৃতীয়ায়াং স্নাতা নিয়মতৎপরা॥" ইতি।

বৈশাখ মাসের শুক্লপক্ষীয় তৃতীয়ার নাম অক্ষয়াতৃতীয়া, উহাতে যদি কৃত্তিকা, কিম্বা রোহিণীনক্ষত্র যোগ হয়, তবে অত্যন্ত প্রশস্তা হয়। এবং এই অক্ষয়াতৃতীয়াতেই সত্যযুগের উৎপত্তি হইয়াছে, অতএব ইহাকে কৃতযুগাদ্যাও কহে। এবং ইহাতে স্নানদানাদি কর্ত্তব্য।

প্রমাণ। স্মৃতি যথা,—

"বৈশাখে মাসি রাজেন্দ্র! শুক্লপক্ষে তৃতীয়িকা।
অক্ষয়া সা তিথিঃপ্রোক্তা কৃত্তিকারোহিণীযুতা॥"
তস্যাং দানাদিকং পুণ্য মক্ষয়ং সমুদাহৃতং॥" ইতি।

এবং ব্রহ্ম পুরাণ যথা,—

"বৈশাখে শুক্লপক্ষে তু তৃতীয়ায়াং জনার্দনঃ।
যবানুৎপাদয়ামাস যুগঞ্চারব্ধবান্ কৃতং॥" ইতি।

এবং হরিভক্তি বিলাসধৃত পাদ্মে যথা,—

"যেঽর্চ্চয়ন্তি যবৈর্বিষ্ণুং শ্রাদ্ধং কুর্ব্বন্তি যত্নতঃ।
তস্যাং দদতি দানানি ধন্যাস্তে বৈষ্ণবা নরাঃ॥" ইতি।

এবং ইহাতে জলপূর্ণ কলসদানে পরম ফললাভ হয়।

প্রমাণ। ভবিষ্যে, যথা,—

"যা শুক্লা কুরুশার্দ্দূল! বৈশাখে মাসি বৈ তিথিঃ।
তৃতীয়া সাক্ষয়া লোকে গার্ব্বাণৈরভিবন্দিতা।
যোঽস্যাং দদাতি করকান্ বারিবাজ*সমন্বিতান্॥

---

* বাজমন্নং

স যাতি পুরুষো বীর ! লোকান্ বৈ হেমমালিনঃ ॥”
ইতি।

হে কুরুশ্রেষ্ঠ ! বৈশাখমাসের শুক্লা তৃতীয়ার নাম অক্ষয়াতৃতীয়া, এই তৃতীয়াকে দেবতারাও সম্মান করিয়া থাকেন। ইহাতে যে ব্যক্তি, অন্ন ও জলপূর্ণকুম্ভ দান করে, হে বীর ! সে ব্যক্তি, দেহান্তে সূর্য্যলোকে গমন করে।

এবং এই অক্ষয়াতৃতীয়াতে ভগবান্ শ্রীকৃষ্ণের গাত্রে চন্দনাদি লেপন করিয়া দর্শন করিলে তাঁহার লোক প্রাপ্তি হয়।

প্রমাণ। ব্রহ্ম পুরাণ, যথা,—

“যঃপশ্যতি তৃতীয়ায়াং কৃষ্ণং চন্দনরূষিতং *।
বৈশাখস্য সিতেপক্ষে স যাত্যচ্যুতমন্দিরং ॥” ইতি।

এবং চৈত্র, ও ভাদ্রমাসের শুক্লাতৃতীয়া মন্বন্তরা।

অথ চ

দৈবাদি কর্ম্মে পঞ্চমীযুক্তা চতুর্থী গ্রহণ করিবে

প্রমাণ। যথা—

“যুগ্মাগ্নিকৃত ভূতানি”—ইত্যাদি যুগ্মাদর বচন।

এবং অগ্নিপুরাণ যথা,—

“একাদশ্যষ্টমী ষষ্ঠী অমাবাস্যা চতুর্থিকা।
উপোষ্যাঃ পরসংযুক্তাঃ পরাঃপূর্ব্বেণ সংযুতাঃ ॥” ইতি।

---

* রূষিতং চর্চ্চিতং।

একাদশী, অষ্টমী, ও ষষ্ঠী, এবং চতুর্থী, এই কয়েকটী তিথি, উপবাসস্থলে, ইহাদিগের পর পর তিথিযুক্ত গ্রাহ্য, এতদ্ভিন্ন তিথি সকল, পূর্ব্ব পূর্ব্ব তিথি সংযোগে গ্রাহ্য।

কিন্তু গণেশব্রত বিষয়ে, কেবল তৃতীয়াযুক্তা চতুর্থী গ্রহণ করিবে।
প্রমাণ। ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ, যথা,—

"চতুর্থীসংযুতা কার্য্যা তৃতীয়া চ চতুর্থিকা।
তৃতীয়য়া যুতা নৈব পঞ্চম্যা কারয়েৎ ক্বচিৎ॥" ইতি।

আর মঙ্গলবারে শুক্লাচতুর্থী হইলে, অক্ষয়া হয়।
প্রমাণ। ভবিষ্যে যথা,—

"অমা বৈ সোমবারেণ রবিবারেণ সপ্তমী।
চতুর্থী ভৌমবারেণ অক্ষয়াদপি চাক্ষয়া॥" ইতি।

মঙ্গলবারে চতুর্থী, রবিবারে সপ্তমী, এবং সোমবারে অমাবস্যা হইলে অক্ষয়ারূপে পরিগণিত হয়। অর্থাৎ ইহাতে স্নানদানাদি করিলে অক্ষয় ফললাভ হয়।

আর চতুর্থী, ও অপর কয়েকটী তিথি, অর্থাৎ সপ্তমী, দ্বাদশী, ত্রয়োদশী, এই সকল তিথির প্রদোষ সময়ে অধ্যয়ন নিষিদ্ধ।
প্রমাণ। স্মৃতি যথা,—

"ত্রয়োদশ্যাশ্চতুর্থ্যাশ্চ সপ্তম্যা দ্বাদশীতিথেঃ।
প্রদোষেঽধ্যয়নং ধীমান্ ন কুর্ব্বীত যথাক্রমং॥" ইতি।

ভাদ্রমাসের, শুক্লা, ও কৃষ্ণা, উভয় চতুর্থীতেই চন্দ্র দর্শন করিতে নাই।
প্রমাণ যথা,—

"পঞ্চাননগতে ভানৌ পক্ষয়োরুভয়োরপি।
চতুর্থ্যামুদিতশ্চন্দ্রো নেক্ষিতব্যঃ কদাচন॥" ইতি।

যদি দৈবাৎ অনবধানবশতঃ, কেহ চন্দ্র দর্শন করে, তবে ধাত্রেয়িকা বাক্য পাঠপূর্ব্বক জলপান করিবে।

প্রমাণ। ব্রহ্ম পুরাণ, যথা,—

"অতশ্চতুর্থ্যাং চন্দ্রস্তু প্রমাদাদ্‌বীক্ষ্য মানবঃ।
পঠেদ্ধাত্রেয়িকাবাক্যং প্রাঙ্‌মুখো বাপ্যুদঙ্‌মুখঃ॥"
ইতি।

ধাত্রেয়িকাবাক্য, যথা,—বিষ্ণু পুরাণে।

"সিংহঃ প্রসেনমবধীৎ সিংহো জাম্ববতা হতঃ।
সুকুমারক। মা রোদীস্তব হ্যেষ স্যমন্তকঃ॥" ইতি।

এবং মাঘমাসের শুক্লপক্ষের চতুর্থীর নাম বরদা চতুর্থী, ইহাতে গৌরী-পূজা কর্ত্তব্য।

ইহার প্রমাণ স্থানান্তরে বক্তব্য হইবে।

অথ পঞ্চমী।

দৈবাদি কর্ম্মে চতুর্থীযুক্তা পঞ্চমীই গ্রহণ করিবে।

প্রমাণ

"যুগ্মাগ্নি—ইত্যাদি যুগ্ম বচন।

এবং ব্রহ্ম পুরাণে যথা,—

"পঞ্চমী চ প্রকর্ত্তব্যা চতুর্থীসহিতা বিভো॥" ইতি।

আষাঢ়মাসের, হরিশয়নের পর যে কৃষ্ণাপঞ্চমী, তাহাকে নাগ পঞ্চমী কহে। এই পঞ্চমীতে মনসাদেবীর পূজা করিতে হয়।

প্রমাণ। দেবী-পুরাণে, যথা,—

"সুপ্তে জনার্দ্দনে কৃষ্ণে পঞ্চম্যাং ভবনাঙ্গনে।
পূজয়েন্মনসাদেবীং স্নুহীবিটপ * সংস্থিতাং

হরিশয়নের পর পঞ্চমীতিথিতে অঙ্গনে (অর্থাৎ উঠানে) মনসাবৃক্ষেতে মনসাদেবীর পূজা করিবে।

এবং মাঘমাসের শুক্লাপঞ্চমীকে শ্রীপঞ্চমী কহে। আর ইহার পূর্ব্বদিবসের চতুর্থীকে বরদা চতুর্থী কহে, ইহাতে গৌরী পূজা করিতে হয়। উহার ও শ্রীপঞ্চমীর প্রমাণ এক শ্রীপঞ্চমী প্রসঙ্গে কথিত হইয়াছে।
যথা,—ভবিষ্যোত্তরে।

"চতুর্থী বরদা নাম তস্যাং গৌরী সুপূজিতা।
সৌভাগ্যমতুলং কুর্য্যাৎ পঞ্চম্যাং শ্রীরপি শ্রিয়ং॥"
ইতি।

এই শ্রীপঞ্চমী দিবস, লক্ষ্মী, সরস্বতী, মস্যাধার ও লেখনীর পূজা করিতে হয়। লিখিতে নাই এবং পূর্ব্বাহ্নেই উৎসব কর্ত্তব্য।
প্রমাণ। সম্বৎসরপ্রদীপে, যথা,—

'পঞ্চম্যাং পূজয়েল্লক্ষ্মীং পুষ্পধূপান্নবারিভিঃ।
মস্যাধারং লেখনীঞ্চ পূজয়েন্ন লিখেৎ ততঃ॥"
'মাঘে মাসি সিতে পক্ষে পঞ্চমী যা শ্রিয়ঃ প্রিয়া।
তস্যাঃপূর্ব্বাহ্ণ এবেহ কার্য্যঃ সারস্বতোৎসবঃ॥"
ইতি।

এবং এই মাঘ শুক্লাপঞ্চমীতে, অভিনব পল্লব, পুষ্প, ও অনুলেপাদি দ্বারা, ভগবানের মহাপূজাপূর্ব্বক, উৎসবাদি করিতে হয়।

---

* স্নুহী সিজবৃক্ষঃ (অর্থাৎ মনসাবৃক্ষ)।

প্রমাণ। যথা,—হরিভক্তি-বিলাসে,

"মাঘস্য শুক্লপঞ্চম্যাং মহাপূজাং সমাচরেৎ।
নবৈঃ প্রবালৈঃ কুসুমৈ রত্নলেপৈর্বিশেষতঃ॥
নীরাজনোৎসবং কৃত্বা ভক্ত্যা, সংমান্য বৈষ্ণবান্।
বসন্তরাগং জনয়ন্ গীতনৃত্যাদি কারয়েৎ॥" ইতি

অথ ষষ্ঠী

সপ্তমী সংযুক্তা ষষ্ঠীই গ্রহণ করিতে হইবে।

প্রমাণ। যুগ্মবাক্য।

জ্যৈষ্ঠমাসের শুক্লাষষ্ঠীর নাম অরণ্য ষষ্ঠী। ইহাতে স্ত্রীলোকেরা হস্তে পাকা লইয়া, বনেতে ষষ্ঠী পূজা করিবে।

প্রমাণ। রাজমার্ত্তণ্ডে, যথা,—

"জৈষ্ঠ্যে মাসি সিতে পক্ষে ষষ্ঠী চারণ্যসংজ্ঞিতা।
ব্যজনৈককরাস্তস্যা অটন্তি বিপিনে স্ত্রিয়ঃ॥
তাং বিন্ধ্যবাসিনীং স্কন্দ ষষ্ঠীমারাধয়ন্তি চ॥" ইতি।

ভাদ্রমাসের শুক্লপক্ষীয় ষষ্ঠীকে অক্ষয়া বলে। প্রমাণ স্থানান্তরে বক্তব্য।

আশ্বিনমাসের শুক্লাষষ্ঠীতে সায়ংকালে দুর্গাদেবীর বোধন করিতে হয়।

প্রমাণ। যথা,—

"ষষ্ঠ্যাং বিল্বতরোর্বোধং সায়ংসন্ধ্যাসু কারয়েৎ।"
ইতি।

অগ্রহায়ণমাসের শুক্লাষষ্ঠীর নাম গুহষষ্ঠী।

প্রমাণ। ভবিষ্যে, যথা,—

"যেয়ং মার্গশিরে মাসি ষষ্ঠী ভরতসত্তম
পুণ্যা পাপহরা ধন্যা শিবা শান্তা ইতি।

এবং চৈত্রমাসের শুক্লাষষ্ঠী স্কন্দষষ্ঠী নামে খ্যাতা। ইহাতে কার্ত্তিকেয়-পূজা করিতে হয়।
প্রমাণ। দেবীপুরাণে, যথা,—

"ষষ্ঠ্যাং স্কন্দস্য কর্ত্তব্যা পূজা সর্ব্বোপচারিকা।"
ইতি।

কিন্তু এই স্কন্দষষ্ঠী, পঞ্চমীযুক্তা গ্রাহ্যা।
প্রমাণ। ব্রহ্ম বৈবর্ত্তে, যথা,—

"কৃষ্ণাষ্টমী স্কন্দষষ্ঠী শিবরাত্রি চতুর্দ্দশী।
এতাঃ পূর্ব্বযুতাঃ কার্য্যাস্তিথ্যন্তে পারণংভবেৎ ॥"
ইতি।

অথ সপ্তমী।

ষষ্ঠীযুক্তা সপ্তমী গ্রাহ্য। প্রমাণ। যুগ্মবাক্য।
এবং পৈঠীনসী বচন। যথা,—

"পঞ্চমী সপ্তমী চৈব দশমী চ ত্রয়োদশী।
প্রতিপন্নবমী চৈব কর্ত্তব্যা সাম্মুখী*তিথিঃ ॥ ইতি।

অতএব পরদিন সপ্তমী যদি ত্রিসন্ধ্যাব্যাপিনী না হয়, তাহা হইলে পূর্ব্বদিনে ষষ্ঠীযুক্ত সপ্তমীতে উপবাসাদি কর্ত্তব্য।

---

* সাম্মুখ্যমুক্তং স্কান্দে, "সাম্মুখ্যং নাম সায়াহ্নব্যাপিনী দৃশ্যতে যদা।" অর্থাৎ যে দিন সায়াহ্নব্যাপিনী দৃষ্ট হইবে সেই দিনই গ্রাহ্য।

প্রমাণ। যথা,—

"ত্রিসন্ধ্যাব্যাপিনী যাতু সৈব পূজ্যা সদা তিথিঃ।
ন তত্র যুগ্মাদরণ মন্যত্র হরিবাসরাৎ॥" ইতি।

এবং স্কন্দ পুরাণে, যথা,—

"ষষ্ঠ্যা যুতা সপ্তমী চ কর্ত্তব্যা সর্ব্বদা তিথিঃ।
ষষ্ঠী চ সপ্তমী যত্র তত্র সন্নিহিতো হরিঃ॥" ইতি।

রবিবারে শুক্লা সপ্তমী হইলে বিজয়া, ও অক্ষয়া হয়। যথা,—

"শুক্লপক্ষস্য সপ্তম্যাং সূর্য্যবারো যদা ভবেৎ।
সপ্তমী বিজয়ানাম তত্র দত্তং মহাফলং॥" ইতি।

বৈশাখমাসের শুক্লা সপ্তমীকে জহ্নুসপ্তমী কহে। ইহাতে গঙ্গাস্নান ও গঙ্গার পূজা কর্ত্তব্য।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, পদ্ম পুরাণ যথা,—

"বৈশাখশুক্লসপ্তম্যাং জাহ্নবী জহ্নুনা পুরা।
ক্রোধাৎ পীতা পুনস্ত্যক্তা কর্ণরন্ধ্রাত্তু দক্ষিণাৎ॥
তস্যাং সমর্চ্চয়েদ্দেবীং গঙ্গাংভুবনমেখলাং।
স্নাত্বা সম্যগ্বিধানেন স ধন্যঃ সুকৃতী নরঃ॥" ইতি।

ভাদ্রমাসের শুক্লাসপ্তমীকে ললিতাসপ্তমী কহে।

প্রমাণ। ভবিষ্য পুরাণে, যথা,—

"ভাদ্রে মাসি সিতে পক্ষে সপ্তম্যাং নিয়মেন যা *।

---

* সপ্তম্যাং ললিতালয়ে।' এই পাঠও কোথায় কোথায় থাকে।

স্নাত্বা শিবং লেখয়িত্বা মণ্ডলে চ সহাম্বিকং।
পূজয়েচ্চ সদা তস্যা দুষ্প্রাপং নৈব বিদ্যতে॥” ইতি।

এবং আশ্বিনমাসের উদয়গামিনী যে শুক্লাসপ্তমী, তাহাতে, কন্যা কিম্বা তুলালগ্নে পত্রী প্রবেশ করাইতে হয়।
প্রমাণ।

“তস্মাৎ সূর্য্যোদয়স্থাং নরপতিশুভদাং সপ্তমীং প্রাপ্য দেবী
ভূপালো বেশয়েৎ ত্বাং সকলজনহিতাং রাক্ষসর্ক্ষং বিহায়

অগ্রহায়ণ মাসের শুক্লা সপ্তমীকে মিত্র সপ্তমী বলে।

এবং মাঘ মাসের শুক্লা সপ্তমীর নাম অরুণোদয় সপ্তমী, মাকরী সপ্তমীও বলে।

প্রমাণ। ভবিষ্যে, যথা,

“সূর্য্যগ্রহণতুল্যা হি শুক্লা মাঘস্য সপ্তমী।
অরুণোদয়বেলায়াং তস্যাং স্নানং মহাফলং॥” ইতি।

অর্থাৎ এই মাঘ শুক্লাসপ্তমীতে অরুণোদয় কালে স্নান করিলে, বহু শত সূর্য্যগ্রহণ কালে, গঙ্গা স্নানে যে ফল, সেই ফল লাভ হয়। অরুণোদয় কালের বিশেষ এই যে, যদি সপ্তমী উভয় দিনেই অরুণোদয় কালে, মুহূর্ত্তের অন্যূন হয়, তবে পূর্ব্ব অরুণোদয় কালে স্নান কর্ত্তব্য।

প্রমাণ। যথা, স্মার্ত্ত,

“পূর্ণসপ্তম্যাং পূর্ব্বাপরয়োর্যত্রারুণোদয়কালে সপ্তমী,
তত্র পূর্ব্বদিনে তৎকালে স্নানং॥” ইতি।

অর্থাৎ অরুণোদয় লক্ষণে, পূর্ব্ব অরুণোদয় কালই, পূর্ণ তিথি সম্বন্ধি-কর্ত্তব্যকর্ম্মের অঙ্গরূপে বিহিত হইয়াছে।

অরুণোদয় লক্ষণ। কালমাধবীয় ধৃত ব্রহ্ম বৈবর্ত্তে, যথা,

"চতস্রো ঘটিকা প্রাত ররুণোদয় উচ্যতে।
যতীনাং স্নানকালোহয়ং গঙ্গাম্ভঃসদৃশঃ স্মৃতঃ॥
ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্ত্বাদ্যন্তচতুষ্টয়ং।
নাড়ীনাং তদুভে সন্ধ্যে দিবসাদ্যন্তসংজ্ঞিতে॥" ইতি।

এবং এই মাকরী সপ্তমীতে আরোগ্য ব্রত হইয়া থাকে।
প্রমাণ। বরাহ পুরাণে, যথা,

"অথাপরং মহারাজ! ব্রতমারোগ্য সংজ্ঞিতং।
কথয়ামি পরং পুণ্যং সর্ব্বপাপপ্রণাশনং॥
তস্যৈব মাঘমাসস্য সপ্তম্যাং সমুপোষিতঃ।
পূজয়েদ্ভাস্করং দেবং বিষ্ণুরূপং সনাতনং॥" ইতি।

এবং এই সপ্তমীকে, রথাখ্যাও কহে, ইহাতে ও অপর কএকটী তিথিতে অধ্যাপনা নিষেধ।

প্রমাণ। নারসিংহে, যথা,

"মহানবম্যাং দ্বাদশ্যাং* ভরণ্যামপিচৈবহি †।
তথাক্ষয়তৃতীয়ায়াং শিষ্যান্নাধ্যাপয়েদ্বুধঃ॥
মাঘমাসে তু সপ্তম্যাং রথাখ্যায়াঞ্চ বর্জয়েৎ॥" ইতি।

এই সপ্তমী, ও অন্য কএকটী তিথিকে মন্বন্তরা মধ্যে গণ্য করিয়াছেন। ভবিষ্য ও মৎস্য পুরাণে, যথা,

---

* দ্বাদশ্যাং—শয়নোত্থান দ্বাদশ্যাং। আষাঢ় মাসের শুক্লা দ্বাদশী শয়নদ্বাদশী এবং কার্ত্তিক মাসের শুক্ল দ্বাদশী উত্থানদ্বাদশী।

† ভরণ্যাং—শক্রধ্বজপাতভরণ্যাং। অর্থাৎ শক্রোত্থানে।

"অশ্বযুক্‌শুক্লনবমী* দ্বাদশী কার্ত্তিকী তথা।
তৃতীয়া চৈত্রমাসস্য তথা ভাদ্রপদস্য চ॥
ফাল্গুণস্যাপ্যমাবাস্যা পৌষস্যৈকাদশী তথা।
আষাঢ়স্যাপি দশমী তথা মাঘস্য সপ্তমী॥
শ্রাবণস্যাষ্টমী কৃষ্ণা তথাষাঢ়স্য পূর্ণিমা।
কার্ত্তিকী ফাল্গুনী চৈত্রী জ্যৈষ্ঠী পঞ্চদশী সিতা† ॥
মন্বন্তরাদয়স্ত্বেতা দত্তস্যাক্ষয়কারিকাঃ॥ ইতি।

ইহাদিগের মধ্যে কেবল, অমাবস্যা, ও অষ্টমী দুইটি কৃষ্ণা, তদ্ভিন্ন সকল গুলিই শুক্লপক্ষীয় জানিবে।

অথ অষ্টমী।

শুক্লপক্ষীয় অষ্টমী নবমীযুক্তা গ্রাহ্য।

প্রমাণ। "যুগ্মাগ্নি" ইত্যাদি যুগ্মবাক্য।

আর কৃষ্ণপক্ষীয় অষ্টমী সপ্তমীযুক্তা গ্রাহ্য।

প্রমাণ। নিগমে, যথা,

"কৃষ্ণপক্ষেঽষ্টমী চৈব কৃষ্ণপক্ষে চতুর্দ্দশী।
পূর্ব্ববিদ্ধৈব কর্ত্তব্যা পরবিদ্ধা ন কুত্রচিৎ।
উপবাসাদিকার্য্যেষু এষ ধর্ম্মঃ সনাতনঃ॥" ইতি।

কৃষ্ণ ও শুক্ল, উভয় পক্ষের অষ্টমী, বিশেষ বিশেষ বারযুক্তা হইলে অতি প্রশস্তা হয়।

প্রমাণ। জ্যোতিষে, যথা,

---

* অশ্বযুক্‌শুক্লনবমী—আশ্বিন শুক্লনবমী।

† অর্থাৎ কার্ত্তিক মাসের, ফাল্গুন মাসের, চৈত্র মাসের, এবং জ্যৈষ্ঠ মাসের এই চারিটি পূর্ণিমা।

"শনৈশ্চরস্য বারেণ বারেণাঙ্গারকস্য চ।
কৃষ্ণাষ্টমী চতুর্দ্দশ্যৌ পুণ্যাৎ পুণ্যতরে স্মৃতে ॥"

তথা, "সোমবারেঽপ্যমাবস্যা আদিত্যাহে তু সপ্তমী।
চতুর্থ্যঙ্গারবারে তু অষ্টমী চ বৃহস্পতৌ ॥
অত্র যৎ ক্রিয়তে পাপমথবা ধর্ম্মসঞ্চয়ঃ।
ষষ্ঠীজন্মসহস্রাণি প্রতিজন্ম তদক্ষয়ং ॥" ইতি।

সৌর ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমীর নাম কৃষ্ণ জন্মাষ্টমী। যথা, ব্রহ্মপুরাণে,

"অথ ভাদ্রপদে মাসি কৃষ্ণাষ্টম্যাং কলৌ যুগে।
অষ্টাবিংশতিমে* জাতঃ কৃষ্ণোঽসৌ দেবকীসুতঃ ॥"
ইতি।

বিষ্ণুপুরাণে, যথা,

"প্রাবৃট্ কালে চ নভসি কৃষ্ণাষ্টম্যাং মহানিশি।
উৎপৎস্যামি নবম্যাঞ্চ প্রসূতিং ত্ব মবাপ্স্যসি ॥" ইতি।

ইহার ব্যবস্থা,

অৰ্দ্ধরাত্রে, যদি অষ্টমী ও রোহিণীর যোগ হয়, তবে তাহাকে জয়ন্তী কহে, এবং ইহাই ব্রতের মুখ্য কাল।

প্রমাণ। যথা, বশিষ্ঠ,

"অষ্টমী রোহিণীযুক্তা নিশার্দ্ধে দৃশ্যতে যদি।
মুখ্যঃ কালঃ স বিজ্ঞেয়স্তত্র জাতো হরিঃ স্বয়ং ॥" ইতি।

---

* অষ্টাবিংশতিমে, সাবর্ণিক মন্বন্তর প্রথম যুগাপেক্ষয়া ইতি শেষঃ।

এবং বরাহসংহিতা, যথা,

'সিংহার্কে রোহিণীযুক্তা নরাঃ কৃষ্ণাষ্টমী যদি।
রাত্র্যর্দ্ধে পূর্ব্বাপরগা জয়ন্তী কলয়াপি চ॥" ইতি।

এই জয়ন্তী যোগ যদি উভয় দিনে হয়, তবে পর দিনে ব্রত হইবে। প্রমাণ। যথা, বৌধায়ন,

'যো যস্য বিহিতঃ কালঃ কর্ম্মণস্তদুপক্রমে।
তিথি র্যাভিমতা সা তু কার্য্যা নোপক্রমোজ্‌ঝিতা॥" ইতি।

এবং যদি জয়ন্তীর অলাভ হয়, তবে কেবল রোহিণীযুক্ত অষ্টমীতে ব্রত কর্ত্তব্য

প্রমাণ। যথা, স্মৃতি,

"প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা কৃষ্ণা নভসি চাষ্টমী।
মুহূর্ত্ত মপি লভ্যেত সৈবোপোষ্যা মহাফলা॥" ইতি।

উভয় দিনেই যদি রোহিণীর অলাভ হয়, তথাপি পর দিনে ব্রত হইবে। প্রমাণ।

"বিনা ঋক্ষং তু কর্ত্তব্যা নবমীসংযুতাষ্টমী॥" ইতি।

এবং যখন ষষ্ঠী-দণ্ডাত্মিকা অষ্টমী রোহিণী-রহিতা হইবে, ও পর দিনে তিথিমলে ও রোহিণীর যোগ ঘটিবে, তখনও পরদিনে ব্রত করিবে।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

এই ব্রতে রোহিণীনক্ষত্র যোগ যদি মুহূর্ত্ত কালেরও ন্যূন হয় তথাপি তাহারও গ্রাহ্যতা হইবে।

প্রমাণ। যথা, স্কান্দে,

"রোহিণী সহিতা কৃষ্ণা মাসে চ শ্রাবণেঽষ্টমী।
অর্দ্ধরাত্রাদধশ্চোর্দ্ধং কলয়াপি যদা ভবেৎ॥" ইতি।

আর প্রাতঃকালে কিঞ্চিৎমাত্র অষ্টমী থাকিয়া, পশ্চাৎ নবমী ক্ষয় হয়, ও সোম, কিম্বা বুধবার হয় এবং পূর্ব্বদিনে জয়ন্তী যোগ না হয়, তবে ঐ দিনে উপবাস কর্ত্তব্য।

প্রমাণ। ব্রহ্মবৈবর্ত্তে, যথা,

"উদয়ে চাষ্টমী কিঞ্চিৎ নবমী সকলা যদি।
ভবেৎ তু বুধসংযুক্তা প্রাজাপত্যর্ক্ষ সংযুতা॥
অপি বর্ষশতেনাপি লভ্যতে বা ন বা বিভো॥" ইতি।

রোহিণী নক্ষত্র রহিত কেবল অষ্টমী যদি পূর্ব্বদিন নিশাতে প্রাপ্তি হয়, আর পরদিনে, নিশাতে অপ্রাপ্তি হয়, তবে পূর্ব্বদিন ব্রত কর্ত্তব্য।

প্রমাণ। নারদীয় সংহিতা, যথা,

"অর্দ্ধরাত্র যুতাষ্টম্যাং সোঽশ্বমেধফলং লভেৎ॥" ইতি।

এবং কেবল অষ্টমীর যদি উভয় দিন নিশাতে প্রাপ্তি হয়, কিম্বা অপ্রাপ্তি হয়, তাহা হইলেও পরদিন উপবাস কর্ত্তব্য।

প্রমাণ।

'বিনা ঋক্ষং তু কর্ত্তব্যা নবমীসংযুতাষ্টমী॥" ইতি।

ইহার সঙ্কল্পে ভাদ্রমাস উল্লেখ করিবে। প্রমাণ, যথা,

"তিথিকৃত্যেচ কৃষ্ণাদিং" ইত্যাদি।

অথ পারণ কাল নির্ণয়।

উপবাসের পরদিন তিথি ও নক্ষত্র যদি থাকে, তবে উভয়েরই অবসানে পারণ করিবে।

প্রমাণ। ভবিষ্যে, ও বিষ্ণুরহস্যে, যথা,

"অষ্টম্যা মথ রোহিণ্যাং ন কুর্য্যাৎ পারণং কচিৎ ॥"
"তিথিরষ্টগুণং হন্তি নক্ষত্রং চ চতুর্গুণং।
তস্মাৎ প্রযত্নতঃ কুর্য্যাৎ তিথিভান্তে চ পারণং ॥" ইতি।

যখন মহানিশার পূর্ব্বেই নক্ষত্র, ও তিথির অবসান হইবে, অথবা তিথি, ও নক্ষত্রের মহানিশা পর্য্যন্ত, কিম্বা তাহার অধিককাল অবধি স্থিতি হইবে; তখন, তিথি, কিম্বা নক্ষত্র, উভয়ের মধ্যে, একের অবসান হইলেই পারণ কর্ত্তব্য।

প্রমাণ। নারদীয়ে, যথা,

"তিথি নক্ষত্র সংযোগে উপবাসো যদা ভবেৎ।
পারণং তু ন কর্ত্তব্যং* যাবন্নৈকস্য সংক্ষয়ঃ ॥" ইতি।

আর যদি মহানিশা পর্য্যন্ত, তিথি ও নক্ষত্র থাকে, তবে, উপবাসের পর দিন প্রাতঃকালেই উৎসবান্তে পারণ করিবে।

প্রমাণ।

"তিথ্যন্তে চোৎসবান্তে বা ব্রতী কুর্ব্বীত পারণং ॥" ইতি।

অথ বৈষ্ণব মতে জন্মাষ্টমী ব্যবস্থা।

এই জন্মাষ্টমী যদি রোহিণ্যাদি যোগযুক্তাও হয়, কিন্তু সপ্তমী বিদ্ধা হইলে তাহাকে সর্ব্বতোভাবে পরিত্যাগ করিবে, কদাচ তাহাতে উপবাস করিবে না।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, ব্রহ্মবৈবর্ত্ত, ও পদ্মপুরাণ, যথা,

"বর্জনীয়া প্রযত্নেন সপ্তমীসহিতাষ্টমী।
সঋক্ষাপি ন কর্ত্তব্যা সপ্তমীসংযুতাষ্টমী ॥" ইতি।

---

* ভাবদেব ন ভোক্তব্যং ইতি পাঠান্তরং।

"বর্জ্জনীয়া প্রযত্নেন সপ্তমী সংযুতাষ্টমী।
বিনা ঋক্ষেণ কর্ত্তব্যা নবমী সংযুতাষ্টমী॥" ইতি।
"জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাং সকলামপি।
বিহায় নবমীং শুদ্ধা মুপোষ্য ব্রতমাচরেৎ॥" ইতি।

অতএব হরিভক্তিবিলাসে, যথা,

"রোহিণ্যাদের্ব্বিযুক্তাপি সোপোষ্যা কেবলাষ্টমী।
তত্তদ্‌যোগস্তু বৈশিষ্ট্যে ব্রতলোপোঽন্যথা
ভবেৎ॥ ১৭১॥ *
ইত্থং শুদ্ধৈব লিখিতা যোগাদ্বহুবিধাষ্টমী।
ত্যাজ্যা বিদ্ধা চ সপ্তম্যা সা বিদ্ধৈকাদশী
যথা॥" ইতি। ১৭২। †

এই জন্মাষ্টমী ব্রতে স্ত্রী ও পুরুষ উভয়েরই অধিকার আছে, ও ইহা অবশ্য কর্ত্তব্য।

---

* টীকা। যথা, "নন্বেবং রোহিণ্যর্দ্ধরাত্রাদি যোগাপেক্ষয়া কদাচিৎ বিদ্ধোপবাসপ্রসঙ্গঃ স্যাৎ। তথা তত্তদ্‌যোগাভাবে ব্রত-লোপ-প্রসঙ্গোঽপি-ভবেৎ। তচ্চাযুক্তং অগ্রে বিদ্ধাবর্জ্জনাৎ, তথা ব্রতস্য নিত্যত্বাচ্চ। সত্যং, তত্তদ্‌যোগশ্চ ফলবিশেষার্থ এব জ্ঞেয়ঃ, নতু ব্রতে অবশ্যমপেক্ষণীয়ঃ। অতস্তদ্‌যোগাভাবেঽপি কেবলাষ্টম্যামেব ব্রতং বিধেয়মিতি লিখতি রোহিণ্যাদীতি। আদিশব্দেন, অর্দ্ধরাত্র নবম্যাদি। সা ভাদ্রমাসস্য কৃষ্ণপক্ষীয়া; বিশিষ্ট নিমিত্তে, ফল বিশেষার্থমেবেত্যর্থঃ। এবঞ্চ রোহিণ্যর্দ্ধরাত্রাদিযোগানামবশ্যাপেক্ষত্বা-ভাবাদ্‌বিদ্ধাবর্জ্জনমপি সিদ্ধমেব। ১৭১॥"

† "এতদেবাভিব্যঞ্জয়ন্ বিদ্ধাব্রতং ত্যজয়তি, ইত্থমিতি। যোগাদিতি, রোহিণ্যাদি যোগভেদেন. বহুবিধাপি জন্মাষ্টমীয়ং শুদ্ধৈব সপ্তমী বেধবর্জ্জিতৈব লিখিতা। নতু রোহিণ্যাদিযোগাপেক্ষয়া বিদ্ধেত্যর্থঃ। অতোবিশুদ্ধায়ামেব সত্যাং, তত্তদ্‌যোগআদরণীয়ঃ, নতু বিদ্ধায়ামিতিভাবঃ। যতো বিদ্ধা সর্ব্বথৈব ত্যাজ্যেতি। সা জন্মাষ্টমী চ সপ্তম্যা বিদ্ধা সতী ত্যাজ্যৈব। ১৭২।"

প্রমাণ। ভবিষ্যোত্তরে, যথা,

"শ্রাবণে বহুলে পক্ষে কৃষ্ণজন্মাষ্টমী ব্রতং।
ন করোতি নরো যস্তু স ভবেৎ ক্রূররাক্ষসঃ॥
বর্ষে বর্ষে তু যা নারী কৃষ্ণজন্মাষ্টমীব্রতং।
ন করোতি মহাক্রুরা ব্যালী ভবতি কাননে॥" ইতি।

এবং

"বর্ষে বর্ষে ভগবতো যস্তক্তো ধর্ম্মনন্দন।
নরো বা যদি বা নারী যথোক্তং ফলমাপ্নুয়াৎ॥" ইতি।

এবং এই জন্মাষ্টমী ব্রতের সঙ্কল্পে ভাদ্রমাস উল্লেখ করিতে হইবে।
প্রমাণ।

"তিথি কৃত্যে চ কৃষ্ণাদিং" ইত্যাদি। ইতি।

আর ভাদ্র মাসের শুক্লা অষ্টমীকে দূর্ব্বাষ্টমী বলে। এই দূর্ব্বাষ্টমী সপ্তমী-যুক্তা গ্রহণ করিবে।

প্রমাণ। যথা, বৃহস্পতি,

"শ্রাবণী দৌর্গ নবমী দূর্ব্বা চৈব হুতাশনী।
পূর্ব্ববিদ্ধৈব কর্ত্তব্যা শিবরাত্রির্বলের্দিনং॥" ইতি।

আশ্বিন মাসের শুক্লাষ্টমী মহাষ্টমী, ইহাতে উপবাস করিতে হয়। কিন্তু পুত্রবান্ ব্যক্তির সম্পূর্ণ উপবাস করিতে নাই।

প্রমাণ।

"প্রাবৃট্কালে বিশেষেণ আশ্বিনেঽষ্টমীষু চ॥" ইত্যাদি।

দেবীপুরাণে, যথা,

"কন্যাসংস্থে রবাবীশে শুক্লাষ্টম্যাং প্রপূজয়েৎ।
সোপবাসো নিশার্দ্ধে তু মহাবিভব-বিস্তরৈঃ।
পূজাং সমারভেদ্দেব্যা নক্ষত্রে বারুণেঽপি বা॥" ইতি।

এবং কালিকাপুরাণে, যথা,

"উপবাসং মহাষ্টম্যাং পুত্রবান্ ন সমাচরেৎ ॥" ইতি।

এবং অগ্রহায়ণ, পৌষ, ও মাঘ মাসের কৃষ্ণপক্ষের তিনটী অষ্টমীর ক্রমান্বয়ে তিনটি নাম হয়। অর্থাৎ অগ্রহায়ণে পূপাষ্টকা; পৌষে মাংসাষ্টকা; এবং মাঘে শাকাষ্টকা; এই তিনটী নাম হয়। এবং এই তিন অষ্টমীতেই, ক্রমান্বয়ে, পূপ, মাংস, ও শাক দ্বারা শ্রাদ্ধ করিতে হয়।

প্রমাণ। যথা গোভিল,

"অষ্টকায়োর্দ্ধমাগ্রহায়ণ্যাস্তমিশ্রাষ্টমী ॥" ইতি।

এবং ব্রহ্মপুরাণে,

"আদ্যা পূপৈঃ সদা কার্য্যা মাংসৈ রন্যা ভবেত্তথা।
শাকৈঃ কার্য্যা তৃতীয়া স্যাদেষ দ্রব্যগতো বিধিঃ ॥" ইতি।

মাঘ মাসের শুক্লাষ্টমীর নাম ভীষ্মাষ্টমী, ইহাতে ভীষ্মের তর্পণ করিবে।

প্রমাণ। ভবিষ্যোত্তরে, যথা,

"শুক্লাষ্টম্যাং তু মাঘস্য দদ্যাদ্ভীষ্মায় যো জলং।
সপ্তজন্মকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥" ইতি।

চৈত্র মাসের শুক্লাষ্টমীর নাম অশোকাষ্টমী, ইহাতে অশোক কলিকা পান করিতে হয়, ও ব্রহ্মপুত্র নদে স্নানের বিধি আছে।

প্রমাণ। স্কান্দে, যথা,

"মীনে মধৌ শুক্লপক্ষে অশোকাখ্যাং তথাষ্টমীং।
পিবেদশোককলিকাঃ* স্নায়াল্লৌহিত্যবারিণি ॥†" ইতি।

---

* অশোক কলিকাঃ অষ্টৌ। অর্থাৎ আটটি অশোক কলিকা পান কর্ত্তব্য।
প্রমাণ। যথা, লিঙ্গপুরাণে,
"অশোক কলিকাশ্চাষ্টৌ যে পিবন্তি পুনর্ব্বসৌ।" ইতি।

† লৌহিত্যবারিণি—ব্রহ্মপুত্রাখ্য-নদজলে।

এবং এই তিথিতে যদি পুনর্ব্বসু নক্ষত্র, ও বুধবার যোগ হয়, তবে সর্ব্বত্র স্রোতোমাত্রে স্নানেও ফলাধিক্য হয়।

প্রমাণ। যথা, বিষ্ণু,

"পুনর্ব্বসু বুধোপেতাং চৈত্রে মাসি সিতাষ্টমীং।
স্রোতঃসু বিধিবৎ স্নাত্বা বাজপেয়ফলং লভেৎ॥" ইতি।

পূর্ব্বোক্ত অশোক কলিকা পানের কাল, পঞ্চম যামার্দ্ধব্যাপিনী তিথিতে হইবে।

প্রমাণ।

"পঞ্চমে চ তথাভাগে সম্বিভাগো যথার্হতঃ" ইত্যাদি।

যদি উভয় দিনে পঞ্চম যামার্দ্ধ অষ্টমীর লাভ হয়, কিম্বা অলাভ হয়, তবে পরদিনে হইবে।

প্রমাণ।

"যুগ্মাগ্নি" ইত্যাদি যুগ্ম বচন। ইতি।

অথ নবমী।

অষ্টমী যুক্ত নবমী গ্রহণ করিবে।

প্রমাণ।

"যুগ্মাগ্নি"—যুগ্ম বচন।

ভাদ্র মাসের কৃষ্ণপক্ষীয় নবমী বোধন নবমী। ইহাতে আর্দ্রা নক্ষত্র-যোগ হইলে গুণাধিক্য, তাহার অভাবেও দিবাতে দেবীর বোধন বিহিত।

প্রমাণ। লিঙ্গপুরাণে, যথা,

"কন্যায়াং কৃষ্ণপক্ষে তু পূজয়িত্বার্দ্রভে দিবা।
নবম্যাং বোধয়েদ্দেবীং মহাবিভব বিস্তরৈঃ॥" ইতি।

এবং দেবল,

"যোগাভাবে তিথি গ্রাহ্যা দেব্যাঃ পূজনকর্ম্মণি॥" ইতি।

ইহার বাক্য রচনায় আশ্বিন মাস উল্লেখ করিতে হইবে। কারণ,

"তিথিকৃত্যে চ কৃষ্ণাদিং—ইত্যাদি প্রমাণ আছে।

আর আশ্বিন মাসের শুক্লানবমী মহানবমী, ইহা উদয় গামিনী গ্রাহ্য। প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

এবং,

"ভগবত্যাঃ প্রবেশাদিবিসর্গান্তাশ্চ যাঃ ক্রিয়াঃ।
রবেরুদয়মীক্ষন্তে ন তত্র তিথিযুগ্মতা॥" ইতি।

ইহা মন্বন্তরা, প্রমাণ, পূর্ব্বে উক্ত হইয়াছে।

এবং কার্ত্তিক মাসের শুক্লা নবমীও উদয়গামিনী গ্রহণ করিবে, এবং ইহাও যুগাদ্যা।

প্রমাণ। উক্ত হইয়াছে। এবং,

"যুগাদ্যা বর্ষবৃদ্ধিশ্চ"-ইত্যাদি।

মাঘমাসের শুক্লানবমীকে মহানন্দা কহে।
প্রমাণ। ভবিষ্য-পুরাণে, যথা,

"মাঘে মাসি তু যা শুক্লা নবমী লোক পূজিতা।
মহানন্দেতি বিখ্যাতা সদানন্দকরী নৃণাং॥" ইতি।

ফাল্গুনের শুক্লা নবমীও অনন্তফলজনিকা।

চৈত্র মাসের শুক্লা নবমীকে শ্রীরামনবমী কহে।

এই নবমীতে ভগবান্ শ্রীরাম আবির্ভূত হইয়াছিলেন। ইহাতে পুনর্ব্বসু নক্ষত্র যোগ হইলে অতি প্রশস্তা হয়।

প্রমাণ। অগস্ত্য-সংহিতা, যথা,

"চৈত্রে মাসি নবম্যাং তু জাতো রামঃ স্বয়ং হরিঃ।
পুনর্ব্বস্বৃক্ষ-সংযোগঃ স্বল্পোঽপি যদি লভ্যতে।
চৈত্রী শুক্লনবম্যাং তু সা তিথিঃ সর্ব্বকামদা।
শ্রীরামনবমী প্রোক্তা কোটি-সূর্য্য-গ্রহাধিকা॥" ইতি।

ইহার ব্যবস্থা এই, যদি শুদ্ধা নবমী পুনর্ব্বসুনক্ষত্রযুক্তা হয়, তবে ঐ দিনেই ব্রত কর্ত্তব্য। আর যদি অষ্টমী বিদ্ধা হয়, এবং পারণ দিবস দশমীর লাভ হয়, তবে, নক্ষত্র যোগ থাকিলেও অষ্টমীযুক্তাকে পরিত্যাগ করিবে, তাহাতে উপবাস করিবে না।

প্রমাণ।

"নবমী চাষ্টমী বিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ॥" ইতি।

এবং, মাধবাচার্য্য,

"অষ্টমী বিদ্ধা নবমী সনক্ষত্রাপি নোপোষ্যা।" ইতি।

কিন্তু পারণ দিবসে যদি পারণ যোগ্য দশমীর অলাভ হয়, তাহা হইলে, অষ্টমীসংযুক্তা নবমীতে উপবাস করিবে।

প্রমাণ। যথা, স্মার্ত্ত,

"যদাতু পূর্ব্বদিনে অষ্টমী বিদ্ধা নবমী পরত্র দশমী-
যুতা নবমী, একাদশী দিনেচ দশমী ন পারণ-
যোগ্যা, তদা নক্ষত্রযোগা—যোগেঽপি অষ্টমী-
বিদ্ধৈব গ্রাহ্যা, পরদিনে দশম্যামেব পারণ-
মিতি নিয়মাৎ॥" ইতি।

এই শ্রীরাম নবমী ব্রতে বৈষ্ণবদিগেরও এই মত ব্যবস্থা। অর্থাৎ পরদিন

পারণযোগ্য দশমীর অলাভ হইলে, বৈষ্ণবদিগেরও অষ্টমী বিদ্ধা নবমীতে উপবাস কর্ত্তব্য।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, যথা,

"নবমী চাষ্টমী বিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ।
উপোষণং নবম্যাং বৈ দশম্যামেব পারণং॥" ইতি।৯০।

"দশম্যাং পারণায়াশ্চ নিশ্চয়ান্নবমীক্ষয়ে।
বিদ্ধাপি নবমী গ্রাহ্যা বৈষ্ণবৈরপ্যসংশয়ং॥" ইতি।৯১।*

অথ দশমী।

শুক্ল পক্ষের দশমী একাদশীযুক্তা, ও কৃষ্ণপক্ষের দশমী নবমীযুক্তা গ্রাহ্যা। অর্থাৎ শুক্লপক্ষে, একাদশী সংযুক্ত, ও কৃষ্ণপক্ষে, নবমী সংযুক্ত, দশমীতে দৈবাদি কার্য্য করিবে।

প্রমাণ। বিষ্ণু ধর্ম্মোত্তরে, যথা,

"শুক্লপক্ষে তিথি র্গ্রাহ্যা যস্যামভ্যুদিতো রবিঃ॥"
কৃষ্ণপক্ষে তিথি র্গ্রাহ্যা যস্যা মস্তমিতো রবিঃ॥" ইতি।

জ্যৈষ্ঠ মাসের শুক্লা দশমীর নাম দশহরা।

---

* টীকা। ননু বৈষ্ণবৈর্বিদ্ধা সর্ব্বত্র বর্জ্জ্যেতি পূর্ব্বং নিশ্চিতং। অত্রাপি তথৈবোক্তং, নবমী চাষ্টমী বিদ্ধা ত্যাজ্যেতি। তত্রচ নবমী ক্ষয়ে সতি তিথি-হ্রাসক্রমেণ, একাদশ্যাশ্চ শুদ্ধত্বে কিং কর্ত্তব্যং, তত্রাহ উপোষণমিতি। ৯০। তদেবাভিব্যজ্য লিখতি দশম্যামিতি। নিশ্চয়াদ্দশম্যামেবেত্যেবকারতঃ। অন্যথা উপবাসদ্বয়প্রসঙ্গাৎ ইতি দিক্॥ ৯১॥

অর্থাৎ যেথানে ত্র্যহস্পর্শ হইয়া নবমী ক্ষয় হইবে, এবং একাদশী দিবসে, দশমী থাকিবে না, সেথানে বৈষ্ণবদিগেরও পূর্ব্বদিন অষ্টমী বিদ্ধা নবমীতে অবশ্যই উপবাস করিতে হইবে। তাহা না হইলে দুইটি উপবাস হইয়া পড়ে।

প্রমাণ। যথা, ব্রাহ্মে,

"শুক্লপক্ষস্য দশমী জ্যৈষ্ঠে মাসি দ্বিজোত্তম।
হরতে দশপাপানি* তস্মাদ্ দশহরা স্মৃতা॥" ইতি।

ইহাতে যদি উভয় দিনে হস্তা নক্ষত্র যোগ হয়, তবে পর দিনেই স্নান করিবে।

প্রমাণ।

"শুক্লপক্ষে তিথিঃ" ইত্যাদি বচন।

আর যদি উভয় দিনে হস্তা নক্ষত্র হয়, কিন্তু পূর্ব্বদিনে মঙ্গলবার হয়, তাহা হইলে পূর্ব্বদিনে স্নান করিবে।

প্রমাণ। যথা, শঙ্খ,

"জ্যৈষ্ঠে মাসি ক্ষিতিসুতদিনে শুক্লপক্ষে দশম্যাং,
হস্তে শৈলান্নিরগমদিয়ং জাহ্নবী মর্ত্ত্যলোকং।
পাপান্যস্যাং হরতি চ তিথৌ সা দশেত্যাহুরার্য্যাঃ,
পুণ্যং দদ্যাদপি শতগুণং বাজিমেধাযুতস্য॥" ইতি।

অতএব স্মার্ত্ত,

"অত্রাপি পূর্ব্বদিনে বক্ষ্যমাণ কুজবারলাভে তত্রাপি
স্নানং বারস্য উভয়ত্রালাভাৎ॥" ইতি। †

---

* অত্র কেবল দশম্যাং দশবিধ-পাপক্ষয়ঃ ফলং। অর্থাৎ হস্তানক্ষত্ররহিত কেবল দশমীতে স্নান করিলে দশবিধ-পাপক্ষয় মাত্র ফল লাভ হয়।

† অর্থাৎ মঙ্গলবারে, ও হস্তানক্ষত্রযুক্ত দশমীতে গঙ্গাস্নান করিলে, দশবি[ধ] পাপক্ষয়, ও শতগুণিত অযুত সংখ্যক অশ্বমেধের সমান পুণ্যফল লাভ হয়।

আর পূর্ব্বদিনে দশমীতে হস্তা যোগ, ও পরদিন কেবল দশমী হইলে উভয় দিনেই স্নান কর্ত্তব্য। *

প্রমাণ। ব্রহ্মপুরাণ, যথা,

"জ্যৈষ্ঠস্য শুক্লদশমী সম্বৎসরমুখী স্মৃতা।
তস্যাং স্নানং প্রকুর্ব্বীত দানঞ্চৈব বিশেষতঃ॥" ইতি।

আষাঢ় মাসের শুক্লা দশমী মন্বন্তরা।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

আশ্বিন মাসের শুক্লাদশমী, বিজয়া দশমী। উহা উদয়গামিনী গ্রাহ্য। প্রমাণ।

"ভগবত্যাঃ প্রবেশাদিবিসর্গান্তাশ্চ যাঃ ক্রিয়াঃ।
রবেরুদয়মীক্ষন্তে ন তত্র তিথিযুগ্মতা॥" ইতি।

অথ একাদশী।

দ্বাদশীসংযুক্ত একাদশীতে উপবাসাদি কর্ত্তব্য।

প্রমাণ।

"যুগ্মাগ্নি" ইত্যাদি যুগ্মবচন।

যদি পারণ দিনে কিঞ্চিন্মাত্র দ্বাদশীর লাভ হয়, তবে পূর্ণা একাদশী পরিত্যাগ পূর্ব্বক, খণ্ডা একাদশীতে উপবাস কর্ত্তব্য।

প্রমাণ। যথা, প্রচেতা,

* হস্তানক্ষত্রযুক্ত দশমীতে স্নান করিলে দশজন্মকৃত পাপক্ষয়রূপ ফল হয়। প্রমাণ। মহা পরাশর ভাষ্যে, যম, যথা,

জ্যৈষ্ঠে মাসি সিতেপক্ষে দশম্যাং হস্তযোগতঃ।
দশজন্মাঘহা গঙ্গা দশপাপহরা স্মৃতা॥" ইতি।

"পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা দ্বিতয়ং বর্দ্ধতে যদি ॥" ইতি ।*

পরদিনে যদি দ্বাদশী না থা তবে গৃহী লোক, পূর্ব্বদিন, ও অন্য, এবং বিধবাগণ, পরদিন উপবাস করি

প্রমাণ। যথা, কৌর্ম্মে, ও গারুড়ে,

"উত্তরাং তু যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্ গৃহী ॥" ইতি।

"বিধবায়াশ্চ তত্রৈব পরতো দ্বাদশী নচেৎ ॥" ইতি।

যদি পূর্ব্বদিন দশমীযুক্তা একাদশী, আর পরদিন দ্বাদশীযুক্তা একাদশী হয়, তবে ত্রয়োদশী দিনে পারণযোগ্য দ্বাদশী থাকুক আর নাই থাকুক, সকলেই, দশমীমিশ্রা ত্যাগ করিয়া, দ্বাদশীযুক্ত একাদশীতে উপবাস করিবে।

প্রমাণ। যথা, স্মৃতি,

"একাদশী দ্বাদশীমিশ্রা পরতোঽপি ন বর্দ্ধতে।
গৃহিভি র্যতিভি শ্চৈব সৈবোপোষ্যা সদা তিথিঃ ॥" ইতি।

এবং,

"একাদশীমুপবসেদ্ দ্বাদশীমথবা পুনঃ।
বিমিশ্রাং বাপি কুর্ব্বীত ন দশম্যা যুতাং ক্বচিৎ ॥" ইতি।

"তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যাং তু পারণং ॥" ইতি।

এবং সূর্য্যোদয়ের পর কিছুক্ষণ দশমী থাকিয়া, যদি একাদশীর ক্ষয় হয়, তথাপি কেবল শুদ্ধ দ্বাদশীতে উপবাস করিবে।

প্রমাণ। যথা, কূর্ম্মপুরাণ,

---

* দ্বিতয়ং একাদশী দ্বাদশীচ বর্দ্ধতে পরদিনগামিনী। অর্থাৎ একাদশী বৃদ্ধি হইয়া দ্বাদশী দিনে, দ্বাদশী বৃদ্ধি হইয়া ত্রয়োদশী দিনে থাকে। তবে পূর্ণা একাদশী ত্যাগ করিয়া, পরদিন উপবাস করিবে। পূর্ণা লক্ষণ।

যথা, সৌরধর্ম্মে,

"আদিত্যোদয়বেলায়াঃ প্রাঙ্মুহূর্ত্তদ্বয়ান্বিতা।
সৈকাদশী তু সম্পূর্ণা বিদ্ধান্যা পরিকীর্ত্তিতা ॥" ইতি।

"কুর্য্যা-দলাভে সংযুক্তাং না-লাভেঽপি প্রবেশিনীং। *
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যাং তু পারণং॥" ইতি।

এবং যদি সূর্য্যোদয়ের পূর্ব্বে (অর্থাৎ অরুণোদয়কালে) দশমী থাকে, তার পর একাদশী ক্ষয় হয়, তবে সেই একাদশীকে সংযুক্তা কহে, এবং ঐ দিবসই উপবাস কর্ত্তব্য।

প্রমাণ।

"কুর্য্যা-দলাভে সংযুক্তাং" † ইত্যাদি।

কিন্তু অরুণোদয়কালে দশমী সংযুক্ত হইয়া, যদি সেই একাদশী পরদিন দ্বাদশীতে কিঞ্চিৎ মাত্র থাকে, এবং পারণ দিনে দ্বাদশীও কিছু থাকে, তবে সেখানে পূর্ব্ব অরুণোদয়ে দশমী সংযুক্ত একাদশী পরিত্যাগ করিয়া, পরদিন দ্বাদশীযুক্ত একাদশীতে উপবাস করিবে।

প্রমাণ। পূর্ব্বোক্ত,

"কুর্য্যা-দলাভে সংযুক্তাং" ইত্যাদি। ‡

অতএব, স্মার্ত্ত ভট্টাচার্য্য,

* উদয়ানন্তরবর্ত্তিনী দশমী যদ্যেকাদশীং স্পৃশতি, তদা সা প্রবেশিনী-পদবাচ্যা। তাং বিহায় দ্বাদশীমেবোপবসেৎ। তদিদমুক্তং না-লাভেঽপি প্রবেশিনীমিতি। অলাভেঽপি পরদিনে একাদশ্যলাভেঽপি।

† "উদয়াৎ প্রাক্ দশম্যাং তু শেষঃ সংযোগ ইষ্যতে।" দ্বাদশ্যাং কলার্দ্ধমাত্রমপ্যেকাদশ্যা অনির্গমে যদি দশমী নোদয়ং স্পৃশতি, উদয়াৎ প্রাগ-রুণোদয়কালে এবাবতিষ্ঠতে, তদা সংযুক্তোচ্যতে, সৈবোপোষ্যা। অর্থাৎ দ্বাদশী দিনে যদি একাদশীর লাভ না হয়, তবেই অরুণোদয়কালে দশমীসংযুক্ত একাদশীতে উপবাস করিবে।

‡ এই বিষয়েই "ষষ্টিদণ্ডাত্মিকায়াশ্চ তিথের্নিষ্ক্রমণে পরে।
অকর্ম্মণ্যং তিথিমলং বিদ্যাদেকাদশীং বিনা॥" ইহা সঙ্গত।

"অত্র দ্বাদশ্যামেকাদশ্যলাভ এব অরুণোদয়-
বিদ্ধায়াঃ কর্ত্তব্যোপদেশাৎ,দ্বাদশ্যামেকাদশীলাভে
তাদৃগ্‌বিদ্ধাং ন কুর্য্যাৎ, ইত্যর্থতোঽবগতেস্তত্র
পরৈকাদশ্যুপোষ্যা।" ইতি।

আর যদি পরদিনে (অর্থাৎ ত্রয়োদশী দিনে) দ্বাদশী না থাকে, তবে ষষ্ঠী-দণ্ডাত্মিকা একাদশীতে উপবাস করিয়া, দ্বাদশীর আদ্য পাদ পরিত্যাগ করতঃ পারণ করিবে।

প্রমাণ। বিষ্ণু ধর্ম্মোত্তরে, যথা,

"দ্বাদশ্যাঃ প্রথমঃ পাদো হরিবাসরসংজ্ঞকঃ।
তমতিক্রম্য কুর্ব্বীত পারণং বিষ্ণুতৎপরঃ॥" ইতি।

অথ বৈষ্ণব মতে একাদশীর ব্যবস্থা।

একাদশী যদি সূর্য্যোদয়ে দশমী বিদ্ধা হয়, তবে সকলেই সেই একাদশী ত্যাগ করিয়া, দ্বাদশীতে উপবাস করিবে। ইহা পূর্ব্বেই স্থির হইয়াছে।

বৈষ্ণবমতে বিশেষ এই, যদি সূর্য্যোদয়ের পূর্ব্বে, (অর্থাৎ অরুণোদয়কালে)* দশমী বিদ্ধ একাদশী হয়, তবে তাহাকে পরিত্যাগ করিয়া, শুদ্ধ দ্বাদশীতে উপবাস করিবে।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, কণ্ব, যথা,

"অরুণোদয়বেলায়াং দশমী সংযুতা যদি।
অত্রোপোষ্যা দ্বাদশী স্যাৎ ত্রয়োদশ্যাং তু
পারণং॥" ইতি।

---

* অরুণোদয় লক্ষণ। যথা, স্কান্দে,

"উদয়াৎ প্রাক্ চতস্রশ্চ ঘটিকা অরুণোদয়ঃ॥" ইতি।

এবং ব্রহ্মবৈবর্ত্তে, যথা,

"চতস্রো ঘটিকাঃ প্রাতররুণোদয় উচ্যতে॥"

অর্থাৎ সূর্য্যোদয়ের পূর্ব্ব চারিদণ্ড কালকে, অরুণোদয় কাল কহে।

পাদ্মোত্তর খণ্ডে,

"অরুণোদয়বেলায়াং দশমী মিশ্রিতা ভবেৎ।
তাং ত্যক্ত্বা দ্বাদশীং শুদ্ধামুপোষ্যেদবিচারয়ন্॥" ইতি।

এবং কৌৎস,

"অরুণোদয়বেলায়াং বিদ্ধা কাচিদুপোষিতা।
তস্যাঃ পুত্রশতং নষ্টং তস্মাৎ তাং পরিবর্জয়েৎ॥"
ইতি।

অর্থাৎ বৈষ্ণবদিগের, কেবল একাদশীতেই অরুণোদয় বেধ পরিত্যাজ্য, তদ্ব্যতিরেকে, অন্য ব্রতে সূর্য্যোদয় বেধ পরিত্যাগ করিতে হইবে।

প্রমাণ। প্রমেয় রত্নাবলী, যথা,

"অরুণোদয়বিদ্ধস্তু সংত্যাজ্যো হরিবাসরঃ।
জন্মাষ্টম্যাদিকং সূর্য্যোদয়বিদ্ধং পরিত্যজেৎ॥" ইতি।

বলদেব বিদ্যাভূষণ, প্রমেয় রত্নাবলীতে, বৈষ্ণব ব্রত সকলের সামান্যতঃ দিননির্ণয়, অর্থাৎ হরিভক্তিবিলাস মতানুসারে, একাদশী প্রভৃতি হরিব্রত তিথি সকল কিরূপ বিদ্ধ হইলে পরিত্যাজ্য, ও কিরূপ হইলেই গ্রাহ্য, তাহাই সংক্ষেপে নির্দ্ধারণ করিয়াছেন। যদ্যপি হরিভক্তিবিলাসে, পদ্মপুরাণ,

"পূর্ব্ববিদ্ধা যথা নন্দা বর্জিতা শ্রবণান্বিতা।
তথাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাঞ্চ বিবর্জয়েৎ॥" ইতি।

যেমন একাদশী শ্রবণনক্ষত্র যুক্ত হইলেও, যদ্যপি অরুণোদয়ে দশমী বিদ্ধ হয়, তবে তাহাকে ত্যাগ করিবে। সেই মত জন্মাষ্টমীও রোহিণী নক্ষত্র যুক্ত হইলেও, যদি সপ্তমী বিদ্ধা হয়, তাহা হইলে তাহাকেও পরিত্যাগ করিবে।" এই শ্লোকের টীকার তাৎপর্য্য। "কেহ কেহ কহেন যে, যথা, ও তথা শব্দ-

দ্বারা, অর্থাৎ যেমত অরুণোদয় কালে দশমী বিদ্ধা একাদশী পরিত্যাজ্য হয়। সেই মত অরুণোদয় কালে সপ্তমী বিদ্ধা জন্মাষ্টমীও পরিত্যাজ্য হইবে। তাহাদিগের এই প্রয়াসটি নিতান্ত অসঙ্গত ও অমূলক। কারণ একাদশী ব্যতিরিক্ত তিথির অরুণোদয় কালে বেধই হইতে পারে না। যে হেতু প্রতিপৎ প্রভৃতি তিথি সকল, সূর্য্যোদয় কাল আরম্ভ করিয়াই প্রবৃত্ত হইয়া, সম্পূর্ণা হয়। কেবল একাদশীই সূর্য্যোদয়ের পূর্ব্ব চারি দণ্ড কাল হইতে প্রবৃত্ত হইয়া সম্পূর্ণা হয়েন্। সুতরাং কেবল মাত্র একাদশীই অরুণোদয় কালে দশমী বিদ্ধা হইলে পরিত্যাজ্য হইবে। কিন্তু জন্মাষ্টমী প্রভৃতি অন্য সকল তিথিই যখন সূর্য্যোদয় কাল হইতে প্রবৃত্ত হইয়া, সম্পূর্ণা হইল, তখন অরুণোদয় কালে কিরূপে বিদ্ধ হইতে পারে? কখনই হইতে পারে না। ইহা সম্পূর্ণা লক্ষণে স্পষ্টই লিখিত হইয়াছে।

স্কন্দ পুরাণ বচন, যথা,—

"প্রতিপৎ প্রভৃতয়ঃ সর্ব্বা উদয়া দোদয়া দ্রবেঃ।
সম্পূর্ণা ইতি বিখ্যাতা হরিবাসর বর্জ্জিতাঃ॥" ইতি।

প্রতিপৎ আদি তিথি সকল সূর্য্যের এক উদয় আরম্ভ করিয়া প্রবৃত্ত হইয়া, যদি অন্য উদয় অবধি থাকে, তাহা হইলে সম্পূর্ণা হয়। কিন্তু হরিবাসর (একাদশী) এ প্রকার নহে। উহা সূর্য্যোদয়ের পূর্ব্বে মুহূর্ত্তদ্বয় (চারি দণ্ড) কাল যদ্যপি থাকে, তাহা হইলে সম্পূর্ণা হয়। অতএব একাদশী ব্যতিরিক্ত অন্য তিথির অরুণোদয়ে বেধ হইবে, এ কথা নিতান্ত অসঙ্গত, ও অমূলক। ইত্যাদি বচন দ্বারা বোধ হইতেছে যে, কেবল একাদশীই, যদি সূর্য্যোদয়ের পূর্ব্ব চারি দণ্ড মধ্যে দশমী বিদ্ধা হয়, তাহা হইলেই অগ্রাহ্য উপবাস যোগ্য হইবে না। কিন্তু জন্মাষ্টমী প্রভৃতি তিথি সকল সূর্য্যোদয় কালেই (অর্থাৎ যদি সূর্য্যোদয় কালে অন্য তিথির প্রবেশ হয় তাহা হইলে) বিদ্ধ হইবে, এবং ব্রতাচরণ যোগ্য হইবে না। ইহাই সাধারণের বোধ সৌকর্য্যার্থে লিখিয়াছেন।

"হরিবাসর (একাদশী) কেবল অরুণোদয় কালে দশমী বিদ্ধা হইলে পরিত্যাজ্য হইবে। এবং জন্মাষ্টমী প্রভৃতি অন্য তিথি সকল সূর্য্যোদয় কালে

যদি অন্য তিথিতে বিদ্ধ হয়, তাহা হইলে তাহাদিগকে পরিত্যাগ করিবে। নতুবা সূর্য্যোদয়ের পূর্ব্বে (অর্থাৎ অরুণোদয় কালে অন্য তিথি থাকিলে) বিদ্ধ হইবে না, ব্রতাচরণ যোগ্য হইবে॥ ইতি।

এবং পারণ দিবসে, অগ্রে উপবাস সমর্পণের এই মন্ত্র পাঠ করিয়া, পশ্চাৎ পারণ করিবে।

সমর্পণ মন্ত্র, যথা, *

"অজ্ঞান তিমিরান্ধস্য ব্রতেনানেন কেশব।
প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টি প্রদো ভব॥" ইতি।

এবং ইহার পারণ ব্যবস্থা ও প্রায় একমত † ইতি। একাদশীব্রতে সাধারণ মনুষ্য মাত্রই নিত্য অধিকারী। তবে বয়স ঘটিত বিশেষ এই যে, অষ্টম বৎসরের পর অশীতি বৎসর পর্য্যন্ত ইহাতে নিত্য অধিকার থাকে। এবং বিধবা মাত্রেরই সর্ব্বতোভাবে নিত্যাধিকার।

প্রমাণ। যথা, স্মৃতি,

* হরিভক্তি বিলাসে, কাত্যায়ন।

† অর্থাৎ পারণ দিনে দ্বাদশীর অপেক্ষা কর্ত্তব্য,

প্রমাণ। হরিভক্তি বিলাসে, পদ্মপুরাণ, যথা,

"মহাহানিকরীহ্যেষা দ্বাদশী লঙ্ঘিতা নৃণাং।
করোতি ধর্ম্মহরণ মস্নাতেব সরস্বতী" ॥ইতি।

কিন্তু যদি, অরুণোদয়ে দশমী বিদ্ধা হেতুক, কিম্বা অন্যকারণ বশতঃ শুদ্ধ দ্বাদশীতে উপবাস হয়, অথবা কিছুক্ষণ একাদশীর পর দ্বাদশীক্ষয় প্রযুক্ত পরদিন দ্বাদশী না থাকে, তবে ত্রয়োদশীতে পারণ করিবে।

যথা,

শুদ্ধৈব দ্বাদশী রাজন্ উপোষ্যা মোক্ষকাঙ্ক্ষিভিঃ।
পারণং তু ত্রয়োদশ্যাং পূজয়িত্বা জনার্দ্দনং" ॥ ইতি

"অষ্টাব্দাদধিকো মর্ত্ত্যো হ্যপূর্ণাশীতিবৎসরঃ।
ভুংক্তে যো মানবো মোহা-দেকাদশ্যাং স পাপকৃৎ॥"
ইতি।

এবং, কাত্যায়ন,

"বিধবা যা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশীদিনে।
তস্যাস্তু সুকৃতং নশ্যেৎ ভ্রূণহত্যা দিনে দিনে॥" ইতি।

এবং, ভবিষ্যে,

"নিত্যমেতদ্ব্রতং নাম কর্ত্তব্যং সার্ব্ববর্ণিকং"॥ ইতি।

ইহাতে অশৌচাদি কোন প্রতিবন্ধক হয় না, সকল অবস্থাতেই কর্ত্তব্য।

প্রমাণ। ভবিষ্যোত্তর, ও পদ্ম পুরাণে, যথা,

"একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়ো রুভয়োরপি॥
সূতকে মৃতকে বাপি অন্যস্মিন্ বাপ্যশৌচকে॥
সর্ব্বথা ন পরিত্যাজ্যা ইচ্ছতা শ্রিয়মাত্মনঃ"॥ ইতি।

এবং পুলস্ত্য,

"একাদশ্যাং ন ভুঞ্জীত নারী দৃষ্টে রজস্যপি"॥ ইতি।

একাদশী ব্রতে যদি উপবাস* করিতে অসমর্থ হয়, তবে অনুকল্প করিবে। একেবারে একাদশীব্রত ত্যাগ করিবেনা।

---

* উপবাস লক্ষণ। যথা, হরিভক্তি বিলাসে,

"উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসো গুণৈঃ সহ।
উপবাসঃ স বিজ্ঞেয়ঃ সর্ব্ব ভোগবিবর্জিতঃ"॥ ইতি।

প্রমাণ॥ নারদীয়ে, যথা,

"অনুকল্পোণনৃণাং প্রোক্তঃ ক্ষীণানাং বরবর্ণিনি"॥ ইতি।

এবং মার্কণ্ডেয় বচন, যথা,

"একভক্তেন নক্তেন তথৈবাযাচিতেন চ"।
উপবাসেন দানেন নৈবাদ্বাদশিকো ভবেৎ"॥ ইতি।

কিন্তু হরিশয়ন, পার্শ্বপরিবর্ত্তন, ও উত্থান একাদশীতে, অনুকল্পও পাপ-জনক হয়।

প্রমাণ। পদ্মপুরাণ, যথা,

"মৎশয়নে মদুত্থানে মৎপার্শ্বপরিবর্ত্তনে।
ফল মূল জলাহারী হৃদি শল্যং মমার্পয়েৎ"॥ ইতি।

এবং পারণ দিনে অল্প দ্বাদশীলাভ হইলে, অরুণোদয় কালেই সমস্ত নিত্য--

† অনুকল্প এই। একজন ব্রাহ্মণকে ভোজন করাইবে, কিম্বা ভোজনের দ্বৈগুণ্য ধনাদি দান করিবে। অথবা রাত্রিতে হবিষ্যান্নাদি করিবে।
প্রমাণ। যথা, ব্রহ্মবৈবর্ত্তে,

"উপবাসাসমর্থশ্চেদেকং বিপ্রং তু ভোজয়েৎ।
তাবদ্ধনানি বা দদ্যাদ্যদ্ভক্ত দ্বিগুণং ভবেৎ"। ইতি।

এবং পদ্মপুরাণ,

"নক্তং হবিষ্যান্নমনোদনংবা ফলং তিলক্ষীরমথাম্বুচাজ্যং।
যৎপঞ্চগব্যং যদি বাথ বায়ুঃ প্রশস্ত মত্রোত্তর মুত্তরঞ্চ"॥ ইতি।

কার্য্য সম্পন্ন করিয়া, সূর্য্যোদয়ে পারণ করিবে। তাহাতে অশক্ত হইলে, কেবল জল দ্বারা পারণ কর্ত্তব্য ‡।

প্রমাণ। যথা, কাত্যায়ন,

অদ্ভিস্তু পারয়িত্বা তু নৈত্যিকান্তে ভুজিক্রিয়া" ॥ ইতি ॥

কারণ দ্বাদশী প্রাপ্তি হইলে, তাহাকে ত্যাগ করিয়া, ত্রয়োদশীতে, পারণ সম্পূর্ণ নিষিদ্ধ।

প্রমাণ।

"দ্বাদশ দ্বাদশীং হন্তি ত্রয়োদশ্যাংতু পারণং" ॥ ইতি।

পৌষমাসের শুক্লা একাদশী মন্বন্তরা।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

মাঘমাসের শুক্লা একাদশীর নাম ভৈমী (অর্থাৎ ভীম একাদশী নামে খ্যাত) অন্য দিন উপবাসে অসমর্থ হইলেও কিন্তু ইহাতে উপবাস কর্ত্তব্য।
প্রমাণ। যথা, মাৎস্যে,

"অন্যেষ্বপি দিনর্ক্ষেষু ন শক্ত স্ত্বমুপোষিতুং।
ততঃ পুণ্যামিমাং ভৌম তিথিং পাপপ্রণাশিনীং ॥
উপোষ্য বিধিনানেন গচ্ছ বিষ্ণোঃ পরং পদং ॥ ইতি।

---

‡ অর্থাৎ জলপানকে ভোজন মধ্যে গণ্য করেন্না; এবং অভোজন ও নহে, অতএব উহাতে দ্বাদশী লঙ্ঘন জন্য দোষ ও হইবেনা।

প্রমাণ। স্কন্দপুরাণ,

"অশক্ত্যা সঙ্কটে প্রাপ্তে পারণং বারিণাচরেৎ।
তদ্ধি নৈ বাশিতং নৈবানশিতঞ্চ বিদুর্বুধাঃ ॥" ইতি।

এবং জ্যৈষ্ঠমাসের শুক্লা একাদশীর নাম নির্জলৈকাদশী। ইহাও উপোষ্য।
প্রমাণ। হরিভক্তি বিলাসে, পদ্ম পুরাণ, যথা,—

"বৃষস্থে মিথুনস্থেঽর্কে শুক্লাদ্যেকাদশী হি যা।
জ্যৈষ্ঠেমাসি প্রযত্নেন সো-পোষ্যা জলবর্জ্জিতা॥"
ইতি। ১২।

এবং

"কিঞ্চাপরেণ ধর্ম্মেণ নির্জলৈকাদশীং নৃপ।
উপোষ্য সম্যগ্ বিধিনা বৈষ্ণবং পদমাপ্নুয়াৎ॥" ইতি।

আষাঢ়মাসর শুক্ল একাদশীকে শয়ন একাদশী কহিয়া থাকে।

তথাচ।

"একাদশ্যাং জগৎ স্বামী শয়নং পরিকল্পয়েৎ॥" ইতি।*

ভাদ্রমাসের শুক্লা একাদশীর নাম পার্শ্ব পরিবর্ত্তনৈকাদশী। ইহাতে ভগবানের কটি দানোৎসব কর্ত্তব্য।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, ভবিষ্যোত্তরে, যথা,—

"প্রাপ্তে ভাদ্রপদে মাসি একাদশ্যাং সিতে হ হনি।
কটি দানং ভবেদ্বিষ্ণো র্মহাপাতক নাশনং॥" ইতি।

টীকা,—কদাচিদ্‌বৃষস্থে কদাচিন্মিথুনস্থে চ ইত্যর্থঃ॥ ১২।
অর্থাৎ কখন বৃষরাশিস্থ সূর্য্যে (জ্যৈষ্ঠ মাসে) কখন মিথুনরাশিস্থ সূর্য্যে (আষাঢ়মাসে) হইয়া থাকে।

* ইহার বিশেষ দ্বাদশী নিরূপণে ব্যক্ত হইবে।

এবং এই মন্ত্রে প্রার্থনা করিবে।

মন্ত্র, যথা—

"দেব দেব জগন্নাথ যোগি গম্য নিরঞ্জন।
কটি দানং কুরুষ্বাদ্য মাসি ভাদ্র পদে শুভে॥" ইতি।†

কার্ত্তিক শুক্ল একাদশীর নাম প্রবোধনী (অর্থাৎ উত্থান একাদশী) ইহাতে ভগবানের প্রবোধন কর্ত্তব্য।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, স্কন্দ পুরাণ, যথা,—

"তাবদ্ গর্জতি বিপ্রেন্দ্র গঙ্গা ভাগিরথী ক্ষিতৌ।
যাবন্নায়াতি পাপঘ্নী কার্ত্তিকে হরি বোধিনী॥"
ইত্যাদি।

এই প্রবোধনীতে ও ভগবান্‌কে জলাশয় নিকটে লইয়া, * প্রবোধন নিমিত্ত, এই মন্ত্র পাঠ কবিবে।

মন্ত্র। যথা,—

"ব্রহ্মেন্দ্ররুদ্রাগ্নি কুবের সূর্য্য-সোমাদিভি র্বন্দিত পাদপদ্ম।
বুধ্যস্ব দেবেশ জগন্নিবাস মন্ত্র প্রভাবেণ সুখেন দেব॥"
ইতি।

---

† ইহার বিশেষ ভগবান্‌কে জলাশয়ের নিকটে লইয়া মহোৎসবাদি করিতে হয়।
প্রমাণ। হরিভক্তি বিলাসে,
"জলাশয়ান্তিকং নীত্বা সম্যগভ্যর্চ্চ্য চ প্রভুং।" ইতি।

* হরিভক্তি বিলাসে, যথা,
"শয়ন্যামিব নিষ্পাদ্য মহাপূজাং জলাশয়ে।
কৃষ্ণং নীত্বাথ সংকল্পং কৃত্বা তঞ্চ প্রবোধয়েৎ॥" ইতি।

এবং এই প্রবোধনাতে ভগবান্‌কে, রথে আরোহণ করাইতে হয়।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, ভবিষ্যোত্তর বচন, যথা,—

"প্রবোধবাসরে প্রাপ্তে কার্ত্তিকে পাণ্ডু-নন্দন।
দেবালয়েষু সর্ব্বেষু পুর-মধ্যে সমন্ততঃ।
ভ্রাময়েৎ তূর্য্য-নির্ঘোষৈ রথস্থং ধরণী-ধরং॥" ইতি।

কিন্তু বৈষ্ণব মতে যে আট্‌টি মহাদ্বাদশী আছে। তাহা প্রাপ্ত হইলে, শুদ্ধা একাদশীকেও পরিত্যাগ করিয়া, ঐ দ্বাদশীতে উপবাস্ কর্ত্তব্য। অতএব প্রথমতঃ সেই আট্‌টি মহাদ্বাদশীর নির্ণয় হইতেছে। উন্মীলনী ১ বঞ্জুলী ২ ত্রিস্পৃশা ৩ পক্ষবর্দ্ধিনী ৪ জয়া ৫ বিজয়া ৬ জয়ন্তী ৭ পাপনাশিনী ৮ এই আট্‌টি মহাদ্বাদশীর নাম।

প্রমাণ। হরিভক্তি-বিলাসে, ব্রহ্ম-বৈবর্ত্তে, যথা,—

"উন্মীলনী বঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষ-বর্দ্ধিনী।
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী॥
দ্বাদশ্যো হষ্টৌ মহাপুণ্যাঃ সর্ব্বপাপ-হরা দ্বিজ॥"
ইতি।

এবং এই অষ্ট মহাদ্বাদশীরই নিত্যতা আছে।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, ব্রহ্ম বৈবর্ত্তে, যথা,—

"দ্বাদশ্যো হষ্টৌ সমাখ্যাতা যাঃ পুরাণে বিচক্ষণৈঃ।
তাসামেকা হপি চ হতা হন্তি পুণ্যং পুরাকৃতং॥" ইতি।*

---

* অর্থাৎ, পুরাণে যে আট্‌টি মহাদ্বাদশী কথিত হইয়াছে। তাহার একটিও যদি হত হয় (অর্থাৎ উপোষিত না হয়) তবে পূর্ব্বসঞ্চিত যত কিছু পুণ্য থাকে, তাহা সমস্তই নষ্ট হয়।

এবং মার্কণ্ডেয় পুরাণে,

"ন করিষ্যন্তি যে লোকে দ্বাদশ্যো হ্যষ্টৌ মমাজ্ঞয়া।
তেষাং যম-পুরে বাসো যাবদাভূত-সংপ্লবং॥" ইতি।*

অথ উন্মীলনী। ১

একাদশী সম্পূর্ণা হইয়া, যদি বৃদ্ধিক্রমে কিঞ্চিন্মাত্রও দ্বাদশী দিনে থাকে তবে তাহার নাম উন্মীলনী।

প্রমাণ। হরিভক্তি-বিলাসে, ব্রহ্ম-বৈবর্ত্তে, যথা,—

'একাদশী তু সম্পূর্ণা বর্দ্ধতে পুনরেব সা।
দ্বাদশী চ ন বর্দ্ধেত কথিতোন্মীলনীতি সা॥" ইতি

অথ বঞ্জুলী॥ ২

যখন কেবল মাত্র দ্বাদশীরই বৃদ্ধি হইবে, একাদশীর বৃদ্ধি হইবে না, তখন তাহার নাম বঞ্জুলী।

প্রমাণ। তত্রৈব, যথা,—

"দ্বাদশ্যেব বিবর্দ্ধেত ন চৈবৈকাদশী যদা।
বঞ্জুলী তু ভৃগুশ্রেষ্ঠ কথিতা পাপনাশিনী॥" ইতি।†

* আমার আজ্ঞায় যাহারা অষ্ট মহাদ্বাদশী ব্রত না করে। তাহাদিগের চিরকালই যমলোকে বাস হয়। (অর্থাৎ পুণ্য ক্ষয় হেতুক উত্তম লোক প্রাপ্ত হয় না)

† এখানে পাপ নাশিনীটি পৃথক্ নাম নহে। বঞ্জুলীর বিশ্লেষণ।

অথ ত্রিস্পৃশা। ৩

যদি প্রাতঃকালে কিঞ্চিন্মাত্র একাদশী, পরে দ্বাদশী ক্ষয় হইয়া (অর্থাৎ ত্র্যহস্পর্শ হইলে) শেষে ত্রয়োদশী হয়, তবে তাহাকে ত্রিস্পৃশা কহে।

প্রমাণ। তত্রৈব, যথা,—

"অরুণোদয় † আদ্যা স্যাদ্ দ্বাদশী সকলং দিনং।
অন্তে ত্রয়োদশী প্রাত স্ত্রিস্পৃশা সা হরেঃ প্রিয়া॥" ইতি।

অথ পক্ষ-বর্দ্ধিনী। ৪

অমাবস্যা কিম্বা পূর্ণিমার মধ্যে যখন যাহার বৃদ্ধি হইবে, তখন সেই পক্ষের দ্বাদশীর নাম, (অর্থাৎ অমাবস্যার বৃদ্ধি হইলে তাহার পূর্ব্ব দ্বাদশীটি, এবং পূর্ণিমার বৃদ্ধি হইলে তাহার পূর্ব্বের দ্বাদশীটি, এই দুই পক্ষের দুইটি দ্বাদশীরই নাম) পক্ষ-বর্দ্ধিনী হইবে।

প্রমাণ। তত্রৈব, যথা,—

"কুহূ রাকে যদা বৃদ্ধিং প্রযাতে পক্ষবর্দ্ধিনী॥" ইতি।

অথ জয়া। ৫

শুক্লপক্ষের দ্বাদশীতে যদি পুনর্ব্বসুনক্ষত্র যোগ হয়, তবে তাহাকে জয়া কহে।

প্রমাণ। তত্রৈব, ব্রহ্মপুরাণে, যথা,

† অরুণোদয়ে, সূর্য্যোদয়ে।

"দ্বাদশ্যাং তু সিতে পক্ষে ঋক্ষং যদি পুনর্ব্বসুঃ।
নাম্না সা তু জয়া খ্যাতা তিথীনামুত্তমা তিথিঃ ॥ ইতি

অথ বিজয়া। ৬

শুক্লপক্ষের দ্বাদশীতে শ্রবণানক্ষত্র যোগ হইলে, সেই দ্বাদশীর নাম বিজয়া।

প্রমাণ। তত্রৈব, বিষ্ণুধর্ম্মোত্তরে, যথা,

"যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ।
তদা সা তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা ॥" ইতি।

অথ জয়ন্তী। ৭

শুক্ল দ্বাদশীতে রোহিণীনক্ষত্র যোগ হইলে, তাহাকে জয়ন্তী কহে।

প্রমাণ। তত্রৈব, ব্রহ্মপুরাণে, যথা,

"যদা তু শুক্লদ্বাদশ্যাং প্রাজাপত্যং* প্রজায়তে।
জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ ॥" ইতি।

অথ পাপনাশিনী। ৮

শুক্লপক্ষের দ্বাদশীতে পুষ্যানক্ষত্র যোগ হইলে, তাহাকে পাপনাশিনী কহে।

প্রমাণ। তত্রৈব, ব্রহ্মপুরাণে, যথা,

* প্রাজাপত্যং—রোহিণী নক্ষত্রং।

"যদা তু শুক্ল-দ্বাদশ্যাং পুষ্যা ভবতি কর্হিচিৎ।
তদা সা তু মহাপুণ্যা কথিতা পাপনাশিনী॥" ইতি।

কিন্তু জয়া প্রভৃতি যে চারিটি মহাদ্বাদশী। ইহারা নক্ষত্রযোগমাত্রই যে হইবে তাহা নয়। উহার বিশেষ আছে।

যথা, হরিভক্তি-বিলাসে,

"অথ ঋক্ষ-প্রযুক্তানাং ব্রত-কর্ত্তব্যতা যথা।
জয়া-দীনাং চতসৃণাং তথা ব্যক্তং নিরূপ্যতে॥ ১।

অর্থাৎ জয়া বিজয়া জয়ন্তী পাপনাশিনী এই চারিটি মহাদ্বাদশী নক্ষত্র যোগে হইয়া থাকে। কিন্তু সামান্যতঃ নক্ষত্র যোগ হইলেই হইবে, কি কোন বিশেষ আছে তাহা নিরূপিত হইতেছে। অর্থাৎ যোগের বিশেষ আছে। ১ যথা,

"ভান্যর্কোদয়মারভ্য প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমা ন্যূনানি বা সন্তু ততোঽমীষাং ব্রতৌচিতী॥ ২।

"কিম্বা সূর্য্যোদয়াৎ পূর্ব্বং প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমানি বা তদাপ্যেষাং ব্রতাচরণ-যোগ্যতা॥ ৩।

"শ্রবণা ব্যতিরিক্তেষু নক্ষত্রেষু খলু ত্রিষু।
সূর্য্যাস্তমন-পর্য্যন্তং কার্য্যং দ্বাদশ্যপেক্ষণং॥" ৪।

"শ্রবণেত্বস্তমনতঃ প্রাগ্ দ্বাদশ্যাং সমাপ্তিতাং।
গতায়ামপি তত্রৈব ব্রতস্যোচিততা ভবেৎ॥" ইতি।৫।

নক্ষত্রগণ, (অর্থাৎ পুনর্ব্বসু শ্রবণা রোহিণী পুষ্যা এই চারিটি) যদি

সূর্য্যোদয় কালকে আরম্ভ করিয়া প্রবৃত্ত হয়, তবে অধিক, কিম্বা সমান, অথবা ন্যূন হইলেও, তাহাতে ব্রত কর্ত্তব্য হইবে। ২। *

আর ঐ নক্ষত্রগণ, যদি সূর্য্যোদয়ের পূর্ব্ব হইতে প্রবৃত্ত হয়, তবে অধিক, অথবা সমান হইলেও, ব্রতাচরণ যোগ্য হইবে। ৩।

কিন্তু শ্রবণা ব্যতিরিক্ত,অপর তিনটি নক্ষত্র হইলে (অর্থাৎ পুনর্ব্বসু রোহিণী পুষ্যা, এই তিনটীর স্থলে) সূর্য্যাস্ত-কাল পর্য্যন্ত দ্বাদশীর অপেক্ষা করিতে হইবে, (অর্থাৎ সূর্য্যাস্তের পূর্ব্বে দ্বাদশী ফুরাইলে হইবে না)। ৪।

শ্রবণা নক্ষত্র স্থলে, যদি সূর্য্যাস্তের পূর্ব্বেও দ্বাদশী সমাপ্ত হইয়া যায়, তথাপি তাহাতে ব্রত কর্ত্তব্য হইবে। ৫।

ইহার পারণ ব্যবস্থা।

পারণ দিনে যদি বৃদ্ধিক্রমে তিথি ও নক্ষত্র, উভয় থাকে, তবে তাহার মধ্যে তিথি অধিক থাকিলে, নক্ষত্রান্তে পারণ করিবে। আর তিথি অল্প থাকিলে, তিথি মধ্যেই পারণ কর্ত্তব্য। এবং দ্বাদশীর বৃদ্ধি না হইয়া, যদি কেবল নক্ষত্র থাকে, তবে তাহাদিগের মধ্যে, রোহিণী কিম্বা শ্রবণা থাকিলে, উহাদিগের উভয়ের মধ্যেই পারণ করিবে। আর পুনর্ব্বসু কিম্বা পুষ্যা থাকিলে উভয়ের অন্তে পারণ করিবে।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, যথা,

"বৃদ্ধৌ ভতিথ্যো-রধিকা তিথিশ্চেৎ পারণং ততঃ।
ভান্তে স্যাচ্চেৎ তিথির্ন্যূনা তিথিমধ্যে তু পারণং॥ †

---

* ইহাতে অধিক, সমান ও ন্যূন, ইহা দ্বাদশী অপেক্ষা জানিবে।

† নক্ষত্র ও তিথি, উভয়ের বৃদ্ধি হইয়া, যদি তিথি অধিক হয়, তবে নক্ষত্রান্ত হইলে পারণ কর্ত্তব্য। আর তিথি কম হইলে তিথি মধ্যেই পারণ করিবে।

"দ্বাদশ্যনম্বুবৃত্তৌ তু বৃদ্ধৌ ব্রহ্মাচ্যুতর্ক্ষয়োঃ।
তন্মধ্যে পারণং বৃদ্ধৌ শেষয়োস্তদতিক্রমে॥ *

অথ দ্বাদশী।

একাদশী সংযুক্ত যে দ্বাদশী তাহাতেই দৈবাদি কর্ম্ম কর্ত্তব্য।

প্রমাণ।

"যুগ্মাগ্নি"—ইত্যাদি যুগ্মবচন।

বৈশাখ মাসের শুক্লা দ্বাদশীর নাম পিপ্পীতকী দ্বাদশী। এই দ্বাদশী একাদশীযুক্ত করিবেনা।

প্রমাণ। ভবিষ্য পুরাণ, যথা,—

"একাদশ্যাং প্রকুর্ব্বীত উপবাসং মনীষিণঃ।
উপাসনায় দ্বাদশ্যাং বিষ্ণোর্যদ্বদিয়ং তথা॥" ইতি।

অতএব, স্মার্ত্ত,

"অত্রাপি তথা ব্যবহরন্তীতি নাত্র যুগ্মাদরঃ॥" ইতি।

জ্যৈষ্ঠ মাসের শুক্লা দ্বাদশীকে বিশোকা কহে।

* এবং যদি দ্বাদশীর বৃদ্ধি না হয়, কেবল নক্ষত্রের বৃদ্ধি হয়। তবে উহাদের মধ্যে রোহিণী, কিম্বা শ্রবণার বৃদ্ধি হইলে, তাহার মধ্যেই পারণ কর্ত্তব্য। আর পুনর্ব্বসু, কিম্বা পুষ্যার বৃদ্ধি হইলে তাহাদিগের অন্তে পারণ করিবে।

আর আষাঢ় মাসের শুক্লা দ্বাদশীতে, অনুরাধানক্ষত্রের আদ্য পাদ যোগ হউক, আর নাই হউক, তথাপি নিশাসময়ে, ভগবান্‌কে শয়ন করাইবে।

প্রমাণ। মাৎস্যে, যথা—

"শেতে বিষ্ণুঃ সদাষাঢ়ে ভাদ্রে চ পরিবর্ত্ততে॥
কার্ত্তিকে পরিবুধ্যেত শুক্ল-পক্ষে হরে র্দিনে॥" ইতি।

এবং ভবিষ্য ও নারদীয়ে, যথা,

"মৈত্রাদ্য* পাদে স্বপিতীহ বিষ্ণু, র্বৈষ্ণব্যা† মধ্যে পরিবর্ত্ততে চ।
পৌষ্ণাবক্ষ‡ সানে চ সুরারি-হন্তা প্রবুধ্যতে মাস চতুষ্টয়েন॥"
ইতি।

এবং, ভবিষ্যে, যথা,

"নিশি স্বাপো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনং॥" ইতি।

আর অনুরাধার আদ্য পাদযোগ, যদি দ্বাদশীতে না হইয়া, অন্য তিথিতে হয়, তবে তাহাতেই শয়ন করাইবে।

প্রমাণ। বিষ্ণুধর্ম্মোত্তরে, যথা,

"অপ্রাপ্তে দ্বাদশীমৃক্ষে উত্থান-শয়নে হরেঃ।
পাদ-যোগেন কর্ত্তব্যে নাহোরাত্রং বিচিন্তয়েৎ॥" ইতি।

এবং অন্য তিথিতে ও যদি অনুরাধার অদ্য পাদ সংযোগ না হয়; তাহাহইলে, দ্বাদশীতে সন্ধ্যার সময়ে শয়ন করাইবে।

---

* মৈত্রং অনুরাধা। † বৈষ্ণব্যং শ্রবণা। ‡ পৌষ্ণং রেবতী।

প্রমাণ। বরাহ পুরাণ, যথা,

"দ্বাদশ্যাং সন্ধি-সময়ে নক্ষত্রাণা-মসম্ভবে।
আ-ভা-কা* সিতপক্ষে.তু শয়না-বর্ত্তনাদিকং॥" ইতি।

আর যদি দ্বাদশীতে অনুরাধার কিঞ্চিৎ যোগ থাকে, ও অন্য তিথিতে আদ্য পাদ যোগ হইয়া থাকে, তাহা হইলেও দ্বাদশীতেই শয়ন করাইবে।

প্রমাণ। বিষ্ণু-ধর্ম্মোত্তরে যথা,—

"দ্বাদশ্যা-মৃক্ষসংযোগে পাদযোগো ন কারণং॥" ইতি।

পার্শ্ব পরিবর্ত্তন,† ও উত্থানে‡ ও এই রূপ ব্যবস্থা।

ভাদ্র মাসের শ্রবণানক্ষত্রযুক্ত শুক্লা দ্বাদশীকে শ্রবণাদ্বাদশী কহে।

ইহার ব্যবস্থা।

একাদশীতে যদি শ্রবণানক্ষত্র প্রাপ্ত হয়. তবে ঐ দিনই উপবাস করিবে তাহাতেই সিদ্ধি হইবে।

প্রমাণ। যথা, নারদ,

* আ-ভা-কানাং আষাঢ়-ভাদ্র-কার্ত্তিকানাং।
অর্থাৎ আ শব্দে আষাঢ়, ভা শব্দে ভাদ্র, কা শব্দ কার্ত্তিক মাস গৃহীত হইয়াছে।

† পার্শ্বপরিবর্ত্তনে, এই মন্ত্রও পাঠ করিবে।

"বাসুদেব জগন্নাথ প্রাপ্তেয়ং দ্বাদশী তব।
পার্শ্বেন পরিবর্ত্তস্ব সুখং স্বপিহি মাধব॥" ইতি।

‡ উত্থানের মন্ত্র পূর্ব্বে লিখিত হইয়াছে।

"যাঃ কাশ্চিৎ তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যা নক্ষত্র-যোগতঃ।
তাস্বেব তদ্ব্রতং কুর্য্যাৎ শ্রবণ-দ্বাদশীং বিনা॥" ইতি।

কেবল দ্বাদশীতে শ্রবণা যোগ হইলে দুইটি উপবাস কর্ত্তব্য।

প্রমাণ। ব্রহ্মবৈবর্ত্তে, যথা,

"একাদশীমুপোষ্যৈব দ্বাদশীং সমুপোষয়েৎ।
নচাত্র বিধি-লোপঃ স্যা-দুভয়ো র্দেবতা হরিঃ॥" ইতি।

ইহার পারণ, শ্রবণানক্ষত্রাবসানে, দ্বাদশীতেই পারণ করিবে।

প্রমাণ। ভবিষ্যোত্তরে, যথা,—

"তিথি-নক্ষত্র-সংযোগে উপবাসো যদা ভবেৎ।
তাবদেব ন ভোক্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ॥" ইতি।

কিন্তু যদি দ্বাদশী অল্প থাকে নক্ষত্র অধিক থাকে, তবে নক্ষত্রান্ত অপেক্ষা করিবেনা, দ্বাদশী মধ্যেই পারণ করিবে।

প্রমাণ। যথা, তত্রৈব,

"বিশেষেণ মহীপাল শ্রবণং বর্দ্ধতে যদি।
তিথি-ক্ষয়েণ* ভোক্তব্যং দ্বাদশীং নৈব লঙ্ঘয়েৎ॥" ইতি।

অথ বৈষ্ণব মতে শ্রবণ দ্বাদশী ব্যবস্থা।

ভাদ্র মাসের শুক্লা দ্বাদশীতে যদি শ্রবণা নক্ষত্র যোগ হয় তবে তাহাতেই উপবাস করিবে।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, মার্কণ্ডেয় বচন, যথা,—

---

* তিথিক্ষয়েণ, একাদশী-ক্ষয়েণ

"শ্রবণর্ক্ষ-সমাযুক্তা দ্বাদশী যদি লভ্যতে।
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যাং তু পারণং॥" ইতি।

কিন্তু যদি একাদশীতে শ্রবণা পায়, তবে একাদশীতেই উপবাস কর্ত্তব্য।

প্রমাণ। পূর্ব্বোক্ত

"যাঃ কাশ্চিৎ তিথয়ঃ॥" ইত্যাদি।

বিশেষতঃ যদি বিষ্ণু শৃঙ্খল যোগ হয়, তবে উহাতেই অবশ্য উপবাস করিবে। ঐ বিষ্ণুশৃঙ্খল যোগের কএকটি বিশেষ ক্রমশঃ দর্শিত হইতেছে।

প্রথম বিষ্ণুশৃঙ্খল। ১। হরিভক্তি বিলাসে, মৎস্য পুরাণ, যথা,—

"দ্বাদশী শ্রবণস্পৃষ্টা স্পৃশেদেকাদশীং যদা।
স এষ বৈষ্ণবো যোগো বিষ্ণুশৃঙ্খল সংজ্ঞিতঃ॥" ইতি।১।

শ্রবণা নক্ষত্র যুক্ত দ্বাদশী যদি একাদশী দিনে প্রাপ্ত হয়, তবে ঐ যোগের নাম বিষ্ণুশৃঙ্খল॥১।

দ্বিতীয়। ২। তত্রৈব, বিষ্ণুধর্ম্মোত্তরে, যথা,—

"একাদশী দ্বাদশী চ বৈষ্ণব্যমপি তং ভবেৎ।
তদ্বিষ্ণু-শৃঙ্খলং নাম বিষ্ণুসাযুজ্য-কৃদ্ ভবেৎ॥" ইতি।২।

প্রথমতঃ একাদশী, পরে দ্বাদশী, এবং শ্রবণা, এইরূপ ক্রমান্বয়ে, যোগ হইলেও তাহাকে বিষ্ণুশৃঙ্খল কহে।২।

এবং উহাতে বুধবার যোগ হইলে, অত্যন্ত প্রশস্ত।

তৃতীয়। ৩। তত্রৈব, যথা,

"দ্বাদশ্যেকাদশী সৌম্যঃ * শ্রবণঞ্চ চতুষ্টয়ং।
দেবদুন্দুভি যোগোঽয়ং যজ্ঞাযুত-ফলপ্রদঃ॥"
ইতি। ৩।

দ্বাদশী, একাদশী, বুধবার, ও শ্রবণানক্ষত্র, এই চারিটি এক দিনে হইলে, তাহাকে দেবদুন্দুভি যোগ নামে † কহে। ৩।

পারণ ব্যবস্থা।

পারণ দিনে যদি তিথি ও নক্ষত্র উভয়ের বৃদ্ধি ক্রমে স্থিতি হয়, তবে দ্বাদশী অধিক থাকিলে, শ্রবণনক্ষত্রান্তে পারণ কর্ত্তব্য। আর যদি শ্রবণনক্ষত্র অধিক থাকে, তবে দ্বাদশী মধ্যেই পারণ করিবে, নক্ষত্রান্ত অপেক্ষা করিবে না।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, যথা,—

"তত্রাধিক্যে তিথে র্বৃত্তে ভান্তে সত্যেব পারণং॥"
ইতি।

এবং,

"ঋক্ষস্য সতি চাধিক্যে তিথি-মধ্যে হি পারণং॥"
ইতি।

আর যদি তিথি ও নক্ষত্র, উভয়ই পারণ দিনে রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া থাকে, তবে দিবসেই পারণ কর্ত্তব্য।

প্রমাণ। তত্রৈব, গৌতমীয়ে, যথা,—

---

* সৌম্য বুধবার।

† দেবদুন্দুভি যোগ, বিষ্ণু শৃঙ্খল যোগেরই বিশেষ নামান্তর মাত্র।

"যদৃক্ষং বা তিথি র্বাপি রাত্রিং ব্যাপ্য ব্যবস্থিতা।
দিবসে পারণং কুর্য্যা-দন্যথা পতনং ভবেৎ ॥" ইতি।

আর যেখানে, দ্বাদশীর ক্ষয় হইবে, * কিম্বা দ্বাদশীতে শ্রবণা যোগ হেতুক দ্বাদশীতে উপবাস হইবে † সেই খানেই ত্রয়োদশীতে পারণ হইবে ॥ ইতি।

অগ্রহায়ণমাসের শুক্লা দ্বাদশী অখণ্ড দ্বাদশী।

ফাল্গুণমাসের শুক্লপক্ষের দ্বাদশীর নাম গোবিন্দ দ্বাদশী। ইহাতে পুষ্যা-নক্ষত্র যোগ হইলে, অতি প্রশস্তা হয়, এবং ইহাতে উপবাস করিবে। ‡

প্রমাণ।

"ফাল্গুণে শুক্লপক্ষস্য পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি।
গোবিন্দ দ্বাদশী নাম মহাপাতক-নাশিনী ॥" ইতি।

এবং, হরিভক্তি বিলাসে, ব্রহ্ম পুরাণে, যথা,—

"ফাল্গুণামল-পক্ষে তু পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি।
গোবিন্দ দ্বাদশী নাম মহাপাতক-নাশিনী ॥
তস্যা-মুপোষ্য বিধিব-ন্নরঃ সংক্ষীণ-কল্মষঃ ॥" ইতি।

ইহাতে গঙ্গাস্নানে, এই মন্ত্র পাঠ করিবে।

মন্ত্র। যথা, পদ্ম পুরাণে,

---

* হরিভক্তি বিলাসে, যথা, "যোগোঽয়মনো দ্বাদশ্যাঃ ক্ষয় এবেতি লক্ষ্যতে।—ত্রয়োদশ্যাং পারণং হি শ্রবণে ন নিষেৎস্যতে ॥" ইতি।

† উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যাং তু পারণং ॥" ইতি।

‡ কিন্তু পূর্ব্বোক্ত, "ভান্যর্কোদয়-মারভ্য" ইত্যাদি নিয়মানুসারে নক্ষত্রের যোগ হইলেই উপবাস বিহিত হইবে। নচেৎ যথা কথঞ্চিৎ রূপে যোগ হইলেই উপবাস হইবে না।

"মহাপাতক-সংজ্ঞানি যানি পাপানি সন্তি মে।
গোবিন্দ-দ্বাদশীং প্রাপ্য তানি মে হর জাহ্নবি।"
ইতি।

এবং এই দ্বাদশীকে আমর্দ্দকী দ্বাদশী নামেও কহিয়া থাকে। ইহাতে আমর্দ্দকী ব্রত বিহিত আছে।

প্রমাণ। হরিভক্তি বিলাসে,

"আমর্দ্দকী দ্বাদশীতি লোকে খ্যাতেয়-মেবহি।
যত্র আমর্দ্দকী-পূজা ব্রত-মস্যাং বিশেষতঃ॥" ইতি।

এবং তত্রৈব, ব্রাহ্মে, যথা,—

"ফাল্গুনে তু বিশেষেণ বিশেষঃ কথিতো নৃপ।
আমর্দ্দক্যা ব্রতং পুণ্যং বিষ্ণুলোক-প্রদং নৃণাং॥" ইতি।

অথ ত্রয়োদশী।

শুক্লপক্ষীয় ত্রয়োদশী, দ্বাদশী যুক্ত, ও কৃষ্ণপক্ষীয় ত্রয়োদশী চতুর্দ্দশী যুক্ত গ্রহণ করিবে।

প্রমাণ। ব্রহ্ম বৈবর্ত্তে, যথা,—

"ত্রয়োদশী প্রকর্ত্তব্যা দ্বাদশী-সহিতা বিভোঃ॥" ইতি।

এবং, নিগমে, যথা,—

"ষষ্ঠ্যষ্টমী ত্বমাবাস্যা কৃষ্ণা চৈব ত্রয়োদশী।
এতাঃ পরযুতাঃ পূজ্যাঃ পরাঃ পূর্ব্বেণ সংযুতাঃ॥"
ইতি।

শ্রাবণ মাসে কৃষ্ণপক্ষের ত্রয়োদশী যুগাদ্যা।

প্রমাণ। বক্তব্য হইবে।

ইহাতে স্নানাদিকর্ম্মে ভাদ্র মাসের উল্লেখ করিতে হইবে।

প্রমাণ।

"তিথি কৃত্যেচ কৃষ্ণাদিং॥" ইত্যাদি।

ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের ত্রয়োদশীকে মঘাত্রয়োদশী কহে। ইহাতে শ্রাদ্ধ কর্ত্তব্য।

প্রমাণ। বিষ্ণুধর্ম্মোত্তরে. যথা,—

"প্রৌষ্ঠপদ্যা-মতীতায়াং তথা কৃষ্ণা ত্রয়োদশী।
এতাং স্তু শ্রাদ্ধ-কালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিঃ॥"
ইতি।

ইহাতে মধু ও পায়স দ্বারা শ্রাদ্ধ করিলে ফলাধিক্য হয়।

প্রমাণ। শঙ্খ, যথা,

"প্রৌষ্ঠপদ্যা-মতীতায়াং মঘাযুক্তাং ত্রয়োদশীং।
প্রাপ্য শ্রাদ্ধং হি কর্ত্তব্যং মধুনা পায়সেন চ॥" ইতি।

এবং, মনু,

"যৎ কিঞ্চিন্মধুনা মিশ্রং প্রদদ্যাৎ তু ত্রয়োদশীং।
তদপ্যক্ষয়-মেব স্যাৎ বর্ষাসু চ মঘাসু চ ॥" ইতি।

এবং হস্তানক্ষত্রস্থ সূর্য্য থাকিলে, যদি ত্রয়োদশীতে মঘা যোগ হয়, তবে তাহাকে কুঞ্জরচ্ছায়া যোগ কহিয়া থাকে। ইহা অতি প্রশস্ত।

প্রমাণ। কৃত্যচিন্তামণিতে, স্মৃতি, যথা,—

"কৃষ্ণ-পক্ষে ত্রয়োদশ্যাং মঘাস্বিন্দুঃ করে* রবিঃ।
যদা তদা গজচ্ছায়া শ্রাদ্ধে পুণ্যৈরবাপ্যতে ॥" ইতি।

কি বিভক্ত† কি অবিভক্ত‡ সকলেই, ইহাতে পৃথক্ পৃথক্ শ্রাদ্ধ করিবে।
প্রমাণ। শ্রাদ্ধ-চিন্তামণিতে, স্মৃতি, যথা,—

"বিভক্তা অবিভক্তা বা কুর্য্যুঃ শ্রাদ্ধমদৈবকং।
মঘাসু চ তথান্যত্র নাধিকারঃ¶ পৃথগ্ বিনা ॥" ইতি

এবং ইহাতে আশ্বিন মাস উল্লেখ কর্ত্তব্য।

প্রমাণ।

"তিথিকৃত্যেচ ॥" ইত্যাদি।

এবং এই মঘাত্রয়োদশী নিমিত্তক শ্রাদ্ধে, পুত্রবান্ ব্যক্তি পিণ্ড প্রদান করিবে না, অর্থাৎ পিণ্ড ব্যতিরেকে শ্রাদ্ধ করিবে।

---

* করে হস্তানক্ষত্রে।
† বিভক্ত অর্থাৎ ধনাদি বিভাগ পূর্ব্বক যাহারা পৃথক্ হইয়াছে।
‡ অবিভক্ত যাহারা পৃথক্ হয় নাই।
¶ অন্যত্র কৃষ্ণপক্ষাদৌ, নাধিকারঃ ন নিত্যাধিকারঃ।

প্রমাণ। দেবীপুরাণ, যথা,

"তত্রাপি মহতী পূজা কর্ত্তব্যা পিতৃদৈবতে*।
ঋক্ষে পিণ্ড-প্রদানং তু জ্যেষ্ঠ-পুত্রী বিবর্জয়েৎ॥" ইতি

এই পিণ্ডরহিত শ্রাদ্ধ দ্বারা পক্ষ শ্রাদ্ধ সিদ্ধ হইবে।

ফাল্গুন মাসের কৃষ্ণা এয়োদশী যদি শতভিষা নক্ষত্র যুক্তা হয়, তবে তাহাকে বারুণী কহে। আর যদি উহাতে শনিবার হয়, তবে মহা বারুণী কহে। এবং যদি, ত্রয়োদশী, শতভিষানক্ষত্র, শনিবার, ও তাহাতে শুভযোগ, এই চারিটি একত্র হয়, তবে তাহাকে মহা মহা বারুণী কহে।

প্রমাণ। স্কন্দ পুরাণে, যথা,—

"বারুণেনর্ণ† সমাযুক্তা মধৌ কৃষ্ণা ত্রয়োদশী।
গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহ-শতৈঃ সমা॥" ইতি

এবং,

"শনিবার সমাযুক্তা সা মহা বারুণী স্মৃতা।
গঙ্গায়াং যদি লভ্যেত কোটিসূর্য্য-গ্রহৈঃ সমা॥" ইতি।

এবং চ,

"শুভযোগ-সমাযুক্তা শনৌ শতভিষা যদি।
মহামহেতি বিখ্যাতা ত্রিকোটি-কুলঞ্চমুদ্ধরেৎ॥" ইতি।

ইহার স্নানে, চৈত্র মাস উল্লেখ করিবে।* এবং বারুণীর ও উল্লেখ করিতে হইবে।†

---

* পিতৃদৈবতে ঋক্ষে, মঘায়াং।
† বারুণেন ইতি। বারুণং শতভিষা। ‡ কুলং পুরুষং।

* প্রমাণ। পূর্ব্বোক্ত
"তিথিকৃত্যেচ কৃষ্ণাদিং॥" ইত্যাদি।

† অর্থাৎ বারুণীর উল্লেখ করিলে এইরূপ বাক্য হইবে।

প্রমাণ।

"মাসপক্ষ তিথীনাঞ্চ নিমিত্তানাঞ্চ সর্ব্বশঃ।
উল্লেখন মকুর্ব্বাণো ন তস্য ফলভাগ্ ভবেৎ॥" ইতি।

এবং হইাতে সধবাদি সকলেই স্নান করিবে।

প্রমাণ। হেমাদ্রিধৃত বচন, যথা,—

"ভোগায় ক্রিয়তে যৎতু স্নানং যাদৃচ্ছিকং নরৈঃ।
তন্নিষিদ্ধং দশম্যাদৌ নিত্য নৈমিত্তিকে নতু॥" ইতি।

আর রাত্রিতেও যদি এই যোগ হয়, তথাপি রাত্রিতেই স্নান করিবে।

প্রমাণ। ব্রহ্মাণ্ড পুরাণে, যথা,—

"দিবা রাত্রৌ চ সন্ধ্যায়াং গঙ্গায়াঞ্চ প্রসঙ্গতঃ।
স্নাত্বা-শ্বমেধজং পুণ্যং গৃহে হপ্যুদ্ধৃত তজ্জলৈঃ॥"
ইতি।

আর চৈত্র মাসের শুক্লা ত্রয়োদশীর নাম মদন ত্রয়োদশী।

প্রমাণ। ভবিষ্যে, যথা,—

যথা,—

চৈত্রে মাসি কৃষ্ণে পক্ষে ত্রয়োদশ্যাং তিথৌ মহাবারুণ্যাং।

এবং মহামহা বারুণী হইলে, "মহামহা বারুণ্যাং" এইরূপ বলিতে হইবে।
আর ইহার ফলেরও তারতম্য আছে। যথা,—

কেবল বারুণীতে, বহু শত সূর্য্য গ্রহণ কালীন গঙ্গাস্নান জন্য ফল। ১।
মহা বারুণীতে, বহু কোটি সূর্য্য গ্রহণ কালীন গঙ্গাস্নান জন্য ফল। ২।
মহামহা বারুণীতে, ত্রিকোটি কুলোদ্ধারণ রূপ ফল। ৩।

"চৈত্র শুক্ল ত্রয়োদশ্যাং মদনং দমনাত্মকং* ।
কৃত্বা সংপূজ্য বিধিবদ্ বীজয়েদ্ ব্যজনেন তু ॥" ইতি।

অথ চতুর্দ্দশী।

শুক্ল পক্ষে পূর্ণিমাযুক্ত চতুর্দ্দশী গ্রাহ্য।
প্রমাণ।

"যুগ্মাগ্নি" ইত্যাদি যুগ্মবচন।

কৃষ্ণপক্ষে ত্রয়োদশীযুক্ত চতুর্দ্দশী গ্রহণ করিবে।
প্রমাণ। নিগমে, যথা,—

"কৃষ্ণ পক্ষে হ্যষ্টমী চৈব কৃষ্ণপক্ষে চতুর্দ্দশী।
পূর্ব্ব-বিদ্ধৈব কর্ত্তব্যা পরবিদ্ধা ন কুত্রচিৎ ॥" ইতি।

বৈশাখ মাসের শুক্ল পক্ষের চতুর্দ্দশীকে নরসিংহ চতুর্দ্দশী কহে। ইহাতে সায়ংকালে ভগবান্ নৃসিংহদেব অবতীর্ণ হইয়াছিলেন।
প্রমাণ। হরিভক্তি বিলাসে, আগমে, যথা,—

"বৈশাখে শুক্ল পক্ষে তু চতুর্দ্দশ্যাং মহাতিথৌ।
সায়ং প্রহ্লাদ-ধিক্কার-মসহিষ্ণুঃ পরো হরিঃ ॥
সদ্যঃ কটকটাশব্দ-বিস্মাপিত-সভাজনঃ।
লীলয়া গর্ত্তস্তম্ভান্তা দুদ্‌ভূতঃ—॥" ইত্যাদি।

এই ব্রতের নিত্যতা আছে।
প্রমাণ। তত্রৈব, বৃহন্নারসিংহ পুরাণ, যথা,—

---

* দমনো দমনক বৃক্ষঃ।

"বর্ষে বর্ষে তু কর্ত্তব্যং মম সন্তুষ্টি কারণং ॥" ইতি।

এবং,

"বিজ্ঞায় মদ্দিনং যস্তু লঙ্ঘয়েৎস তু পাপভাক্ ॥ ইতি।

এবঞ্চ,

"বৈশাখ শুক্ল পক্ষস্য চতুর্দ্দশ্যাং সমাচরেৎ।
মজ্জন্ম-সম্ভবং পুণ্যং ব্রতং পাপ প্রণাশনং ॥" ইতি।

এই চতুর্দ্দশীতে, যদি শনি কিম্বা মঙ্গল বার হয়। এবং স্বাতী নক্ষত্র ও সিদ্ধযোগ প্রাপ্ত হয়, তবে অত্যন্ত প্রশস্ত।

প্রমাণ। তত্রৈব, যথা,—

"স্বাতী নক্ষত্র যোগে তু শনিবারে হি মদ্ব্রতং।
সিদ্ধ যোগস্য যোগে চ লভ্যতে দৈবযোগতঃ* ॥

এবং, তত্রৈব, আগমে চ,

"প্রিয়া চতুর্দ্দশী ভৌমে কর্ত্তব্যা কিল্বিষাপহা ॥" ইতি।

কিন্তু যদি ত্রয়োদশী বিদ্ধা হয়, তবে ঐ সকল যোগ থাকিলেও তাহাকে পরিত্যাগ করিবে।

প্রমাণ তত্রৈব, আগমে, যথা,—

"কাম বিদ্ধা† ন কর্ত্তব্যা স্বাতী ভৌমযুতা যদি॥" ইতি।

এবং বৈশাখ মাসের কৃষ্ণা চতুর্দ্দশীতে সাবিত্রীব্রত করিতে হয়। এই নিমিত্ত ইহাকে সাবিত্রী চতুর্দ্দশী কহে।

---

* কদাচিন্মহা ভাগ্যেনৈব লভ্যতে ইত্যর্থঃ।

† কাম স্ত্রয়োদশী তেন বিদ্ধা।

প্রমাণ। পরাশর, যথা,—

"মেষে বা বৃষভে বাপি সাবিত্রীং তাং বিনির্দ্দিশেৎ ॥"
ইতি।

এই চতুর্দ্দশী যদি উভয় দিনে প্রদোষ কাল ব্যাপিনী হয়, তবে পর দিন ব্রত কর্ত্তব্য।

প্রমাণ। জ্যোতিষে, যথা,—

"চতুর্দ্দশ্যা মমাবাস্যা যদা ভবতি নারদ।
উপোষ্যা পূজনীয়া সা চতুর্দ্দশ্যাং বিধানতঃ ॥" ইতি।

ইহার বাক্যে জ্যৈষ্ঠ মাস উল্লেখ হইবে।

প্রমাণ।

"তিথিকৃত্যে চ ॥" ইত্যাদি।

ভাদ্র মাসে কৃষ্ণা চতুর্দ্দশীকে অঘোরা চতুর্দ্দশী কহে।

প্রমাণ। ভবিষ্যোত্তরে, যথা,—

"ভাদ্র মাস্য-সিতে পক্ষে অঘোরাখ্যা চতুর্দ্দশী ॥" ইতি।

ভাদ্র মাসের শুক্লা চতুর্দ্দশীর নাম অনন্তচতুর্দ্দশী। ইহাতে অনন্তব্রত করিতে হয়।

প্রমাণ। ভবিষ্যে, যথা,—

"অনন্ত ব্রত মেতদ্ধি সর্ব্ব পাপহরং শুভং।
সর্ব্বকাম প্রদং নৃণাং স্ত্রীণাঞ্চৈব যুধিষ্ঠির।
তথা শুক্ল চতুর্দ্দশ্যাং মাসি ভাদ্র পদে ভবেৎ ॥" ইতি।

কার্ত্তিকে কৃষ্ণাচতুর্দ্দশীকে ভূত চতুর্দ্দশী কহে। ইহাতে স্নান, যমের তর্পণ, ও দীপদান করিবে।

প্রমাণ। লৈঙ্গে, যথা,—

"কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু চতুর্দ্দশ্যামিনোদয়ে।
অবশ্যমেব কর্ত্তব্যং স্নানং নরক ভীরুভিঃ॥"
"ততশ্চ তর্পণং কার্য্যং ধর্ম্মরাজস্য নামভিঃ।
নরকায়* প্রদাতব্যো দীপঃ সংপূজ্য দেবতাঃ॥" ইতি।

অগ্রহায়ণের শুক্ল চতুর্দ্দশীর নাম পাষাণ চতুর্দ্দশী।

প্রমাণ। ভবিষ্যে যথা,

"বৃশ্চিকে শুক্লপক্ষে তু যা পাষাণ চতুর্দ্দশী।
তস্যামারাধয়েদ্ গৌরীং নক্তং পাষাণ ভোজনৈঃ।"† ইতি।

মাঘমাসে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীকে রটন্তী চতুর্দ্দশী কহে।

প্রমাণ। যম, যথা,

"মাঘে মাস্য-সিতে পক্ষে রটন্ত্যাখ্যা চতুর্দ্দশী।
তস্যা মুদয় বেলায়াং‡ স্নাতো নাবেক্ষতে যমং॥" ইতি।

এই চতুর্দ্দশী যদি উভয় দিন অরুণোদয় কালে প্রাপ্তহয়, তবে পূর্ব্বদিন স্নান করিবে।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

এবং, সমুদ্রকর ভাষ্য ধৃত বচন। যথা,

"অনর্কাভ্যুদিতে কালে মাঘে কৃষ্ণ চতুর্দ্দশী।
সতার ব্যোম কালে তু তত্র স্নানং মহাফলং॥" ইতি।

* নরকায়, নরক নিবৃত্তয়ে।
† পাষাণ-ভোজনৈঃ পাষাণাকার পিষ্টক-ভোজনৈঃ।
‡ উদয় বেলায়াং-অরুণোদয় বেলায়াং।

ইহার বাক্যে মাঘমাসই উল্লিখিত হইবে।

প্রমাণ।

" তিথি কৃত্যেচ" ইত্যাদি।

ফাল্গুনমাসে কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশীর নাম শিব চতুর্দ্দশী।

প্রমাণ। কালমাধবীয় ধৃত, স্কন্দপুরাণের নাগর খণ্ডে, যথা,

"মাঘ মাসস্য শেষে যা প্রথমে ফাল্গুনস্য চ।*
কৃষ্ণা চতুর্দ্দশী সা তু শিবরাত্রিঃ প্রকীর্ত্তিতা॥" ইতি।

ইহার ব্যবস্থা।

যে দিবস প্রদোষ † ও নিশীথ উভয় ব্যাপিনী চতুর্দ্দশী হইবে, সেই দিন ব্রত কর্ত্তব্য।

প্রমাণ। স্মার্ত্ত, যথা,

"এবঞ্চ যদ্দিনে প্রদোষ নিশীথোভয় ব্যাপিনী চতুর্দ্দশী,
তদ্দিনে ব্রতং, উভয় ব্যাপ্ত্যনুরোধাৎ॥" ইতি।

আর যদি পূর্ব্বদিন নিশীথ ব্যাপিনী, ও পরদিন প্রদোষমাত্র ব্যাপিনী চতুর্দ্দশীহয়, তথাপি পূর্ব্বদিন ব্রত হইবে।

প্রমাণ। ঈশান সংহিতা, যথা,

"মাঘে কৃষ্ণ চতুর্দ্দশ্যা-মাদিদেবো মহা নিশি।
শিব লিঙ্গতয়োদ্ভূতঃ কোটি সূর্য্য সমপ্রভঃ।
তৎকালব্যাপিনী গ্রাহ্যা শিবরাত্রি ব্রতে তিথিঃ॥" ইতি।

---

* অত্র একস্যাস্তিথে র্মাঘীয়ত্ব ফাল্গুনীয়ত্বে মুখ্যগৌণ বৃত্তিভ্যাং অবিরুদ্ধে। তত্তস্ত মাঘ্যনন্তরা চতুর্দ্দশী শিবরাত্রিঃ। ইতি স্মার্ত্তঃ।

† প্রদোষ শব্দে, সূর্য্যাস্তের পর দুই ঘটিকা কাল। তথাচ। বৎস, যথা,—
"প্রদোষো হস্তময়াদূর্দ্ধং ঘটিকাদ্বয় মিষ্যতে॥" ইতি।

এবং পূর্ব্বদিন যদি নিশীথ ব্যাপিনী না হইয়া, পরদিন প্রদোষ ব্যাপিনী চতুর্দ্দশী হয়। তবে পরদিনে ব্রত কর্ত্তব্য।

প্রমাণ। হেমাদ্রিধৃত স্মৃতি, যথা,—

"প্রদোষ ব্যাপিনী গ্রাহ্যা শিবরাত্রি চতুর্দ্দশী॥" ইতি।

এবং

"শিবাঘোরা তথা প্রেতা সাবিত্রী চ চতুর্দ্দশী।
কুহুযুক্তৈব কর্ত্তব্যা কুহ্বা মেব হি পারণং॥" ইতি।

ইহার পারণ। যদি পরদিন চতুর্দ্দশী থাকে, তবে তাহার মধ্যে, আর যদি না থাকে তবে অমাবাস্যায় পারণ করিবে।

ইহার বাক্যে ফাল্গুণ মাস উল্লেখ করিতে হইবে।

প্রমাণ।

"তিথিকৃত্যেচ" ইত্যাদি।

অথ বৈষ্ণব মতে শিবরাত্রি ব্যবস্থা।

যদি চতুর্দ্দশী শুদ্ধা হয়, তবে তাহাতেই উপবাস করিবে। আর যদি ত্রয়োদশী বিদ্ধা হয়, তবে তাহাকে পরিত্যাগ করিয়া, পরদিন উপবাস করিবে।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, যথা,—

"শিবরাত্রি ব্রতে ভূতং কাম বিদ্ধং বিবর্জয়েৎ॥" ইতি।

কিন্তু ত্রয়োদশীবিদ্ধা চতুর্দ্দশী ত্যাগের বিশেষ এই। যদি পরদিন অমাবস্যাতে চতুর্দ্দশীর যোগ থাকে, তবেই পূর্ব্বদিন বিদ্ধাকে ত্যাগ করিয়া, পরদিন অমাবাস্যা যোগ যুক্ত চতুর্দ্দশীতে উপবাস করিবে।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, পরাশর, যথা,—

"মাঘাসিতং ভূতদিনং হি রাজন্ উপৈতি যোগং যদি পঞ্চদশ্যা।
জয়া প্রযুক্তাং নতু যাতু কুর্য্যাৎ শিবস্য রাত্রিং প্রিয়কৃচ্ছিবস্য॥"
ইতি।

যোগের লক্ষণ এই।

তত্রৈব লৌগাক্ষিবচন, যথা,—

"দ্বিমুহূর্ত্তো ভবেদ্‌যোগো বেধো মৌহূর্ত্তিকঃ স্মৃতঃ॥" ইতি।

চৈত্র মাসে কৃষ্ণা চতুর্দ্দশীতে যদি মঙ্গলবার হয়, তবে তাহাতে গঙ্গাস্নান ও গঙ্গাজল পান কারিলে পিশাচত্ব হয় না।

প্রমাণ। ভোজদেব ধৃত বচন, যথা,—

"চৈত্রে কৃষ্ণ চতুর্দ্দশ্যা মঙ্গারক দিনং ভবেৎ।
পিশাচত্বং পুনর্নস্যাদ্ গঙ্গায়াং স্নানভোজনাৎ"॥ ইতি।

আর চৈত্র মাসের শুক্লাচতুর্দ্দশীকে মদন চতুর্দ্দশী কহে। ইহাতেও শিবের নিকটে গঙ্গাস্নান করিলে পিশাচত্ব হয় না।

প্রমাণ। দেবল, যথা,

"চৈত্রে শুক্ল চতুর্দ্দশ্যাং যঃ স্নায়াৎ শিবসন্নিধৌ।
পিশাচত্বংন তস্য স্যাদ্ গঙ্গায়াং তু বিশেষতঃ"॥ ইতি।

অথ পূর্ণিমা।

চতুর্দ্দশীযুক্ত যে পূর্ণিমা তাহাতে দৈবাদি কর্ম্ম করিবে।

প্রমাণ। "যুগ্মাগ্নি কৃত" ইত্যাদি যুগ্মবচন।

ইহাতে স্রোতজলে স্নান করিলে, যমের পুর দর্শন হয় না।

প্রমাণ। যথা,

"পঙ্কান্তে স্রোতসি স্নায়াৎ তেন নায়াতি মৎপুরং॥" ইতি।

বৈশাখ মাসের পূর্ণিমা অতি প্রশস্তা. ইহা বরাহ কল্পের আদ্য তিথি। ইহাতে স্নান দানাদি করিলে অনন্ত ফল হয়।

প্রমাণ। হরিভক্তি বিলাসে, পদ্মপুরাণ, যথা,

"তত্রাপি পূর্ণিমা পুণ্যা মাধবী * মাধব প্রিয়া।
যেয়ং বরাহ কল্পস্য তিথিরাদ্যা মহাফলা" ॥ ইতি।

জ্যৈষ্ঠ সম্বৎসরে জ্যৈষ্ঠমাসের পূর্ণিমাতে যদি জ্যেষ্ঠা নক্ষত্র হয়, তবে তাহাকে মহাজ্যৈষ্ঠী কহে।

প্রমাণ। রাজমার্ত্তণ্ডে, যথা,

"জ্যৈষ্ঠে সম্বৎসরে † চৈব জ্যৈষ্ঠ মাসস্য পূর্ণিমা।
জ্যেষ্ঠাভেন সমাযুক্তা মহা জ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা" ॥ ইতি।

আর জ্যেষ্ঠা নক্ষত্রে, (বৃশ্চিক রাশিতে) বৃহস্পতি ও চন্দ্র, এবং রোহিণী নক্ষত্রে (বৃষরাশিতে) যদি সূর্য্য থাকেন। তবে সেই পূর্ণিমাতে, বৃহস্পতিবার যোগ হইলে, কিম্বা বৃহস্পতিবার যোগ না হইলেও, মহাজ্যৈষ্ঠী হয়।

প্রমাণ। ব্রহ্মপুরাণে, যথা,

---

* মাধবী বৈশাখী।

† জ্যৈষ্ঠ সম্বৎসরশ্চ। "জ্যেষ্ঠা মূলোপগে জীবে বর্ষংস্যাচ্ছক্রদৈবতং"। ইতি বহ্নু ধর্ম্মোত্তরো গ্রাহ্যঃ। নতু সংবৎসরাদি পঞ্চকান্তর্গত বর্ষ বিশেষঃ জ্যৈষ্ঠঃ। ইতি স্মার্ত্তভট্টাচার্য্যঃ।

"ঐন্দ্রে * গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে † রবিস্তথা।
পূর্ণিমা গুরুবারেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা" ॥ ইতি।

এবং

"ঐন্দ্রে গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে রবিস্তথা।
পূর্ণিমা জ্যৈষ্ঠ মাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা" ॥ ইতি।

অনুরাধা নক্ষত্রে, (বৃশ্চিক রাশিতে) বৃহস্পতি থাকিয়া, এই রূপ হইলেও মহাজ্যৈষ্ঠী হইবে।

প্রমাণ। তত্রৈব, যথা,

"ঐন্দ্রে মৈত্রে যদা জীব স্তৎপঞ্চদশকে রবি।
পূর্ণিমা শক্রচন্দ্রেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা ॥ ইতি।

এবং অনুরাধানক্ষত্রে, (বৃশ্চিক রাশিতে) চন্দ্র, ও বৃহস্পতি যদি থাকেন, তাহা হইলেও জ্যৈষ্ঠ মাসের পূর্ণিমাকে মহাজ্যৈষ্ঠী কহে।

প্রমাণ। ব্যাঘ্রভূতি, যথা,

"ঐন্দর্ক্ষে ত্বথবা মৈত্রে গুরুচন্দ্রৌ যদাস্থিতৌ।
পূর্ণিমা জ্যৈষ্ঠ মাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা ॥" ইতি।

এই মহাজ্যৈষ্ঠীতে পুরুষোত্তম দর্শন করিলে বিষ্ণুলোক প্রাপ্ত হয়। এবং গঙ্গাস্নানে মুক্তি হয়।

প্রমাণ। ব্রহ্মপুরাণে, যথা,

"মহাজ্যৈষ্ঠ্যাংতু যঃ পশ্যেৎ পুরুষঃ পুরুষোত্তমং।
বিষ্ণুলোকমবাপ্নোতি মোক্ষং গঙ্গাম্বুমজ্জনাৎ" ॥ ইতি।

এই পূর্ণিমাকে মন্বন্তরা কহে।

---

* ঐন্দ্রে, জ্যেষ্ঠায়াং।

† প্রাজাপত্যে, রোহিণ্যাং।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

আষাঢ় মাসের পূর্ণিমা ও মন্বন্তরা।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

ইহাতে স্নানদানাদি কর্ত্তব্য।

প্রমাণ। অযোধ্যা কাণ্ডে, যথা,

"আষাঢ়ী কার্ত্তিকী মাঘী তিথয়ঃ পুণ্য সম্ভবাঃ।
অপ্রদানবতো * যাস্তু যস্যার্য্যোহনুমতোগতঃ॥" ইতি।

শ্রাবণ মাসের পূর্ণিমাতে স্নান ও শ্রাদ্ধ কর্ত্তব্য।

প্রমাণ। বিষ্ণু ধর্ম্মোত্তরে, যথা,

"পৌর্ণমাসী তথা মাঘী শ্রাবণীচ নরোত্তম।
প্রৌষ্ঠপদ্যামতীতায়াং তথা কৃষ্ণা ত্রয়োদশী॥
এতাংস্তু শ্রাদ্ধ কালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিঃ"॥ ইতি।

ইহার ব্যবস্থা এই।

যেদিনে সঙ্গবকালে পূর্ণিমার লাভ হইবে। সেই দিনে শ্রাদ্ধ করিবে।

প্রমাণ। বায়ু পুরাণে, যথা,

"শুক্লপক্ষস্য পূর্ব্বাহ্লে শ্রাদ্ধং কুর্য্যাদ্বিচক্ষণঃ॥ ইতি।

যদি উভয় দিনে সঙ্গবকালে পূর্ণিমার লাভ হয়। তবে পর দিনে শ্রাদ্ধ করিবে।

প্রমাণ।

"শুক্লপক্ষে তিথি গ্রাহ্যা যস্যা মভ্যুদিতোরবিঃ"। ইতি।

আশ্বিন মাসের পূর্ণিমাকে কোজাগর পূর্ণিমা কহে। ইহাতে প্রদোষকালে লক্ষ্মীপূজা করিতে হয়।

প্রমাণ। লিঙ্গপুরাণে, যথা,

* অপ্রদানবতো দানরহিতস্য।

"কৌমুদ্যাং পূজয়েল্লক্ষ্মীং" ॥ ইত্যাদি।

ইহার ব্যবস্থা। যেদিবস প্রদোষ ও নিশীথ উভয় ব্যাপিনী পূর্ণিমা হইবে। সেই দিন কোজাগর কৃত্য করিবে।

প্রমাণ। স্মার্ত্ত, যথা,—

"যদ্দিনে প্রদোষনিশীথোভয় ব্যাপিনী পৌর্ণমাসী, তদ্দিনে কোজাগর কৃত্যং। উভয়ব্যাপ্ত্যনুরোধাৎ"। ইতি।

আর যখন পূর্ব্বদিন নিশীথ ব্যাপিনী, ও পরদিনে প্রদোষ ব্যাপিনী না হয়। তখন পূর্ব্বদিনেই কর্ত্তব্য।

প্রমাণ। স্মার্ত্ত, যথা,—

"যদাতু পূর্ব্বদিনে নিশীথব্যাপ্তিঃ পরদিনে ন প্রদোষ ব্যাপ্তিস্তদা স্তুতরাং পূর্ব্বেদ্যুস্তৎ কৃত্যং"। ইতি।

কার্ত্তিক মাসের পূর্ণিমা মন্বন্তরা। ইহাতে স্নানদানাদি কর্ত্তব্য।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

আর পৌষী পূর্ণিমার পর মাঘী পূর্ণিমা পর্য্যন্ত মূলক ভোজন নিষিদ্ধ।

প্রমাণ। স্কন্দ পুরাণে, যথা,—

পৌষ্যাংতু সমতীতায়াং যাবদ্ভবতি পূর্ণিমা"।—
"বরং ভোজ্য মভক্ষ্যংতু পিবেদ্বা গর্হিতংচ যৎ।
বর্জনীয়ং প্রযত্নেন মূলকং মদিরা সমং" ॥ ইতি।

মাঘমাসের পূর্ণিমা যুগাদ্যা।

প্রমাণ। ব্রহ্মপুরাণে, যথা,—

"মাঘেতু পৌর্ণমাস্যাংবৈ ঘোরং কলিযুগংস্মৃতং" ॥ ইতি।

ইহাতে শ্রাদ্ধ ও দানাদি কর্ত্তব্য।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

ফাল্গুন মাসের পূর্ণিমা ও মন্বন্তরা।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

এই ফাল্গুনী পূর্ণিমাতে, ভগবানের দোলযাত্রা উৎসব করিবে।

প্রমাণ। স্কন্দপুরাণে, যথা,—

"ফাল্গুণ্যাং ক্রীড়নং কুর্য্যাদ্ দোলায়াং মম ভূমিপ" ॥ ইতি

অথ অমাবস্যা

অমাবাস্যা, পূর্ণিমা, দ্বাদশী, ও সংক্রান্তি, এবং শ্রাদ্ধ দিবস সায়ং সন্ধ্যা করিতে নিষিদ্ধ।

প্রমাণ। ব্যাস যথা,—

"সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সায়ং সন্ধ্যা ন কুর্ব্বীত কৃতে চ পিতৃহা ভবেৎ" ॥ ইতি।

সোমবারে যদি সিনীবালী; কিম্বা কুহূ হয়। তবে তাহাতে স্নান করিলে সহস্রগাভি দানের সমান ফল লাভ হয়।

প্রমাণ। ব্যাস, যথা,—

"সিনীবালী * কুহূর্ব্বাপি যদি সোম দিনে ভবেৎ।
গোসহস্রফলং দদ্যাৎ স্নানং যন্মৌনিনা † কৃতং" ॥ ইতি।

ভাদ্র মাসের অমাবস্যাকে মহালয়া কহে। ইহাতে শ্রাদ্ধ ও ষোড়শ পিণ্ডদান কর্ত্তব্য।

প্রমাণ। সম্বৎসর প্রদীপে, যথা,—

---

* চতুর্দ্দশীযুক্তা অমাবাস্যা।

† এতচ্চ মৌনং অরুণোদয়মারভ্য স্নান পর্য্যন্তং। নতু স্নানকাল মাত্রে।

"অমাবস্যাংতু কন্যার্কে তীর্থ প্রাপ্তৌ তথা নৃপ।
কৃত্বা শ্রাদ্ধং বিধানেন দদ্যাৎ ষোড়শ পিণ্ডকং" ॥ ইতি।

ইহার বাক্যে আশ্বিন মাস উল্লেখ করিবে।

প্রমাণ। "তিথি কৃত্যেচ" ইত্যাদি।

আশ্বিন মাসের অমাবস্যাকে দীপান্বিতা কহে। ইহাতে পার্ব্বণ শ্রাদ্ধ করিবে।

প্রমাণ। ভবিষ্যে, যথা,—

"যেয়ং দীপান্বিতা রাজন্ খ্যাতা পঞ্চদশী ভুবি।
তস্যাং দদ্যান্নচেদ্দত্তং পিতৄণাং বৈ মহালয়ে ॥ ইতি।

এবং প্রদোষ সময়ে লক্ষ্মী পূজা কর্ত্তব্য।

প্রমাণ। ব্রহ্মপুরাণ, যথা,—

"প্রদোষ সময়ে লক্ষ্মীং পূজয়িত্বা যথাক্রমং।
দীপবৃক্ষা স্তথা কার্য্যা ভক্ত্যা দেব গৃহেষ্বপি" ॥ ইতি ॥

পূর্ব্বদিন যদি শ্রাদ্ধ করিবার উপযুক্ত কালে অমাবস্যা না পায়, তবে পূর্ব্ব দিন শ্রাদ্ধ করিবে না। কেবল উল্কা গ্রহণ করিবে। আর উভয় দিনে যদি প্রাপ্ত হয়, তবে পরদিনেই কর্ত্তব্য।

প্রমাণ। "যুগ্মাগ্নি" ইত্যাদি যুগ্মবচন।

আর পূর্ব্বদিন প্রদোষকালে প্রাপ্ত হইয়া পরদিন রাত্রি একদণ্ড পর্য্যন্ত যদি থাকে, তাহা হইলেও পরদিন কর্ত্তব্য।

প্রমাণ। জ্যোতির্বচন, যথা,—

"দণ্ডৈকো রজনীযোগে দর্শস্য স্যাৎ পরেঽহনি।
তদা বিহায় পূর্ব্বেদ্যুঃ পরেঽহ্নি সুখরাত্রিকা।" ইতি।

ইহার বাক্যে কার্ত্তিক মাস উল্লেখ করিতে হইবে।

প্রমাণ। "তিথিকৃত্যেচ" ইত্যাদি।

পৌষ কিম্বা মাঘ মাসের অমাবস্যাতে যদি রবিবার ব্যতীপাতযোগ, ও শ্রবণানক্ষত্র প্রাপ্ত হয়, তবে তাহাকে অর্দ্ধোদয় যোগ কহে। ইহাতে স্নান করিলে কোটি সূর্য্যগ্রহণকালে স্নানে যে ফল, সেই ফললাভ হয়।

প্রমাণ। পাশ্চাত্যনির্ণয়ামৃতে, যথা,—

অমার্কপাত শ্রবণৈর্যুক্তাচেৎ পৌষমাঘয়োঃ।

অর্দ্ধোদয়ঃ স বিজ্ঞেয়ঃ কোটি সূর্য্যগ্রহৈঃ সমঃ॥" ইতি॥ *

এই যোগ যদি পৌষ মাসের অমাবস্যাতে হয়, তবে মাঘ মাস উল্লেখ করিবে। আর মাঘ মাসের অমাবস্যাতে হইলে ফাল্গুণ মাস উল্লেখ করিতে হইবে।

প্রমাণ। "তিথিকৃত্যেচ ইত্যাদি।

এবং ফাল্গুণ মাসের অমাবস্যা মন্বাদি।

প্রমাণ। পূর্ব্বে উক্ত হইয়াছে।

অথ শ্রাদ্ধকৃত্য।

অমাবস্যা, অষ্টকা অর্থাৎ পৌষাদি মাসত্রয়ের কৃষ্ণাষ্টমী, মঘা, আশ্বিন ফাল্গুণ ও জ্যৈষ্ঠ মাসের কৃষ্ণ পক্ষ, আষাঢ়ীয় পঞ্চম পক্ষ, মাঘী পূর্ণিমা, শ্রাবণী পূর্ণিমা শ্রাদ্ধের নিত্যকাল।

প্রমাণ। যথা,—মার্কণ্ডেয়পুরাণে —

"কার্য্যংশ্রাদ্ধ মামাবাস্যং মাসি মাস্যুড়ুপক্ষয়ে॥ ইতি।

এবং শাতাতপ—

নবোদকে নবান্নেচ গ্রহ-প্রচ্ছাদনে তথা।

পিতরঃস্পৃহয়ন্ত্যন্ন-মষ্টকাসু মঘাসুচ॥ ইতি।

এবং নাগর মণ্ডে—

* অত্র, সূর্য্যপর্ব্বশতাধিকঃ" ইতি কৃত্যচিন্তামনৌ পাঠঃ। ইতি স্মার্ত্তঃ।

আষাঢ্যাঃ পঞ্চমে পক্ষে কন্যাসংস্থেদিবাকরে ॥ ইতি।

এবং মৎস্য পুরাণে—

কন্যাকুম্ভবৃষস্থেহর্কে কৃষ্ণ পক্ষেচ সর্ব্বদা,

এবং বিষ্ণুধর্ম্মোত্তরে—

পৌর্ণমাসী তথা মাঘী শ্রাবণীচ নরোত্তম,

প্রৌষ্টপদ্যামতীতায়াং তথা কৃষ্ণা ত্রয়োদশী ॥" ইতিচ

এই সকল বচন পরম্পরায় পূর্ব্বোক্ত শ্রাদ্ধকালের নিত্যত্ব প্রতিপাদিত হইয়াছে এবং নবোদক, নবান্ন ও গ্রহণশ্রাদ্ধেরও নিত্যত্ব দর্শিত হইয়াছে। পরে সিদ্ধান্ত ও লিখিত হইয়াছে।

যথা—বিষ্ণুধর্ম্মোত্তরে—

"এতাংস্তু শ্রাদ্ধকালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিঃ"

মলমাসে অমাবস্যা শ্রাদ্ধ করিবে না।

প্রমাণ। যথা,—কুথুমি—

সম্বৎসরাতিরেকো বৈ মাসো যঃ স্যাৎ ত্রয়োদশঃ।

তস্মিংস্ত্রয়োদশে শ্রাদ্ধং নকুর্য্যাদিন্দুসংক্ষয়ে ॥"ইতি ॥

এবং স্মৃতিরত্নাকরে—

"একরাশি-স্থিতে সূর্য্যে যদি দর্শদ্বয়ং ভবেৎ।

দর্শশ্রাদ্ধং তদাদৌ স্যান্ন পরত্র মলিম্লুচে ॥"ইতি ॥

এবং লঘুহারীত—

"সপিণ্ডীকরণা দূর্দ্ধং যৎকিঞ্চিৎ শ্রাদ্ধিকংভবেৎ।

ইষ্টন্বাপ্যথবা পূর্ত্তং তন্ন কুর্য্যাৎ মলিম্লুচে ॥"ইতিচ।

প্রতিমাসে পার্ব্বণ শ্রাদ্ধে অশক্ত ব্যক্তি কন্যারাশিস্থ সূর্য্যে কৃষ্ণপক্ষে শ্রাদ্ধ করিলেই, পিতৃকুল পরিতৃপ্ত হইবে।

প্রমাণ যথা—কাষ্ণাজিনি—

"নভস্যস্যাপরে পক্ষে শ্রাদ্ধং কুর্য্যা দ্দিনেদিনে।
নৈব নন্দাদিবর্জ্জ্যংস্যাৎ নৈব বর্জ্জ্যা চতুর্দ্দশী॥"ইতি।

এবং বিষ্ণুধর্ম্মোত্তরে—

"উত্তরাদয়নাৎ শ্রাদ্ধে শ্রেষ্ঠংস্যাৎ দক্ষিণায়নম্।
চাতুর্ম্মাস্যঞ্চ তত্রাপি প্রসুপ্তে কেশবে হিতম্॥"

এবং নাগরখণ্ডে—

"আষাঢ্যাঃপঞ্চমে পক্ষে কন্যা সংস্থে দিবাকরে।
যো বৈ শ্রাদ্ধং নরঃ কুর্য্যাদেকস্মিন্নপি বাসরে।
তস্য সম্বৎসরং যাবৎ তৃপ্তাঃ স্যুঃ পিতরো ধ্রুবং॥" ইতি

অমাবস্যাতিরিক্ত তিথিবিহিত প্রথমাষ্টকাদি শ্রাদ্ধ সাগ্নিক ব্রাহ্মণেরা করিতে পারেন ইত্যাদি বিধিসত্ত্বেও নিম্নলিখিত বচন দ্বারা নিষিদ্ধ হইতেছে। যথা,—মনু—

"ন দর্শেন বিনা শ্রাদ্ধ মাহিতাগ্নে র্দ্বিজন্মনঃ" ইতি

অমাবস্যায়ও পর্ব্বেতে যে শ্রাদ্ধ করা হয় তাহারই নাম পার্ব্বণ শ্রাদ্ধ।
প্রমাণ যথা—ভবিষ্যপুরাণে

"অমাবস্যাং যৎক্রিয়তে তৎপার্ব্বণমুদাহৃতং।
ক্রিয়তেবা পর্ব্বণি যৎতৎ পার্ব্বণমিতি স্মৃতিঃ॥" ইতি।

হরিশয়নে, নন্দায়, কৃষ্ণপক্ষে ও কার্ত্তিক মাসে নবান্ন শ্রাদ্ধ নিষিদ্ধ।
প্রমাণ জ্যোতির্বচন যথা—

"নবান্নং নৈব নন্দায়াং* নচ সুপ্তে জনার্দ্দনে।
ন কৃষ্ণপক্ষে ধনুষি তুলায়াং নৈব কারয়েৎ॥"ইতি।

* প্রতিপৎ ষষ্ঠী একাদশী এই তিনটিকে নন্দা কহে।

তন্মধ্যে আশ্বিনমাসের শুক্লপক্ষে হইতে পারে।

প্রমাণ, যথা ব্রহ্মপুরাণে আশ্বিনাধিকারে

"শুক্লপক্ষেনবংধান্যং পক্কং জ্ঞাত্বা সুশোভনং।
গচ্ছেৎ ক্ষেত্রী বিধানেন গীত-বাদ্য-পুরসরঃ॥"

অনন্তর লিখিয়াছেন।

"তেন দেবান্ পিতৃংশ্চৈব তর্পয়েদর্চয়েত্তথা॥" ইতিচ।

অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষেও হইতে পারে।

প্রমাণ বরাহ বচন যথা—

"বৃশ্চিকে শুক্লপক্ষেতু নবান্নং শস্যতে বুধৈঃ॥" ইতি

ইহারও প্রথম তিন দিবস ও শেষ ছয় দিবস, ত্রয়োদশী, পঞ্চম তারাত্রয়, জন্মতিথি নক্ষত্র-চন্দ্র, প্রতিপৎ, ষষ্ঠী, একাদশী, শনিবার, মঙ্গলবার, শুক্রবার, পৌষমাস, চৈত্র মাস, কার্ত্তিক মাস, পূর্ব্বভাদ্রপদ, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বফল্গুনী মঘা ভরণী অশ্লেষা আর্দ্রা নক্ষত্র, হরিশয়ন, কৃষ্ণপক্ষ নবান্ন শ্রাদ্ধাদিতে নিষিদ্ধ।

প্রমাণ যথা—জ্যোতিষে

"সূর্য্যেচৈব বিশাখগে স্মরতিথৌ পাপে ত্রিজন্মান্বিতে,
নন্দা-মন্দ-মহীজকাব্য-দিবসে পৌষে মধৌকার্ত্তিকে।
ভেষ্‌গ্রাহিশিবেষু বিষ্ণুশয়নে কৃষ্ণে শশিন্যষ্টমে,
শ্রাদ্ধং ভোজনকং নবান্ন-বিহিতং পুত্রার্থনাশপ্রদং॥"

এই সকল ভিন্ন শুভদিনে নবান্ন শ্রাদ্ধ কর্ত্তব্য।

পূর্ব্বোক্ত শ্রাদ্ধাদি নিষ্পিতৃকের কর্ত্তব্য, জীবৎ পিতৃকেরা পিত্রাদি কর্ত্তব্য, পিতামহ ও প্রমাতামহাদির উদ্দেশে পিণ্ডাদি দান করিবে।

শ্রাদ্ধকর্ত্তা শ্রাদ্ধ করিয়া সে দিবস দ্যূতক্রীড়া, কলহ, সায়ংসন্ধ্যা দিবাশয়ন পুনর্ভোজন করিবেনা॥

প্রমাণ স্মৃতি, যথা—

"দ্যূতঞ্চ কলহঞ্চৈব সায়ংসন্ধ্যাং দিবাশয়ং।
শ্রাদ্ধকর্ত্তাচ ভোক্তাচ পুনর্ভুক্তঞ্চ বর্জয়েৎ॥"

এবং রাজমার্ত্তণ্ডে, যথা—

পুনর্ভোজন মধ্বানংত্ব্যতাধ্যয়ন মৈথুনং।
দানং প্রতিগ্রহংসন্ধ্যাং শ্রাদ্ধং কৃত্বাষ্টবর্জ্জয়েৎ॥"

শুক্লপক্ষীয় শ্রাদ্ধ পূর্ব্বাহ্নে, কৃষ্ণপক্ষীয় শ্রাদ্ধ অপরাহ্লে এবং একোদ্দিষ্ট শ্রাদ্ধ মধ্যাহ্লে কর্ত্তব্য।

প্রমাণ, ব্রহ্মপুরাণে যথা—

"পূর্ব্বাহ্নে মাতৃকং শ্রাদ্ধমপরাহ্নেতু পৈত্রিকং।
একোদ্দিষ্টন্তু মধ্যাহ্নে প্রাত-র্বৃদ্ধি-নিমিত্তকং॥
শুক্লপক্ষস্যতু পূর্ব্বাহ্নে শ্রাদ্ধং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
কৃষ্ণ-পক্ষা পরাহ্লেতু রৌহিণন্তু * ন লঙ্ঘয়েৎ॥"
ইতি।

মাতৃক শ্রাদ্ধ শব্দের অর্থ অম্বষ্টকা শ্রাদ্ধ অর্থাৎ মাতা, মাতামহী ও প্রমাতামহীর শ্রাদ্ধ।

প্রমাণ, যথা শঙ্খ—

"পিত্রাদি ত্রিক পত্নীষু ভোজ্যা মাতৃঃ প্রতি দ্বিজাঃ।
স্ত্রীণামেবতু তদ্যস্মান্মাতৃশ্রাদ্ধ মিহোচ্যতে॥"

ঐ মাতৃক শ্রাদ্ধ অর্থাৎ অম্বষ্টকাশ্রাদ্ধ শুক্লপক্ষীয় পার্ব্বণেই কর্ত্তব্য প্রমাণ পূর্ব্বেই উক্ত হইয়াছে।

রাত্রিতে শ্রাদ্ধ করা উচিত নয়

---

* নবমাংশ অর্থাৎ সপ্তদশ এবং অষ্টাদশ দণ্ড।

প্রমাণ, মনু যথা—

"রাত্রৌ শ্রাদ্ধং নকুর্ব্বীত রাক্ষসী কীর্ত্তিতা হি সা॥"

উভয় সন্ধ্যা ও সূর্য্যোদয়ের পরক্ষণেই শ্রাদ্ধ কর্ত্তব্য নহে।

প্রমাণ, যথা মনু—

"সন্ধ্যয়োরুভয়োশ্চৈব সূর্য্যেচৈবাচিরোদিতে॥"

ইতি।

অতএব কৃষ্ণ পক্ষীয় পার্ব্বণ শ্রাদ্ধ ও সপিণ্ডীকরণাদি অপরাহ্ণিক শ্রাদ্ধে কুতপাদি পাঁচ মুহূর্ত্ত, রৌহিণাদি চারি মুহূর্ত্ত ও দশমাদি মুহূর্ত্ত ত্রয় যথাক্রমে প্রশস্ত, প্রশস্তর ও প্রশস্ততম হয়।

দিবস পঞ্চদশ ভাগে বিভক্ত করিলে তাহার অষ্টমাংশের নাম কুতপ।

প্রমাণ, যথা—মৎসপুরাণে।

অহ্নোমুহূর্ত্তা বিখ্যাতা দশ পঞ্চচ সর্ব্বদা।
তত্রাষ্টমো মুহূর্ত্তো যঃসকালঃ কুতপঃস্মৃত॥ ইতি।

অতএব পূর্ব্বোক্ত স্থলে কুতপাদি পঞ্চ মুহূর্ত্তশব্দে পঞ্চদশ দণ্ড হইতে চতুর্ব্বিংশতি দণ্ড পর্য্যন্ত পাঁচ মুহূর্ত্ত অর্থাৎ দশ দণ্ড।

যদি তিথি বিশেষ বিহিত শ্রাদ্ধের দুই দিবস প্রশস্ত কালে উক্ত তিথির যোগ হয় তাহা হইলে পূর্ব্বাহ্ণকৃত্য পরদিনে ও অপরাহ্ণ কৃত্য পূর্ব্বদিনে কর্ত্তব্য। প্রমাণ, যথা—

"যয়াস্তং সবিতা যাতি পিতরস্তামুপাসতে"। ইত্যাদি।

আর উভয় দিনেই যদি মুখ্যকাল না পায় তাহা হইলে শুক্লপক্ষ ও কৃষ্ণ পক্ষের যথানিয়মে ব্যবস্থা করিতে হইবে।

রৌহিণ অর্থাৎ নবম মুহূর্ত্ত পূর্ব্বাহ্ণ বিহিতের শেষাবধি ও অপরাহ্ণ বিহিতের পূর্ব্বাবধি।

দিবসের অষ্টম মুহূর্ত্তের প্রারম্ভে একোদ্দিষ্ট শ্রাদ্ধ আরম্ভ করিয়া রৌহিণ পর্য্যন্ত করিবে।

প্রমাণ, ভোজদেবোদ্ধৃত গোতম বচন—

"আরভ্য কুতপে শ্রাদ্ধং কুর্য্যাদারৌহিণং বুধঃ।
বিধিজ্ঞো বিধিমাস্থায় রৌহিণন্তু ন লঙ্ঘয়েৎ" ॥ ইতি।

গ্রহণাদি শ্রাদ্ধে রাত্রির নিষেধ নাই।

প্রমাণ যম বচন যথা—

"স্নানংদানং তপঃ শ্রাদ্ধ মনন্তং রাহুদর্শনে।
আসুরী রাত্রি রন্যত্র তস্মাৎ তাংপরিবর্জ্জয়েৎ" ॥ ইতি।

এবং দেবল বচন

"রাহুদর্শন সংক্রান্তি বিবাহাত্যয়-বৃদ্ধিষু।
স্নানদানাদিকং কুর্য্যুর্নিশি কাম্য ব্রতেষুচ" ॥ ইতি।

যদি পূর্ব্বদিন তৃতীয় প্রহর 'পর্য্যন্ত চতুর্দ্দশী থাকে এবং পরে অমাবস্যা হয় ও ঐ অমাবস্যা পরদিন তৃতীয় প্রহর পর্য্যন্ত থাকে তাহা হইলে অমাবস্যা শ্রাদ্ধ পরদিনে না হইয়া পূর্ব্বদিনেই হইবে।

প্রমাণ, ছন্দোগ পরিশিষ্টে কাত্যায়ন, যথা—

"যদা চতুর্দ্দশী যামং তুরীয়মনুপূরয়েৎ।
অমাবস্যা ক্ষীয়মাণা তদৈব শ্রাদ্ধ মিষ্যতে" ॥ ইতি।

জ্যোতির্ব্বিদ্ পণ্ডিতগণ অগ্রহায়ণ ও জ্যৈষ্ঠ মাসের অমাবস্যায় বিপরীত নিয়ম করেন।

যথা—

"অত্রেন্দুরাদ্যে প্রহরেঽবতিষ্ঠতে, চতুর্থভাগোন কলাবশিষ্টঃ।
তদন্ত এবক্ষয়মেতি কৃৎস্নং এবং জ্যোতিশ্চক্রবিদো বদন্তি ॥"

অর্থাৎ তাঁহারা বলেন যে যদি জ্যৈষ্ঠ এবং অগ্রহায়ণ মাসে পূর্ব্বের ন্যায় চতুর্দ্দশী ও অমাবস্যার যোগ হয় তাহা হইলে পরদিনে হইবেক ॥

মলমাস যুক্ত বৎসরে পূর্ব্বদিনে কর্ত্তব্য।

প্রমাণ কাত্যায়ণ, যথা—

"যস্মিন্নব্দে দ্বাদশৈকশ্চ যব্য*স্তস্মিংস্তৃতীয়য়া পরিদৃশ্যো নোপ জায়েত" ॥ ইতি।

যদি উভয় দিনেই অপরাহ্নে অমাবস্যা না পায় তাহা হইলে সাগ্নিকেরা চতুর্দ্দশীযুক্ত অমাবস্যায় নিরগ্নিকেরা প্রতিপদ্‌যুক্ত অমাবস্যায় শ্রাদ্ধ করিবে। প্রমাণ, কাল মাধবীয়ে জাবালি, যথা—

"অপরাহ্ন-দ্বয়াব্যাপী যদি দর্শস্তিথি ক্ষয়ে।
আহিতাগ্নেঃ সিনীবালী-নিরগ্ন্যাদেঃ কুহূর্মতা" ॥ ইতি

যদি পূর্ব্বদিন ছয় দণ্ড ও পর দিন চতুর্ব্বিংশ দণ্ড অমাবস্যা পায় তাহা হইলে ঋগ্বেদীরা পূর্ব্বদিন যজুর্ব্বেদীরা পরদিন করিবে, কিন্তু সামবেদীরা উভয় দিনেই করিতে পারে।
প্রমাণ, লঘুহারীত, যথা,—

"ত্রিমুহূর্ত্তাপি কর্ত্তব্যা পূর্ব্বাদর্শাচ বহ্বৃচৈঃ।
কুহূরধ্বর্য্যুভিঃকার্য্যা যথেষ্টং সামগীতিভিঃ" ॥ ইতি।

উভয় দিন মুখ্যাপরাহ্ন কাল লাভেও পূর্ব্বোক্ত ব্যবস্থা ॥

পূর্ব্বদিন দ্বাবিংশতি দণ্ডের পর অমাবস্যা হইলে এবং পরদিন চতুর্ব্বিংশতি দণ্ড পর্য্যন্ত ঐ অমাবস্যা থাকিলে পরদিন শ্রাদ্ধ করিবে।
প্রমাণ, লঘুহারীত যথা,—

"বর্দ্ধমানা মমাবস্যাং লক্ষয়েদপরে হহনি।
যামাং স্ত্রীনধিকোবাপি পিতৃযজ্ঞস্ততোভবেৎ" ॥ ইতি।

একোদ্দিষ্ট শ্রাদ্ধ অষ্টম মুহূর্ত্তে আরম্ভ করিয়া নবম মুহূর্ত্তে শেষ করিতে হয়, ইহা পূর্ব্বেই লিখিত হইয়াছে। যদি উভয় দিবসেই ঐ অষ্টম এবং নবম

---

* যব্যোমাস।

মুহূর্ত্তে বিহিত তিথির লাভ হয় তাহা হইলে পূর্ব্বোক্ত বিধানে শুক্ল ও কৃষ্ণ পক্ষানুসারে শ্রাদ্ধ করিতে হইবে।

প্রমাণ,

"শুক্লপক্ষে তিথির্গ্রাহ্যেত্যাদি"।

যদি পূর্ব্বদিনে রৌহিণ ও কুতপ এই উভয় মুহূর্ত্তেই তিথি পায় এবং পরদিনে কুতপ মাত্রে পায় তাহা হইলে শুক্লপক্ষেও পূর্ব্বদিনে শ্রাদ্ধ কর্ত্তব্য।
প্রমাণ, যথা—

"আরভ্য কুতপে শ্রাদ্ধ মিত্যাদি"।

ঐ রূপ যদি পূর্ব্বদিন রৌহিণ মাত্রে এবং পরদিন কুতপমাত্রে তিথি প্রাপ্ত হয় তাহা হইলে কৃষ্ণপক্ষেও পরদিনে, উভয়দিন অষ্টম মুহূর্ত্তে তিথির লাভ না হইলে শুক্লপক্ষেও পূর্ব্বদিনে, আর পূর্ব্বদিন রৌহিণ না পাইয়া পরদিন সপ্তম মুহূর্ত্ত পর্য্যন্ত থাকিলে কৃষ্ণপক্ষেও পরদিবসেই শ্রাদ্ধ কর্ত্তব্য।

ভ্রাতৃগণ বিভক্ত হইলেও সপিণ্ডীকরণাদি পৃথক করিবে না।
প্রমাণ, লঘুহারীত যথা—

"পৃথক্ নৈব সুতাঃ কুর্য্যুঃ পৃথক্ দ্রব্যা অপি কচিৎ।"

জ্যেষ্ঠভ্রাতা অবিভক্ত পিতৃধন দ্বারা ভ্রাতৃগণের মত গ্রহণানন্তর শ্রাদ্ধ করিলেই সকলের সম ফল প্রাপ্তি হইবে।
প্রমাণ, মরীচি যথা—

"সর্ব্বেষান্তু মতং কৃত্বা জ্যেষ্ঠেনৈবতু যৎকৃতম্।
দ্রব্যেণ চাবিভক্তেন সর্ব্বৈরেব কৃতংভবেৎ॥"

সামান্যতঃ মলমাসে শ্রাদ্ধ নিষিদ্ধ হইলেও বিশিষ্টবচন দ্বারা আদ্য শ্রাদ্ধাদি কতক গুলির বিধি দর্শিত হইতেছে।
প্রমাণ, যথা, ব্যাস—

"জাত কর্ম্মান্ত কর্ম্মানি নবশ্রাদ্ধং তথৈবচ।
মঘাত্রয়োদশী শ্রাদ্ধং শ্রাদ্ধান্যপিচ ষোড়শ।

চন্দ্র-সূর্য্য-গ্রহে স্নানং শ্রাদ্ধং দানং তথাজপঃ।
কার্য্যানি মল মাসেঽপি নিত্য নৈমিত্তিকং তথা॥"
ইতি।

প্রেত পক্ষ অথবা অমাবস্যায় মৃত ব্যক্তির সাম্বৎসরিক শ্রাদ্ধ তৎপুত্র কর্ত্তৃক পার্ব্বণ বিধানে কর্ত্তব্য।

প্রমাণ, শঙ্খ যথা—

"অমাবস্যাং-ক্ষয়ো যস্য প্রেত পক্ষেঽথবাপুনঃ।
সপিণ্ডী করণা দূর্দ্ধং তস্যোক্তঃ পার্ব্বণোবিধিঃ॥"
ইতি॥

যদি মৃতাহ অবিদিত থাকায় কিম্বা অন্য কোন বিঘ্ন বশতঃ সপিণ্ডীকরণ ও সাম্বৎসরিক শ্রাদ্ধ না করা হয় তাহা হইলে কৃষ্ণপক্ষীয় একাদশীতে ঐ কর্ম্ম করিবে আর যদি অন্য অশৌচ পূর্ব্বোক্ত শ্রাদ্ধের বিঘ্নকারী হয় তাহা হইলে অশৌচান্তে করিবে।

প্রমাণ, রাজমার্ত্তণ্ড যথা—

"শ্রাদ্ধ বিঘ্নে সমুৎপন্নে মৃতাহে ঽবিদিতেঽথবা।*
† একাদশ্যাং প্রকুর্ব্বীত কৃষ্ণপক্ষে বিশেষতঃ ¶॥
ইতি।
দেয়ে পিতৃণাং শ্রাদ্ধেতু অশৌচং জায়তেযদি।
তদশৌচ ব্যতীতেতু তেষাং শ্রাদ্ধং বিধীয়তে॥" ইতি।

আর যদি বিদেশস্থিত ব্যক্তির মৃত মাস জ্ঞাত থাকে এবং তত্তিথি অজ্ঞাত থাকে, তাহা হইলে ঐ মাসের অমাবস্যায় শ্রাদ্ধ কর্ত্তব্য।

---

* মৃতাহা বিদিতে ঽথবা ইত্যত্র অন্তরামৃত সূচকে ইতি পাঠান্তরঃ।
† একাদশ্যা মিত্যত্র অমাবস্যামিতি।
¶ কৃষ্ণপক্ষেবিশেষতঃ ইত্যত্র বহবোকে মনীষিণ। ইতি।

প্রমাণ, যথা বৃহস্পতি—

"ন জ্ঞায়তে মৃতাহশ্চেৎ প্রোষিতে সংস্থিতে সতি।
মাসশ্চেৎ প্রতিবিজ্ঞাত স্তদ্দর্শে স্যাম্মৃতাহনি॥"
ইতি।

যদি মাস জানা না থাকে কিন্তু তিথি জানা থাকে তাহা হইলে অগ্রহায়ণ ভাদ্র অথবা মাঘ মাসের ঐ তিথিতে কর্ম্ম করিবে।

প্রমাণ। বৃহস্পতি যথা—

"যদি মাসো ন বিজ্ঞাতো বিজ্ঞাতং দিনমেবচ।
তদা মার্গশিরে * মাসি মাঘে বা তদ্দিনং ভবেৎ॥" ইতি

যদি মাস এবং তিথি উভয়ই না জানা থাকে তাহাহইলে ঐ ব্যক্তির প্রস্থান মাসের তদ্দিনে শ্রাদ্ধ কর্ত্তব্য।

প্রমাণ। বৃহস্পতি যথা—

"দিন মাসৌ ন বিজ্ঞাতৌ মরণস্য যদা পুনঃ।
প্রস্থান-দিন-মাসৌতু গ্রাহ্যৌ পূর্ব্বোক্তয়া দিশা॥" ইতি।

আর যদি প্রস্থানের দিন মাস উভয়ই স্মরণ না থাকে অথবা কোন মাসের কোন দিবস মরিয়াছে ইহাও শ্রবণ গোচর না হয় তাহা হইলে মাঘ কিম্বা অগ্রহায়ণের অমাবস্যায় শ্রাদ্ধ করিবে।

প্রমাণ। যথা প্রভাসখণ্ডে—

"মৃতস্যাহো ন জানাতি মাসঞ্চাপি কথঞ্চন।
তেন কার্য্যমমাবস্যাং শ্রাদ্ধং মাঘেঽপি মার্গকে॥"

সপিণ্ডীকরণ পর্য্যন্ত মৃতের প্রেতত্ব থাকে, তজ্জন্য সম্বৎসর প্রেতক্রিয়া করিতে হয়।

---

*পুস্তকান্তরে মার্গশির ইত্যত্র আষাঢ়কইতি পাঠান্তরঃ।

প্রমাণ। শাতাতপ যথা—

"সপিণ্ডীকরণান্তা তু জ্ঞেয়া প্রেতক্রিয়া বুধৈঃ॥" ইতি।

"কৃতে সপিণ্ডীকরণে নরং সম্বৎসরাৎ পরং।
প্রেত-দেহং পরিত্যজ্য ভোগ-দেহং প্রপদ্যতে॥"

এই বিষ্ণুধর্ম্মোত্তর-বচনে মৃতের প্রেতত্ব সম্বৎসরকালস্থায়ী হইলেও পূর্ব্বোক্ত বচন এবং বক্ষ্যমাণ বচন দ্বারা উহার সপিণ্ডীকরণান্তত্ব প্রতিপন্ন হইল।

প্রমাণ। শাতাতপ যথা—

"অর্বাক্ সম্বৎসরাদ্বৃদ্ধৌ পূর্ণে সম্বৎসরেঽপিবা।
যে সপিণ্ডীকৃতাঃ প্রেতা ন তেষাস্তু পৃথক্ ক্রিয়া॥" ইতি।

দেশান্তর প্রস্থিত ব্যক্তির দ্বাদশ বৎসর পর্য্যন্ত বার্ত্তা না পাইলে তাহার প্রেতত্বাবধারণ পূর্ব্বক পুত্র ও জ্ঞাতিগণ শ্রাদ্ধাদি কার্য্য যথানিয়মে সম্পাদন করিবে।

প্রমাণ যমবচন যথা—

"গতস্য ন ভবেৎ বার্ত্তা যাবদ্দ্বাদশ বার্ষিকী।
প্রেতাব ধারণং তস্য কর্ত্তব্যং সুত বান্ধবৈঃ॥" ইতি।

মৃতাহে পিতা ও মাতার সাম্বৎসরিক শ্রাদ্ধ পুত্রের অবশ্য কর্ত্তব্য।

প্রমাণ। ভবিষ্য পুরাণ ও প্রভাস খণ্ডে যথা—

"মৃতাহনি পিতুর্যস্তুন কুর্য্যাৎ শ্রাদ্ধমাদরাৎ।
মাতুশ্চৈব বরারোহে বৎসরান্তে মৃতাহনি।
নাহন্তস্য মহাদেবী পূজাং গৃহ্লামি নো হরিঃ॥" ইতি।

আভ্যুদয়িক কার্য্যে শ্রাদ্ধত্রয় কর্ত্তব্য।

প্রমাণ শাতাতপ যথা—

"মাতৃ শ্রাদ্ধন্তু পূর্ব্বং স্যাৎপিতৃণাং তদনন্তরং।
ততো মাতামহানাঞ্চ বৃদ্ধৌশ্রাদ্ধত্রয়ং ভবেৎ ॥" ইতি।

এই বচনোক্ত মাতৃশ্রাদ্ধের পৃথক্ কর্ত্তব্যতা নাই কারণ স্বভর্ত্তৃ পিণ্ড মাত্রেই তাঁহাদিগের তৃপ্তি। উক্ত বিধি শূদ্র পক্ষে।

প্রমাণ যথা ছন্দোগ-পরিশিষ্টে—

"ন যোষিদ্ভ্যঃ পৃথক্ দদ্যাদবসান-দিনাদৃতে।
স্বভর্ত্তৃপিণ্ডমাত্রেভ্য স্তৃপ্তি রাসাং যতঃ স্মৃতা ॥"ইতি।

অথ সংক্রান্তি।

মকর, কর্কট, তুলা-মেষ, ধনু-মিথুন-কন্যা-মীন, বৃষ-বৃশ্চিক-সিংহ-কুম্ভ, এই সকল সংক্রান্তির নাম যথা ক্রমে উত্তরায়ণ, দক্ষিণায়ণ, বিষুব, ষড়শীতি ও বিষ্ণুপদী; অর্থাৎ বৈশাখ সংক্রান্তিব নাম মহাবিষুব, জ্যৈষ্ঠ সংক্রান্তির নাম বিষ্ণুপদী, আষাঢ় সংক্রান্তির নাম ষড়শীতি, শ্রাবণ সংক্রান্তির নাম দক্ষিণায়ণ, ভাদ্র সংক্রান্তির নাম বিষ্ণুপদী, আশ্বিন সংক্রান্তির নাম ষড়শীতি, কার্ত্তিক সংক্রান্তির নাম জল বিষুব, অগ্রহায়ণ সংক্রান্তির নাম বিষ্ণুপদী, পৌষ সক্রান্তির নাম ষড়শীতি, মাঘ সংক্রান্তির নাম উত্তরায়ণ, ফাল্গুণ সংক্রান্তির নাম বিষ্ণুপদী চৈত্র সংক্রান্তির নাম ষড়শীতি।

প্রমাণ যথা ভবিষ্য, মৎস্য,ও জ্যোতিষে—

"মৃগ-কর্কট সংক্রান্তৌ-দ্বেতূদক্ দক্ষিণায়ণে,
বিষুবত্তী তুলা মেষে গোল মধ্যে তথাপরাঃ।
ধনুর্ম্মিথুন কন্যাসু মীনেচ ষড়শীতয়ঃ।
বৃষ বৃশ্চিক সিংহেষু কুম্ভে বিষ্ণুপদীস্মৃতা ॥" ইতি।

দিবাভাগে সংক্রান্তি হইলে সমস্ত দিন পুণ্য।

প্রমাণ। জীমূতবাহন যথা—

"অহ্নিসংক্রমণে কৃৎস্নমহঃ পুণ্যমুদাহৃতং।" ইতি।

উত্তরায়ণ সংক্রান্তির পর ষোড়শদণ্ড পুণ্য।

প্রমাণ। যথা দেবীপুরাণে—

"যাবদ্বিংশ কলা ভুক্তা তৎপুণ্যং চোত্তরায়ণে।" ইতি।

দক্ষিণায়ণ সংক্রান্তির পূর্ব্ব ত্রিশদণ্ড পুণ্য।

প্রমাণ। যথা দেবীপুরাণে—

"নিরংশে ভাস্করে দৃষ্টে দিনান্তং দক্ষিণায়নে।
অর্দ্ধরাত্রেত্বসম্পূর্ণে দিবা পুণ্যমনাগতং॥" ইতি।

বিষুব ও ষড়শীতি সংক্রান্তির পর মানার্দ্ধ এবং বিষুব সংক্রান্তির পূর্ব্বপর-দিবামানার্দ্ধ পুণ্য।

প্রমাণ। যথা দেবীপুরাণে—

"অর্দ্ধরাত্র ব্যতীতেতু বিজ্ঞেয়ং চাপরেঽহনি,
সম্পূর্ণে চার্দ্ধরাত্রেচ উদয়াস্তময়েঽপিবা,
মানার্দ্ধংভাস্করে পুণ্যমপূর্ণে শর্ব্বরীদলে,
সম্পূর্ণেতুভয়োর্জ্জ্ঞেয় মতিরেকে পরেঽহনি,
ষড়শীতি মুখেঽতীতে বৃত্তেচ বিষুবদ্বয়ে,
ভবিষ্যত্যয়নে পুণ্যমতীতে চোত্তরায়ণে,
আদৌ পুণ্যং বিজানীয়াৎ যদ্যভিন্না তিথির্ভবেৎ॥" ইতি।

সংক্রান্তি মন্দাদিভেদে সপ্ত প্রকার।

প্রমাণ। যথা দেবীপুরাণ—

"মন্দা, মন্দাকিনী, ধ্বাংক্ষী, ঘোরা, চৈব মহোদরী।
রাক্ষসী, মিশ্রিতা, প্রোক্তা সংক্রান্তিঃ সপ্তধা নৃপ॥"ইতি।

উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুণী, এই তিন নক্ষত্রে সংক্রান্তি হইলে তাহার নাম মন্দা। চিত্রা, অনুরাধা, মৃগশিরা, ও রেবতী নক্ষত্রে রবির সংক্রমণ হইলে তাহাকে মন্দাকিনী সংক্রান্তি বলে। পুষ্যা, অশ্বিনী, হস্তাতে সংক্রমণে ধ্বাংক্ষী। ত্রিপূর্ব্বা অর্থাৎ পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, পূর্ব্বফল্গুণী, এবং মঘাতে সংক্রমণে ঘোরা। স্বাতি, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, ও শতভিষায় সংক্রান্তিতে মহোদরী। অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, ও মূলাতে সংক্রমণে রাক্ষসী এবং কৃত্তিকা ও বিশাখাতে সংক্রমণে মিশ্রিতা হয়।

প্রমাণ। যথা দেবীপুরাণ—

"মন্দা ধ্রুবেষু বিজ্ঞেয়া মৃদৌ মন্দাকিনী তথা,
ক্ষিপ্রে ধ্বাংক্ষী বিজানীয়াদুগ্রে ঘোরা প্রকীর্ত্তিতা,
চরৈর্মহোদরী জ্ঞেয়া ক্রূরৈঃঋক্ষৈশ্চ রাক্ষসী,
মিশ্রিতা চৈব বিজ্ঞেয়া মিশ্রিতর্ক্ষৈশ্চ সংক্রমে॥"ইতি।

এই সকল সংক্রান্তির ক্রমান্বয়ে তিন, চারি, পাঁচ, সাত, আট, নয়, বার, দণ্ডের পুণ্যতমত্ব।

প্রমাণ, যথা দেবীপুরাণে—

"ত্রিচতুঃপঞ্চ সপ্তাষ্ট নব দ্বাদশ এবচ।
ক্রমেণ ঘটিকাহ্যেতা স্তৎপুণ্যং পারমার্থিকং॥" ইতি।

গ্রহগণ যথা সময়ে এক রাশি হইতে রাশ্যন্তর গমন করিয়া নিয়মিত কাল ঐ রাশি ভোগ কারেন এবং পুনর্ব্বার রাশ্যন্তর গমন করেন।

প্রমাণ, জ্যোতিষ যথা—

"রবির্মাসং নিশানাথঃ সপাদ-দিবসদ্বয়ং
পক্ষত্রয়ং ভূমিপুত্রো বুধোঽষ্টাদশবাসরান্
বর্ষমেকং সুরাচার্য্যশ্চাষ্টাবিংশদিনংভৃগুঃ
শনিঃ সার্দ্ধদ্বয়ং বর্ষং স্বর্ভানুঃ সার্দ্ধবৎসরং
এবং প্রমাণাৎ সকলাঃ স্বরাশিং ভুঞ্জতে গ্রহাঃ ॥"ইতি।

রবি একমাস এক রাশি ভোগ করতঃ মাসান্তে রাশ্যন্তর গমন করেন, ঐ সংক্রমণ অর্থাৎ রাশ্যন্তর গমন কালের নাম সংক্রান্তি।

"ত্রুটেঃ * সহস্রভাগোযঃ স কালো রবিসংক্রমঃ"

এই প্রমাণে ত্রুটির সহস্রাংশের একাংশ কাল মাত্র সক্রান্তি কাল, অতএব পূর্ব্ব পর সময়ের পুণ্যত্ব ঋষিরা স্বীকার করেন, অর্থাৎ স্নানদানাদি কর্ম্মে শুভ বলেন।

প্রমাণ, দেবল যথা—

"যাযাঃ সন্নিহিতানাড্য † স্তাস্তাঃ পুণ্যতমাঃ স্মৃতাঃ ॥"

সন্ধ্যাকাল মুহূর্ত্তমাত্র।

প্রমাণ। যথা দক্ষঃ—

"অহোরাত্রস্য যঃ সন্ধিঃ সূর্য্যনক্ষত্রবর্জ্জিতঃ।
সাতু সন্ধ্যা সমাখ্যাতা মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ ॥"ইতি।

যোগিযাজ্ঞবাল্ক্যঃ।

"হ্রাসবৃদ্ধীচ সততং দিনরাত্র্যো র্যথাক্রমং।
সন্ধ্যামুহূর্ত্তমাখ্যাতা হ্রাসবৃদ্ধৌ সমাস্মৃতা ॥"ইতি।

---

* "লঘ্বক্ষরচতুর্ভাগস্ত্রুটিরিত্যভিধীয়তে" লঘু অক্ষর উচ্চারণের চারিঅংশের একাংশ কাল মাত্র।

† নাড়ী দণ্ড

অতএব সন্ধ্যা সংক্রমণে দিবা দণ্ডে দিবসের ও রাত্রিদণ্ডে রাত্রির পুণ্যত্ব স্বীকৃত হইয়াছে।

রাত্রিকালে সংক্রমণ হইলে দিবসার্দ্ধের পুণ্যত্ব।

প্রমাণ, যথা জীমূতবাহন—

"অহ্নি সংক্রমণে পুণ্য মহঃ কৃৎস্নং প্রকীর্ত্তিতং।
রাত্রৌ সংক্রমণে ভানোর্দ্দিনার্দ্ধং স্নানদানয়োঃ॥" ইতি।

যদি কলান্যূনার্দ্ধরাত্রে সংক্রমণ হয় তাহা হইলে তদ্দিবসীয় শেষযামদ্বয় পুণ্য।

প্রমাণ, গর্গ বচন যথা—

"কলান্যূনার্দ্ধরাত্রেতু যদি সংক্রমণং ভবেৎ।
তদহঃ পুণ্যমিচ্ছন্তি গর্গ-গালব-গোতমাঃ॥" ইতি।

এবং

"অর্দ্ধরাত্রেত্বসম্পূর্ণে দিবাপুণ্য মনাগতং।"

এবং

"মানার্দ্ধং ভাস্করে পুণ্যমপূর্ণে শর্ব্বরীদলে।" ইতিচ।

পূর্ণার্দ্ধরাত্রে সংক্রমণ হইলে পূর্ব্বপর উভয়দিনের মানার্দ্ধেব* পুণ্যত্ব।

প্রমাণ যথা—

"সম্পূর্ণে তূভয়োর্জ্ঞেয়ং অতিরেকে পরেঽহনি।"

ইহার বিশেষ এই যে যদি অর্দ্ধরাত্রে তদ্দিবসীয় তিথি ভিন্না হয়, তাহা হইলে তদ্দিবসীয় শেষ যামদ্বয় ও পর দিবসীয় আদ্য যামদ্বয়ের পুণ্যত্ব আর যদি ভিন্না নাহয়, তাহা হইলে কেবল মাত্র তদ্দিবসীয় শেষ যামদ্বয় পুণ্য।

প্রমাণ ভুজবলভীমে যথা—

---

* দিবসার্দ্ধ॥

"অর্দ্ধরাত্রে তু সম্পূর্ণে যদা সংক্রমতে রবিঃ।"
প্রাহুর্দ্দিনদ্বয়ং পুণ্যং ত্যক্ত্বা মকরকর্কটৌ।
আদৌ পুণ্যং বিজানীয়াৎ যদ্যভিন্না তিথির্ভবেৎ॥".ইতি॥

মকর অর্থাৎ উত্তরায়ণ এবং কর্কট অর্থাৎ দক্ষিণায়ণ সংক্রান্তির যথাক্রমে পরদিবসার্দ্ধ ও পূর্ব্বদিবসার্দ্ধ মাত্র পুণ্য।

প্রমাণ ভবিষ্যোত্তরে যথা—

"কার্ম্মুকঞ্চ পরিত্যজ্য ঋষং সংক্রমতেরবিঃ
প্রভাতে বার্দ্ধরাত্রে বা স্নানং কুর্য্যাৎ পরেঽহনি।
মিথুনাৎ কর্কি সংক্রান্তির্যদিস্যাদংশুমালিনঃ।
প্রদোষে বা নিশীথে বা কুর্য্যাদহনি পূর্ব্বতঃ॥"ইতি॥

অন্য সকল সংক্রান্তির রাত্রি সংক্রমণে তুল্যতা।

অর্দ্ধরাত্রি অতীত হইলে যদি সংক্রমণ হয়, তাহাহইলে পরদিবসীয়ার্দ্ধের পুণ্যত্ব।

প্রমাণ দেবীপুরাণ যথা—

"অর্দ্ধরাত্রে ব্যতীতে তু বিজ্ঞেয়ং চাপরেঽহনি।"

সংক্রান্তিতে স্নানদানাদি কর্ত্তব্য, কারণ অকরণে প্রত্যবায় ও করণে ফলোৎপত্তি দৃষ্ট হইয়াছে।

প্রমাণ দেবীপুরাণে যথা—

"রবিসংক্রমণে পুণ্যে ন স্নায়াদযস্তু মানবঃ।
সপ্ত জন্মস্বসৌ রোগী নির্ধনশ্চোপজায়তে॥" ইতি॥

সংক্রান্তিতে স্নান না করিলে সপ্তজন্ম পর্য্যন্ত রোগী ও নির্ধন হইতে হয়।

স্কান্দে।—

"একান্ততো ময়া প্রোক্তাঃ কালাঃ সংক্রান্তিসংজ্ঞকাঃ,
নৈতেষু বিদ্যতেঽনিষ্টং যতশ্চাক্ষয়-সংজ্ঞিতাঃ,
অশ্রদ্ধয়াপি যদ্দত্তং কুপাত্রেভ্যোঽপি মানবৈঃ
অকালেঽপি হি তৎসর্ব্বং সত্যমক্ষয়তাং ব্রজেৎ ॥"ইতি॥

সংক্রান্তিতে কুপাত্রে অশ্রদ্ধা পূর্ব্বক দান করিলেও অক্ষয় স্বর্গলাভ হয়।

রবি ও মঙ্গলাদি বারে মহাসংক্রান্তি হইলে দুর্ভিক্ষাদি হয়।

প্রমাণ সম্বৎসরপ্রদীপ, যথা—

"কুজার্কশনিবারেণ মহাসংক্রমণং যদা।
তদা ভবেৎ প্রজানাশো দুর্ভিক্ষাদিভয়ং মহৎ ॥" ইতি॥

এই দোষ এবং অন্যান্য সংক্রান্তি দোষ শান্তির নিমিত্ত সর্ব্বৌষধি ধুস্তূর বীজ জলে স্নান ও বিষ্ণুমন্ত্র জপাদি করিতে হয়।

প্রমাণ, যথা সম্বৎসর প্রদীপে—

"ধুস্তূরবীজসলিলৈঃ স্নায়াৎ সংক্রান্তি-শান্তয়ে।
তথা সর্ব্বৌষধীভিশ্চ বিষ্ণু-মন্ত্রাংশ্চ সংজপেৎ ॥" ইতি॥

সংক্রান্ত্যাদিতে বস্ত্রে ক্ষারযোগ অথবা তাহা নিষ্পীড়ন করিবেনা।

প্রমাণ ষট্‌ত্রিংশন্মত নিগম যথা—

"সংক্রান্ত্যাং পঞ্চদশ্যাঞ্চ দ্বাদশ্যাং শ্রাদ্ধ-বাসরে।
বস্ত্রং ন পীড়য়েত্তত্র নচ ক্ষারেণ যোজয়েৎ ॥" ইতি॥

সংক্রান্তিতে অধ্যয়ন ও সন্ধ্যাদি নিষেধ।

প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

অথ গ্রহণ।

গ্রহণেও পূর্ব্বের ন্যায় স্নানদানাদি করিতে হয়।
প্রমাণ পূর্ব্বে লিখিত হইয়াছে।

"চন্দ্রসূর্য্যগ্রহে স্নানমিত্যাদি"

গ্রহণ শ্রাদ্ধ ব্রাহ্মণ-দিগকে আম তণ্ডুল দ্বারা করিতে হয়।
প্রমাণ প্রচেতা যথা—

"আপদ্যনগ্নৌ তীর্থে চ চন্দ্রসূর্য্যগ্রহে তথা।
আমশ্রাদ্ধং দ্বিজৈঃ কার্য্যং শূদ্রেণ তু স দৈব হি॥" ইতি॥

চন্দ্র সূর্য্য গ্রহণ দর্শনে অক্ষয় পুণ্যলাভ হয়।
প্রমাণ মার্কণ্ডেয়-বচন যথা—

"চন্দ্রে বা যদিবা সূর্য্যে দৃষ্টে রাহৌ মহাগ্রহে
অক্ষয়ং কথিতং পুণ্যং" ইত্যাদি।

সোমবারে চন্দ্রগ্রহণ ও রবিবারে সূর্য্যগ্রহণ হইলে চূড়ামণিযোগ হয়, এই যোগে স্নানদানে অনন্ত ফললাভ হয়।
প্রমাণ, যথা—গারুড়ে

"সূর্য্যগ্রহঃ সূর্য্যবারে সোমে সোমগ্রহো ভবেৎ।
চূড়ামণিরয়ং যোগস্তত্রানন্তফলং স্মৃতং॥"
"অন্যস্মাৎ গ্রহণাৎ কোটিগুণমত্র ফলং লভেৎ॥" ইতি॥

এই গ্রহণে অন্য গ্রহণাপেক্ষা কোটিগুণ ফললাভ হয়।

গ্রহণে স্নানানন্তর স্পর্শ হইতে মুক্তি পর্য্যন্ত জপ করিয়া হোমাদি করিতে হয়।

প্রমাণ পুরশ্চরণ চন্দ্রিকা, যথা—

"গ্রহণেঽর্কস্য চেন্দোর্ব্বা শুচিঃ পূর্ব্বমুপোষিতঃ।
নদ্যাং সমুদ্রগামিন্যাং নাভিমাত্রজলে স্থিতঃ।
যদ্বা পুণ্যোদকে স্নাত্বা শুচিঃ পূর্ব্বমুপোষিতঃ।
গ্রহণাদিবিমোক্ষান্তং জপেন্মন্ত্রং সমাহিতঃ।
অনন্তরং দশাংশেন ক্রমাদ্ধোমাদিকং চরেৎ।
তদন্তে মহতীং পূজাং কুর্য্যাৎ ব্রাহ্মণতর্পণম্।
ততোমন্ত্র-প্রসিদ্ধ্যর্থং গুরুং সংপূজ্য তোষয়েৎ।
এবঞ্চ মন্ত্রসিদ্ধিঃ স্যাদ্দেবতা চ প্রসীদতি॥" ইতি॥

এইরূপ করিলে মন্ত্রসিদ্ধি হয়, এবং অভীষ্টদেব প্রসন্ন হন।

সূর্য্য গ্রহণে পূর্ব্বযাম চতুষ্টয় ও চন্দ্র গ্রহণে পরত্রিযাম-ভোজন নিষেধ, কিন্তু আতুর, বালক ও বৃদ্ধ সায়ংকালে গ্রহণ হইলে অপরাহ্নে, অপরাহ্নে হইলে মধ্যাহ্নে, মধ্যাহ্নে হইলে প্রাতে ভোজন করিবে না।

প্রমাণ বৃহদ্গৌতম যথা—

"সূর্য্যগ্রহেতু নাশ্নীয়াৎ পূর্ব্বযাম-চতুষ্টয়ং।
চন্দ্রগ্রহেতু যামাংস্ত্রীন্ বালবৃদ্ধাতুরৈর্ব্বিনা॥" ইতি॥

বালবৃদ্ধাতুর বিষয়ে বাচস্পতি মিশ্রধৃত মার্কণ্ডেয় বচন যথা—

"সায়াহ্নে গ্রহণং চেৎস্যাদপরাহ্নে ন ভোজনং
অপরাহ্নে ন মধ্যাহ্নে মধ্যাহ্নে চেন্নসঙ্গবে
সঙ্গবে গ্রহণং চেৎস্যাৎন পূর্ব্বং ভোজনক্রিয়া॥" ইতি

গ্রহণের অনধ্যায়ের ভিন্ন ভিন্ন মত গ্রন্থগৌরব ভয়ে লিখিত হইলনা।

সামান্যতঃ অহোরাত্র অনধ্যায়।

যাঁহার পক্ষে গ্রহণ দর্শন নিষিদ্ধ হইবে গ্রহণে অশৌচ হয় বলিয়া তিনি মুক্তির পর স্নান করিবেন।

প্রমাণ ব্রহ্মাণ্ড পুরাণ যথা—

"গ্রহণে শাবমাশৌচং বিমুক্তৌ সৌতিকং স্মৃতং।" ইতি

গ্রস্তোদয় চন্দ্রগ্রহণে দিবসে ভোজন করিবেনা।

প্রমাণ বৃহদ্বশিষ্ট যথা—

"গ্রস্তোদয়ে বিধোঃ পূর্ব্বং নাহর্ভোজনমাচরেৎ।" ইতি।

গ্রস্তাস্ত চন্দ্রগ্রহণে ও গ্রস্তোদিত গ্রস্তাস্ত সূর্য্যগ্রহণে মুক্তির পর স্নান করিয়া ভোজন করিবে।

প্রমাণ বিষ্ণুধর্ম্মোত্তর বচন যথা—

"মুক্তিং দৃষ্ট্বা তু ভুঞ্জীত স্নানং কৃত্বাপরেঽহনি।" ইতি।

মেঘাদি দ্বারা অদৃষ্ট হইলে, মুক্তিকাল পর্য্যন্ত ভোজন করিবেনা।

প্রমাণ কৃত্যতত্ত্বার্ণব ধৃত বচন যথা—

"মেঘমালাদিদোষেণ যদিমুক্তির্ন দৃশ্যতে।
আকলয্যতু তৎকালং ভুঞ্জীত স্নানপূর্ব্বকং॥" ইতি॥

গ্রহণ দিবসে পুত্রবান্ গৃহী উপবাস করিবেনা।

প্রমাণ, সম্বৎসর প্রদীপ যথা—

"আদিত্যেঽহনি সংক্রান্তৌ চন্দ্রসূর্য্যগ্রহে তথা।
পারণঞ্চোপবাসঞ্চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহী॥" ইতি।

গ্রহণে রাত্রিকালে স্নানদানাদি করিতে পারে।

প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

"রাহুদর্শন-সংক্রান্তি বিবাহেত্যাদি"

গ্রহণে পর্য্যুষিতান্ন পরিত্যাগ করিবে।

প্রমাণ স্মৃতি, যথা—

"প্রেত-শ্রাদ্ধে যদুচ্ছিষ্টং গ্রহে পর্য্যুষিতঞ্চ * যৎ।
দম্পত্যোর্ভুক্তশেষঞ্চ ন ভুঞ্জীত কদাচন ॥" ইতি।

অথ সপিণ্ডাদ্যশৌচ।

মরণ এবং জনন এই উভয়েই †সপিণ্ডের সম্পূর্ণ, সকুল্যের‡ ত্রিরাত্র এবং গোত্রজের স্নান পর্য্যন্ত অশৌচ হয়।

প্রমাণ বৃহস্পতি, যথা—

"দশাহেন সপিণ্ডাস্তু শুদ্ধ্যন্তি প্রেতসূতকে।
ত্রিরাত্রেণ সকুল্যাস্তু স্নাত্বা শুদ্ধ্যন্তি গোত্রজাঃ

সাপিণ্ড্য সপ্তম পুরুষ পর্য্যন্ত, তন্মধ্যে পিতা হইতে প্রপিতামহ পর্য্যন্ত তিন পুরুষ পিণ্ডভাগী, এবং প্রপিতামহের পর হইতে উপরের চারিপুরুষ লেপভাগী প্রমাণ মৎস্যপুরাণ যথা—

"লেপভাজশ্চতুর্থাদ্যাঃ পিত্রাদ্যাঃ পিণ্ডভাগিনঃ।
পিণ্ডদঃ সপ্তমস্তেষাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষং ॥"

সাকুল্য দশমপুরুষ পর্য্যন্ত। গোত্রজত্ব চতুর্দ্দশ পুরুষের পর। একাদশ হইতে চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদকতা।

প্রমাণ বৃহন্মনু, যথা—

* পর্য্যুষিতং স্থিতং

† সকুল্যা দশমপুরুষা বধয়ঃ ‡ গোত্রজা নিবৃত্ত সমানোদক ভাবা।
রঘুনন্দন টীকা

"সপিণ্ডতাতু সপ্তমে পুরুষে বিনিবর্ত্ততে।
সমানোদকভাবস্তু নিবর্ত্তেতা চতুর্দ্দশাৎ।
জন্মনামস্মৃতেরেকে তৎপরং গোত্রমুচ্যতে॥"

সপ্তমপুরুষ পর্য্যন্ত সম্পূর্ণ, অষ্টম হইতে দশম পুরুষ পর্য্যন্ত ত্রিরাত্র, একাদশ হইতে চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত পক্ষিণী* চতুর্দ্দশ হইতে নামস্মৃতি পর্য্যন্ত একদিবস তদনন্তর স্নানে শুদ্ধি হয়।

প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

ব্রাহ্মণের দশাহ, ক্ষত্রিয়ের দ্বাদশাহ, বৈশ্যের পঞ্চদশাহ, এবং শূদ্রের এক মাস অশৌচের নাম সম্পূর্ণাশৌচ।

প্রমাণ মনু, যথা—

"শুদ্ধ্যেদ্বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ।
বৈশ্যঃ পঞ্চদশাহেন শূদ্রো মাসেন শুদ্ধ্যতি॥"

অথ অশৌচ শঙ্কর।

অশৌচ তিন প্রকার গুরু, লঘু ও সমান।

জননাশৌচ হইতে মরণাশৌচ গুরু।

প্রমাণ দেবল বচন, যথা—

"মরণোৎপত্তিযোগেতু গরীয়োমরণং ভবেৎ॥"

গুরু এবং লঘু অশৌচের যোগ হইলে গুরু অশৌচে শুদ্ধি।

প্রমাণ যথা—

* পক্ষিণীত্বহর্দ্বয়-সহিতারাত্রিরিতি স্মার্ত্তঃ। দ্বাবহ্নাবেক-রাত্রিশ্চ পক্ষিণীত্যভিধীয়ত ইতি ভট্টনারায়ণ ধৃত বচনাৎ।

"অঘানাং যৌগপদ্যে তু জ্ঞেয়া শুদ্ধির্গরীয়সা।"

সমান ও লঘু অশৌচের যোগ হইলে, পূর্ব্বাশৌচে শুদ্ধি হয়।

প্রমাণ হারলতা, যথা—

"সমানং লঘুচাশৌচং পূর্ব্বেণৈব বিশুদ্ধ্যতি।"

জননাশৌচের মধ্যে জননাশৌচ ও মরণাশৌচ মধ্যে মরণাশৌচ হইলে পূর্ব্বাশৌচে শুদ্ধি হয়, কিন্তু শেষাহে হইলে পূর্ব্বাশৌচের দিনদ্বয় বৃদ্ধি হয়।

প্রমাণ যথা—কূর্ম্মপুরাণে—

"যদি স্যাৎ সূতকে সূতি র্মৃতকেচ মৃতির্ভবেৎ।
শেষেণৈবভবেচ্ছুদ্ধিরহঃ শেষে দ্বিরাত্রকং॥"

রাত্রিশেষ পর্য্যন্ত দিনদ্বয়, প্রভাতে হইলে পূর্ব্বোক্ত অশৌচের তিন দিবস বৃদ্ধি হয়।

প্রমাণ বিষ্ণুধর্ম্মোত্তর বচন যথা—

"প্রভাতায়াঞ্চ শর্ব্বর্য্যাং ভাস্করেঽনুদিতেঽথবা।"

স্বল্পাশৌচের মধ্যে দীর্ঘাশৌচ হইলে দীর্ঘাশৌচে শুদ্ধি।

প্রমাণ মিতাক্ষরাতে উশনা, যথা—

"স্বল্পাশৌচস্য মধ্যে তু দীর্ঘাশৌচং ভবেদ্যদি।
নতু পূর্ব্বেণ শুদ্ধিস্যাৎ স্বকালেনৈব শুদ্ধ্যতি॥"

পূর্ব্বোক্ত বিধি, পূর্ব্বাশৌচের পূর্ব্বার্দ্ধে অন্য অশৌচ হইলে পূর্ব্বাশৌচে শুদ্ধি এবং পরার্দ্ধে হইলে পরাশৌচে শুদ্ধি।

প্রমাণ স্মৃতি, যথা—

"পরতঃ পরতঃ শুদ্ধিরঘবৃদ্ধৌ বিধীয়তে।
স্যাচ্চেৎ পঞ্চতমাদহ্নঃ পূর্ব্বেণাপ্যনুশিষ্যতে॥"

অশৌচ সঙ্কর স্থলে পূর্ব্বার্দ্ধ, পরার্দ্ধ, লঘু, গুরু, সমান বিবেচনা করিয়া অশৌচ বৃদ্ধ্যাদি ব্যবস্থা করিতে হইবে।

গর্ভস্রাবাশৌচ

গর্ভস্রাবের কাল অষ্টম মাস পর্য্যন্ত।

প্রমাণ, যথা—

"গর্ভস্রাবস্য কালস্য মাসানামষ্টমাবধি"

ছয়মাসের পর অষ্টম মাস পর্য্যন্ত গর্ভস্রাব হইলে সেই স্ত্রীর স্বজাত্যুক্ত অশৌচ হয়, সপিণ্ডের সদ্যঃ শৌচ হয়। নির্গুণের* অহোরাত্র + যথেষ্ঠাচরণ জ্ঞাতির ত্রিরাত্র। আর ছয় মাসের ভিতর হইলে দৈব পিত্র্যকর্ম্মে ব্রাহ্মণীর যত মাস গর্ভ একদিবস অধিক ততদিন, ক্ষত্রিয়ার দুইদিবসাধিক ততদিন, বৈশ্যার তিন দিবসাধিক ততদিন এবং শূদ্রার ছয় দিবসাধিক ততদিন অশৌচ হয়।

প্রমাণ কূর্ম্মপুরাণ, যথা—

"অর্ব্বাক্ ষণ্মাসতঃ স্ত্রীণাং যদিস্যাদ্গর্ভসংস্রব।
তদামাস সমৈ স্তাসাং দিবসৈ শুদ্ধি রিষ্যতে।
অতঊর্দ্ধস্তু পতনে স্ত্রীণাং স্যাদ্দশরাত্রকং।
সদ্যঃ শৌচং সপিণ্ডানাং গর্ভস্রাবাচ্চ বা ততঃ
গর্ভচ্যুত্যাবহোরাত্রং সপিণ্ডেহত্যন্তনির্গুণে।
যথেষ্টাচরণে জ্ঞাতৌ ত্রিরাত্রমিতি নিশ্চয়ঃ॥

* + সপিণ্ড তিনপ্রকার যথা, নির্গুণ, সগুণ ও যথেষ্টাচরণ। নির্গুণ যদ্বর্ণজাত তদ্ গুণাদি বিহীন, সগুণ গুণযুক্ত, যথেষ্টাচরণ গুণসত্বেও যথেচ্ছাচারী।

ছয় মাসের মধ্যে গর্ত্তস্রাব হইলে যত মাস গর্ত্ত ততদিন মাত্র অশৌচ হয়। আমরা স্মার্ত্তের যে সিদ্ধান্ত দর্শনে ঐবিষয় ব্যবস্থা লিখিয়াছি তাহা নিম্নে উদ্ধৃত হইল "এবঞ্চ তৃতীয় চতুর্থ পঞ্চম ষষ্ঠ মাসেঽপি ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা শূদ্রাণাঞ্চ যথাক্রমং মাস সমসংখ্য দিনাতিরিক্তমেকরাত্রং দ্বিরাত্রং ত্রিরাত্রং ষড়রাত্রঞ্চ দৈবপৈত্র কর্ম্মণ্যনধিকারো বোদ্ধব্যঃ।" এই অশৌচ দৈব পৈত্র কর্ম্মাধিকারে। লৌকিক কর্ম্মে কূর্ম্মপুরাণের প্রমাণ মত অশৌচ হয়॥

অথ স্ত্র্যশৌচ।

বিবাহানন্তর পিতৃগৃহে পিতৃসম্পর্ক শূন্যা কন্যার মৃত্যু হইলে অথবা কন্যা প্রসব করিলে পিতার ত্রিরাত্র এবং বন্ধুবর্গের একাহ অশৌচ হয়।

প্রমাণ, আদি পুরাণ, যথা—

"দত্তা নারী পিতুর্গেহে সূয়তে ম্রিয়তেঽথবা।
স্বমশৌচং চরেৎ সম্যক্ পৃথক স্থানব্যবস্থিতা*।
তদ্বন্ধু বর্গস্ত্বেকেন শুদ্ধ্যেত্ত্ব জনকস্ত্রিভিঃ॥"

জন্ম হইতে দুই বৎসর পর্য্যন্ত অকৃত চূড়া কন্যামরণে সর্ব্ববর্ণের সদ্যঃ শৌচ হয়।

প্রমাণ আদিপুরাণে, যথা—

"আজন্মন স্তু চূড়ান্তং যত্র কন্যা বিপদ্যতে।
সদ্যঃ শৌচং ভবেত্তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ॥"

এবং কূর্ম্মপুরাণে—

"ঊনদ্বিবর্ষান্মরণে সদ্যঃ শৌচমুদাহৃতং॥"

* পৃথক স্থানে পিত্রাদিসংসর্গ শূন্যে পিতৃগৃহে স্থিতা ইত্যর্থঃ॥ স্মার্ত্তঃ

দুই বৎসরের পর হইতে বাগ্দানের পূর্ব্বপর্য্যন্ত মৃত্যু হইলে একাহ অশৌচ হয়।

প্রমাণ আদিপুরাণ, যথা—

"ততো বাগ্দান পর্য্যন্তং যাবদেকাহমেবহি ॥"

বাগ্দানের পর মৃত্যু হইলে পিতৃ এবং ভর্ত্তৃ এই উভয় কুলেই ত্রিরাত্র হয়।

প্রমাণ, আদিপুরাণ, যথা—

"বাক্প্রদানকৃতে তত্র জ্ঞেয়ঞ্চোভয়তস্ত্র্যহং।
পিতুর্বরস্য চ ততো দত্তানাং ভর্ত্তুরেব হি ॥"

বিবাহের পর মৃত্যু হইলে বা প্রসব হইলে স্বামীর দশ রাত্র হয় এবং তাঁহার সপিণ্ড্যগণেরও দশরাত্র হয়।

প্রমাণ স্মৃতি, যথা-

"দত্তানাং ভর্ত্তুরেব হি ॥

পূর্ব্বে যে বিবাহিতা কন্যার পিতৃগৃহে মৃত্যু বিষয়ে অশৌচ লিখিত হইয়াছে তাহা পিতৃগৃহে পিতার সম্পর্ক শূন্য হইয়া বাস করিলে হয়, কিন্তু পিতৃগৃহে শয়ন ভোজনাদি সম্পর্কে থাকিলে সম্পূর্ণাশৌচ হয়।

প্রমাণ, কূর্ম্ম পুরাণ, যথা—

"যস্তৈঃসহাসনং কুর্য্যাচ্ছয়নাদীনি চৈব হি।
বান্ধবো বা পরো বাপি স দশাহেন শুদ্ধ্যতি ॥"

কন্যা পুত্র জন্মে মাতার অশৌচ।

দ্বিজাতি স্ত্রীর পুত্রোৎপত্তিতে বিংশতি দিবস ও কন্যা প্রসবে একমাস অশৌচ হয়, শূদ্রের উভয় পক্ষেই এক মাস।

প্রমাণ পৈঠিনসি বচন, যথা—

"সূতিকাং পুত্রবতীং বিংশতিরাত্রেণ স্নাতাং
সর্ব্বকর্ম্মানি কারয়েন্মাসেন স্ত্রীজননীমিতি

অথ বালাদ্যশৌচ।

জাত বালকের যদি তদশৌচাভ্যন্তরে মৃত্যু হয়, তাহা হইলে পিতার অস্পৃশ্যত্ব হয় এবং পিতা মাতা উভয়েরই—জননাশৌচে শুদ্ধি হয়। সপিণ্ডের সদ্যঃ শৌচ হয়।

প্রমাণ কূর্ম্মপুরাণ, যথা—

"জাতমাত্রস্য বালস্য যদিস্যান্মরণং পিতুঃ।
মাতুশ্চ সূতকং তৎস্যাৎ পিতাত্বস্পৃশ্যএবচ।
সদ্যঃ শৌচং সপিণ্ডানাং কর্ত্তব্যং সোদরস্য চ॥"

এবং বৃহন্মনু যথা—

"দশাহাভ্যন্তরে বালে প্রমীতে তস্য বান্ধবৈঃ।
শাবাশৌচং ন কর্ত্তব্যং সূত্যাশৌচং বিধীয়তে॥"

মৃত ভূমিষ্ঠ কন্যা পুত্রে সপিণ্ডের ও পিতা মাতার সম্পূর্ণ জন্মাশৌচ হয়

প্রমাণ মিতাক্ষরাতে পারস্কর, যথা—

"গর্ব্ভে যদি বিপত্তিঃস্যাদ্দশাহং সূতকং ভবেৎ॥"

অজাত দন্ত পুত্র/~~কন্যার~~ মৃত্যুতে পিতামাতার একাহ অশৌচ হয়।

প্রমাণ কূর্ম্ম পুরাণ যথা—

"অজাতদন্তমরণে পিত্রোরেকাহমিষ্যতে॥"

দন্তোৎপত্তির কাল সপ্তম মাস।

প্রমাণ, ব্রহ্মপুরাণ, যথা—

"ষড্‌ভির্মাসৈগতৈর্ব্বহিরিতি ॥"

এবং গর্ভোপনিষদ্‌, যথা—

"দন্তজন্ম সপ্তমে মাসীতি ॥"

অকৃত চূড়া সন্তানের মৃত্যুতে পিতামাতা সপিণ্ডের একাহ অশৌচ হয়।

প্রমাণ মনু, যথা—

নৃণামকৃতচূড়ানাং অশুদ্ধি র্নৈশিকী স্মৃতা ॥"

কৃতচূড়ের মৃত্যুতে ত্রিরাত্র অশৌচ হয়।

প্রমাণ মনু যথা—

"নিবৃত্তচূড়কানান্তু ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে।"

এবং অঙ্গিরা বচন যথা—

"নিবৃত্তচূড়কে বিপ্রে ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে।"

এবং কূর্ম্মপুরাণ, যথা—

"আদন্ত জননাৎসদ্য আচূড়াদেকরাত্রকং।
ত্রিরাত্রঞ্চোপনয়নাৎ সপিণ্ডানামুদাহৃতং।
অথোর্দ্ধং দন্তজননাৎ সপিণ্ডানামশৌচকং।
একাহং নির্গুণানান্তু* চূড়াদূর্দ্ধং ত্রিরাত্রকং ॥"

উপনীত বালকের মৃত্যুতে সম্পূর্ণাশৌচ, অকৃত চূড়ের ত্রিরাত্র, অজাত দন্তের মৃত্যুতে একাহ অশৌচ হয়।

প্রমাণ জাবালি বচন, যথা—

"ব্রতচূড় দ্বিজানান্তু প্রতীতিষু যথাক্রমং।
দশাহত্র্যাহ একাহৈঃ শুদ্ধন্ত্যপি হি নির্গুণাঃ॥"

---

* নির্গুণানাং সপিণ্ডানামিতি স্মার্ত্তঃ।

উক্ত অশৌচ দ্বিজাতি বিষয়ে। উপনয়নাদির প্রকৃত কাল তত্তৎ প্রকরণে জ্ঞাতব্য।

ষণ্মাসাভ্যন্তরে অজাতদন্ত সন্তানের মৃত্যুতে শূদ্রের ত্রিরাত্রাশৌচ। প্রমাণ মৎস্য স্থক্তে যথা—

"ত্রিরাত্রস্তু ভবেচ্ছূদ্রে ষণ্মাষোন শিশৌমৃতে।"

ত্রিবর্ষের মধ্যে মৃত্যুতে শূদ্রের পঞ্চাহ অশৌচ হয়।

প্রমাণ অঙ্গিরাবচন, যথা—

"শূদ্রে ত্রিবর্ষান্ন্যূনে তু মৃতে শুদ্ধিস্তু পঞ্চভিঃ।"

ইহার পর মৃত্যু হইলে ষড়বর্ষ পর্য্যন্ত শূদ্রের দ্বাদশ দিন অশৌচ হয়।

প্রমাণ অঙ্গিরা, যথা—

"অতঊর্দ্ধংমৃতে শূদ্রে দ্বাদশাহো বিধীয়তে।"

তদনন্তর মৃত্যু হইলে সম্পূর্ণাশৌচ হয়।

প্রমাণ অঙ্গিরা, যথা—

"ষড়বর্ষান্তমতীতোযঃ শূদ্রঃ সংম্রিয়তে যদি।
মাসিকন্তু ভবেচ্ছৌচ-মিত্যাঙ্গিরসভাষিতং॥"

কোন কোন ঋষি এই বিষয়ে ভিন্ন মত প্রকাশ করিয়াছেন। তাঁহারা বলেন যে ষোড়শ বর্ষ পর্য্যন্ত যদি বিবাহ না হইয়া শূদ্রের মৃত্যু হয়, তাহা হইলে জ্ঞাতিবর্গের সম্পূর্ণাশৌচ হয়।

উক্ত মতাবলম্বী শঙ্খ মুনির বচন—

"অনূঢ়ভার্য্যঃ শূদ্রস্তু ষোড়শাব্দৎসরাৎ পরং।
মৃত্যুং সমধিগচ্ছেত্তু মাসং তস্যাপি বান্ধবাঃ।
শুদ্ধিং সমধিগচ্ছন্তি নাত্র কার্য্যা বিচারণা॥"

এই বিষয়ে ঐরূপ বিভিন্ন মত দর্শন অথচ অন্য কোন স্পষ্ট প্রমাণ না

পাওয়াতে উভয়েরই মত রক্ষা করিয়া আমরা যে ব্যবস্থা করিতেছি তাহা নিম্নে প্রমাণ সহিত লিখিত হইল।

ষড়বর্ষের পর অনূঢ় শূদ্র মরণে সপিণ্ডের সম্পূর্ণাশৌচ, সগুণ জ্ঞাতির ষোড়শ বর্ষানন্তর অনূঢ়াবস্থায় মৃত্যুতে সম্পূর্ণাশৌচ হয়।

প্রমাণ রঘুনন্দন ভট্টাচার্য্য যথা—

"ষড়বর্ষোপর্য্যনূঢ়ভার্য্যমরণে নির্গুণানাং
সম্পূর্ণাশৌচং ষোড়ষবর্ষোপরি সগুণানামিতি।"

বিদেশস্থাশৌচ।

বিদেশস্থ ব্যক্তির মৃত্যু হইলে অশৌচ মধ্যে শ্রবণে তাহার পুত্রাদির অশৌচের যে কয়দিন অবশিষ্ট থাকে সেই কয় দিন পরে শুদ্ধ হইবে।

প্রমাণ বিষ্ণু বচন, যথা—

"বিগতন্তু বিদেশস্থং শৃণুয়াৎ যোহ্যনির্দ্দশং"

অশৌচের অপগমে শ্রবণ করিলে ত্রিরাত্র অশৌচ হয়।

প্রমাণ গোতম, যথা—

"অতিক্রান্তে দশাহেতু ত্রিরাত্রমশুচির্ভবেৎ।"

বিদেশস্থ বালকের মৃত্যু অশৌচাপমেশ্রবণে সবস্ত্র-স্নানে সদ্যঃ শুদ্ধি।

প্রমাণ মনু, যথা—

"বালে দেশান্তরস্থেতু পৃথক্ পিণ্ডে চ সংস্থিতে।
সবাসা জলমাপ্লুত্য সদ্য এব বিশুদ্ধ্যতি॥"

বিদেশস্থ ব্যক্তির মৃত্যু বৎসরান্তে শ্রবণে সদ্যঃ শৌচ হয়।

প্রমাণ শঙ্খ, যথা—

"সম্বৎসর-ব্যতীতেতু সদ্যঃ শৌচং বিধীয়তে।"

এবং কৌর্ম্মে—

"অথৈব মরণে স্নান মূর্দ্ধং সম্বৎসরাদযদি।"

জননাশৌচের পর শ্রবণে সপিণ্ডেরা অশুচি হইবে না।

প্রমাণ দেবল, যথা—

"নাশৌচং প্রসবস্যাস্তি ব্যতীতেতু দিনেম্বপি।"

স্বপুত্র জননাশৌচের পর শ্রবণে স্নানে শুদ্ধি হয়।

প্রমাণ মনু, যথা—

"নির্দ্দশং জ্ঞাতি-মরণং শ্রুত্বা পুত্রস্য জন্মচ।
সবাসা জলমাপ্লুত্য শুদ্ধো ভবতিমানবঃ॥"

প্রদেশান্তরে এই সকল অশৌচ মতের বিভিন্নতা আছে গ্রন্থ গৌরব ভয়ে সে সকল উদ্ধৃত হইলনা।

অথ অসপিণ্ডাদ্যশৌচ।

মাতামহ মরণে ত্রিরাত্রাশৌচ হয়।

প্রমাণ কূর্ম্ম পুরাণে যথা—

"মাতামহানাং মরণে ত্রিরাত্রং স্যাদশৌচকং॥"
ইতি।

শ্বশুর এবং শাশুড়ীর মৃত্যুতে জামাতার ত্রিরাত্রাশৌচ হয়।

প্রমাণ কূর্ম্মপুরাণ যথা—

"ত্রিরাত্রং শ্বশ্রূমরণে শ্বশুরে চৈতদেবহি॥" ইতি।

জামাতার সন্নিধানে না মরিয়া একগ্রাম মধ্যে মৃত্যুতে পক্ষিণ্যশৌচ হয়।

প্রমাণ যম বচন, যথা—

"শ্বশুরয়োর্ভগিন্যাঞ্চ মাতুলান্যাঞ্চ মাতুলে।
পিত্রোঃস্বসরি তদ্বচ্চ পক্ষিণীং ক্ষপয়েন্নিশাং॥" ইতি।

শ্বশুর শাশুড়ীর ভিন্ন গ্রাম মরণে অহোরাত্রাশৌচ।

প্রমাণ বিষ্ণু যথা—

"আচার্য্যপত্নী পুত্রোপাধ্যায় মাতুল শ্বশুর
শ্বশুর্য্যসহাধ্যায়িশিষ্যেষ্বেকরাত্রেণেতি॥"

ভগিনী, মাতুলানী, মাতুল, পিতৃস্বসৃ, মাতৃস্বসৃ, গুরুপত্নী, মাতামহী, মাতৃস্বসৃ পুত্র, পিতৃস্বসৃ পুত্র, মাতুল পুত্র, ভাগিনেয়, পিতামহী-ভগিনী-পুত্র, পিতামহী-ভ্রাতৃপুত্র, পিতামহ-ভগিনী-পুত্র এবং দৌহিত্র মরণে পক্ষিণ্যশৌচ।

প্রমাণ কূর্ম্মপুরাণে যথা—

"পক্ষিণী যোনি * সম্বন্ধ বান্ধবেষু † তথৈবচ॥" ইতি।

এবং বৃহন্মনু-বচন যথা—

"মাতুলে শ্বশুরে মিত্রে গুরৌ গুর্ব্বিঙ্গনাসুচ।
অশৌচং পক্ষিণীং রাত্রিং মৃতা মাতামহী যদি॥" ইতি।

এবং মনু যথা—

"মাতুলে পক্ষিণীং রাত্রিং শিষ্যর্ত্বিগ্ ‡ বান্ধবেষু চ॥"
ইতি।

---

* যোনি সম্বন্ধে মাতৃস্বস্রীয় ভাগিনেয়েষু। ইতি স্মার্ত্তঃ। যোনি সম্বন্ধে অর্থাৎ মাতৃ স্বস্রীয় ভাগিনেয়াদিতে।

† এস্থলে বান্ধব শব্দে পিতৃ বান্ধব। বান্ধবেষু পিতৃবান্ধবেষু ইতি স্মার্ত্তঃ। পিতৃবান্ধব যথা—

"পিতুঃ পিতুঃ স্বসুঃ পুত্রাঃ পিতুর্ম্মাতুঃ স্বসুঃসুতাঃ
পিতুর্ম্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া পিতৃবান্ধবাঃ॥"

‡ এইস্থলে বান্ধব শব্দে স্ববান্ধব।

অত্র পক্ষিণী বিধানাৎ বান্ধবপদং স্ববান্ধব পরং ইতি স্মার্ত্তঃ॥

আত্ম বান্ধব মিতাক্ষরায় যথা—

"আত্ম মাতুঃ স্বসুঃ পুত্রাঃ আত্মপিতুঃ স্বসুঃ সুতাঃ।
আত্ম মাতুল পুত্রাশ্চ বিজ্ঞেয়া আত্মবান্ধবাঃ॥"

এবং

"শ্বশুরয়োর্ভগিন্যাশ্চেত্যাদিচ ॥"

মাতামহী-ভগিনী-পুত্র, মাতামহ-ভগিনী-পুত্র, মাতামহী-ভ্রাতৃপুত্র, মিত্র, রাজা, আচার্য্যপত্নী, আচার্য্যপুত্র, উপাধ্যায় মাতার বৈমাত্রেয় ভ্রাতা, শ্যালক, সহাধ্যায়ী ও শিষ্যের মরণে অহোরাত্র অশৌচ হয়।

প্রমাণ জাবালি, যথা—

মাতৃ-বন্ধৌ * গুরৌ মিত্রে মণ্ডলাধিপতৌ তথা ॥"
ইতি।

এবং হার লতা যথা—

"শ্বশুর্য্যে শ্যালকে সহাধ্যায়িনি সতীর্থে ইত্যাদি ॥"

মাতৃস্বসাদি সম্বন্ধ বিশিষ্টের দহন বহনে ত্রিরাত্র অশৌচ হয়, সম্বন্ধরহিতের দাহাদিতে সদ্যঃ শৌচ হয়।

প্রমাণ পৈঠিনসি যথা—

"অসম্বন্ধিনো দ্বিজান্ দহিত্বা বহিত্বা সদ্যঃ
শৌচং সম্বন্ধে তু ত্রিরাত্রমিতি ॥"

এবং মিতাক্ষরায় যাজ্ঞবল্ক্য যথা—

"সংস্থিতে পক্ষিণাং রাত্রিং দৌহিত্রে ভগিনীসুতে।
সংস্কৃতে তু ত্রিরাত্রং স্যাদেষ ধর্ম্মো ব্যবস্থিতঃ ॥"

বিবাহিতা কন্যার দাহাদিব্যতিরেকেও ত্রিরাত্রাশৌচ হয়।

প্রমাণ স্মার্ত্ত যথা—

---

* মাতৃবন্ধু যথা—

"মাতুর্ম্মাতুঃ স্বসুঃ পুত্রা মাতুঃ পিতুঃ স্বসুঃ সুতাঃ
মাতুর্ম্মাতুল পুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃবান্ধবাঃ ॥"

"ঊঢ়কন্যানান্তু দাহাদিকং বিনাপি।" ইতি ॥

অনৌরস পুত্রের মৃত্যুতে পিতার ত্রিরাত্র ও পিতার মৃত্যুতে পুত্রের ত্রিরাত্রাশৌচ হয়।

প্রমাণ বিষ্ণু যথা—

"অনৌরসেষু পুত্রেষু জাতেষু চ মৃতেষু চ ॥" ইতিচ।

এবং ব্রহ্মপুরাণ, যথা—

"দত্তকাশ্চ স্বয়ংদত্তঃ কৃত্রিম ক্রীত এবচ।
অপবিদ্ধাশ্চ যে পুত্রা ভরণীয়া সদৈব তে।
ভিন্ন গোত্রাঃ পৃথক্ পিণ্ডা পৃথক্ বংশকরাঃ স্মৃতাঃ।
সূতকে মৃতকে চৈব ত্র্যহা শৌচস্য ভাগিনঃ ॥" ইতিচ।

অথ মৃত্যুবিশেষাশৌচ।

যে ব্যক্তি ইচ্ছা পূর্ব্বক অগ্ন্যাদিতে প্রাণত্যাগ করে, তাহার অশৌচাদি নাই।

প্রমাণ কূর্ম্মপুরাণে যথা—

"ব্যাপাদয়েদথাত্মানং স্বয়ং যোঽগ্ন্যুদকাদিভিঃ।
বিহিতং তস্য নাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকং ॥"

অনশনে, অশনিতে, বহ্নিতে, জলে, উচ্চস্থান হইতে পতনে, সংগ্রামে, বিষসংযোগে এবং চৌরাদির আঘাতাদিতে মৃত্যু হইলে ত্রিরাত্রাশৌচ হয়।

প্রমাণ, কশ্যপ, যথা—

"অনশন-মৃতানামশনি-হতানামগ্নিজল-প্রবিষ্টানাং
ভৃগুসংগ্রাম-দেশান্তর-মৃতানাং জাতদন্তানাংগর্ব্ভানাং
ত্রিরাত্রং ॥" ইতি।

এই রূপ মৃত্যুতে অশৌচ প্রমাদ অথবা শাস্ত্র বিহিত কর্ম্মানুষ্ঠান পর জানিতে হইবে।

প্রমাণ কূর্ম্ম পুরাণ, যথা—

"অথ কশ্চিৎ প্রমাদেন ম্রিয়তে হগ্নি বিষাদিভিঃ।
তস্যাশৌচং বিধাতব্যং কার্য্যঞ্চাপ্যুদকাদিকং॥" ইতি।

এবং ব্রহ্মপুরাণ, যথা—

"প্রমাদাদপিনিঃশঙ্ক-স্ত্বকস্মাদ্বিধিচোদিতঃ।
শৃঙ্গিদংষ্ট্রি-নখিব্যাল-বিষবিদ্যুজ্জলাদিভিঃ।
চাণ্ডালৈরথবা চৌরৈর্নিহতো বাপি কুত্রচিৎ।
তস্য দাহাদিকংকার্য্যং যস্মান্ন পতিতস্তুসঃ॥" ইতি।

পতিত ব্যক্তিগণের দাহাদি অকর্ত্তব্য, করিলে যথাবিহিত প্রায়শ্চিত্ত করিতে হয়।

প্রমাণ ব্রহ্মপুরাণে যথা—

"পতিতানাং ন দাহঃ স্যান্নান্ত্যেষ্টির্নাস্থি-সঞ্চয়ঃ।
নচাশ্রুপাতঃ পিণ্ডোবা কার্য্যং শ্রাদ্ধাদিকংক্কচিৎ।
এতানি পতিতানাঞ্চ যঃ করোতি বিমোহিতঃ।
তপ্ত * কৃচ্ছদ্বয়েনৈবতস্য শুদ্ধির্নচান্যথা॥" ইতি।

পরস্ত্রীরমণকারী, চণ্ডালাদির সহিত ক্রীড়াযুদ্ধে রত, বিষাদি দ্বারা পর জীবন বিনাশক, ক্রূর বুদ্ধি, উদ্বন্ধনাদি দ্বারা নিজজীবনত্যাগোদ্যত, কুশিল্পজীবী ইত্যাদি দুষ্কর্ম্মান্বিত ও মহাপাতকীরাই পতিত শব্দ বাচ্য।

প্রমাণ ব্রহ্মপুরাণে যথা—

"শৃঙ্গিদংষ্ট্রী-নখি-ব্যাল বিষবহ্নিস্ত্রিয়া জলৈ।
রাদরাৎপরিহর্ত্তব্যঃ কুর্ব্বন্ ক্রীড়াং মৃতস্তুযো।

---

* ব্রত বিশেষ, দুই তপ্ত কৃচ্ছ অর্থাৎ এক চান্দ্রায়ণ।

নাগানাং বিপ্রিয়ং কুর্ব্বন্ দগ্ধশ্চাপ্যথ বিদ্যুতা।
নিগৃহীতঃ স্বয়ং রাজ্ঞা চৌর্য্যদোষেণ কুত্রচিৎ।
পরদারান্ রমন্তশ্চ দ্বেষাৎ তৎপতিভির্হতাঃ।
অসমানৈশ্চ সঙ্কীর্ণৈশ্চাণ্ডালাদ্যৈশ্চ বিগ্রহং।
কৃত্বা তৈর্নিহতাং স্তাংস্তু চাণ্ডালাদীন্ সমাশ্রিতাঃ।
* গরাগ্নিবিষদাশ্চৈব পাষণ্ডা ক্রূরবুদ্ধয়ঃ †।
ক্রোধাৎ প্রায়ং বিষং বহ্নিং শস্ত্রমুদ্বন্ধনং জলং।
গিরি-বৃক্ষ-প্রপাতঞ্চ যে কুর্ব্বন্তি নরাধমাঃ।
‡ কুশিল্প-জীবিনশ্চৈব সূনালঙ্কার-কারিণঃ ৪
৫ মুখে ভগাশ্চ যে কেচিৎ ক্লীবপ্রায়া নপুংসকা। ৬
৭ ব্রহ্মদণ্ড হতা যেচ যেচবৈ ব্রাহ্মণৈ র্হতাঃ ৮।
৯ মহাপাতকিনো যেচ পতিতাস্তে প্রকীর্ত্তিতাঃ ॥”
ইতি।

অকৃত-প্রায়শ্চিত্ত-কুষ্ঠ্যাদি-রোগগ্রস্থ ব্যক্তির মরণে দাহাদি কর্ত্তব্য নয়, স্নেহ বশতঃ করিলে যথাবিধি প্রায়শ্চিৎ করিতে হয়।

প্রমাণ, ভবিষ্য পুরাণীয় মধ্যতন্ত্র ষষ্ঠাধ্যায়ে যথা—

---

* গরং ব্যাধিজনকমৌষধং কৃত্রিম-বিষ-মিতিকেচিৎ।
† ক্রূর-বুদ্ধয়ো নিত্যং পরাপকার এব বুদ্ধি র্যেষাংতে।
‡ কুশিল্পজীবিনঃ চর্ম্মাস্থ্যাদি-পাত্র-নির্ম্মাতারঃ।
৪ মনুষ্য বধস্থানাধিকারণঃ।
৫ উৎকল-দেশ-প্রসিদ্ধা ব্যাধি বিশেষাঃ।
৬ নপুংসক-বিশেষাঃ, পুরুষ-কর্ম্মকরণা-সমর্থা ইতি কেচিৎ।
৭ ব্রাহ্মণ-বিষয়া-পবাধকরণান্নিঃসৃতাঃ।
৮ তন্মন্যুৎপাদনাৎ পাপাদিনা।
৯ মহাপাতক চিহ্ন বিশিষ্টাঃ। ব্রহ্মহত্যাসুরাপানাদি-কুকর্ম্ম-রতাঃ।

"যদি স্নেহাচ্চরেদ্দাহং যতিচান্দ্রায়ণং চরেৎ

রোগ ভিন্ন ক্ষত হইয়া সপ্তাহ মধ্যে মৃত্যুতে ত্রিরাত্রাশৌচ হয়,এবং সপ্তাহের পর মৃত্যু হইলে সম্পূর্ণাশৌচ হয়।

প্রমাণ স্মৃতি, যথা—

"ক্ষতেন ম্রিয়তে যস্তু তস্যাশৌচং ভবেদ্দিধা।
আসপ্তাহাত্রিরাত্রংস্যাদ্দশরাত্র-মতঃ পরং ॥" ইতি।

শস্ত্রাহত ব্যক্তির তিন দিবস মধ্যে মৃত্যু হইলে ত্রিরাত্রাশৌচ হয়, এবং তিন দিবসের পর মৃত্যু হইলে সম্পূর্ণাশৌচ হয়।

প্রমাণ শঙ্খ বচন যথা—

"শস্ত্র ঘাতে ত্র্যহাদূর্দ্ধং যদি কশ্চিৎ প্রমীয়তে।
অশৌচং প্রাকৃতং তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ ॥" ইতি।

অথ সদ্যঃশৌচাদি

সূপকারের অশৌচ হইলেও সূপকর্ম্মে শুদ্ধ।

প্রমাণ আদিপুরাণে যথা—

"সূপকারেণ যৎকর্ম্ম করণীয়ং নরেষ্বিহ।
তদন্যোনৈব শক্লোতি তস্মাচ্ছুদ্ধঃ সসূপকৃৎ ॥" ইতি।

এই প্রকার শিল্পী, বৈদ্য, দাস, দাসী, নিয়মিত দান কারী, ব্রহ্মবিৎ, ব্রহ্মচারী, যাজ্ঞিক, ব্রতী এই সকল ব্যক্তি নিজ নিজ কর্ম্মে অশৌচে ও সদ্যঃ শুদ্ধ।

প্রমাণ কূর্ম্ম পুরাণে যথা—

* "কারবঃ শিল্পিনো বৈদ্যা দাসা দাস্যস্তথৈবচ।
দাতারো নিয়মী চৈব ব্রহ্মবিদ্ব্রহ্মচারিণৌ।
সত্রিণো ব্রতিন স্তাবৎসদ্যঃশৌচা উদাহৃতাঃ॥" ইতি।

ব্রত যজ্ঞবিবাহাদি পূর্ব্বারব্ধ হইলে সদ্যঃ শৌচ হয়।

প্রমাণ বিষ্ণু যথা—

"ব্রত যজ্ঞ বিবাহেষু শ্রাদ্ধে হোমে হর্চ্চনে জপে।
আরব্ধে-সূতকংন স্যাদনারব্ধে তু সূতকম্॥" ইতি।

পূর্ব্বোক্ত এবং অন্যান্য কর্ম্ম যাহা অন্যের দ্বারা হয় না অথবা পূর্ব্বারব্ধ ব্রতাদি স্বকর্ত্তব্যে সদ্যঃ শৌচ। অশৌচমধ্যকর্ত্তব্য জাত কর্ম্মাদি অশৌচান্তর পাতেও করিতে পারে।

প্রমাণ মিতাক্ষরা পরিশেষ খণ্ডে প্রজাপতি যথা—

অশৌচে তু সমুৎপন্নে পুত্রজন্ম যদা ভবেৎ।
কর্ত্তুস্তাৎকালিকী শুদ্ধিঃ পূর্ব্বাশৌচাদ্বিশুদ্ধ্যতি॥"ইতি।

অথ অশৌচে কর্ত্তব্যাকর্ত্তব্য।

অশৌচ মধ্যে সন্ধ্যা পঞ্চমহাযজ্ঞ বৈধ স্নানাদি করিবে না।

প্রমাণ জাবালি যথা—

"সন্ধ্যাং পঞ্চ মহাযজ্ঞান্ নৈত্যিকং স্মৃতি কর্ম্মচণ।
তন্মধ্যে হাপয়েত্তেষাং দশাহান্তে পুনঃ ক্রিয়া॥" ইতি।

---

* কারবঃ সূপকারাদ্যাঃ।

† পঞ্চ মহা যজ্ঞ যথা—" পাঠোহোমশ্চাতিথীনাং সপর্য্যাতর্পণং বলিরিত্য-নরঃ। পাঠ, হোম, আতিথ্য, তর্পণ, ভূতবলি। এই পাঁচটীর নাম পঞ্চ মহাযজ্ঞ।

অশৌচে দেবতা ও পিতৃ পুরুষাদির নাম করিবে না।

প্রমাণ শঙ্খ যথা—

"নাশুচি॰র্দ্দেব পিতৃষি নামানি নচ কীৰ্ত্তয়েৎ ॥" ইতি ॥

এই বচনোক্ত নাম শব্দ বিষ্ণু নামাতিরিক্ত নাম পর জানিতে হইবে কারণ বিষ্ণুনাম কীর্ত্তনে দোষ নাই।

প্রমাণ শঙ্খ যথা—

"ন দেশ নিয়ম স্তত্র নকাল নিয়ম স্তথা।
নোচ্ছিষ্টাদৌ নিষেধোঽস্তি বিষ্ণোর্নামনি লুব্ধক ॥"
ইতি।

অশৌচে অভিবাদন প্রত্যভিবাদন নিষেধ।

প্রমাণ মভিবাদয়ে দিত্যনুবৃত্তৌ শঙ্খলিখিতৌ যথা—

"নাশুচির্ন জপন্ ন দৈবপিতৃ কার্য্যং কুর্ব্বন্নিতি ॥"

এবমাপস্তম্বো যথা—

"অপ্রযতশ্চন প্রত্যভিবাদয়েদিতি ॥"

নমস্কারে নিষেধ নাই।

প্রমাণ স্মৃতির্যথা—

"সর্ব্বেচাপি নমস্কুর্য্যুঃ সর্ব্বাবস্থাসু সর্ব্বদা ॥" ইতি।

ধ্যান যোগে ইষ্টদেবতার পূজা করিতে পারে।

প্রমাণ নারদ যথা—

"স্নাত্বা নিত্যঞ্চ নির্ব্বর্ত্ত্য মানস্যা ক্রিয়য়া তুবৈ।
বাহ্য পূজা ক্রমেণৈব ধ্যান যোগেন পূজয়েৎ ॥" ইতি।

মন্ত্র স্মরণে দোষ নাই কারণ মন সততই শুচি থাকে।

প্রমাণ নৃসিংহ কল্পে যথা—

"যদিস্যাদ শুচিস্তত্র স্মরে মন্ত্রং নতূচ্চরেৎ।
মনোহি সর্ব্বজন্তূনাং সর্ব্বদৈব শুচি স্মৃতং॥" ইতি।

লবণ, মধু, মাংস, পুষ্প ফল, মূল, কাষ্ঠ, তৃণ, জল, দধি, ঘৃত, দুগ্ধ, তৈল, ঔষধি, অজিন, পক্ক অর্থাৎ শক্তু, লাজাদি, অপক্ক অর্থাৎ তণ্ডুলাদি, অশৌচান্বিত ব্যক্তির এই সকল দ্রব্য স্বয়ং গ্রহণে দোষ নাই, কিন্তু পণ্য দ্বারা সকল বস্তুই অশৌচির নিকট গ্রহণ করা যাইতে পারে।

প্রমাণ মরীচি যথা—

"লবণে মধু মাংসেচ পুষ্পমূল ফলেষুচ
শাক কাষ্ঠ তৃণেষ্বপ্সু দধি সর্পিঃ পয়ঃস্বচ
তৈলৌষধ্যজিনে চৈব পক্কাপক্কে স্বয়ং গ্রহে
পণ্যেষু চৈবসর্ব্বেষু নাশৌচং মৃত সূতকে॥" ইতি॥

অথ শবানুগমনাদ্যশৌচ।

ইচ্ছা পূর্ব্বক ব্রাহ্মণ শবানুগমনে ব্রাহ্মণের সবস্ত্র স্নান, অগ্নিস্পর্শ ও ঘৃত ভোজনে শুদ্ধি। ক্ষত্রিয়শবানুগমনে এক দিবস উপবাসে শুদ্ধি। বৈশ্য শবানুগমনে দুই দিবস উপবাসে শুদ্ধি। শূদ্রশবানুগমনে শত প্রাণায়াম ও তিন দিবস উপবাসে শুদ্ধি।

প্রমাণ কূর্ম্মপুরাণ যথা—

"প্রেতীভূতং দ্বিজং বিপ্রো যো হনুগচ্ছতিকামতঃ।
স্নাত্বা সচেলং স্পৃষ্ট্বাগ্নিংঘৃতং প্রাশ্য বিশুদ্ধ্যতি।
একাহাৎ ক্ষত্রিয়ে শুদ্ধি বৈশ্যেচ স্যাদ্দ্বাহেন তু।
শূদ্রে দিনত্রয়ং প্রোক্তং প্রাণায়াম শতংপুনঃ॥" ইতি।

প্রমাদ বশত অর্থাৎ অনিচ্ছা পূর্ব্বক কিম্বা অজ্ঞানত শূদ্র শবানুগমনে ব্রাহ্মণ স্নান অগ্নিস্পর্শ ও ঘৃত ভোজনে শুদ্ধ হয়।

প্রমাণ যাজ্ঞবল্ক্য বচন যথা—

"ব্রাহ্মণেনানুগন্তব্যো ন তু শূদ্রঃ কথঞ্চন।
অনুগম্যাম্ভসি স্নাত্বা স্পৃষ্ট্বাগ্নিং ঘৃতভুক্ শুচিঃ॥" ইতি।

স্নিগ্ধ মানবাস্থিস্পর্শে স্নানে শুদ্ধি এবং অস্নিগ্ধ মানবাস্থি স্পর্শে আচমন গোস্পর্শ ও সূর্য্যদর্শনে শুদ্ধি হয়।

প্রমাণ মনু যথা—

"নারং স্পৃষ্ট্বাস্থি সস্নেহংস্নাত্বা বিপ্রো বিশুদ্ধ্যতি।
আচম্যৈবতু নিস্নেহং গামালভ্যার্কমীক্ষ্য চ॥" ইতি।

ইহা অজ্ঞানে স্পর্শের প্রায়শ্চিত্ত। জ্ঞান পূর্ব্বক স্নিগ্ধাস্থি স্পর্শে ত্রিরাত্র অস্নিগ্ধাস্থি স্পর্শে অহোরাত্র অশৌচ।

প্রমাণ বশিষ্ট যথা—

"মানুষাস্থি স্নিগ্ধং স্পৃষ্ট্বা ত্রিরাত্র মশৌচং
অস্নিগ্ধেত্বহোরাত্র মিতি॥" ইতি।

মিতাক্ষরার পূর্ব্ব প্রমাণ দ্বিজাত্যস্থিপর এবং শেষের প্রমাণ শূদ্রাস্থিপর বলেন। অনাথ ব্রাহ্মণের দহনবহনে স্নান ও ঘৃত ভোজনে সদ্যঃ শুদ্ধি।

প্রমাণ কূর্ম্মপুরাণে যথা—

"অনাথঞ্চৈব নিহৃত্য ব্রাহ্মণংধনবর্জ্জিতং।
স্নাত্বা সংপ্রাশ্য তু ঘৃতং শুদ্ধ্যন্তি ব্রাহ্মণাদয়ঃ॥" ইতি।

ধন লোভে স্বজাতীয় শবদাহে ব্রাহ্মণের দশাহ ক্ষত্রিয়ের দ্বাদশাহ বৈশ্যের পঞ্চ দশাহ ও শূদ্রের এক মাস অশৌচ হয়, কিন্তু ভিন্ন জাতির শবদাহে তজ্জাত্যুক্ত অশৌচ হয়।

প্রমাণ কূর্ম্মপুরাণে যথা—

"যদি নির্দহতি প্রেতং প্রলোভাক্রান্ত মানসঃ।
দশাহেন দ্বিজঃ শুদ্ধ্যেদ্দ্বাদশাহেন ভূমিপঃ।
অর্দ্ধ মাসেন বৈশ্যস্তু শূদ্রো মাসেন শুদ্ধ্যতি।
অবরশ্চেদ্বরং বর্ণ মবরং বা বরো যদি।
অশৌচে সংস্পৃশেৎস্নেহাত্তদা শুচ্যেন শুদ্ধ্যতি॥"ইতি।

স্নেহ প্রযুক্ত অসম্বন্ধী ব্রাহ্মণের দাহাদি করিলে ব্রাহ্মণের এক দিবস অশৌচ হয়, তাহার গৃহে বাস করিলে ত্রিরাত্র অশৌচ হয়, তদগৃহ বাস এবং অন্ন ভোজন করিলে দশাহ অশৌচ হয়। বান্ধবাদির দহনে ত্রিরাত্র অশৌচ হয়।

প্রমাণ মনু যথা—

"অসপিণ্ডং দ্বিজং প্রেতং বিপ্রো নিহৃত্য বন্ধুবৎ।
বিশুদ্ধ্যতি ত্রিরাত্রেণ॥" ইতি।

"যদ্যন্ন মত্তিতেষান্তু দশাহেন বিশুদ্ধ্যতি॥" ইতিচ।
"অনদন্নন্নমহ্নৈব নচেত্তস্মিন্ গৃহে বসেৎ॥" ইতিচ।

চিতাধূম সেবনে ব্রাহ্মণাদি চারি বর্ণই স্নান করিবে।

প্রমাণ বিষ্ণু যথা—

"চিতাধূম সেবনে সর্ব্ববর্ণাঃ স্নান মাচরেয়ুঃ॥" ইতি।

মৃত শূদ্রের অস্থি সঞ্চয়নের পূর্ব্বে তাহাদিগের গৃহে গমন করিয়া অশ্রুপাত করিলে ব্রাহ্মণের ত্রিরাত্র অশৌচ হয়। এবং অস্থি সঞ্চয়নের পর এক মাসের মধ্যে তদগৃহে গমন করিয়া ক্রন্দন করিলে এক দিবস অশৌচ হয়।

প্রমাণ পারস্কর যথা—

"*অস্থি সঞ্চয়নাদর্ব্বাক্ যদি বিপ্রো হশ্রু পাতয়েৎ।
মৃতে শূদ্রে গৃহংগত্বা ত্রিরাত্রেন বিশুদ্ধ্যতি।
অস্থিসঞ্চয়না দূর্দ্ধং যাবন্মাসং দ্বিজাতয়ঃ।
দিবসে নৈব শুদ্ধ্যন্তি বাসসাং ক্ষালণেনচ॥" ইতি।

ব্রাহ্মণের মৃত্যুর পব অস্থি সঞ্চয়নের পূর্ব্বে ব্রাহ্মণ যদি তদ্গৃহে গমন করত তাহার বন্ধুবর্গের সহিত রোদন করেন, তবে একদিবস অশৌচ হয়, ক্ষত্রিয় বৈশ্য গৃহে বিলাপ করিলে দুই দিবস অশৌচ হয়, ক্ষত্রিয় বৈশ্যাদিরাও স্বজাতি গৃহে রোদনে এক দিবস অশুচি হইবে, শূদ্রের এক রাত্র অশৌচ হয়।

প্রমাণ পারস্কর যথা—

"সজাতে র্দিবসেনৈব দ্ব্যহাৎ ক্ষত্রিয়বৈশ্যয়োঃ।
স্পর্শং বিনানু গমনে শূদ্রো নক্তেন† শুদ্ধ্যতি।
মৃতস্য বান্ধবৈঃ সার্দ্ধং কৃত্বা তু পরিবেদনং।
বর্জ্জয়েত্তদহোরাত্রং দানং স্বাধ্যায় কর্ম্মচ॥" ইতি।

সম্পূর্ণ মৃতাশৌচে ব্রাহ্মণ চারি দিনে, ক্ষত্রিয় ছয় দিনে, বৈশ্য আট দিনে এবং শূদ্র দশ দিনে স্পৃশ্যত্ব প্রাপ্ত হয়।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

"চতুর্থে হহনি বিপ্রস্য যষ্ঠে বৈ ক্ষত্রিয়স্যচ।
অষ্টমে দশমে চৈব স্পর্শঃস্যাদ্বৈশ্য শূদ্রয়োঃ॥" ইতি।

খণ্ডাশৌচে সকলেরই অশৌচ কালের ত্রিভাগৈক ভাগকালানন্তর স্পৃশ্যত্ব হয়।

* অস্থি সঞ্চয়ন মৃত্যুর পর চতুর্থাদি দিন সাধ্য কার্য্য বিশেষ। প্রমাণ সম্বর্ত্ত যথা—"চতুর্থেহ হনিকর্ত্তব্য মস্থিসঞ্চয়নং দ্বিজৈঃ॥" ইতি।
অস্থিসঞ্চয়নের পর অঙ্গস্পর্শ করিবে। প্রমাণ সম্বর্ত্ত যথা—"ততঃসঞ্চয়না-দূর্দ্ধং অঙ্গস্পর্শো বিধীয়তে॥" ইতি।

† নক্ত রাত্রি।

প্রমাণ খণ্ডাশৌচে দেবল যথা—

"অশৌচ কালাদ্বিজ্ঞেয়ং স্পর্শনস্তু ত্রিভাগতঃ ॥" ইতি।

অতিক্রান্তা শৌচে সচেল ‡ স্নানে অস্পৃশ্যত্ব নিবৃত্তি।

প্রমাণ স্মার্ত্ত যথা—

"অতিক্রান্তাশৌচে তু সচেল স্নানাদঙ্গাস্পৃশ্যত্ব
নিবৃত্তিঃ পূর্ব্বোক্ত নির্দশমিতি মনুবচনাৎ ॥"

জননাশৌচে সপিণ্ডদিগের অস্পৃশ্যত্ব হয় না।

প্রমাণ কূর্ম্মপুরাণ, যথা—

"সূতকেতু সপিণ্ডানাং সংস্পর্শো নৈব দূষ্যতি। ইতি।"

পুত্রকন্যা জননে ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যা দশদিবস অস্পৃশ্যা থাকে এবং শূদ্রা ত্রয়োদশ দিবস অস্পৃশ্যা থাকে।

প্রমাণ আদি পুরাণে যথা—

"ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা প্রসূতাদশভির্দিনৈ।
গতৈঃ শূদ্রাতু সংস্পৃশ্যা ত্রয়োদশভিরেবচ ॥ ইতি ॥"

সূতিকা স্পর্শনে পিতার এবং বিমাতার মাতার সমান অস্পৃশ্যত্ব হয়।

প্রমাণ স্মার্ত্ত যথা—

"পুত্রজননে পিতুর্ব্বিমাতৃণাঞ্চ তৎসমকালিকা
স্পৃশ্যত্বঞ্চ বক্ষ্যত ইতি ॥"

অন্যের স্নান মাত্রে শুদ্ধি

‡ সচেল সবস্ত্র

অথ দ্রব্য শুদ্ধি।

ছাগ, গো, মহিষী, ব্রাহ্মণী প্রসূত হইলে দশদিবসে শুদ্ধ হয়, নবোদক বর্ষাতিরিক্তকালে পতিত হইলেও ঐরূপ।

প্রমাণ যম যথা—

"অজা গাবো মহিষ্যশ্চ ব্রাহ্মণীচ প্রসূতিকা।
দশ রাত্রেণ শুদ্ধ্যন্তি ভূমিষ্ঠঞ্চ নবোদকং॥" ইতি॥

ভূমিগত নবোদক বর্ষাকালে ও তিন দিবস পান কর্ত্তব্য নহে।

প্রমাণ মিতাক্ষরায় স্মৃতির্যথা—

"কালে নবোদকং শুদ্ধং ন পাতব্যন্তু তৎত্র্যহং।" ইতি

শূদ্রানীত জল এবং মেঘাম্বু দ্বারা স্নান, আচমন, দেবপূজা ও পিতৃতর্পণাদি নিষিদ্ধ।

প্রমাণ শঙ্খ যথা—

"স্নান মাচমনং দানং দেবতা পিতৃতর্পণং।
শূদ্রোদকৈর্ণ কুর্ব্বীত তথা মেঘাদ্বিনিঃসৃতৈঃ॥" ইতি

অকালে ভূমিগত মেঘ বিনিঃসৃত জল দশদিবসের মধ্যে পান করিলে এক দিন উপবাসে শুদ্ধ হইবে।

প্রমাণ মিতাক্ষরায় স্মৃতির্যথা—

"অকালেতু দশাহং স্যাৎ পীত্বা নাদ্যাদহর্নিশং॥ ইতি।'

বৃষ্টির জল স্পর্শাদি পূর্ব্বোক্তাতিরিক্ত কর্ম্মে নিষিদ্ধ নহে।

প্রমাণ পানাদিতরত্র স্পর্শাদৌতু হরিবংশঃ—

"অভৌমমম্ভো বিসৃজন্তি মেঘাঃ
পূতং পবিত্রং পবনৈঃ সুগন্ধি॥ ইতি॥"

ইহা বর্ষাকালে তিন দিবস মধ্যে কিম্বা অকালে দশ দিবস মধ্যে স্পর্শাদি করিতে পারে।

সুবর্ণ, রজত, শঙ্খ, প্রস্তর, শুক্তি, রত্ন, কাংস্য, লৌহ, তাম্র. পারদ, রঙ্গ, টিন্,দস্তা ও সীসকময় পাত্রে কেহ ভোজন না করিলে কেবল জল দ্বারা শুদ্ধ হয়।

প্রমাণ ব্রাহ্মে যথা—

সুবর্ণ রূপ্যশঙ্খাশ্ম * শুক্তি † রত্ন ময়ানিচ।
কাংস্যায় স্তাম্র রৈত্যানি ‡ ত্রপু ¶ সীস ময়ানিচ।
নির্লেপানি বিশুদ্ধ্যন্তি কেবলেন জলেনতু॥ ইতি।

এই সকল পাত্রে যদি শূদ্র ভোজন করে তাহা হইলে ক্ষার, অম্ল, ও বারি দ্বারা তিনবার মার্জ্জিত করিলে শুদ্ধ হয়, আর যদি সূতিকা, রজস্বলা, শব ও মূত্রাদি স্পৃষ্ট হয়, তাহা হইলে যাবৎকাল পর্য্যন্ত দগ্ধ করিলে পাত্র নষ্ট না হয় তাবৎ কাল পর্য্যন্ত দগ্ধ করিবে।

প্রমাণ ব্রাহ্মে যথা—

"শূদ্রোচ্ছিষ্টানি শুদ্ধ্যন্তি ত্রিধা ক্ষারাম্লবারিভিঃ।
সূতিকা শব বিণ্মূত্র (৫) রজস্বলা হতানিচ॥ ইতি॥"

ধান্য এবং বস্ত্রাদি অধিক বস্তু অল্পজলের অভ্যুক্ষণেই শুদ্ধ, অল্প হইলে ধৌত করিলে শুদ্ধ হয়।

প্রমাণ মনু যথা—

"অদ্ভিস্তু প্রোক্ষণং শৌচং বহূনাং ধান্য বাসসাং।
প্রক্ষালনেনত্বল্পানাং অদ্ভিঃশৌচং বিধীয়তে॥ ইতি॥"

---

* অশ্ম প্রস্তর। † শুক্তি ঝিনুক।

‡ রৈত্যং পিত্তলং ইতি স্মার্ত্তঃ। স্মার্ত্তের টীকায় রৈত্য শব্দের অর্থ পিত্তল লিখিত আছে। অভিধানে রৈত্য শব্দে শুক্র ধাতু পারদ বুঝায়।

¶ ত্রপু রঙ্গ, টিন, ও দস্তা। (৫) বিণ্মূত্র পুরীষ ও মূত্র।

ধূলি, পৃথিবী, অগ্নি, বায়ু, ছায়া, গো; অশ্ব, মক্ষিকা, এবং রবিকিরণাদি স্পর্শ মাত্রে শুদ্ধ হয়।

প্রমাণ মনু যথা—

"মক্ষিকা বিপ্রুষ § শ্ছায়া গৌরশ্বসূর্য্যরশ্ময়ঃ।
রজোভূর্ব্বায়ুরগ্নিশ্চ স্পর্শে মেধ্যানি নির্দ্দিশেৎ। ইতি॥"

আম মাংস, ঘৃত, মধু, এবং ফল সম্ভূত দ্রব পদার্থ ম্লেচ্ছাদির অশুচি পাত্রে থাকিলেও তাহাহইতে তুলিয়া লইলেই শুদ্ধ হয়।

প্রমাণ যম যথা—

আম মাংসং ঘৃতংক্ষৌদ্রংস্নেহাশ্চ ফলসম্ভবাঃ
ম্লেচ্ছভাণ্ড স্থিতা দুষ্টা নিষ্ক্রান্তাঃ শুচয়ঃ স্মৃতাঃ॥ ইতি॥"

যাহা এক জনে লইয়া যাইতে পারেনা এমন কাষ্ঠ এবং প্রস্তর মৃত্তিকার ন্যায় শুদ্ধ এবং বহু সংখ্যক ইষ্টক অর্থাৎ ইষ্টক রাশিও তদ্রূপ শুদ্ধ।

প্রমাণ বৌধায়ন যথা—

"অনেকোদ্বাহ্যে দারুশিলে ইষ্টকাশ্চ সঙ্কীর্ণীভূতা॥" ইতি॥

এইরূপ সকল বস্তুই তাপন, প্রোক্ষণ, কিয়দংশ পরিত্যাগ ইত্যাদি কার্য্য দ্বারা শুদ্ধ হয়, গ্রন্থ গৌরব ভয়ে সমস্ত উদ্ধৃত হইলনা।

অথ মুমূর্ষু মৃত কৃত্য।

শালগ্রাম সমীপে কিম্বা একক্রোশের মধ্যে মৃত্যু হইলে বিষ্ণুলোক প্রাপ্তি।

প্রমাণ লিঙ্গপুরাণ যথা—

"শালগ্রাম সমীপেতু ক্রোশ মাত্রং সমন্ততঃ।
* কীকটেঽপি মৃতো যাতি বৈকুণ্ঠভবনং নরঃ॥" ইতি।

§ বিপ্রুষ দ্রববস্তুর বিন্দু। * কীকট মগধ।

তুলসী বৃক্ষ সমীপে মৃত্যুতেও হরিপদ প্রাপ্তি।

প্রমাণ বৈষ্ণবামৃতে ব্যাস যথা—

"তুলসীকাননে জন্তোর্যদি মৃত্যুর্ভবেৎ কচিৎ।
স নির্ভৎস্য যমং পাপী লীলয়ৈব হরিং বিশেৎ॥"ইতি॥

গঙ্গাতীর হইতে দুই ক্রোশ পর্য্যন্ত পুণ্যক্ষেত্র, ইহাতে দান, জপ, হোম, করিলে গঙ্গাতীরকৃত সম ফল প্রাপ্তি, এবং ঐ স্থান বাসীরা স্বর্গগামী হয় ও ঐ স্থানে মৃত্যু হইলে পুনর্জ্জন্ম হয় না।

প্রমাণ স্কান্দে যথা—

"তীরাদ্গব্যূতি * মাত্রন্তু পরিতঃ ক্ষেত্রমুচ্যতে।
অত্র দানং জপোহোমো গঙ্গায়াং নাত্র সংশয়ঃ।
অত্রস্থা স্ত্রিদিবং যান্তি যে মৃতাস্তেঽপুনর্ভবাঃ॥" ইতি॥

গঙ্গাতীরাদি মরণে প্রাপ্ত ব্রহ্মলোক ব্যক্তিরও শ্রাদ্ধাদি করিতে হইবে।

প্রমাণ ভাগবতে যথা—

"কৃষ্ণএবং ভগবতি মনোবাগ্ দৃষ্টিবৃত্তিভি
রাত্মন্যাত্মান মাবেশ্য সোঽন্তঃ শ্বাসমুপারমৎ
সম্পদ্যমানমাজ্ঞায় ভীষ্মং ব্রহ্মনি নিষ্কলে
সর্ব্বে বুভূবুস্তে তুষ্ণীং† বয়াংসীব ‡ দিনাত্যয়ে¶
তস্য নির্হরণাদীনি সম্পরেতস্য ভার্গব
যুধিষ্ঠিরঃ কারয়িত্বা মূহূর্ত্তং দুঃখিতোঽভবৎ॥" ইতি॥

---

* গব্যূতি দুই ক্রোশ। গব্যূতি স্ত্রী ক্রোশযুগ মিতামরঃ।
† তুষ্ণী নীরব।
‡ বয়াংসি পক্ষিণঃ জীবন কাল। বা।
¶ দিনাত্যয়ে দিবসাপগমে কালশেষে বা।

পরমাত্মা ভগবান কৃষ্ণে স্বকীয় আত্মা মিলিত করিয়া, মহাবীর ভীষ্ম মুক্ত হইলে তাঁহাকে নিরুপাধি ব্রহ্ম সম্মিলিত জ্ঞানেও মহারাজ যুধিষ্ঠির তাঁহার ঔর্দ্ধদেহিকী ক্রিয়া নিষ্পাদন করিয়াছিলেন, এই নিমিত্ত পুত্র মুক্ত পিত্রাদির শ্রাদ্ধ নিজ কর্ত্তব্যানুরোধে অবশ্যই করিবে।

আসন্নমৃত্যুব্যক্তি অশুচি হইলেও সবৎসা গাভি দান করিবে, অশক্ত হইলে নরকোদ্ধারের নিমিত্ত কেবল মাত্র গাভি দান করিবে, রোগ প্রযুক্ত নিজে অসমর্থ হইলে অন্য দ্বারা দান করাইবে, যদি সে সময়ে বৈতরণ্যাদি দান না করা হয়, তাহা হইলে অশৌচান্তে পুত্রাদি ঐ কার্য্য করিবে।

প্রমাণ স্মৃতি যথা—

"আসন্ন মৃত্যুনা দেয়া গৌঃ সবৎসাচ পূর্ব্ববৎ।
তদভাবে চ গৌরেকা নরকোদ্ধারণায়বৈ।
তদা যদি ন শক্নোতি দাতুং বৈতরণীঞ্চ গাং।
শক্তোহন্যোহরুক্ তদা দত্বা শ্রেয়োদদ্যান্মৃতস্যচ॥" ইতি॥

শবদূষিত গৃহস্থ মৃন্ময় ভাণ্ড এবং সিদ্ধান্ন পরিত্যাগ করিয়া, গোময় দ্বারা উপলেপন করতঃ ব্রাহ্মণ কর্ত্তৃক মন্ত্রপূত জল সেই গৃহে অভ্যুক্ষণ করিবে।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

"গৃহশুদ্ধিং প্রবক্ষ্যামি অন্তস্থশবদূষিতে।
প্রোৎসৃত্য মৃন্ময়ং পাত্রং সিদ্ধমন্নংতথৈবচ।
গৃহাদপাস্য তৎ সর্ব্বং গোময়েনোপলেপয়েৎ।
গোময়েনোপলিপ্যাথ ছাগেনাঘ্রাপয়েদ্বুধঃ।
ব্রাহ্মণৈর্ম্মন্ত্রপূতৈশ্চ হিরণ্যকুশবারিভিঃ।
সর্ব্বমভ্যুক্ষয়েদ্বেশ্ম ততঃ শুদ্ধ্যত্য সংশয়ঃ॥" ইতি॥

দহন, খনন, উপলেপন, বপন, এবং পর্জন্য বর্ষণ, এই পাঁচ প্রকার কার্য্য দ্বারা ভূমির পবিত্রতা হয়।

প্রমাণ দেবল যথা—

"দহনং খননংভূমেরুপলেপনবাপনে।
* পর্জন্য-বর্ষণঞ্চাপিশৌচং পঞ্চবিধং স্মৃতং ॥" ইতি ॥

দাহযোগ্য মনুষ্যের মৃত্যু হইলে, তাহার মৃত দেহ কিম্বা অস্থির অপ্রাপ্তিতে অমাবস্যায় পর্ণনর দগ্ধ করিবে।

প্রমাণ দীপকলিকা যথা—

"অস্থ্নামলাভে দর্শেতু ততঃ পর্ণনরং দহেৎ ॥" ইতি ॥

শরপত্র দ্বারা পুরুষের প্রতিকৃতি নির্ম্মাণ করিবে এবং শিরে ৪০, গ্রীবাতে ১০, বক্ষঃস্থলে ৩০, জঠরে ২০, বাহুতে ১০০, অঙ্গুলিতে ১০, † বৃষণে ৬, ‡ শিশ্নে ৪, উরুতে ১০০, জানু জঙ্ঘাতে ৩০, এবং পদাঙ্গুলিতে ১০, এই ৩৬০ পলাশ পত্র দিয়া পশম অর্থাৎ মেষাদির লোম দ্বারা বেষ্টন করিবে, পরে যবমণ্ড লেপ দিয়া দাহ করিবে।

প্রমাণ আশ্বলায়ন গৃহ্য পরিশিষ্টে যথা—

"অস্থিনাশে পলাশ বৃন্তানাং ত্রীণি যষ্ঠিশতানিচ
পুরুষপ্রতিকৃতিং কৃত্বাহশীত্যর্দ্ধন্তু শিরসি
গ্রীবায়াং দশ যোজয়েৎ উরসি ত্রিংশতং দদ্যাৎ
বিংশতিং জঠরেতথা বাহুভ্যাঞ্চ শতং দদ্যাৎ
দদ্যাদঙ্গুলিভি র্দশ দ্বাদশার্দ্ধং বৃষণয়ো
রষ্টার্দ্ধং শিশ্নএবচ উরুভ্যাঞ্চ শতংদদ্যাৎ
ত্রিংশতং জানুজঙ্ঘয়োঃ পাদাঙ্গুলিষুচ দশ ॥" ইতি ॥
"ঊর্ণা সূত্রেণ সংবেষ্ট্য যবপিষ্টেন লেপয়েৎ ॥" ইতিচ।

পর্ণনর দাহ তিন পক্ষ পরে করিতে হয়।

পর্জন্য—মেঘ। † বৃষণ—অণ্ডকোষ। ‡ শিশ্ন—পুংলিঙ্গ

প্রমাণ বিষ্ণু যথা—

"ত্রিপক্ষেতু গতে পর্ণনরং দহ্যাদনগ্নিক ॥" ইতি।

অথ অধিকারি নির্ণয়।

নিম্নলিখিতেরা পূর্ব্বের অভাবে পরোক্ত দাহাদি সপিণ্ডীকরণান্ত ক্রিয়ার অধিকারী।

জ্যেষ্ঠ পুত্র, কনিষ্ঠ পুত্র, পৌত্র, প্রপৌত্র, অপুত্র পত্নী, কর্ম্মাসমর্থ পুত্রযুক্ত পত্নী, অদত্ত কন্যা, বাগদত্তা কন্যা, দত্ত কন্যা, দৌহিত্র, কনিষ্ঠ সহোদর, জ্যেষ্ঠ সহোদর, কনিষ্ঠ বৈমাত্রেয়, জ্যেষ্ঠ বৈমাত্রেয়, কনিষ্ঠ সোদরপুত্র, জ্যেষ্ঠ সোদর পুত্র, কনিষ্ঠ বৈমাত্রেয় পুত্র, জ্যেষ্ঠ বৈমাত্রেয় পুত্র, পিতা, মাতা, পুত্রবধূ, পৌত্রী দত্তা পৌত্রী, পৌত্রবধূ, প্রপৌত্রী, দত্তা প্রপৌত্রী, পিতামহ, পিতামহী, সপিণ্ড সমানোদক গোত্রজ, মাতামহ, মাতুল, ভাগিনেয়, মাতৃপক্ষ সপিণ্ড মাতৃপক্ষ সমানোদক, অসবর্ণা ভার্য্যা, অপরিণীতা অর্থাৎ বাগ্দাননিশ্চিতা ভার্য্যা, শ্বশুর, জামাতা, পিতামহী ভ্রাতা, শিষ্য, গুরু, মিত্র, পিতৃমিত্র, একগ্রামবাসী, গৃহীত বেতন সজাতীয়, সজাতীয়।

স্মার্ত্তের গ্রন্থে যেরূপ লিখিত আছে সেইরূপ অনুবাদিত হইয়া লিখিত হইল। নিম্নে স্ত্রীর দাহাদি ক্রিয়ার অধিকারী লিখিত হইতেছে।

জ্যেষ্ঠ পুত্র, কনিষ্ঠ পুত্র, পৌত্র, প্রপৌত্র, দত্তা অদত্তা ও বাগ্দত্তা কন্যা, দৌহিত্র, সপত্নীপুত্র, পতি, * স্নুষা, সপিণ্ড, সমানোদক, সগোত্র, পিতা, ভ্রাতা, ভগিনীপুত্র, ননন্দা পুত্র, ভ্রাতৃপুত্র, জামাতা, স্বামীর মাতুল, ভর্ত্তৃশিষ্য, পিতৃ সমানোদক, পিতৃ গোত্রজ, মাতৃসমানোদক, মাতৃ বংশ, সজাতীয়।

ইহারাই ক্রমান্বয়ে স্ত্রীলোকের দাহাদির অধিকারী।

প্রমাণ স্মার্ত্ত যথা—

* স্নুষা—পুত্রবধূ।

"জ্যেষ্ঠ পুত্র ইত্যাদি"

এবং প্রচেতা যথা—

"পুত্রোভ্রাতা পিতাবাপি মাতুলো গুরুরেবচ
এতে পিণ্ড প্রদা জ্ঞেয়া সগোত্রাশ্চৈব বান্ধবাঃ॥"ইতি।

পুত্রাদি নিকটে না থাকিলে যে ব্যক্তি দাহ করিবে অথবা প্রথম পিণ্ড দান করিবে সেই পুত্রাদির আগমনেও দশপিণ্ড দানের অধিকারী।

প্রমাণ বায়ু পুরাণ যথা—

"অসগোত্রঃ সগোত্রোবা যদি স্ত্রী যদিবা পুমান্।
যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডং দদ্যাৎ স এব হি॥

এবং আশ্বলায়ন গৃহ্য পরিশিষ্টে—

"অসগোত্রঃ সগোত্রোবা যদি স্ত্রী যদিবা পুমান্।
প্রথমেঽহনি যো দদ্যাৎ সদশাহং সমাপয়েৎ॥"

উঁহাদের অসামর্থে পুত্রাদিরা উক্ত কর্ম্ম করিতে পারে।

প্রমাণ স্মার্ত্ত যথা—

"দাহকাদেরসামর্থে পিণ্ডা দেয়াঃ সুতাদিভিঃ॥"

প্রথমাধিকারীর ব্যাঘাত হইলে অন্যে করিতে পারে।

প্রমাণ বৃহস্পতি যথা—

"এবং ক্রিয়া প্রবৃত্তানাং যদিকশ্চিদ্বিপদ্যতে।
তদ্বন্ধুনা ক্রিয়া কার্য্যা সর্ব্বৈর্বাসহকারিভিঃ॥"

অশৌচ মধ্যে স্ত্রীলোক রজস্বলা হইলে, বস্ত্রত্যাগ ও স্নান করিয়া স্বামীর পূরক পিণ্ড অর্থাৎ পূর্ব্বোক্ত দশপিণ্ড দান করিবে।

প্রমাণ শাতাতপ যথা—

"ভর্ত্তুঃ পিণ্ড প্রদানেতু সাধ্বী স্ত্রীচেদ্রজস্বলা।
বস্ত্রং ত্যক্ত্বা পুনঃ স্নাত্বা সৈব দদ্যাত্তু পূরকং ॥" ইতি।

অপুত্রা স্ত্রী স্বামীর সাম্বৎসরিক শ্রাদ্ধের সময় রজস্বলা হইলে, পঞ্চমদিবসে শ্রাদ্ধ করিবে।

প্রমাণ গোতম যথা—

"অপুত্রা তু যদা ভার্য্যা-সংপ্রাপ্তে ভর্ত্তুরাব্দিকে।
রজস্বলা ভবেৎ সা তু কুর্য্যাৎ তৎ পঞ্চমেঽহনি ॥"ইতি।

যে ব্যক্তির নাভির ঊর্দ্ধে কিম্বা অধোভাগে রুধিরস্রাব হয়, সেই ব্যক্তি সেই দিন দৈব পৈত্রকর্ম্মে অনধিকারী, কিন্তু গ্রহণে, পূবক দানে এবং মহাতীর্থে ক্ষত দোষ গ্রাহ্য নহে।

প্রমাণ স্মৃতি যথা—

নাভে রূর্দ্ধ মধোবাপি যদিস্যাদ্রুধিরস্রবঃ।
অশুদ্ধিস্তদহঃকর্ম্ম কুর্ব্বন্নরকমাপ্নুয়াৎ ॥" ইতি।

এবং

"চন্দ্রসূর্য্যোপরাগেচ মৃতানাং পিতৃতর্পণে
মহাতীর্থেতু সম্প্রাপ্তে ক্ষতদোষোন বিদ্যতে ॥ ইতি।"

অথ অশৌচান্ত দ্বিতীয় দিন কৃত্য।

অশৌচ নিবৃত্ত হইলে শ্রাদ্ধ দিবস স্নানানন্তর ব্রাহ্মণ জলস্পর্শে, ক্ষত্রিয় বাহনায়ুধ স্পর্শে, বৈশ্য প্রতোদ অশ্বাদি তাড়ন দণ্ড কিম্বা রশ্মি অর্থাৎ লাগাম স্পর্শে এবং শূদ্র যষ্টি স্পর্শে শুদ্ধ হইবে।

প্রমাণ মনু যথা—

"বিপ্রঃ শুদ্ধ্যত্যপস্পৃষ্ট্বা ক্ষত্রিয়ো বাহনায়ুধং।
বৈশ্যঃপ্রতোদং রশ্মীন্ বা যষ্টিং শূদ্রঃ কৃতক্রিয়ঃ॥" ইতি॥

ঐ দিবস ফলবস্ত্রযুক্ত উত্তম শয্যায় কাঞ্চনময় প্রেত প্রতিকৃতি শাঁয়িত করিবে এবং দ্বিজদম্পতীকে নানাবিধ অলঙ্কারে অলঙ্কৃত করিয়া পূর্ব্বোক্ত শয্যা দান করিতে হয়।

প্রমাণ মৎস্য পুরাণে যথা—

"অশৌচান্ত-দ্বিতীয়েহহ্নি শয্যাং দদ্যাদ্বিলক্ষণাং।
কাঞ্চনং পুরুষং তদ্বৎ ফলবস্ত্রসমন্বিতং।
সংপূজ্য দ্বিজ-দাম্পত্যং নানাভরণ ভূষণৈঃ॥" ইতি॥

একাদশাহে যে প্রেত সম্বন্ধে বৃষোৎসর্গ হয়, তিনি প্রেতলোক পরিত্যাগ করত স্বর্গে গমন করেন।

প্রমাণ মৈথিল ধৃত বচন যথা—

"অহন্যেকাদশে প্রাপ্তে যস্য চোৎসৃজ্যতে বৃষঃ।
প্রেতলোকাদ্বিমুক্তশ্চ স্বর্গলোকং সমশ্নুতে॥" ইতি॥

এবং অগ্নি পুরাণে যথা—

"একাদশাহে প্রেতস্য যস্য চোৎসৃজ্যতে বৃষঃ।
প্রেতলোকং পরিত্যজ্য স্বর্গলোকং স গচ্ছতি॥" ইতি॥

সপিণ্ডীকরণ পর্য্যন্ত বৃষোৎসর্গ করিতে পারে।

প্রমাণ অগ্নিপুরাণে যথা—

"আদ্য শ্রাদ্ধে ত্রিপক্ষে বা ষষ্ঠে মাসি চ বৎসরে।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যো যাবন্নস্যাৎ সপিণ্ডতা॥" ইতি॥

প্রেতোদ্দেশে ভূমি, আসন, জল, বস্ত্র, প্রদীপ, অন্ন, তাম্বূল, ছত্র, গন্ধ, মাল্য, ফল, শয্যা, পাদুকা, গো, কাঞ্চন এবং রজত, দান করিতে হয়।

ইহারই নাম ষোড়শ দান।

প্রমাণ সাম্প্রদায়িক যথা—

"ভূম্যাসনং জলং বস্ত্রং প্রদীপোঽন্নং ততঃ পরং।
তাম্বূলচ্ছত্রগন্ধাশ্চ মাল্যং ফলমতঃ পরং।
শয্যাচ পাদুকা গাবঃ কাঞ্চনং রজতংতথা।
দান মেতৎ ষোড়শকং প্রেতমুদ্দিশ্য দীয়তে॥ ইতি॥

প্রতি গ্রহ সমর্থ অর্থাৎ সুযোগ্য ব্রাহ্মণে দান করা কর্ত্তব্য।

প্রমাণ দেবল যথা—

"প্রতিগ্রহ সমর্থোহি কৃত্বা বিপ্রো যথাবিধি।
নিস্তারয়তি দাতারং আত্মানঞ্চ স্বতেজসা॥"

দান গ্রহণে বেদাঙ্গ পারগ বিপ্রের পাপস্পর্শ হয়না।

প্রমাণ স্কান্দে যথা—

"বেদাঙ্গ-পারগো বিপ্রো যদি কুর্য্যাৎ প্রতিগ্রহং।
ন স পাপেন লিপ্যেত পদ্ম-পত্র মিবাম্ভসা॥" ইতি॥

পিতা ও মাতার মৃত্যুতে এক বৎসর পর্য্যন্ত পুত্রের কালাশৌচ থাকে। এই সময় মধ্যে দৈব এবং পৈত্র কর্ম্ম করিতে পারেনা, কিন্তু সপিণ্ডীকরণান্তে বৎসর মধ্যে ও উক্ত অশৌচ যায়।

প্রমাণ দেবীপুরাণ যথা—

"প্রমীতৌ পিতরৌ যস্য দেহস্তস্যাশুচির্ভবেৎ।
নাপি দৈবং নবা পৈত্রং যাবৎ পূর্ণোন বৎসরঃ॥" ইতি॥

এবং শাতাতপ বচন যথা—

"অর্বাক্ সম্বৎসরাদ্বৃদ্ধৌ পূর্ণেসম্বৎসরেঽপি বা।
যে সপিণ্ডীকৃতাঃ প্রেতা ন তেষান্তু পৃথক্ ক্রিয়া॥" ইতি॥

অথ উদ্বাহকৃত্য।

পিতৃগোত্রে এবং মাতামহ গোত্রে বিবাহ করিবে না।

প্রমাণ মনু এবং শাতাতপ যথা—

"অসপিণ্ডাচ যামাতুরসগোত্রা চ যাপিতুঃ।
সাপ্রশস্তা দ্বিজাতীনাং দারকর্ম্মণি মৈথুনে ॥" ইতি।

পিতৃসাপিণ্ড্যে এবং মাতামহ সাপিণ্ড্যেও বিবাহ নিষিদ্ধ হইয়াছে।

প্রমাণ পূর্ব্বেই উক্ত হইয়াছে।

পিতৃ সাপিণ্ড্য সপ্তম পুরুষ পর্য্যন্ত।

প্রমাণ।

"লেপভাজ" ইত্যাদি পূর্ব্বেই লিখিত হইয়াছে।

মাতামহ সাপিণ্ড্য পঞ্চম পুরুষ পর্য্যন্ত।

প্রমাণ হরিনাথোপাধ্যায় ধৃত নারদ বচন যথা—

"পঞ্চমাৎ সপ্তমাদূর্দ্ধং মাতৃতঃ পিতৃতঃ ক্রমাৎ।
সপিণ্ডতা নিবর্ত্তেত সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিঃ ॥" ইতি।

এবং বিষ্ণুপুরাণে—

"সপ্তমীং পিতৃপক্ষাচ্চ মাতৃ পক্ষাচ্চ পঞ্চমীং।
উদ্বহেত দ্বিজোভার্য্যাং ন্যায়েন বিধিনানৃপ ॥" ইতি।

সপ্তম পঞ্চম পর্য্যন্ত পিতৃ মাতৃ বান্ধব কন্যা, ও সমান প্রবরা কন্যা বিবাহ করিবে না।

প্রমাণ নারদ যথা—

"আসপ্তমাৎ পঞ্চমাচ্চ বন্ধুভ্যঃ পিতৃমাতৃতঃ।
অবিবাহ্যাসগোত্রাচ সমান প্রবরা * তথা॥" ইতি।

অসবর্ণা কন্যা বিবাহও কলিতে নিষিদ্ধ।

প্রমাণ বৃহন্নারদীয়ে যথা—

"সমুদ্রে যাত্রা স্বীকারঃ কমণ্ডলু বিধারণং।
দ্বিজানাম মসবর্ণাসু কন্যাসূপযম † স্তথা।
দেবরেণ সুতোৎপত্তির্ম্মধুপর্কে পশোর্ব্বধঃ।
মাংসাদনং তথা শ্রাদ্ধে বান প্রস্থাশ্রমস্তথা।
দত্তায়াশ্চৈব কন্যায়াঃ পুনর্দ্দানং পরস্যচ।
দীর্ঘকালং ব্রহ্মচর্য্যং নরমেধাশ্বমেধকৌ।
মহাপ্রস্থান গমনং গোমেধঞ্চ তথামখম্ ‡।
ইমান্ ধর্ম্মান্ কলিযুগে বর্জ্জ্যানাহুর্মনীষিণঃ॥"
ইতি।

জ্যেষ্ঠের বিবাহ না হইলে কনিষ্ঠ বিবাহ করিবে না, করিলে পতিত হইবে।

প্রমাণ, হারীত যথা—

"জ্যেষ্ঠেঽনির্ব্বিষ্টে কনীয়ান্ নির্ব্বিশন্ পরিবেত্তা
ভবতি পরিবিন্নোজ্যেষ্ঠঃ পরিবেদনীয়া কন্যা
পরিদায়ী দাতা পরিকর্ত্তা যাজকঃ তে সর্ব্বে পতিতা॥"
ইতি।

জ্যেষ্ঠ ভ্রাতা দেশান্তরে গমন করিলে এবং আসিবার সম্ভাবনা না থাকিলে কিম্বা পাতিত্যাদি দোষযুক্ত হইলে, কনিষ্ঠ বিবাহ করিতে পারে।

---

* প্রবরস্তত্ত গোত্র প্রবর্ত্তকস্য মুনে র্ব্যাবর্ত্তকো মুনিগণ ইতি মাধবাচার্য্যঃ।

† উপযম বিবাহ।

‡ মখ যজ্ঞ।

প্রমাণ শাতাতপ যথা—

"ক্লীবে দেশান্তরগতে পতিতে ভিক্ষুকেঽপিবা।
যোগশাস্ত্রাভিযুক্তে চ ন দোষঃ পরিদেবনে॥" ইতি।

জ্যেষ্ঠাকন্যা সত্ত্বে কনিষ্ঠাকে বিবাহ করিবে না, করিলে সেই কন্যাকে পরিত্যাগ করিবে।

প্রমাণ দেবল যথা—

"জ্যেষ্ঠায়াং বিদ্যমানায়াং * কন্যায়ামুহ্যতেঽনুজা।
সাচাগ্রে দীধিষুর্জ্ঞেয়া পূর্ব্বাচ দীধিষুঃ স্মৃতা॥" ইতি।

এবং ভট্টদেব ধৃত বচন যথা—

"পরিত্যক্তা চ সা পোষ্যা ভোজনাচ্ছাদনেন চ॥" ইতি।

দশবৎসর পর্য্যন্ত কন্যা বিবাহের কাল, এই সময় মধ্যে কালাকাল বিবেচনা করিয়া দান করিবে, ইহার পর অকালেও দোষ নাই।

প্রমাণ অঙ্গিরা যথা—

"আবৃত্তেতীর্থ গমনে প্রতিজ্ঞাতে চ কর্ম্মণি।
কালাত্যয়ে চ কন্যায়াঃ কালদোষো ন বিদ্যতে।
অষ্টবর্ষাভবেদ্গৌরী নববর্ষাতু রোহিণী।
দশমে কন্যকাপ্রোক্তা অতউর্দ্ধং রজস্বলা।
তস্মাৎ সম্বৎসরে প্রাপ্তে দশমে কন্যকাবুধৈঃ।
প্রদাতব্যা প্রযত্নেন নদোষঃ কালদোষতঃ॥" ইতি।

আমরণ কন্যার বিবাহ না হওয়াও শ্রেয়ঃ, তথাপি রজস্বলা দোষ ভয়ে গুণহীন পাত্রে কন্যাদান উচিত নয়।

---

* বিদ্যমানায়ামিত্যত্র যদ্যনূঢায়ামিতি লোগাক্ষিঃ।

প্রমাণ যমবচন যথা—

"কামমামরণাত্তিষ্ঠেৎ গৃহে কন্যর্ত্তুমত্যপি।
নচৈবৈনাং প্রযচ্ছেত্তু গুণহীনায় কর্হিচিৎ॥" ইতি।

আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক, পৌষ এবং চৈত্র ভিন্ন পাঁচ মাসে কন্যা বিবাহিতা হইলে সুতবতী এবং সমৃদ্ধা হয়।

প্রমাণ রাজমার্ত্তণ্ডীয়ে যথা—

"আষাঢ়ে ধন ধান্য ভোগরহিতা নষ্ট প্রজা শ্রাবণে,
বেশ্যা ভাদ্রপদে ইষে চ মরণং রোগান্বিতা কার্ত্তিকে,
পৌষে প্রেতবতী বিয়োগবহুলা চৈত্রে মদোন্মাদিনী,
অন্যেষ্বেব বিবাহিতা সুতবতী নারীসমৃদ্ধা ভবেদিতি॥"

বিবাহ গর্ভান্বিত যুগ্মবৎসরেই প্রশস্ত।

প্রমাণ রাজমার্ত্তণ্ডীয়ে যথা—

"অযুগ্মেদুর্ভগানারী যুগ্মে চ বিধবা ভবেৎ।
তস্মাৎ গর্ভান্বিতে যুগ্মে বিবাহেসা পতিব্রতা॥" ইতি।

চৈত্র এবং পৌষ ভিন্ন অবশিষ্ট নিষিদ্ধ মাসে বিবাহে অধিক ক্ষতি নাই।

প্রমাণ রাজমার্ত্তণ্ড যথা—

"মঙ্গল্যেষু বিবাহেষু কন্যা সম্বরণেষুচ।
দশমাসা প্রশস্যন্তে চৈত্র পৌষ বিবর্জ্জিতা॥" ইতি।

দশ বৎসর অতীত হইলে কন্যা বিবাহে গ্রহাব্দ শুদ্ধ্যাদির নিয়ম নাই।

প্রমাণ রাজমার্ত্তণ্ডে যথা—

"রাজগ্রস্তে তথা যুদ্ধে পিতৃণাং প্রাণসংশয়ে।
অতি প্রৌঢ়াচ যা কন্যা নানুকূল্যং প্রতীক্ষ্যতে॥" ইতি

অতি বৃদ্ধাচ যা কন্যা কুলধর্ম্ম বিরোধিনী।
অবিশুদ্ধাপি সাদেয়া চন্দ্রলগ্ন বলেন তু॥” ইতিচ।

এবং ভুজবল ভীমে যথা—

“গ্রহশুদ্ধিমব্দশুদ্ধিং শুদ্ধিং মাসায়নর্ত্তু দিবসানাং।
অর্বাক্ দশবর্ষেভ্যো মুনয়ঃ কথয়ন্তি কন্যকানাং॥” ইতি।

পিতা, পিতার অনুমতিতে ভ্রাতা, মাতামহ, মাতুল, সকুল্য, পিত্রাদি বান্ধব কন্যাদান করিবে, এই সকলের অভাবে প্রকৃতিস্থা মাতা, মাতা অপ্রকৃতিস্থা হইলে স্বজাতীয়েরা কন্যাদান করিবে।

প্রমাণ নারদ যথা—

“পিতাদদ্যাৎস্বয়ং কন্যাং ভ্রাতা বানুমতঃ পিতুঃ।
মাতামহো মাতুলশ্চ সকুল্যো বান্ধবস্তথা।
মাতাত্বভাবে সর্ব্বেষাং প্রকৃতৌ যদি বর্ত্ততে।
তস্যামপ্রকৃতিস্থায়াং কন্যাং দদ্যাৎ স্বজাতয়ঃ॥” ইতি।

মলমাসে কন্যাদান সকল কালেই নিষেধ।

প্রমাণ অঙ্গিরা যথা—

“মলমাসাদি কালানাং বিবাহাদ্যে প্রযত্নতঃ।
পুংসঃ প্রতি সদাদোষাৎ সর্ব্বদৈবহিবর্জ্জ্যতা॥” ইতি।

বিবাহাদি কর্ম্মে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয়, ইহাকেই নান্দীমুখ শ্রাদ্ধ বলে।

প্রমাণ বিষ্ণু পুরাণে যথা—

“কন্যাপুত্ত্রবিবাহেষু প্রবেশে নববেশ্মনঃ।
নামকর্ম্মণি বালানাং চূড়া কর্ম্মাদিকে তথা।

সীমন্তোন্নয়নে চৈব পুত্রাদিমুখদর্শনে।
নান্দীমুখং পিতৃগণং পূজয়েৎ প্রযতো গৃহী॥" ইতি।

এবং ছন্দোগ পরিশিষ্টে যথা—

"স্বপিতৃভ্যঃ পিতা দদ্যাৎ সুতসংস্কার কর্ম্মসু।
পিণ্ডানোদ্বহনাত্তেষাং তদভাবে * হপিতৎ ক্রমাৎ † ॥"
ইতি।

বিবাহাদিতে ক্ষৌর কর্ম্ম করিতে হয়।

প্রমাণ শ্রীপতি রত্নমালায় যথা—

"আজ্ঞয়ানরপতে র্দ্বিজন্মনাংদার কর্ম্মমৃত সূতকেষুচ।
বন্ধমোক্ষমথ দীক্ষণেষ্বপি ক্ষৌর মিষ্ট মখিলেষুচোড়ুষু॥"
ইতি।

কন্যাবিবাহে পণ গ্রহণ নিষিদ্ধ, দানে স্বর্গপ্রাপ্তি।

প্রমাণ যম যথা—

"কূপারাম ‡ প্রপাকারী § তথাবৃক্ষাদি রোপকঃ।
কন্যাপ্রদঃ সেতুকারী স্বর্গমাপ্নোত্যশ সয়ং॥" ইতি॥

কন্যাদানের নানা প্রকার লক্ষণ আছে, তন্মধ্যে ব্রাহ্ম বিবাহই উৎকৃষ্ট বলিয়া লিখিত হইল। বিদ্বান বিনয়ী বরকে আহ্বান করিয়া, যথাশক্ত্যলঙ্কৃতা কন্যা সম্প্রদানের নামই ব্রাহ্ম বিবাহ।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

---

* তদভাবে পিতুর্নাশে পাতিত্যাদিনা শ্রাদ্ধানধিকারিত্বাদৌ বা।

† তৎ ক্রমাৎ তস্যসংস্কার্য্যস্যপিতুঃ ক্রমাৎ তেনস্বয়ং তদন্যোবা তৎপিতৃভ্যস্তন্মাতামহেভ্যশ্চ শ্রাদ্ধং কুর্য্যাৎ।

‡ আরাম উদ্যান।

§ প্রপাপানীয় শালিকা ইত্যমরসিংহঃ।

"ব্রাহ্মোবিবাহ আহূয় দীয়তে শক্ত্যলঙ্কৃতা ॥" ইতি।

এবং মনু যথা—

"আচ্ছাদ্য চার্চ্চয়িত্বাচ শ্রুত শীল বতে স্বয়ং।
আহুয় দানং কন্যায়া ব্রাহ্মো ধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ ॥" ইতি।

অথ গর্ভাধান।

আদ্যঋতুর পর গর্ভাধান করিতে হয়।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

"গর্ভাধান মৃতৌ পুংসঃসবনং স্পন্দনাৎ পুরা।
ষষ্ঠেঽষ্টমে বা সীমন্তঃ প্রসবে জাত কর্ম্মচ।
অহন্যেকাদশে নাম চতুর্থে মাসি নিক্রমঃ।
ষষ্ঠেঽন্নপ্রাশনং মাসি চূড়াকার্য্যা যথাকুলং ॥" ইতি ॥

ঋতুমতী উপরত শোনিতা হইলে গমনে সন্তানোৎপত্তি হয়।

প্রমাণ গোভিল যথা—

"যদা ঋতুমতী ভবত্যুপরত শোনিতা তদা সম্ভবকাল ॥" ইতি।

স্বামী নিকটস্থ থাকিয়া ঋতুগমন না করিলে, ভ্রূণহত্যার পাতক হয়।

প্রমাণ স্মৃতি যথা—

"ঋতুমতীন্তু যোভার্য্যাং সন্নিধৌনোপসর্পতি।
অবাপ্নোতি সমন্দাত্মা ভ্রূণহত্যামৃতাবৃতৌ ॥" ইতি।

জ্যেষ্ঠা, মূলা, মঘা, অশ্লেষা, রেবতী, কৃত্তিকা, অশ্বিনী, উত্তরাত্রিতর এই কয় নক্ষত্রে এবং পর্ব্বে গর্ভাধান নিষিদ্ধ।

প্রমাণ জ্যোতিষে যথা—

"জ্যেষ্ঠামূলা মঘাশ্লেষা রেবতী কৃত্তিকাশ্বিনী।
উত্তরাত্রিতয়ং ত্যক্তা পর্ব্ববর্জং ব্রজে দৃতৌ॥" ইতি॥

চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা এবং সংক্রান্তি,এই গুলির নাম পর্ব্ব।
প্রমাণ বিষ্ণুপুরাণে যথা—

"চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা।
পর্ব্বাণ্যেতানি রাজেন্দ্র রবি সংক্রান্তিরেবচ॥" ইতি।

আদ্যঋতু হইতে ষোড়শদিন পর্য্যন্ত যুগ্মদিনে গর্ভাধান প্রশস্ত।
প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

ষোড়শর্ত্তুর্নিশাস্ত্রীণাং তাসুযুগ্মাসুসংবিশেৎ।" ইতি।

অথ পুংসবন।

গর্ভবতীর তৃতীয় মাসের আদিম দশম দিবসে পুংসবন করিতে হয়।
প্রমাণ গোভিল যথা—

"তৃতীয়স্য গর্ভমাসস্য আদিম দশম দিবসে পুংসবনস্যকাল॥"
ইতি।

অথ সীমন্তোন্নয়ন।

যদি এই সংস্কারের পূর্ব্বে পুংসবন না হইয়া থাকে তাহা হইলে প্রায়শ্চিত্তাত্মক মহাব্যাহৃতি হোম করিয়া উক্ত কর্ম্ম নির্ব্বাহ করিবে।
প্রমাণ যথা ছন্দোগ পরিশিষ্টে—

"সংস্কারা অতিপত্যেরন্ স্বকালাচ্চ কথঞ্চন।
হুত্বৈতদেব কুর্বীত যেতূপনয়নাদথঃ॥ ইতি।

যদি সীমন্তোন্নয়ন না হইয়া প্রসব হয়, তাহা হইলে বালককে ক্রোড়ে করিয়া সীমন্তোন্নয়ন করিবে।

প্রমাণ যথা—বৃহদ্রাজমার্ত্তণ্ডে—

"যানার্য্য কৃতসীমন্তাপ্রসূতেচ্চ কদাচন ॥
অঙ্কে নিধায়তং বালং পুনঃ সংস্কারমর্হতীতি ॥"

সীমন্তোন্নয়নে বৃদ্ধি শ্রাদ্ধ করিবে।

প্রমাণ—

"কন্যা পুত্রে বিবাহেষ্বিত্যাদি।"

অথ জাত কর্ম্ম।

পুত্র জন্ম শ্রবণে পিতাকে সবস্ত্র স্নান করিতে হয়। বেদোক্ত কার্য্যসমাধা করিয়া নাড়ীচ্ছেদনের পূর্ব্বে ব্রাহ্মণকে যথাশক্তি দান করিতে হয়,এবং সুবর্ণ ও ফল দিয়া পুত্র মুখ দর্শন করিতে হয়।

প্রমাণ কৃত্যচিন্তামণিতে দেবল যথা—

"জাতে পুত্রে পিতাশ্রুত্বা সচেলং স্নানমাচরেৎ।
ব্রাহ্মণেভ্যো যথাশক্তি দত্বা বালং বিলোকয়েৎ॥" ইতি।

এবং গর্গ যথা—

"শ্রুত্বা বালস্য বৈ জন্ম কৃত্বা বেদোদিতাঃ ক্রিয়াঃ।
অচ্ছিন্ননালং পশ্যেত্তং দত্বা রুক্মং ফলান্বিতং॥" ইতি।

ইহাতেও আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হইবে।

প্রমাণ যথা—মার্কণ্ডেয় পুরাণে

'নৈমিত্তিকমথো বক্ষ্যে শ্রাদ্ধমভ্যুদয়ার্থকং।
পুত্রজন্মনি তৎকার্য্যং জাতকর্ম্মসমংনরৈঃ॥" ইতি।

অথ নাম করণ।

জন্মের পর একাদশ দিনে নামকরণ বিধেয়।

প্রমাণ শ্রুতির্যথা—

"একাদশে দ্বাদশে বাহনি পিতা নাম কুর্য্যাৎ॥" ইতি।

ইহাতেও আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হইবে।

প্রমাণ—

"কন্যা পুত্র ইত্যাদি" পূর্ব্বে উক্ত হইয়াছে।

ব্রাহ্মণাদির যথাক্রমে দেবশর্ম্মাদি পদান্ত নাম করিবে।

প্রমাণ যম বচন যথা—

"শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য বর্ম্মাত্রাতাচ ভূভুজঃ।
ভূতিগুপ্তশ্চ বৈশ্যস্য দাসঃ শূদ্রস্যকারয়েৎ॥" ইতি।

এবং বিষ্ণুপুরাণে যথা—

"দেব পূর্ব্বং নরাখ্যংহি শর্ম্মবর্ম্মাদি সংযুত মিতি॥"

অথ নিষ্ক্রমণ।

নিষ্ক্রমণে চন্দ্র এবং সূর্য্যকে অর্ঘদান করিতে হয়।

প্রমাণ কৃত্যচিন্তামণি যথা—

"স্বস্ববিধানতোঽর্ক শশিনোরর্ঘ্যং দাপয়েদিতি॥"

এই সংস্কারে বৃদ্ধি শ্রাদ্ধ করিতে হয়না।

প্রমাণ ছন্দোগপরিশিষ্টে যথা—

"সূর্য্যেন্দোঃ করণীয়েতুতয়োঃ শ্রাদ্ধং ন বিদ্যতে ॥"

অথ অন্নপ্রাশন।

পুরুষের ষষ্ঠ কিম্বা অষ্টম মাসে এবং স্ত্রীর পঞ্চম কিম্বা সপ্তম মাসে অন্ন প্রাশন করিবে।

প্রমাণ কৃত্যচিন্তামণিধৃত বচন যথা—

"অন্নস্য প্রাশনং কার্য্যং মাসিষষ্ঠাষ্টমে বুধৈঃ।
স্ত্রীণান্ত পঞ্চমে মাসি সপ্তমেপ্রজগৌমুনিরিতি ॥"

অন্নপ্রাশনে বৃদ্ধি শ্রাদ্ধ করিতে হয়।

প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

দ্বাদশী, সপ্তমী, নন্দা, রিক্তা, ও পঞ্চপর্ব্বে অন্নপ্রাশন নিষেধ।

প্রমাণ কৃত্যচিন্তামণি যথা—

"দ্বাদশী সপ্তমী নন্দা রিক্তাসু পঞ্চপর্ব্বসু।
বলমায়ুর্যশোহন্যাচ্ছিশূনামন্নভক্ষণং ॥" ইতি ॥

অথ চূড়াকরণ।

তৃতীয় কিম্বা পঞ্চম বৎসর চূড়াকরণের সময়।

প্রমাণ শঙ্খ ও লিখিত যথা—

"তৃতীয়ে বর্ষে চূড়াকরণং পঞ্চমেবেতি ॥"

জন্মমাসাদি ব্যতিরিক্ত শুদ্ধকালে রিক্তাষ্টমীপ্রতিপচ্ছষ্ঠী বর্জ্জিত শুক্লপক্ষীয় তিথিতে অযুগ্মবর্ষে চূড়াকরণ প্রশস্ত।

প্রমাণ জ্যোতিষে যথা—

"অযুগ্মাব্দে তথামাসি চূড়াভৌম শনীতরে।
অর্কেন্দু কাল শুদ্ধৌচ জন্ম মাসেন্দু ভাদৃতে।
রিক্তাদর্শাষ্টমী ষষ্ঠী প্রতিপদ্বর্জ্জিতে সিতে॥" ইতি॥

অথ উপনয়ন।

গর্ভাষ্টমে ব্রাহ্মণের, গর্ভৈকাদশে ক্ষত্রিয়ের, এবং গর্ভদ্বাদশে বৈশ্যের উপনয়নের মুখ্যকাল।

প্রমাণ গোভিল যথা—

"গর্ভাষ্টমেষু ব্রাহ্মণমুপনয়েৎ গর্ভৈকাদশেষু
ক্ষত্রিয়ং, গর্ভদ্বাদশেষু বৈশ্যং॥" ইতি॥

ব্রাহ্মণের ষোড়শবৎসর পর্য্যন্ত, ক্ষত্রিয়ের দ্বাবিংশতি বৎসর পর্য্যন্ত এবং বৈশ্যের চতুর্বিংশতি বৎসর পর্য্যন্ত গৌণকাল। ইহার পর সাবিত্রী পতিতা হন।

প্রমাণ গোভিল যথা—

"আষোড়শাৎ ব্রাহ্মণস্যানতীতঃ কালো ভবতি আদ্বাবিংশাৎ
ক্ষত্রিয়স্য আচতুর্ব্বিংশাদ্বৈশ্যস্য অতউর্দ্ধং পতিতসাবিত্রীকা
ভবন্তি॥" ইতি।

যে কর্ম্মদ্বারা অধ্যয়নার্থ গুরু সমীপে নীত হয়, তাহার নাম উপনয়ন।

প্রমাণ স্মৃতি যথা—

"গৃহোক্ত কর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ
বালো বেদায় তদ্যোগাৎ বালস্যোপনয়ং বিদুঃ ॥" ইতি ॥

ব্রাত্য অর্থাৎ পতিত সাবিত্রীক ব্যক্তি চান্দ্রায়ণানন্তর উপনীত হইবে।

প্রমাণ। শঙ্খ ও লিখিত যথা—

"ব্রাত্যশ্চান্দ্রায়ণঙ্করেৎ।" ইতি।

মাঘ, ফাল্গুণ, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ, ও আষাঢ় এই কয়মাস ভিন্ন মাসে উপনয়ন নিষেধ।

প্রমাণ রাজমার্ত্তণ্ডে যথা—

"মাঘে দ্রবিণশীলাঢ্যঃ ফাল্গুণেচ দৃঢ়ব্রতঃ
চৈত্রে ভবতি মেধাবী বৈশাখে কোবিদোভবেৎ
জ্যৈষ্ঠে গহননীতিজ্ঞ আষাঢ়ে ক্রতু ভাজনঃ
শেষেম্বন্যেষুরাত্রিঃ স্যান্নিষিদ্ধং নিশিচব্রতং ॥" ইতি।

অথ প্রায়শ্চিত্ত কৃত্য।

যে বিধিবোধিত কর্ম্মদ্বারা পাপক্ষয় হয়, তাহার নাম প্রায়শ্চিত্ত।

প্রমাণ মহাভারতে যথা—

"অদ্ভির্গাত্রান্ মলমিব তমোহগ্নি ভয়াদযথা।
দানেন তপসাচৈব সর্ব্বপাপমপোহতি ॥" ইতি ॥

এবং স্মার্ত্ত—

"তেন পাপক্ষয়মাত্র সাধনত্বেন বিধিবোধিতং কর্ম্ম প্রায়শ্চিত্তং।
ইতি।"

সকলেরই শুদ্ধির নিমিত্ত প্রায়শ্চিত্ত কর্ত্তব্য।

প্রমাণ শঙ্খ যথা—

"তস্মাৎ কর্ত্তব্যমেবেহ প্রায়শ্চিত্তং বিশুদ্ধয়ে।"

এবং মনু যথা—

"চরিতব্যমতোনিত্যং প্রায়শ্চিত্তংবিশুদ্ধয়ে।
নিন্দৈশ্চ লক্ষণৈর্যুক্তা জায়ন্তে নিষ্কৃতৈনসঃ॥" ইতি॥

অজ্ঞব্যক্তির নিকট প্রায়শ্চিত্ত ব্যবস্থা গ্রহণ করিবেনা। যম বলিয়াছেন, যিনি বেদস্মৃতি বিরুদ্ধ অপ্রামাণিক বচন প্রয়োগ করেন, তাঁহার কথায় কে বিশ্বাস করিবে।

প্রমাণ যম যথা—

"বেদাঃ প্রমাণং স্মৃতয়ঃ প্রমাণংধর্ম্মার্থ সংযুক্তবচঃ প্রমাণং যস্য প্রমাণং ন ভবেৎ প্রমাণং কস্তস্য কুর্যাদ্বচনং প্রমাণং" ইতি।

ঋষিবাক্যাদির যিনি বেদ শাস্ত্রাবিরোধী তর্কদ্বারা সমন্বয় করিতে পারেন, তিনিই বিজ্ঞ অর্থাৎ ধর্ম্মবেত্তা।

প্রমাণ মনু যথা,—

"আর্ষং ধর্ম্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা।
যস্তর্কেনানুসন্ধত্তে সধর্ম্মং বেদ নেতরঃ॥" ইতি।

বিচার যুক্তিপূর্ব্বক করিতে হয়, কারণ কেবল শাস্ত্রবচন লইয়া অযৌক্তিক বিচারে ধর্ম্মহানি হয়।

প্রমাণ বৃহস্পতি যথা—

"কেবলং শাস্ত্রমাশ্রিত্য ন কর্ত্তব্যোবিনির্ণয়ঃ
যুক্তিহীন বিচারেতু ধর্ম্মহানিঃ প্রজায়তে॥" ইতি।

জানিয়া জিজ্ঞাসু ব্যক্তিকে প্রায়শ্চিত্তের ব্যবস্থা না দিলে পাপ হয়।

প্রমাণ অঙ্গিরা যথা—

আর্ত্তানাং মার্গমাণানাং প্রায়শ্চিত্তানি যে দ্বিজাঃ।
জানন্তো ন প্রযচ্ছন্তি তেঽপিতদ্দোষভাগিনঃ॥" ইতি॥

পাপী বক্তার নিকট পাপ বলিয়া তাঁহাকে কিঞ্চিৎ দান করিয়া উপদিষ্ট ব্রত আচরণ করিবে।

প্রমাণ স্মৃতি যথা—

"প্রখ্যাপ্য পাপং বক্তৃভ্যঃ কিঞ্চিদ্দত্ত্বা ব্রতং চরেদিতি॥"

অষ্টমী এবং চতুর্দ্দশীতে প্রায়শ্চিত্ত করিবেনা।

প্রমাণ যথা—ব্যবহার চিন্তামণি গ্রন্থে—

"নাষ্টম্যাং ন চতুর্দ্দশ্যাং প্রায়শ্চিত্ত পরীক্ষণে।
ন পরীক্ষা বিবাহশ্চ শনিভৌম দিনে তথা॥" ইতি।

অথ প্রায়শ্চিত্ত পূর্ব্বাহকৃত্য।

পূর্ব্বাহে কেশাদি বপন করিবে এবং ঘৃত ভোজন করিবে, প্রদোষে সঙ্কল্প করিবে।

প্রমাণ শঙ্খলিখিত যথা—

"বাপ্যকেশান্ নখান্ পূর্ব্বং ঘৃতং প্রাশ্য বহির্নিশি।
প্রত্যেকং নিয়তং কালমাত্মনো ব্রতমাদিশেৎ।
প্রায়শ্চিত্তমুপাসীনোবাগ্যতস্ত্রিসবনং স্পৃশেৎ॥" ইতি।

কেশ বপণ না করিলে, দ্বিগুণপ্রায়শ্চিত্ত করিয়া দ্বিগুণ দক্ষিণা দিবে।

প্রমাণ লঘুহারীত যথা—

"কেশানাং ধারনার্থন্তু দ্বিগুণং ব্রত মাচরেৎ।
দ্বিগুণেতু ব্রতেকীর্ণে দ্বিগুণাদক্ষিণা ভবেদিতি ॥"

বিদ্বান্ ব্রাহ্মণ, রাজা এবং স্ত্রীলোক মহাপাতক গোহত্যা এবং ব্রতোল্লঙ্ঘন ব্যতিরেকে মুণ্ডন করিবে না।

প্রমাণ মিতাক্ষরাধৃত বচন যথা—

"বিদ্বদ্বিপ্রনৃপস্ত্রীণাং নেষ্যতে কেশবাপনং।
ঋতে মহাপাতকিনো গাংহন্তুশ্চাবকীর্ণিনঃ * ॥" ইতি ॥

সধবা স্ত্রীলোক কথনই মুণ্ডন করিবেনা, সমস্ত কেশের দুই অঙ্গুল মাত্র ছেদ করিবে, তাহাদিগের গোষ্ঠেশয়ন, গোচর্ম্ম পরিধানাদিও নিষিদ্ধ।

প্রমাণ ভবদেব ভট্টধৃত বচন যথা—

"বপনংনৈব নারীনাং নানু ব্রজ্যা জপাদিকং।
ন গোষ্ঠে শয়নং তাসাং নচ দধ্যাদ্‌গবাজিন ।"

অথ বাল্যাদি ভেদে প্রায়শ্চিত্ত নির্ণয়।

অশীতি বৎসর হইতে বৃদ্ধের, পঞ্চদশ বৎসর পর্য্যন্ত বালকের, স্ত্রীলোকের এবং রোগীর অর্দ্ধ প্রায়শ্চিত্ত।

প্রমাণ বিষ্ণু শাতাতপ বচন যথা—

"অশীতির্যস্য বর্ষাণি বালো বা প্যূনষোড়শঃ।
প্রায়শ্চিত্তার্দ্ধ মর্হন্তি স্ত্রিয়ো রোগীণ এবচ ॥" ইতি।

বালকের পঞ্চ বৎসরের পর হইতে দশ বৎসর পর্য্যন্ত যথোক্ত ব্রতের চতুর্থাংশ।

---

* অবকির্ণী—ক্ষতব্রত ইত্যমর সিংহঃ।

প্রমাণ লঘুহারীত যথা—

পাদো বালেষু দাতব্যঃ সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিরিতি।”

রোগী, বৃদ্ধ এবং পোগণ্ড অন্য দ্বারা ব্রত করিবে।

প্রমাণ ব্রহ্ম পুরাণে যথা—

“রোগী বৃদ্ধস্তু পোগণ্ডঃ কুর্ব্বন্ত্যন্যৈ ব্র্তং সদা॥” ইতি।

পোগণ্ডত্ব পঞ্চম বৎসরের পর হইতে দশম বৎসর পর্য্যন্ত।

প্রমাণ যথা—

ভাগবতের দশমস্কন্ধীয় দ্বাদশাধ্যায় টীকাতে শ্রীধর স্বামী ধৃত বচন—

“কৌমারং পঞ্চমাব্দান্তং পোগণ্ডং দশমাবধি।
কৈশোরমাপঞ্চদশাৎ যৌবনন্তু ততঃপরং॥” ইতি।

অথ ধেনু মূল্য নির্ণয়।

প্রাজাপত্য ব্রতে অশক্ত হইলে, এক পয়স্বিনী ধেনু দান করিবে, ধেনুর অভাবে তাহার মূল্য দান করিবে।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

“প্রাজাপত্য ব্রতাশক্তৌ ধেনুং দদ্যাৎ পয়স্বিনীং।
ধেনোরভাবে দাতব্যং তুল্যং মূল্যং ন সংশয়ঃ॥” ইতি।

ধেনুমূল্য ধনীর পঞ্চকার্ষাপণ * মধ্যমের ত্রিকার্ষাপণ এবং দরিদ্রের এক কার্ষাপণ।

প্রমাণ স্মার্ত্তধৃত বচন যথা—

* কার্ষাপণ—কাহন।

"ধেনুঃপঞ্চভি রাঢ্যানাং মধ্যানাং ত্রিপুরাণিকী (১)
কার্ষাপণৈক মূল্যাহি দরিদ্রাণাং প্রকীর্ত্তিতা ॥" ইতি

প্রাজাপত্যাদি ব্রত অতীব দুঃসাধ্য, অতএব ঐ সকল ব্রত করিয়া, যে ফল প্রাপ্ত হওয়া যায়, ঋষিগণ দানেও তদ্রূপ ফল প্রাপ্তি লিখিয়াছেন।

প্রমাণ যম যথা—

"শোষণেন শরীরস্য তপসাধ্যয়নেনচ।
পাপকৃন্মুচ্যতে পাপাৎ দানেন দমনেনচ॥" ইতি।

গোদান অপেক্ষা তন্মূল্য দান সহজ, অতএব ঋষিগণ উহার মূল্য ও নির্দ্দেশ করিয়াছেন।

স্মার্ত্ত—গোমূল্য কার্ষাপণ ত্রয় নির্দ্দেশ করিয়াছেন, আরো বলিয়াছেন, কার্ষাপণ ত্রয় লভ্য রজতাদি দানেও ক্ষতি নাই।

যথা—

"অতঃ কার্ষাপণ ত্রয়লভ্যং রজতাদি দীয়তে।" ইতি।

অথ জ্ঞান কৃত্যাদি নিরূপণ।

এই কর্ম্ম আমি করিতেছি ইত্যাদি ইচ্ছাদ্বারা অর্থাৎ কামনা পূর্ব্বক কৃত কর্ম্মই জ্ঞান কৃত।

প্রমাণ স্মার্ত্ত যথা—

"যদিগাং জ্ঞাত্বাএতাং গাং হন্মীতি ইচ্ছয়া হন্তি তদা
কামনাদ্বারৈব জ্ঞানস্য প্রবৃত্ত্যঙ্গত্বাদিতি ॥"

অজ্ঞান কৃতকর্ম্মের প্রায়শ্চিত্ত, জ্ঞানকৃত পাপকর্ম্মের অর্দ্ধ।

---

১ ত্রিপুরাণ তিন কাহন। প্রমাণ গোতম যথা—
"অশীতিভির্ব্বরাটকৈঃ পণ ইত্য ভিধীয়তে।
তৈ ষোড়শৈঃ পুরাণং স্যাদিতি ॥"

অথ বিপ্রাদি স্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

জ্ঞান পূর্ব্বক ব্রাহ্মণ স্বামিক গোবধেসপ্তদশ প্রাজাপত্য ব্রত করিতে হয়। প্রমাণ মনু যথা—

"উপপাতক সংযুক্তো ২ গোঘ্নোমাসং যবান্ পিবেৎ।
কৃতবাপো বসেদ্গোষ্ঠে চর্ম্মণা তেন সংবৃতঃ।
চতুর্থকাল মশ্নীয়াদক্ষার লবণং ৩ মিতং ৪।
গোমূত্রেণ চরেৎ স্নানং দ্বৌমাসৌ নিয়তেন্দ্রিয়ঃ।
দিবানু গচ্ছেৎ তা গাস্তু তিষ্ঠন্নূৰ্দ্ধং রজঃ পিবেৎ।
শুশ্রূষিত্বা নমস্কৃত্বা রাত্রৌ বীরাসনং বসেৎ।
তিষ্ঠন্তীষ্বনুতিষ্ঠেত্তু ব্রজন্তীষ্বপ্যনু ব্রজেৎ।
আসীনাসু তথাসীনো নিয়তোবীতমৎসরঃ।
আতুরামভিশস্তাং বা চৌর ব্যাঘ্রাদিভির্ভয়ৈঃ।
পতিতাং পঙ্কলগ্নাং বা সর্ব্বপ্রাণৈর্বিমোচয়েৎ।
উষ্ণে বর্ষতি শীতে বা মারুতে বাতি বা ভৃশম্।
ন কুর্ব্বীতাত্মনস্ত্রাণং গো রকৃত্বাতু শক্তিতঃ।
আত্মনো যদি বান্যেষাং গৃহেক্ষেত্রে খলেঽথবা।
ভক্ষয়ন্তীং ন কথয়েৎ পিবন্তং চৈববৎসকম্।

২ পাতক হইতে গুরু ও অতিপাতক, মহাপাতক এবং অনুপাতক অপেক্ষা লঘুপাতকের নাম উপপাতক, অর্থাৎ অযাজ্য যাজনাদি পাপ বিশেষ।

৩ অক্ষারলবণং অকৃত্রিম লবণমিতি স্মার্ত্তঃ।

৪ মিতং স্বল্পমিতি। রঘুনন্দন ভট্টাচার্য্যঃ।

অনেন বিধিনা যস্তু গোঘ্নোগামনু গচ্ছতি।
সগোহত্যা কৃতং পাপং ত্রিভির্ম্মাসৈর্ব্ব্যপোহতি।
বৃষভৈকাদশাগাশ্চ দদ্যাৎ সুচরিতব্রতঃ।
অবিদ্যমানে সর্ব্বস্বং বেদবিদ্ভ্যোনিবেদয়েদিতি ॥”

এই ত্রৈমাসিক ব্রত সপ্তদশ প্রাজাপত্য তুল্য। ইহাতে অশক্ত হইলে সপ্তদশধেনু তদভাবে এক পঞ্চাশত কার্ষাপণ বরাটক দান করিতে হয়।

প্রমাণ স্মার্ত্ত যথা—

“ত্রৈমাসিক ব্রতং সপ্তদশ প্রাজাপত্য তুল্যং তদশক্তৌ
সপ্তদশ ধেনবো দেয়া, তদভাবে এক পঞ্চাশৎ
কার্ষাপণা দেয়া। ইতি ॥”

দক্ষিণা (বৃষভ মূল্য পঞ্চকার্ষাপণ এবং দশটী গাভির মূল্য দশ কার্ষাপণ) সর্ব্বসমেত পঞ্চদশ কার্ষাপণ।

প্রমাণ পূর্ব্বেই লিখিত হইয়াছে।

এই প্রায়শ্চিত্ত দ্বিজাতি পক্ষে ঐরূপ সর্ব্বত্র দ্বিজাতির জানিবে।

স্ত্রী, শূদ্র, বালক এবং বৃদ্ধেরা ইহার অর্দ্ধেক দান করিবে। স্ত্রীর স্ত্রীত্ব ও বালত্ব এইরূপ একের উভয় পরত্ব হইলে চতুর্থাংশ।

প্রমাণ পূর্ব্বেই উক্ত হইয়াছে।

অজ্ঞানে বধ করিলে উক্ত কার্ষাপণের অর্দ্ধ দান করিবে এবং দক্ষিণা গোমূল্য এক কার্ষাপণ দান করিবে।

প্রমাণ স্মার্ত্ত যথা—

“অজ্ঞানতো হর্দ্ধং, ততো ব্রাহ্মণান্ ভোজয়িত্বা গৌরেকা
দক্ষিণা দেয়া। ইতি ॥”

এবং সম্বর্ত্ত যথা—

"ভুক্ত বৎসুচ বিপ্রেষু গাংবৈদদ্যাদ্বিচক্ষণো গবামভাবে
দাতব্যং গোমূল্যঞ্চ নশংসয়। ইতি ॥"

এক বৎসরীয় গোবধে যথোক্ত প্রায়শ্চিত্তের চতুর্থাংশ দ্বিবৎসরীয় বধে অর্দ্ধ ইত্যাদি।

প্রমাণ বৃদ্ধ প্রচেতা যথা—

"এক বর্ষে গবিহতে কৃচ্ছ্রপাদো বিধীয়তে।
অবুদ্ধি পূর্ব্বং পুং সঃ স্যাদ্দিপাদস্তু দ্বিহায়ণে।
ত্রিহায়ণে ত্রিপাদঃস্যাৎ প্রাজাপত্য মতঃপরং ॥
ইতি ॥"

গর্ভিণী, কপিলাদি গোবধে প্রায়শ্চিত্ত দ্বৈগুণ্য।

প্রমাণ বৃহস্পতি যথা—

"গর্ব্তিণীং কপিলাং দোগ্ধ্রীং হোমধেনুঞ্চ সুব্রতাং।
রোধাদিনা ঘাতয়িত্বা দ্বিগুণং গোব্রতং চরেদিতি ॥"

অতি বৃদ্ধা, অতি কৃশাদি গোবধে অর্দ্ধ প্রায়শ্চিত্ত।

প্রমাণ বৃহস্পতি যথা—

"অতি বৃদ্ধামতি কৃশামতি বালাঞ্চ রোগিণীং।
হত্বা পূর্ব্ব বিধানেন চরেদর্দ্ধং ব্রতং দ্বিজঃ। ইতি ॥"

অথ ক্ষত্রিয় স্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

জ্ঞান পূর্ব্বক ক্ষত্রিয় স্বামিক গোবধে দ্বাদশ প্রাজাপত্য করিবে, অথবা ষট্‌ত্রিংশৎ কার্ষাপণ দান করিবে। দক্ষিণা যথাশক্তি।

প্রমাণ ক্ষত্রিয় সম্বন্ধিনী গোর্ব্বধে দেবল যথা—

"গোঘ্নঃ ষণ্মাসান্ তচ্চর্ম্মণা পরিবৃতো গোগ্রাসাহারো
গোব্রতো যবাশী গোভিরভিসঞ্চরন্ বিপ্রমুচ্যত ইতি ॥"

অজ্ঞান পূর্ব্বক অর্দ্ধ প্রায়শ্চিত্ত, বাল শূদ্রাদির ও পূর্ব্বোক্ত বিধানে ক্রমান্বয়ে লঘু প্রায়শ্চিত্ত, ও দক্ষিণা যথাশক্তি।

অথ বৈশ্য স্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

জ্ঞান পূর্ব্বক বৈশ্য স্বামিক গোবধে দশ প্রাজাপত্য করিবে।
প্রমাণ বৈশ্য সম্বন্ধিনী গোর্বধে শাতাতপ যথা—

"পঞ্চগব্যেন গোঘাতী মাসৈকেন বিশুদ্ধ্যতি।
গোমতীঞ্চ জপেদ্বিদ্যাং গবাংগোষ্ঠেচ সংবসেৎ।
ইতি ॥"

যে পরিমাণে গোশকৃৎ অর্থাৎ গোময়, তাহার দ্বিগুণ গোমূত্র, চতুর্গুণ ঘৃত, অষ্টগুণ দুগ্ধ ও অষ্টগুণ দধি একত্র করিয়া প্রণব দ্বারা আহরণ ও পানাদি করিলেই পঞ্চগব্য পান হয়।

প্রমাণ শাতাতপ যথা—

"গোশকৃৎ দ্বিগুণং মূত্রং সর্পির্ব্বিদ্যাচ্চতুর্গুণং।
ক্ষীরমষ্ট গুণঞ্চৈব পঞ্চগব্যে তথা দধি ॥ ইতি ॥"

এবং যম যথা—

"আহৃত্য প্রণবেনৈব উত্থাপ্য প্রণবেন চ।
প্রণবেন সমালোড্য প্রণবেনৈবতৎ পিবেদিতিচ ॥"

গোমতী বিদ্যা প্রায়শ্চিত্ত কাণ্ড কল্পতরুতে যম যথা—

"গোমতীং কীর্ত্তয়িষ্যামি সর্ব্বপাপ প্রণাশিনীং।
তান্তুণু মে গদতো বিপ্রাঃ শৃণ্বং সুসমাহিতাঃ

গাবঃ সুরভয়ো নিতং গাবো গুগ্‌গুলু গন্ধিকাঃ
গাবঃ প্রতিষ্ঠাভুতানাং গাবঃ স্বস্ত্যয়নং মহৎ।
অন্নমেব পরং গাবো দেবানাং হরিরুত্তমং।
পাবনং সর্ব্বভূতানাং ক্ষরন্তিচ হবীংষিচ।
হবিষামন্ত্রপূতেনতর্পয়ন্ত্যমরান্দিবি।
ঋষীণামগ্নিহোত্রেষু গাবো হোমপ্রয়োজিকাঃ।
পাবনং সর্ব্বভুতানাং গাবঃ শরণমুত্তমং।
গাবঃ পবিত্রং পরমং গাবো মঙ্গলমুত্তমং।
গাবঃ স্বর্গস্য সোপানং গাবোধন্যাঃ সনাতনাঃ।
নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এবচ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ।
ব্রাহ্মণাশ্চৈবগাবশ্চ কুলমেকং দ্বিধাকৃতং।
একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরন্যত্র তিষ্ঠতি॥ ইতি।"

এই গোমতী বিদ্যা জপ ও পূর্ব্বোক্ত প্রকারে পঞ্চগব্য পান করিয়া, এক মাস গোষ্ঠে বাস করিলে পাপক্ষয় হয়। ইহাতে অশক্ত হইলে, দশ প্রাজাপত্য তাহার অনুকল্প যথোক্ত বিধানে ত্রিংশৎ কার্ষাপণ দান। দক্ষিণা যথাশক্তি। বাল বৃদ্ধাদির পূর্ব্বোক্ত প্রকারে লঘু প্রায়শ্চিত্ত।

অথ শূদ্র স্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

শূদ্রস্বামিক গোবধে চারি প্রাজাপত্য ব্রত করিবে। অনুকল্প যথাবিধি দ্বাদশ কার্ষাপণ দান।

প্রমাণ শূদ্র সম্বন্ধীয় গোবধে বিশ্বামিত্র যথা—

"কৃচ্ছ্রাং স্তু চতুরঃ কুর্য্যাৎ গোবধে বুদ্ধি পূর্ব্বকে।
অমত্যাচ দ্বয়ং কার্য্যং তদর্দ্ধং বালবৃদ্ধয়োঃ।
স্ত্রী শূদ্রয়ো রেবমেতৎ বধে চৈব ন সংশয় ইতি॥"

অমত্যা অর্থাৎ অজ্ঞান পূর্ব্বক বধে, অর্দ্ধ প্রায়শ্চিত্ত, বালবৃদ্ধাদির প্রায়শ্চিত্ত পূর্ব্বের ন্যায়।

অথ রোধাদি নিমিত্তক গোবধ প্রায়শ্চিত্ত।

ক্ষীণা গোর ক্ষীণত্ব না জানিয়া যদি রোধ করে এবং তাহাতেই যদি তাহার মৃত্যু হয়, তাহা হইলে প্রাজাপত্যের পাদৈক প্রায়শ্চিত্ত অর্থাৎ দ্বাদশ পণ বরাটক ১ দান করিবে। বন্ধন নিমিত্ত বধে অর্দ্ধ প্রাজাপত্য করিবে। যোজন* নিমিত্ত বধে ত্রিপাদ প্রাজাপত্য করিবে।

প্রমাণ পরাশর বচন যথা—

"রোধনে তু চরেৎ পাদং বন্ধনে চার্দ্ধমেবহি।
যোজনে পাদহীনং স্যাদিতি॥"

অঙ্গুষ্ঠস্থূল হস্ত প্রমাণ—সার্দ্র সপত্র দণ্ড তাড়নে উহার মৃত্যু হইলে, এক প্রাজাপত্য করিবে এবং ইহার অধিক দণ্ড দ্বারা আঘাতে মৃত্যু হইলে, তদ্দ্বৈগুণ্য প্রায়শ্চিত্ত।

প্রমাণ পরাশর যথা—

"প্রাজাপত্যং নিপাতন ইতি।"

এবং বৃহস্পতি যথা—

"কৃচ্ছ্র মজ্ঞান তাড়নে ইতি॥"
কৃচ্ছ্রং ব্রতং প্রাজাপত্যমিতি॥

---

১ বরাটক—কড়ি। * যোজন—যোজিত করণ, হলে যোজন।

এইস্থলে নিপাতন ও তাড়ন দণ্ড দ্বারা বুঝিতে হইবে। দণ্ডের পরিমাণ পূর্ব্বেই উক্ত হইয়াছে।

প্রমাণ অঙ্গিরা যথা—

"অঙ্গুষ্ঠ মাত্রঃ স্থৌল্যেন বাহুমাত্র প্রমাণতঃ
সার্দ্রশ্চ সপলাশশ্চ দণ্ড ইত্যভিধীয়তে॥ ইতি॥"
অস্মাদূর্দ্ধ প্রহারেণ যদি গাং বিনিপাতয়েৎ।
দ্বিগুণস্তু ভবেত্তত্র প্রায়শ্চিত্তমিতি স্থিতিঃ॥
ইতিচ॥"

পাদ প্রায়শ্চিত্তে অঙ্গলোম বপন করিবে, দ্বিপাদে শ্মশ্রুরও বপন করিবে, ত্রিপাদে শিখা ভিন্ন সমস্ত, সম্পূর্ণে সমস্তই বপন করিবে।

প্রমাণ মিতাক্ষরাধৃত সম্বর্ত্ত বচন যথা—

"পাদেঽঙ্গলোম বপনং দ্বিপাদে শ্মশ্রুণোঽপিচ
ত্রিপাদেচ শিখা বর্জ্জং সশিখস্তু নিপাতনে॥ ইতি॥"

নাসাচ্ছেদন, কর্ণচ্ছেদন এবং অতি দোহনাদিতে মৃত্যু হইলে চান্দ্রায়ণ ব্রত করিবে। অথবা সার্দ্ধসপ্ত প্রাজাপত্য করিবে, ইহার অনুকল্প যথাবিধি পূর্ব্বোক্ত প্রকারে করিবে।

প্রমাণ হারীত যথা—

"নাসাচ্ছেদন দাহেষু কর্ণচ্ছেদন বন্ধনে।
'অতি দোহাতি বাহাভ্যাং কৃচ্ছ্রং চান্দ্রায়ণং চরেদিতি॥"

অথ অপালনাদি নিমিত্ত গোবধ প্রায়শ্চিত্ত।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য স্বামিক গোরশীতে অথবা বায়ুতে মৃত্যু হইলে, প্রাজাপত্য ব্রত করিবে, অপালন হেতু শূন্যগৃহে স্বয়ং রজ্জু বন্ধনে, ক্ষুদ্র জলাশয়

জলে, সর্পাঘাতে, বৈদ্যুতিক তেজে, গর্ত্তমধ্য পতনে এবং ব্যাঘ্রাদি ভক্ষণে মৃত্যু হইলেও ঐরূপ।

প্রমাণ পরাশর যথা—

"শীতানিল হতা চৈব উদ্বন্ধন মৃতাপিবা।
শূন্যাগারাদ্যুপেক্ষায়াং প্রাজাপত্যং বিনির্দ্দিশেৎ।
অপালনাৎ প্রণশ্যেত্তু গৌশ্চরন্তী কথঞ্চন।
জলৌঘ পল্বলে মগ্না নাগ বিদ্যুদ্ধতা পিবা।
শ্বভ্রে বা পতিতাকস্মাৎ শ্বাপদৈর্বাপি ভক্ষিতা।
প্রাজাপত্যং চরেৎ কৃচ্ছ্রং গোস্বামি ব্রতমুত্তমং॥
ইতি॥"

প্রাজাপত্য ব্রতের নিয়মও মহর্ষি পরাশর বলিয়াছেন, তাহা নিম্নে উদ্ধৃত হইল।

যথা—

"সশিখং বপনং কার্য্যং ত্রিসন্ধ্যামবগাহনং।
শৃঙ্গৈর্ব্বাপি খুরৈর্যুক্ত লাঙ্গুল শ্রবণাদিভিঃ।
আর্দ্রমেবহি তচ্চর্ম্ম পরিধায় সগাং ব্রজেৎ।
তাসাং মধ্যে বসে দ্রাত্রৌ দিবাতাভিঃ সমংব্রজেৎ।
ব্রাহ্মণস্য বিশেষেণ তথা রাজন্য বৈশ্যয়োঃ। ইতি॥"

উক্ত ব্রতে অশক্ত হইলে, প্রাজাপত্যদ্বয়ের অনুকল্পে ধেনুদ্বয়, তদভাবে ষট্‌কার্ষাপণ দান করিবে, দক্ষিণা বৃষ সহিত গো, তদভাবে ষট্‌কার্ষাপণ।

প্রমাণ পরাশর যথা—

"প্রায়শ্চিত্তে ত্তত শ্চীর্ণে কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনং
অনডুৎ সহিতাং গাঞ্চ দদ্যাদ্বিপ্রায় দক্ষিণামিতি॥"

বিপ্রাদিরা জ্ঞান পূর্ব্বক ঐ কর্ম্ম করিলে উক্ত প্রায়শ্চিত্ত করিবে স্ত্রী, শূদ্র, রোগী ও বালাদি উহার অর্দ্ধেক প্রায়শ্চিত্ত করিবে। স্ত্রীত্ব বালত্ব, শূদ্রত্ব বালত্ব ইত্যাদি একে উভয়ত্ব থাকিলে পাদ প্রায়শ্চিত্ত করিবে।

অজ্ঞান কৃতে সকলেরই জ্ঞান কৃতের অর্দ্ধ প্রায়শ্চিত্ত এইরূপ সর্ব্বত্রই জানিবে।

অপ্রাপ্ত দম্যাবস্থ অর্থাৎ ত্রিবর্ষ পর্য্যন্ত গোবৎসের অপালনকৃত বধে পাদ প্রায়শ্চিত্ত অর্থাৎ সার্দ্ধ কার্ষাপণ দান করিবে। এই পাদ অর্থাৎ চতুর্থাংশ, পূর্ব্বোক্ত প্রায়শ্চিত্তের বুঝিতে হইবে।

প্রমাণ স্মার্ত্তধৃত বচন যথা—

"পাদশ্চাপ্রাপ্তকে দেয়ো বৎসে স্বামিন্যরক্ষিতে। ইতি॥"

এক দিবসে গৃহ দাহাদিতে বহু গোবধে দ্বিগুণ গোব্রত আচরণ করিবে অর্থাৎ দ্বাদশ কার্ষাপণ দক্ষিণক দ্বাদশ কার্ষাপণ দান করিবে।

প্রমাণ স্মার্ত্তধৃত বচন যথা—

"ব্যপন্নানাং বহূনাঞ্চ রোধনে বন্ধনেঽপিবা।
ভিষঙ্মিথ্যো পচারেচ দ্বিগুণং গোব্রতং চরেৎ॥
ইতি॥"

অনেকের সম্মতিতে অবিভক্ত ধন দ্বারা একজন প্রায়শ্চিত্ত করিলেই সকলের পাপক্ষয় হয়।

প্রমাণ বৃহস্পতি যথা—

"বহূনাং সম্মতো যস্তু দদ্যাদেকং ধনং নরঃ।
করণং কারয়েদ্বাপি সর্ব্বৈরেব কৃতং ভবেৎ॥ ইতি॥"

"এক পাকে বসতাং পিতৃদেব দ্বিজার্চ্চনং
একং ভবেদ্বিভক্তানাং তদেবস্যা দ্গৃহে গৃহে॥
ইতিচ॥"

এবং নারদ যথা—

"ভ্রাতৃণাম বিভক্তানাং একোধর্ম্মঃ প্রবর্ত্ততে।
বিভাগে সতি ধর্ম্মোহি ভবেদেষাং পৃথক্ পৃথক্॥
ইতি॥"

বিভক্তান্ন অনেক লোক কর্ত্তৃক এক গোবধে সমানাংশে পৃথক্ প্রায়শ্চিত্ত করিবে।

প্রমাণ স্মৃতি যথা—

"একাচেৎ বহুভিঃ কাপি দৈবা দ্ব্যাপাদ্দিতা ভবেৎ।
পাদং পাদঞ্চ হত্যায়াং চরেয়ু স্তে পৃথক্ পৃথক্॥ ইতি॥"

গো পূর্ব্বব্যাধি বিনষ্ট হইলে প্রায়শ্চিত্ত নাই।

প্রমাণ পরাশর যথা—

"উত্থিতস্তু পদংগচ্ছেৎ পঞ্চসপ্ত দশা থবা।
গ্রাসম্বা যদি গৃহ্লাতি তোয়ম্বা পিবতি স্বয়ং।
পূর্ব্বব্যাধি বিনষ্টানাং প্রায়শ্চিত্তং নবিদ্যতে॥ ইতি॥"

তাহার হিতার্থ চিকিৎসায় মৃত্যু হইলেও প্রায়শ্চিত্ত নাই।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

"দ্বিজানাং গোহিতার্থং বা প্রায়শ্চিত্তং নবিদ্যতে। ইতি॥"

শৃঙ্গ কর্ণোৎপাটনে, অস্থি ভঙ্গে ও লাঙ্গুলচ্ছেদে ব্রাহ্মণাদি চারি বর্ণ প্রাজাপত্য ব্রত করিবে, তাহাতে অশক্ত হইলে এক ধেনু দান, তদভাবে ত্রিকার্ষাপণ বরাটক অথবা তন্মূল্যাদি দান করিবে।

প্রমাণ ভবদেবভট্ট, ধৃত যম বচন যথা—

"অস্থিভঙ্গং গবাং কৃত্বা লাঙ্গূলচ্ছেদনং তথা।
পাটনে কর্ণশৃঙ্গাণাং মাসার্দ্ধস্তু যবান্ পিবেৎ॥ ইতি॥"

এবং স্মৃতি সাগরে গোভিল যথা—

"কর্ণ লাঙ্গুলয়ো শ্ছেদমস্থি ভঙ্গং বিধায়চ।
প্রাজাপত্য ব্রতং কুর্য্যুশ্চত্বারো ব্রাহ্মণাদয় ইতি ॥"

অণ্ডকোষ মোচনে চান্দ্রায়ণ ব্রত করিবে।

প্রমাণ স্মৃতি সাগরে গোভিল যথা—

"মুষ্কমোষকরো বিপ্রো ব্রতং চান্দ্রায়ণং চরেদিতি ॥"

গোমাংস খাদককে গো বিক্রয় করিলে চান্দ্রায়ণ করিবে, বধে সাক্ষাৎ বধ প্রায়শ্চিত্ত করিবে।

প্রমাণ গোভিল যথা—

"বিক্রয়ৈর্গাং বিনিময়ৈ র্দত্বা গোমাংস খাদকে।
ব্রতং চান্দ্রায়ণং কুর্য্যাৎ বধে সাক্ষাদ্বধী ভবেদিতি ॥"

কপিলাকে এবং উৎসৃষ্ট বৃষকে হলে যোজন করিলে চান্দ্রায়ণদ্বয় করিবে।

প্রমাণ স্মৃতি সাগরে গোভিল যথা—

"বৃষভন্তু সমুৎসৃষ্টং কপিলান্বাপি কামতঃ
যোজয়িত্বা হলে কুর্য্যা দ্ব্রতং চান্দ্রায়ণদ্বয়ং ॥ ইতি ॥"

অথ চাণ্ডালাদ্যন্ন ভক্ষণ প্রায়শ্চিত্ত।

অন্ত্যাবসায়ীর অর্থাৎ চাণ্ডালাদির অন্ন ভক্ষণে চান্দ্রায়ণ ব্রত করিবে, অশক্ত হইলে সার্দ্ধ সপ্ত ধেনু দান করিবে, অথবা তন্মূল্য সার্দ্ধ দ্বাবিংশতি কার্ষাপণী দান করিবে, অজ্ঞানে করিলে তপ্ত কৃচ্ছ্র ব্রত করিবে, অর্থাৎ অর্দ্ধ চান্দ্রায়ণ করিবে।

প্রমাণ অঙ্গিরা যথা—

"অন্ত্যাবসায়িনামন্নমশ্নীয়াদ্‌যস্তু কামতঃ।
সতু চান্দ্রায়ণং কুর্য্যাৎ তপ্তকৃচ্ছ্র মথাপিবা॥ ইতি॥"

পূর্ব্বোক্ত বিধি ব্রাহ্মণ পক্ষে, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র ক্রমান্বয়ে ব্রাহ্মণ অপেক্ষা পাদ, দ্বিপাদ ও ত্রিপাদোন ব্রত করিবে।

প্রমাণ অভক্ষ্য ভক্ষ্য প্রকরণে বিষ্ণু যথা—

"বিপ্রেতু সকলং দেয়ং পাদোনং ক্ষত্রিয়ে মতং।
বৈশ্যেঽর্দ্ধং পাদ শেষন্তু শূদ্রজাতিষু শস্যতে॥ ইতি॥"

শূদ্র, নট, চিকিৎসক, ক্রূর, স্ত্রীজীবী, মৃগজীবী, ও চণ্ডালাদির অন্ন ভক্ষণে ব্রাহ্মণেরা মাস ব্রত করিবে।

প্রমাণ শঙ্খ যথা—

"শূদ্রান্নং ব্রাহ্মণো ভুক্ত্বা তথা রঙ্গাবতারিণঃ।
চিকিৎসকস্যক্রূরস্য তথা স্ত্রী মৃগজীবিনঃ।
চাণ্ডালান্নং ভূমিপান্নং অজজীব্যশ্ব জীবিনাং।
শৌণ্ডিকান্নং সূতিকান্নং ভুক্ত্বা মাসব্রতং চরেদিতি॥"

একবার অজ্ঞাতে চাণ্ডালাদির আমান্ন ভোজনে ত্রিরাত্র উপবাস করিবে, এবং সিদ্ধান্ন ভক্ষণে পরাক ব্রত অর্থাৎ পঞ্চ প্রাজাপত্য ব্রত করিবে।

প্রমাণ বিষ্ণু বচন যথা—

"চাণ্ডালান্নং ভুক্ত্বা ত্রিরাত্রমুপবসেৎ, সিদ্ধং
ভুক্ত্বা পরাক ইতি॥"

অজ্ঞানে অন্ত্যজাতির গৃহে বাস করিয়া পরে জানিতে পারিলে ব্রাহ্মণ চান্দ্রায়ণ করিবে, ক্ষত্রিয় ও বৈশ্য পরাক ব্রত করিবে এবং শূদ্র প্রাজাপত্য

ব্রত করিবে। সে স্থানে সিদ্ধান্ন ভোজনে কৃচ্ছ্র ব্রত। তৎসংসর্গী অর্দ্ধ কৃচ্ছ্র করিবে, তৎসংসর্গী পাদ কৃচ্ছ্র করিবে তৎসংসর্গীর পাপ নাই।

প্রমাণ আপস্তম্ব যথা—

"অন্ত্যজাতি রবিজ্ঞাতো নিবসেৎ যস্য বেশ্মনি।
সবৈ জ্ঞাত্বাতুকালেন কুর্য্যাত্তত্র বিশোধনং।
চান্দ্রায়ণং পরা কোবা দ্বিজাতীনাং বিশোধনং।
প্রাজাপত্যন্তু শূদ্রাণাং তথাসংসর্গদূষণে।
যৈস্তত্রে ভুক্তং পক্কান্নং কৃচ্ছ্রংতেষাং বিনির্দ্দিশেৎ।
তেষামপিচ যৈর্ভুক্তং অর্দ্ধস্তেষাং বিধীয়তে
তেষামপিচ যৈর্ভুক্তং কৃচ্ছ্র পাদো বিধীয়তে॥ ইতি॥"

কলিযুগে যিনি অসৎকর্ম্ম করিবেন তিনিই পতিত, তৎসংসর্গীর পাপ নাই ইত্যাদি যে সকল প্রমাণ আছে, তাহা সাধারণ পর, কিন্তু যে স্থলে বিশেষ বিধি দর্শিত হইবে তথায় সংসর্গীরও পাপ হয় ইহা জানিতে হইবে।

সংসর্গীর পাপাভাবের প্রমাণ যথা— পরাশর—

"ত্যজেদ্দেশং কৃতযুগে ত্রেতায়াং গ্রাম মুৎসৃজেৎ।
দ্বাপরে কুলমেকন্তু কর্ত্তারন্তু কলৌযুগে॥ ইতি॥"

অসদাচারীমাত্রের পাপ বিষয়ে প্রমাণ পরাশর যথা—

"কৃতে সম্ভাষণাদেব ত্রেতায়াং স্পর্শনেনচ।
দ্বাপরে ত্বর্থ মাদায় কলৌ পততি কর্ম্মণা। ইতি॥"

সম্ভাষণাদ্যন্যতর গুরু সংসর্গী বিশেষের পাপোৎপত্তির প্রমাণ স্কান্দে যথা—পরদারাভিগমনমুপক্রম্য

"এতৈঃ সহ সমাযোগং যঃ করোতি দিনে দিনে।
তুল্যতাং যাতিবিপ্রেন্দ্র কলৌ সম্বৎসরে গতে॥ইতি॥"

ম্লেচ্ছ চাণ্ডালাদিরা বলপূর্ব্বক একমাস উচ্ছিষ্ট ভক্ষণাদি করাইলে, সাগ্নিক ব্রাহ্মণেরা চান্দ্রায়ণে,ক্ষত্রিয় বৈশ্য পরাকে,নিরগ্নি দ্বিজাতি প্রাজাপত্যে এবং শূদ্র প্রাজাপত্যের চতুর্থাংশে শুদ্ধ হইবে। এক বৎসর করিলে নিরগ্নি ব্রাহ্মণ চান্দ্রায়ণ করিবে, ক্ষত্রিয় ও বৈশ্য পরাক ব্রত করিবে এবং শূদ্রে মাসার্দ্ধ যব পান অর্থাৎ প্রাজাপত্য করিবে। চারি বৎসরের পর আর প্রায়শ্চিত্ত নাই।

প্রমাণ দেবল যথা—

"দাসীকৃতো বলাৎ ম্লেচ্ছৈ শ্চাণ্ডালাদ্যৈশ্চ দস্যুভিঃ।
অশুভং কারিতং কর্ম্মগবাদেঃ প্রাণ হিংসনং।
উচ্ছিষ্ট মার্জ্জনঞ্চৈব তথা তস্যৈব ভক্ষণং।
খরোষ্ট্রে বিড়্ বরাহানাং আমিষস্যচ ভক্ষণং।
তৎ স্ত্রীণাঞ্চ তথা সঙ্গ স্তাভিশ্চ সহভোজনং।
মাসোষিতে দ্বিজাতৌচ প্রাজাপত্যং বিশোধনং।
চান্দ্রায়ণন্ত্বাহিতাগ্নেঃ পরাক স্ত্বথবা ভবেৎ।
চান্দ্রায়ণং পরাকম্বা চরেৎ সম্বৎসরোষিতঃ।
সম্বৎসরোষিতঃ শূদ্রো মাসার্দ্ধং যাবকংপিবেৎ।
মাসং বিপ্রোষিতঃ শূদ্রঃ কৃচ্ছ্রপাদেন শুদ্ধ্যতি॥
ইতি॥"

অজ্ঞানে চাণ্ডাল পতিতাদির উচ্ছিষ্টান্ন ভক্ষণানন্তর বমন করিয়া দ্বিজ সকল পরাক ব্রতে এবং শূদ্র প্রাজাপত্যে শুদ্ধ হইবে।

প্রমাণ অঙ্গিরা যথা—

"চাণ্ডাল পতিতাদীনাং উচ্ছিষ্টান্নস্য ভক্ষণে।
দ্বিজঃশুদ্ধ্যেৎ পরাকেণ শূদ্রঃ কৃচ্ছ্রেণশুদ্ধ্যতি॥ ইতি॥"

অমেধ্য, পতিত, চাণ্ডাল, নীচজাতি, রজস্বলা, ত্যক্ত, কুকর্ম্মরত, কুষ্ঠি ও ও কুনখী ইহাদিগের স্পৃষ্টান্ন ভোজনে প্রাজাপত্য করিবে।

প্রমাণ শঙ্খ যথা—

"অমেধ্য পতিতচাণ্ডাল পুকশ.রজস্বলাবধূত কুণি কুষ্ঠি কুনখী কুক্কুরাদি স্পৃষ্টানি ভুক্ত্বা কৃচ্ছ্রমাচরেদিতি ॥"

চাণ্ডালাদি স্পৃষ্টজল না জানিয়া পান করিলে সান্তপন ব্রত করিবে, অশক্ত হইলে এক কার্ষাপণ বরাটক দান করিবে।

প্রমাণ অঙ্গিরা যথা—

'যস্তু চাণ্ডাল সংস্পৃষ্টং পিবেত্তোয়মকামতঃ।
.সতু সান্তপনং কৃচ্ছ্রং চরেৎ শুদ্ধ্যর্থমাত্মনঃ ॥ ইতি ॥"

অথ অন্ত্যজা স্ত্রীগমন প্রায়শ্চিত্ত।

রজক, চর্ম্মকার, নট, বরুড়, কৈবর্ত্ত, মেদ এবং ভিল্ল এই সাতটী অন্ত্যজাতি।

প্রমাণ যমচবন

"রজক শ্চর্ম্মকারশ্চ নটো বরুড় এবচ।
কৈবর্ত্ত মেদ ভিল্লাশ্চ সপ্তৈতে চান্ত্যজাঃ স্মৃতা ॥" ইতি।

অজ্ঞানে ঐ সকল স্ত্রী গমনাদিতে পাতিত্য এবং জ্ঞানে তাহাদিগের তুল্যত্ব হয়।

প্রমাণ যম বচন যথা-

"এতেষান্তু স্ত্রিয়ো গত্বা ভুক্ত্বাচ প্রতিগৃহ্যচ।
পতত্যজ্ঞানতো বিপ্রো জ্ঞানাচ্ছাম্যন্তু গচ্ছতি ॥
ইতি ॥"

অজ্ঞানে একবার গমনে চান্দ্রায়ণ ব্রত করিবে, জ্ঞান পূর্ব্বক একবার গমনে চান্দ্রায়ণ দ্বয় করিবে।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

"নটীং শৈলূষিকী * ঞ্চৈব রজকীং বেণু জীবিনীং।
গত্বা চান্দ্রায়ণং কুর্য্যাৎ তথা চর্ম্মোপ জীবিনীং।
কামতস্তু যদা গচ্ছেচ্চরেৎ চান্দ্রায়ণদ্বয়ং॥ ইতি।"

অথ অভক্ষ্য ভক্ষণ প্রায়শ্চিত্ত।

গোমাংস ভক্ষণে প্রাজাপত্য করিবে।

প্রমাণ সুমন্তু যথা—

"গোমাংস ভক্ষণে প্রাজাপত্যং চরেদিতি।"

প্রায়শ্চিত্তান্তে পুনর্ব্বার উপনয়নের বিধি আছে।

প্রমাণ বিষ্ণু যথা—

"গ্রাম কুক্কুট নর গোমাংসাদি ভক্ষণে চ সর্ব্বেষ্বেব
দ্বিজাতীনাং প্রায়শ্চিত্তান্তে পুনঃ সংস্কারং কুর্য্যাদিতি॥"

সংস্কারে অশক্ত হইলে তন্নিমিত্ত সার্দ্ধ দ্বাবিংশতি কার্ষাপণী দান করিবে।

প্রমাণ স্মার্ত্ত যথা—

"চাণ্ডালান্ন ভক্ষণ প্রকরণে উপনয়নং চান্দ্রায়ণং সমমিতি
শূলপাণি মহামহোপাধ্যায় সঙ্কলনাৎ সংস্কারা শক্তৌ
ধেন্বষ্টকং সার্দ্ধ দ্বাবিংশতি কার্ষাপণাবাদেয়া ইতি॥"

---

* শৈলূষিকা। বৃত্ত্যশেষৌনটানান্তু সতু শৈলূষিকঃ স্মৃতঃ।
ইতি ব্রহ্মপুরাণং।

বহুকাল পর্য্যন্ত নিম্ন লিখিত জন্তুদিগের মাংস ভক্ষণ করিলে সম্বৎসর ব্রত করিবে, অশক্ত হইলে পঞ্চদশ ধেনু দান অথবা তন্মূল্য পঞ্চ চত্বারিংশৎ কার্ষাপণ বরাটকাদি দান করিবে।

প্রমাণ শঙ্খ যথা—

"গামশ্বং কুঞ্জরোষ্ট্রৌচ সর্ব্বং পঞ্চনখং[১] তথা।
ক্রব্যাদং[২] কুক্কুটং গ্রাম্যং কুর্য্যাৎ সম্বৎসরং ব্রতং॥
ইতি॥"

অলেহ্য, অপেয়, এবং অভক্ষ্য রেতো মূত্র পুরীষাদি ভক্ষণে জ্ঞান পূর্ব্বক হইলে এক চান্দ্রায়ণ, অজ্ঞানে তপ্তকৃচ্ছ্র অর্থাৎ অর্দ্ধ চান্দ্রায়ণ করিবে।

প্রমাণ বৃহস্পতি যথা—

"অলেহ্যানামপেয়ানা মভক্ষ্যাণাঞ্চ ভক্ষণে।
রেতো মূত্র পুরীষাণাং শুদ্ধ্যৈ চান্দ্রায়ণং চরেদিতি॥"

এবং গোতম যথা—

"অমত্যাপানে পয়োঘৃত মুদকং বায়ুং প্রতিত্র্যহং
পিবেৎ সতপ্ত কৃচ্ছ্রঃ॥ ইতি॥"

বল পূর্ব্বক ভক্ষণ করাইলে প্রাজাপত্য করিবে।

প্রমাণ যথা—সম্বর্ত্ত।

"বিণ্মূত্র[৩] ভক্ষণে বিপ্রঃ প্রাজাপত্যং সমাচরেৎ। ইতি॥"

কেহ কেহ বলেন এই প্রায়শ্চিত্ত ঊনৈকাদশ বর্ষীয় বাল বিষয়।

---

১ পঞ্চনখ অর্থাৎ পঞ্চনখ বিশিষ্ট প্রাণী। ভক্ষ্যপঞ্চনখ যথা—শশক, শল্লকী অর্থাৎ শজারু, গোধা, গণ্ডার এবং কূর্ম্ম।

২ ক্রব্যাদ অর্থাৎ মাংসাশী জন্তু।

৩ বিণ্মূত্র পুরীষ ও মূত্র।

অথ স্পর্শন প্রায়শ্চিত্ত

ভোজন করিয়া আচমনের পূর্ব্বে চাণ্ডাল ও শ্বপচ ৪ কর্ত্তৃক প্রমাদ বশতঃ ৫ স্পৃষ্ট হইলে সহস্র গায়ত্রী জপ, ত্রিরাত্রি উপবাস ও পঞ্চগব্য দ্বারা শুদ্ধ হইবে।

প্রমাণ আপস্তম্ব যথা—

"ভুক্ত্বোচ্ছিষ্ট স্ত্বনাচান্তশ্চাণ্ডালৈঃ শ্বপচেন বা।
প্রমাদাৎ স্পর্শনং গচ্ছেৎ তত্র কুর্য্যাদ্বিশোধনং।
গায়ত্র্যষ্ট সহস্রন্তু দ্রুপদাং বাশতং জপেৎ।
ত্রিরাত্রোপোষিতো ভূত্বা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি॥" ইতি॥

পান, মৈথুন, মূত্র ও পুরীষোৎসর্গ সময়ে শব রজস্বলা এবং অন্ত্যজ কর্ত্তৃক স্পৃষ্ট হইলে যথাক্রমে চারি, তিন, এক এবং দুই দিবস উপবাস করিয়া শুদ্ধ হইবে।

প্রমাণ যথা—দক্ষ:

"পানে মৈথুন সংসর্গে তথা মূত্র পুরীষয়োঃ।
সংস্পর্শং যদি গচ্ছেত্তু শবোদক্যান্ত্যজৈঃ সহ।
দিনমেকং চরেন্মূত্রে পুরীষেতু দিনদ্বয়ং।
দিনত্রয়ং মৈথুনেস্যাৎ পানেস্যাচ্চচতুষ্টয়ং॥ ইতি॥"

উচ্ছিষ্ট মুখ হস্তাদি ব্রাহ্মণ কুক্কুর শূকরাদি স্পর্শে সান্তপন ব্রত করিবে।

প্রমাণ কাশ্যপ যথা—

"শ্ব শূকরান্ত্য চাণ্ডাল মদ্য ভাণ্ডরজস্বলাঃ।
যদ্যুচ্ছিষ্টঃ স্পৃশেৎ তত্র কৃচ্ছ্রং সান্তপনং চরেদিতি॥"

---

৪ শ্বপচ—ব্যাধ।

৫ প্রমাদোঽনবধানতা ইত্যমরঃ।

উচ্ছিষ্ট শূদ্র স্পর্শে ব্রাহ্মণ উপবাসে শুদ্ধ হইবে। উচ্ছিষ্ট বিপ্র স্পর্শে উপবাস করিবে এবং উচ্ছিষ্ট বিপ্র কর্ত্তৃক উচ্ছিষ্ট বিপ্র স্পৃষ্ট হইলে উভয়েই স্নান করিয়া শুদ্ধ হইবে।

প্রমাণ যথা ব্রহ্মপুরাণে—

"উচ্ছিষ্টেনতু শূদ্রেণ বিপ্রঃস্পৃষ্টস্তু তাদৃশঃ।
উপবাসেন শুদ্ধিঃস্যাৎ শুনাসংস্পৃষ্ট এব বা।
উচ্ছিষ্টেনতু বিপ্রেণ বিপ্রঃস্পৃষ্টস্তু তাদৃশঃ।
উভৌস্নানং প্রকুরুতঃ সদ্য এব সমাহিতৌ॥ ইতি॥"
"অনুচ্ছিষ্ট ব্রাহ্মণস্য নক্তমিতি প্রায়শ্চিত্ত বিবেকঃ॥

ব্রহ্মহত্যাদি মহাপাতক প্রায়শ্চিত্ত।

ব্রহ্মহা অজ্ঞানকৃত ব্রহ্মবধজনিত পাপক্ষয়ের নিমিত্ত শত কার্ষাপণী দক্ষিণক চত্বারিংশদধিক শত কার্ষাপণী দান করিবে।

প্রমাণ যথা—অঙ্গিরা

"ষড়্‌ভির্ব্বর্ষৈঃ কৃচ্ছ্রচারী ব্রহ্মহাতু বিশুদ্ধ্যতি। ইতি॥"

প্রতি বৎসরে ত্রিংশৎ প্রাজাপত্য অতএব ছয় বৎসরে সাশীতি শত প্রাজাপত্যই ইহার মুখ্য কল্প। পতিতা স্ত্রীনিষেবনে জ্ঞানকৃতে ঐরূপ। পতিতা স্ত্রীরও পতিত পুরুষ নিষেবনে ঐরূপ।

প্রমাণ মনু যথা—

"গুরুতল্প ব্রতং কুর্য্যাৎ রেতঃ সিক্তা স্বযোনিষু। ১
সখ্যুঃ পুত্রস্য চ স্ত্রীষু কুমারীষ্বন্ত্যজাসুচ॥" ইতি॥

১। স্বযোনিষু স্বোদর্য্য ভগিনীষু।

ব্রহ্মহত্যা, সুরাপান, গুরুপত্নী গমনাদি মহাপাতকের* সমান প্রায়শ্চিত্ত, অতএব এস্থলে গুরুতর ব্রত পূর্ব্বোক্ত মহাপাতক নাশক ব্রত জানিতে হইবে।

এই মহাপাতক প্রায়শ্চিত্ত কেহ কেহ দ্বাদশ বার্ষিকী ব্রত নির্দ্দেশ করেন।

প্রমাণ মনু যথা—

"এবং দৃঢ় ব্রতোনিত্যং ব্রহ্মচারী সমাহিতঃ।
সমাপ্তে দ্বাদশে বর্ষে ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥ ইতি ॥"

এই দ্বাদশ বার্ষিক ব্রত ও পূর্ব্বোক্ত ষড়্‌বার্ষিক ব্রতাচরণে অশক্ত হইলে পূর্ব্বোক্ত কার্ষাপণ্যাদি দান করিবে।

স্ত্রীলোকের তুল্য প্রায়শ্চিত্তের প্রমাণ অঙ্গিরা যথা—

"ব্রতং যচ্চোদিতং পুংসাং পতিত স্ত্রীনিসেবনাৎ
তচ্চাপিকারয়েন্মূঢ়াং পতিতাং সেবনাৎ স্ত্রীয়মিতি ॥"

জ্ঞানকৃত মহাপাতকের মরণান্ত প্রায়শ্চিত্ত।

অথ নানাবিধ প্রায়শ্চিত্ত।

পিতৃ মাতৃ বান্ধব স্ত্রীগমনে চান্দ্রায়ণ করিবে।

প্রমাণ মনু যথা—

"পৈতৃস্বস্ত্রীয়ভগিনীং স্বস্ত্রীয়াং মাতুরেবচ।
মাতুশ্চ ভ্রাতু রাপ্তস্ত্রীন্ গত্বা চান্দ্রায়ণং চরেদিতি ॥"

ক্রোধবশতঃ ভার্য্যাকে মাতা অথবা ভগিন্যাদি বলিলে সর্ব্ব বর্ণই প্রাজাপত্য করিবে।

---

* মহাপাতক ব্রহ্মহত্যাদি প্রমাণ মনু যথা—

"ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ
মহান্তিপাতকান্যাহুঃ সংসর্গশ্চাপিতৈঃ সহ ॥"

প্রমাণ স্মৃতিসাগরে যম যথা—

"ক্রোধাম্মোহাদ্বদন্ ভার্য্যাং মাতরং ভগিনীমপি।
প্রাজাপত্য ব্রতং কুর্য্যাৎ সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিঃ॥ ইতি॥"

ব্রাহ্মণ নিজে দৈবাৎ যজ্ঞোপবীত ছিন্ন করিলে, তিনটী প্রাণায়ম করিয়া একদিন উপবাস করিবে।

প্রমাণ স্মৃতিসাগরে আপস্তম্ব যথা—

"ব্রাহ্মণেন যদা দৈবাৎ ছিন্নং যজ্ঞোপবীতকং।
প্রাণায়াম ত্রয়ং কৃত্বা নিরাহারঃ ক্ষপেদ্দিনং॥ ইতি।"

শূদ্র কর্ত্তৃক ছিন্ন হইলে ত্রিংশৎপণ দক্ষিণকৈক কার্ষাপণী দান করিবে।

প্রমাণ বৃহস্পতি যথা—

"শূদ্রেণতু যদাচ্ছিন্ন মুপবীতং দ্বিজন্মনঃ।
দণ্ডং ত্রিংশৎপণং দত্ত্বা প্রাজাপত্যেন শুদ্ধ্যতি॥" ইতি॥

চাণ্ডালাদি কর্ত্তৃক ছিন্ন হইলে অতিকৃচ্ছ ব্রত করিবে, অশক্ত হইলে ধেনুদ্বয় মূল্যাদি দান করিবে।

প্রমাণ হারীত যথা—

"চাণ্ডাল পুক্কশম্লেচ্ছা ন্ত্যজ কাপালিকৈস্তথা।
ছিন্নযজ্ঞোপবীতোযঃ সোঽতি কৃচ্ছ্রেণ শুদ্ধ্যতি॥"
ইতি।

ব্রাত্য অর্থাৎ শাস্ত্রোক্ত কাল পর্য্যন্ত অনুপনীত, চান্দ্রায়ণ করিবে এবং এক কার্ষাপণ দক্ষিণাদিবে।

প্রমাণ শঙ্খ লিখিত যথা—

"ব্রাত্যশ্চান্দ্রায়ণঞ্চরেৎ গোপ্রদানঞ্চ কুর্য্যাদিতি॥"

যাহাদিগের পিতা মাতা না থাকায় সাবিত্রীর যথাবিধি অনুষ্ঠান না হয় অর্থাৎ ষোড়শ বৎসরের পর যখন সাবিত্রী পতিতা হন, তখন উপনয়ন করিতে হইলে প্রাজাপত্য ত্রয় করিবে।

প্রমাণ মনু যথা—

"যেষাং দ্বিজানাং সাবিত্রী নানুষ্ঠেত যথাবিধি।
তাংশ্চারয়িত্বা ত্রীণ্ কৃচ্ছ্রান্ যথাবিধ্যুপনায়য়েদিতি॥"

ক্ষত্রিয়াদি বর্ণত্রয় বধে যথাক্রমে ব্রহ্মহত্যার চতুর্থাংশ, অষ্টমাংশ ও ষোড়-শাংস প্রায়শ্চিত্ত করিবে।

প্রমাণ মনু যথা—

"তুরীয়োব্রহ্মহত্যায়াঃ ক্ষত্রিয়শ্য বধেস্মৃতঃ।
বৈশ্যেঽষ্টমাংশোবৃত্তস্থে শূদ্রেজ্ঞেয়াস্তু ষোড়শ॥" ইতি।

অকামে ব্রাহ্মনী বধে বৈশ্যবধ ব্রত করিবে, জ্ঞান পূর্ব্বক দ্বিগুণ, ব্যভি চারিনী বধে পাপ নাই।

প্রমাণ বৃহস্পতি যথা—

"অকামতঃ স্ত্রিয়ং হত্বা ব্রাহ্মণীং বৈশ্যবচ্চরেৎ।
কামতো দ্বিগুণং প্রোক্তং প্রদুষ্টায়াংনকিঞ্চন॥"
ইতি।

অন্য বর্ণা স্ত্রী বধে ব্রাহ্মণী বধের অর্দ্ধাদি ক্রমে প্রায়শ্চিত্ত করিবে। অন্যান্য পাপের প্রায়শ্চিত্ত গঙ্গাস্নানাদি। ভক্তিপূর্ব্বক গঙ্গাস্নানাদি করিলে সকল পাপ হইতেই মুক্ত হইতে পারে, প্রমাণাদি প্রকরণ বিশেষে লিখিত হইবে।

গঙ্গাস্নানাদি দৈব কর্ম্ম ভিন্ন অতি পাতকের প্রায়শ্চিত্ত নাই।

অবিজ্ঞাতগর্ভবধে তজ্জাতীয় পুংবধ প্রায়শ্চিত্ত করিবে।

"অবিজ্ঞাতঞ্চ গর্ভমিত্যাদি প্রমাণাৎ॥"

অথ পূর্ব্বজন্মকৃতাতিপাতকাদি প্রায়শ্চিত্ত।

যথাশাস্ত্র নির্নীত ব্যাধি যদি চিকিৎস্যিত হইলেও উপশম প্রাপ্ত না হয়, তাহা হইলে ঐ সকল ব্যাধি জন্মান্তরীণ দুষ্কর্ম্মজচিহ্ন বলিয়া জানিতে হইবে।

প্রমাণ আয়ুর্ব্বেদে যথা—

"নশমংযাতি যো ব্যাধিঃসজ্জ্ঞেয়ঃ কর্ম্মজোবুধৈরিতি ॥"

এবং হেমাদ্রিকৃত দান খণ্ডে শ্রীভগবদ্বাক্য যথা—

"দানাদিভিঃ কর্ম্মভিরোষধীভিঃ কর্ম্মক্ষয়ে দোষ পরিক্ষয়েচ।
সিদ্ধ্যন্তি যে যত্নবতাং কথঞ্চিৎ তেকর্ম্মদোষ প্রভবা গদাস্ত ॥"

নিম্নলিখিত রোগ সকল দানাদি কর্ম্ম দ্বারা উপশম প্রাপ্ত হয়।

প্রমাণ শাতাতপীয় কর্ম্মবিপাকে যথা—

"মহাপাতকজংচিহ্নং সপ্তজন্মস্তুজায়তে।
উপপাতোদ্ভবংপঞ্চ ত্রীণিপাপ সমুদ্ভবং।
দুষ্কর্ম্মজানৃণাং রোগাযান্তিচৈব ক্রমাচ্ছমং।
জপৈঃ সুরার্চ্চনৈর্হোমৈর্দ্দানৈস্তেষাংশমো ভবেৎ।
পূর্ব্বজন্ম কৃতং পাপং নরকস্য পরিক্ষয়ে।
বাধতে ব্যাধিরূপেণ তস্য কৃচ্ছ্রাদিভিঃ শমঃ।
কুষ্ঠঞ্চরাজযক্ষ্মাচ প্রমেহোগ্রহণীতথা।
মূত্রকৃচ্ছ্রাশ্মরীকাশা অতিসারভগন্দরৌ।
দুষ্টব্রণং গণ্ডমালা পক্ষাঘাতো হক্ষিনাশনং।
ইত্যেবমাদয়ো রোগা মহাপাপোদ্ভবাঃ স্মৃতাঃ ॥" ইতি।

কুষ্ঠাদি অক্ষিনাশ পর্য্যন্ত রোগ সকল মহাপাতকজ।

"জলোদর যকৃৎপ্লীহশূল রোগব্রণানিচ।
শ্বাসাজীর্ণ জ্বরচ্ছর্দ্দিভ্রমমোহগলগ্রহাঃ।
রক্তার্ব্বুদ বিসর্পাদ্যা উপপাতোদ্ভবা গদা ইতিচ॥"

জলোদরাদি রক্তার্ব্বুদ বিসর্পান্তরোগ সকল উপপাতকজ।

"দণ্ডাবতানকশ্চিত্র বপুঃ কম্প বিচর্চ্চিকাঃ।
বল্মীকপুণ্ডরীকাদ্যা রোগাঃ পাপ সমুদ্ভবা ইতিচ॥"

শেষোক্ত রোগ সকল পাতকজ।

"অর্শ আদ্যা নৃণাং রোগা অতি পাপাদ্ভবন্তি হি।
অন্যেচবহবোরোগা জায়ন্তে রোগসঙ্করাঃ।
উচ্যন্তে হি নিদানানি প্রায়শ্চিত্তানিচক্রমাদিতিচ॥"

অর্শ আদি রোগ সকল অতি পাতকজ, অন্যান্য অনেক রোগ পূর্ব্বোক্ত রোগ সকলের সহিত মিলিত হইয়া রোগসঙ্কর বলিয়া আখ্যাত হয়, প্রধান রোগের প্রায়শ্চিত্তেই তাহাদের প্রায়শ্চিত্ত।

অর্শ এবং গলিত কুষ্ঠ এই দ্বয়ের অন্যতর রোগ যুক্ত অতিপাতকী মহাপাতক প্রায়শ্চিত্তের দ্বৈগুণ্য দানে অর্থাৎ পরাকদ্বয়াশক্তি বিহিত ত্রিংশৎ কার্ষাপণী ও যৎকিঞ্চিৎ দক্ষিণাদানে জন্মান্তরীয় অতিপাতক হইতে মুক্ত হইবে। মহাপাতকী পরাক ব্রতাশক্ত হইলে পঞ্চধেনুমূল্য পঞ্চদশ কার্ষাপণ বরাটক দানে অথবা তন্মূল্য লভ্য রজতাদি খণ্ড দানে মুক্ত হইবে। উপপাতকে মহাপাতকের অর্দ্ধ প্রায়শ্চিত্ত এবং পাতকে ষষ্ঠাংশ।

প্রমাণ শাতাতপীয় কর্ম্মবিপাকে যথা—

"মহাপাপেষু সর্ব্বং স্যাত্তদর্দ্ধন্তূপপাতকে।
দদ্যাৎ পাপেষু ষষ্ঠাংশং কল্প্যং ব্যাধিবলাবলং॥ ইতি॥"

প্রায়শ্চিত্তের ব্যবস্থা পত্র এই রূপে লিখিতে হয়।

(ব্রত) নাশ্য (সর্ব্ব) পাপক্ষয় কামনয়া যথোক্ত ব্রতাদ্যশক্তৌ (যথোক্ত) ধেনুমূল্য (যথোক্ত) কার্ষাপণ বরাটক দানরূপং তন্মূল্য লভ্য রজতাদি খণ্ড দান রূপম্বা প্রায়শ্চিত্তং কার্য্যমিতি বিদাং মতং ॥

অথবা চান্দ্রায়ণ ব্রতনাশ্য সর্ব্বপাপ ক্ষয়ার্থিনা যথোক্ত ব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণক সার্দ্ধ দ্বাবিংশতি কার্ষাপণী দানরূপং প্রায়শ্চিত্তং কার্য্যমিতি বিদাং মতং ॥

কর্ম্ম শেষে ব্রাহ্মণকে দক্ষিণা না দিলে নরকে গমন হয়।

প্রমাণ নারদ যথা—

"বৃথা বিপ্রবচোযস্তু গৃহ্লাতি মনুজঃ শুভে।
অদত্বা দক্ষিণাং বাপি সযাতি নরকং ধ্রুবং ॥ ইতি ॥"

অথ আহ্নিক কৃত্য নির্ণয়।

গৃহী ব্যক্তি প্রত্যহ অরুণোদয় কালে নিদ্রা ত্যাগ করিয়া বেগোৎসর্গ করিবে, তদনন্তর দন্ত ধাবন করিয়া স্নান করিবে।

প্রমাণ বিষ্ণু ধর্ম্মোত্তরে যথা—

"নিদ্রাং জহ্যাদ্গৃহী রাম নিত্যমেবারুণোদয়ে।
বেগোৎসর্গং ততঃ কৃত্বা দন্তধাবন পূর্ব্বকং।
স্নানং সমাচরেৎ প্রাতঃ সর্ব্বকল্মষনাশনং ॥ ইতি ॥"

সূর্য্যোদয়ের পূর্ব্ব চারি দণ্ডই অরুণোদয় কাল, ঐ সময়ে স্নান প্রশস্ত।

প্রমাণ স্কান্দে যথা—

"উদয়াৎ প্রাক্ চতস্রস্তু নাড়িকা অরুণোদয়ঃ।
তত্র স্নানং প্রশস্তং স্যাৎতদ্ধি পুণ্যতমং স্মৃতমিতি ॥"

ষষ্ঠী নাড়িতে এক অহোরাত্র হয় এবং ষষ্ঠী দণ্ডেতেও এক অহোরাত্র হয়, অতএব নাড়ী শব্দেই দণ্ড বুঝায়।

প্রমাণ স্মার্ত্ত যথা—

"নাড়িকা দণ্ডঃ। নাড়ী ষষ্ঠ্যাদিবানিশ মিত্যুক্তেঃ।

ক্রোধাদি জনিত বেগ ভিন্ন অন্য সময়ে বেগ রোধ না করিয়া বহির্দ্দেশ গমনই অবশ্য কর্ত্তব্য।

প্রমাণ বিষ্ণু ধর্ম্মোত্তরে যথা—

"বেগরোধং ন কর্ত্তব্যমন্যত্র ক্রোধবেগত ইতি॥"

যথাযোগ্য স্থানে মূত্র পুরীষোৎসর্গ করিবে, নিষিদ্ধ স্থানে করিবে না। পীড়িত ব্যক্তি অসামর্থে নিয়ম লঙ্ঘন করিবে।

নিষিদ্ধ স্থান যথা মনু প্রণীত ধর্ম্মশাস্ত্রে—

"নমূত্রং পথিকুর্ব্বীত নভস্মনি ন গোব্রজে।
ন ফাল কৃষ্টে ন জলে ন চিত্যাং ন চ পর্ব্বতে।
ন জীর্ণ দেবায়তনে ন বল্মীকে কদাচন।
ন সসত্বেষু গর্ত্তেষু ন গচ্ছন্নাপি সংস্থিতঃ।
ন নদীতীরমাসাদ্য নচ পর্ব্বতমস্তকে।
বায়ৃগ্নি বিপ্রানাদিত্য মপঃ পশ্যং স্তথৈবচ।
ন কদাচন কুর্ব্বীত বিণ্মূত্রস্য বিসর্জ্জনং॥ ইতি॥"

আহার, মূত্র পুরীষোৎসর্গ, স্ত্রীসম্ভোগ এবং যোগ ইত্যাদি কর্ম্ম নির্জ্জনেই কর্ত্তব্য।

প্রমাণ বশিষ্ঠ যথা—

"আহার নির্হার বিহার যোগাঃ সুসম্বৃতা ধর্ম্মবিদাতু কার্য্যা। ইতি॥"

শৌচের পর মৃত্তিকা ও জল দ্বারা হস্ত পদ প্রক্ষালন করিয়া শিখাবন্ধন করণানন্তর আচমন করিবে।

প্রমাণ বৃদ্ধ পরাশর যথা—

"কৃত্বাথশৌচং প্রক্ষাল্য পাদৌহস্তৌচ মৃজ্জলৈঃ।
নিবন্ধশিখ আসীনো দ্বিজ আচমনঞ্চরেদিতি॥"

দ্বিজ গায়ত্রী দ্বারা শিখাবন্ধন করিবে, প্রমাণ ব্রহ্মপুরাণে যথা—

"গায়ত্র্যাতু শিখাং বদ্ধা নৈঋত্যাং ব্রহ্মরন্ধ্রতঃ।
জুটিকাঞ্চ ততোবদ্ধা ততঃ কর্ম্ম সমারভেদিতি॥"

শূদ্রের শিখাবন্ধন মন্ত্র যথা—

"ব্রহ্মবাণী সহস্রাণি শিববাণী শতানিচ।
বিষ্ণোর্নাম সহস্রেণ শিখাবন্ধং করোম্যহং। ইতি॥"

শিখা মুক্তি মন্ত্র যথা—

"গচ্ছন্তু সকলাদেবা ব্রহ্ম বিষ্ণু মহেশ্বরাঃ।
তিষ্ঠত্বত্রাচলা লক্ষ্মীঃ শিখামুক্তং করোম্যহং॥ ইতি॥"

আচমন বিধি ব্রহ্মপুরাণে যথা—

"হোমে ভোজন কালেচ সন্ধ্যয়োরুভয়োরপি।
আচান্ত্যঃ পুন রাচামেৎ অন্যত্রাপি সকৃৎ সকৃৎ॥ ইতি॥"

হোমকালে, ভোজন সময়ে এবং উভয় সন্ধ্যায় দুইবার আচমন করিতে হয়, অন্যান্য সময়ে এক একবার।

আচমন না করিয়া যে কর্ম্ম করিবে তাহাই নিষ্ফল হইবে।

প্রমাণ বায়ুপুরাণে যথা—

"যঃ কর্ম্ম কুরুতেমোহাদনাচম্যৈব নাস্তিকঃ।
ভবন্তি হি বৃথা তস্য ক্রিয়াঃ সর্ব্বানসংশয় ইতি॥"

দন্ত ধাবন অবশ্য কর্ত্তব্য, কারণ দন্ত ধাবন না করিলে মুখ দুর্গন্ধযুক্ত হয়।

প্রমাণ বৃদ্ধ শাতাতপ যথা—

"মুখে পর্য্যুষিতে নিত্যং ভবত্যপ্রযতো নরঃ।
তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন ভক্ষয়েদ্দন্তধাবনমিতি ॥"

শ্রাদ্ধে, জন্মদিনে, বিবাহে, ব্রতে ও উপবাসাদিতে দন্ত ধাবন করিবে না।

প্রমাণ বিষ্ণু যথা—

"শ্রাদ্ধে জন্ম দিনে চৈব বিবাহে জীর্ণ সম্ভবে।
ব্রতে চৈবোপবাসেচ বর্জ্জয়েদ্দন্তধাবনং। ইতি ॥"

পর্ব্বেতেও দন্তধাবন করিবেনা।

প্রমাণ মহাভারতে যথা—

"তিক্তং কষায়ং কটুকং সুগন্ধি কণ্টকান্বিতং।
ক্ষীরিণোবৃক্ষ গুল্মানাং ভক্ষয়েদ্দন্তধাবনং।
ভক্ষয়েৎ শাস্ত্র দৃষ্টানি পর্ব্বস্বপিচ বর্জ্জয়েদিতি ॥"

দন্ত লগ্ন বস্তু বাহির করিতে কষ্ট বোধ হইলে তাহা বাহির না করিলে উচ্ছিষ্টাদি দোষ নাই।

প্রমাণ দেবল বচন যথা—

"ভোজনে দন্তলগ্নেচ নির্হৃত্যাচমনঞ্চরেৎ।
দন্তলগ্ন মসংহার্য্যং লেপং মন্যেত দন্তবৎ।
ন তত্র বহুশো যত্নং কুর্য্যাদুদ্ধরণে পুনঃ।
অশৌচং জায়তেহত্র তৃণবেধাদ্ব্রণে কৃতে ॥ ইতি ॥"

সর্ব্বদা তৈল মর্দ্দনানন্তর স্নান করাই কর্ত্তব্য।

প্রমাণ মার্কণ্ডেয় যথা—

"সর্ব্বকালং তিলৈঃ স্নানং পুণ্যং ব্যাসোঽব্রবীন্মুনিঃ।
ইতি ॥"

সপ্তমী, নবমী ও পর্ব্বেতে তৈল মর্দ্দন করিবে না।

প্রমাণ মার্কণ্ডেয় যথা—

"সপ্তমীং নবমীং চৈব পর্ব্বকালস্তু বর্জয়েৎ। ইতি ॥"

এবং বিষ্ণুপুরাণে যথা—

স্ত্রী তৈল মাংস সম্ভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্।
বিণ্মূত্র ভোজনং নাম প্রয়াতি নরকং মৃতঃ ॥ ইতি ॥"

এবং বিষ্ণু ধর্ম্মোত্তরে যথা—

"অষ্টমীঞ্চ তথা ষষ্ঠীং নবমীঞ্চ চতুর্দ্দশীং।
শিরোঽভ্যঙ্গং ন কুর্ব্বীত পর্ব্বসন্ধৌ তথৈবচ ॥ ইতি ॥"

রবি ও মঙ্গলবারে তৈল মর্দ্দন করিবে না, শুক্রবারে ক্ষৌর কর্ম্ম করিবে না, মঙ্গলবারে মাংস ভক্ষণ করিবে না, বুধে স্ত্রীসম্ভোগ করিবে না, চিত্রা, অশ্বিনী, হস্তা ও শ্রবণা নক্ষত্রেও তৈল মর্দ্দন নিষেধ। বিশাখা নক্ষত্র ও প্রতিপদে ক্ষৌর নিষেধ, মূলা, মঘা ও ভাদ্রপদে মাংস ভক্ষণ নিষেধ, এবং মঘা, কৃত্তিকা ও উত্তরা নক্ষত্রে স্ত্রীসম্ভোগ নিষেধ।

প্রমাণ কল্পতরু গ্রন্থে যথা—

"নাভ্যঙ্গ মর্কেনচ ভূমি পুত্রে ক্ষৌরঞ্চশুক্রেঽথকুজেঽথ মাংসং।
বুধেঽথ যোষিৎ পরিবর্জনীয়া শেষেষু সর্ব্বাণি সদৈব কুর্য্যাৎ।
চিত্রাশ্বিহস্তা শ্রবণেষু তৈলং ক্ষৌরং বিশাখ প্রতিপৎস্থবর্জ্যং।
মূলা মঘা ভাদ্রপদেষু মাংসং যোষিন্মঘা কৃত্তিকসোত্তরাসু ॥
ইতি ॥"

রাত্রি ও সন্ধ্যাকালে স্নান করিবে না, অজ্ঞাত জলে, প্রভূত জলে, অশুচি স্থানে, ভগ্ন কূলে, নাভির অল্প জলে, চত্বরে, দ্বারসমীপে স্নান করিবে না, অজস্র স্নান করিবে না, উলঙ্গ হইয়া অথবা ভোজন করিয়া স্নান করিবে না।

প্রমাণ হারীত যথা—

"নাতুরো ন ভুক্ত্বা ন জীর্ণবাসা ন নগ্নোনাশ্নন নাবশক্-
থিকোনালঙ্কৃতো নাজস্রংনাজ্ঞাতে জলে নাকূলে না-
শুচৌ ন প্রভূত জলে ন নাভেরল্প জলে ন চত্বরে নো-
পদ্বারে ন সন্ধ্যায়াং ন নিশায়াং স্নায়াদিতি ॥"

হস্ত অথবা পরিধেয় বস্ত্র দ্বারা গাত্র মার্জ্জন করিবে না।

প্রমাণবিষ্ণু যথা—

"স্নাতোনাঙ্গানি নির্ম্মৃজ্যাৎ স্নান শাট্যা ন পানিনা ইতি ॥"

নদী জলে অবগাহন পূর্ব্বক স্নানই প্রশস্ত।

প্রমাণ মৎস্য পুরাণে যথা—

"নদ্যাং প্রত্যেকশঃস্নানে ভবেদ্গোদানজং ফলং ॥" ইতি ॥

শ্রাবণ এবং ভাদ্রমাসে সমুদ্রগাভিন্ন নদীতে স্নান করিবে না।

প্রমাণ ছন্দোগ পরিশিষ্টে যথা—

"যব্যদ্বয়ং শ্রাবণাদি সর্ব্বানদ্যো রজস্বলাঃ।
তাসুস্নানং ন কুর্ব্বীত বর্জ্জয়িত্বা সমুদ্রগাঃ ॥ ইতি ॥"

স্নানানন্তর গঙ্গা মৃত্তিকাদি দ্বারা তিলক করিবে।

প্রমাণ ব্যাস যথা—

"জাহ্নবীতীরসম্ভূতাং মৃদং মূর্দ্ধ্না বিভর্ত্তিযঃ।
বিভর্ত্তিরূপং সোঽর্কস্য তমোনাশায় কেবলং ॥"

এবং শাতাতপ—

"গোমতীতীর সম্ভূতাং গোপীদেহসমুদ্ভবাং।
মৃদং মূর্দ্ধ্না বহেদ্যস্তু সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। ইতি॥"

চন্দন দ্বারাও তিলক করিতে পারে।

প্রমাণ ব্রহ্মপুরাণে যথা—

"তিলকং বৈ দ্বিজঃ কুর্য্যাচ্চন্দনেন যথেচ্ছয়া। ইতি॥"

স্নানে অশক্ত হইলে আর্দ্র বস্ত্র দ্বারা গাত্র মার্জ্জন করিবে।

প্রমাণ জাবালি যথা—

"অশিরস্কং ভবেৎ স্নানং স্নানাশক্তৌতু কর্ম্মিণাং।
আর্দ্রেণ বাসসাবাপি মার্জ্জনং দৈহিকং বিদুরিতি॥"

প্রত্যহ তর্পণ কর্ত্তব্য।

প্রমাণ শাতাতপ যথা—

"তর্পণন্তু শুচিঃ কুর্য্যাৎ প্রত্যহং স্নাতকো দ্বিজঃ।
দেবেভ্যশ্চ ঋষিভ্যশ্চ পিতৃভ্যশ্চ যথাক্রমং॥ ইতি॥"

বিধবারও প্রত্যহ স্বামীর উদ্দেশে তর্পণ করা উচিত।

প্রমাণ বিধবাধিকারে কাশিখণ্ড যথা—

"তর্পণং প্রত্যহং কার্য্যং ভর্ত্তুঃ কুশতিলোদকৈঃ।
তৎ পিতুস্তৎ পিতুশ্চাপি নামগোত্রাদি পূর্ব্বকমিতি॥"

তিল সংযুক্ত জল দ্বারা তর্পণ করিবে, কারণ উহা পিতৃপুরুষের সম্বন্ধে অমৃত স্বরূপ।

প্রমাণ বায়ু পুরাণে যথা—

"তিলদর্ব্ভৈস্তু সংযুক্তং শ্রদ্ধয়া যৎ প্রদীয়তে।
তৎ সর্ব্বমমৃতং ভূত্বা পিতৃণামুপতিষ্ঠতে॥ ইতি॥"

শূদ্রাদ্যানীত জল দ্বারা তর্পণ করিবে না।

প্রমাণ স্মার্ত্তধৃত বচন যথা—

"শূদ্রোদকৈর্নকুর্ব্বীত তথা মেঘাদিনিঃসৃতৈরিতি॥"

সংক্রান্তিতে, রবিবারে, শুক্রবারে, দ্বাদশাতে, শ্রাদ্ধ দিবসে, সপ্তমীতে এবং জন্মদিনে তিল তর্পণ করিবে না।

প্রমাণ স্মৃতি যথা—

"রবিশুক্রদিনে চৈব দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সপ্তম্যাং জন্মদিবসে ন কুর্য্যাত্তিলতর্পণং॥ ইতি॥"

এবং মৎস্যপুরাণে যথা—

"সংক্রান্ত্যাং নিশি সপ্তম্যাং রবিশুক্রদিনে তথা।
শ্রাদ্ধে জন্মদিনে চৈব ন কুর্য্যাত্তিলতর্পণমিতি॥"

এই শ্রাদ্ধ অমাবস্যাতিরিক্ত শ্রাদ্ধ বুঝিতে হইবে, কারণ অমাবস্যায় তিল তর্পণের বিধি আছে।

প্রমাণ মৎস্য পুরাণে যথা—

"নীলষণ্ড বিমোক্ষেণ অমাবস্যাং তিলোদকৈঃ।
বর্ষাসু দীপদানেন পিতৃণামনৃণো ভবেদিতি॥"

তীর্থে, তিথি বিশেষে, গঙ্গাতে ও প্রেতপক্ষে নিষিদ্ধ দিনেও তিল তর্পণ করিবে।

প্রমাণ মদন পারিজাত বিদ্যাকর বাজপেয়ি ধৃত মরীচি বচন যথা—

"তীর্থে তিথি বিশেষেচ গঙ্গায়াং প্রেত পক্ষকে।
নিষিদ্ধেঽপি দিনে কুর্য্যাত্তর্পণং তিল মিশ্রিত মিতি॥"

যিনি প্রত্যহ সন্ধ্যা না করেন তাঁহার ব্রাহ্মণত্বের হানি হয়।

প্রমাণ শাতাতপ যথা—

"অব্রাহ্মণাস্তু ষট্ প্রোক্তা ঋষিণা তত্ত্ববাদিনা।
আদ্যো রাজভৃতস্তেষাং দ্বিতীয়ঃ ক্রয়বিক্রয়ী।
তৃতীয়ো বহু যাজ্যঃ স্যাৎ চতুর্থোগ্রামযাজকঃ।
পঞ্চমস্তুভৃতস্তেষাং গ্রামস্য নাগরস্য চ।
অনাগতান্তু যঃ পূর্ব্বাং সাদিত্যাঞ্চৈব পশ্চিমাং।
নোপাসীত দ্বিজঃ সন্ধ্যাং সষষ্ঠো হ্যব্রাহ্মণঃ স্মৃত ইতি॥"

প্রাতরাদিকালভেদে সন্ধ্যার নাম যথাক্রমে গায়ত্রী, সাবিত্রীও সরস্বতী।

প্রমাণ ব্যাস যথা—

"গায়ত্রীনাম পূর্ব্বাহ্নে সাবিত্রী মধ্যমে দিনে
সরস্বতীচ সায়াহ্নে সৈব সন্ধ্যা স্মৃতা ইতি॥"

সন্ধ্যা গানকারী ব্যক্তিকে সমস্ত পাতক হইতে ত্রাণ কারিণী বলিয়া সন্ধ্যার নাম গায়ত্রী। সবিতাকে অন্তরে প্রকাশিত করায় ইহার নাম সাবিত্রী এবং বাক্রূপিনী বলিয়া ইহার নাম সরস্বতী।

প্রমাণ ব্যাস যথা—

"প্রতিগ্রহান্নদোষাচ্চ পাতকাদুপপাতকাৎ।
গায়ত্রী প্রোচ্যতে তস্মাৎ গায়ন্তং ত্রায়তে যতঃ।
সবিতৃদ্যোতনাৎ সৈব সাবিত্রী পরিকীর্ত্তিতা।
জগতঃ প্রসবিত্রীত্বাৎ বাগ্রূপত্বাৎ সরস্বতী॥ ইতি॥"

যিনিই সন্ধ্যা তিনিই গায়ত্রী।

প্রমাণ যোগিযাজ্ঞবল্ক্য যথা—

"যাসন্ধ্যা সাতু গায়ত্রী দ্বিধাভূত্বা প্রতিষ্ঠিতা॥" ইতি॥

গায়িত্রী, ব্রহ্ম, বেদ একই।

প্রমাণ ব্যাস যথা—

"নভিন্নাং প্রতিপদ্যেত গায়ত্রীং ব্রহ্মণাসহ ॥ ইতি ॥"

জন্ম মৃত্যু ভীত জীবগণ কর্ত্তৃক মুক্তির নিমিত্ত উপাসনীয়, বুদ্ধিবৃত্তি প্রবর্ত্তক সর্ব্বান্তর্যামী তেজঃস্বরূপ ঈশ্বরকে চিন্তা করি। ইহাই গায়ত্রীর অর্থ।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

"দেবস্য সবিতু বর্চ্চো ভর্গমন্তর্গতং বিভুং।
ব্রহ্মবাদিন এবাহুর্ব্বরেণ্যং চাস্য ধীমহি।
চিন্তয়ামো বয়ং ভর্গং ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ।
ধর্ম্মার্থ কামমোক্ষেষু বুদ্ধিবৃত্তীঃ পুনঃ পুনঃ।
বুদ্ধেশ্চোদয়িতা যস্তু চিদাত্মাপুরুষো বিরাট্।
বরেণ্যং বরণীয়ঞ্চ জন্মসংসার ভীরুভিঃ।
আদিত্যান্তর্গতংযচ্চ ভর্গাখ্যং তন্মুমুক্ষুভিঃ।
জন্মমৃত্যুবিনাশায় দুঃখস্য ত্রিতয়স্যচ।
ধ্যানেন পুরুষো যশ্চ দ্রষ্টব্যঃ সূর্য্যমণ্ডলে।
মন্ত্রার্থমপিচৈবায়ং জ্ঞাপয়ত্যেবমেবহি ॥ ইতি ॥"

মন্ত্রের ঋষি, ছন্দ, দেবতা ও বিনিয়োগ জানা উচিত।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

"আর্ষং ছন্দশ্চ দৈবত্যং বিনিয়োগ স্তথৈবচ।
বেদিতব্যং প্রযত্নেন ব্রাহ্মণেন বিশেষতঃ ॥ ইতি ॥"

কারণ ইহা না জানা থাকিলে হোমাদি কর্ম্মের বিশেষ ফল লাভ হয় না।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

"অবিদিত্বাতু যঃ কুর্য্যাৎ যাজনাধ্যাপনং জপং।
হোমমন্ত র্জলাদীনি তস্য চাল্প.ফলং ভবেদিতি॥"

পূর্ব্বকল্পে মন্ত্র সকল কর্ম্ম বিশেষের নিমিত্ত উৎপন্ন হইয়াছিল। যে মন্ত্রদ্বারা যে কর্ম্ম কর্ত্তব্য তাহাতেই তাহার বিনিয়োগ বলে।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

"পুরা কল্পে সমুৎপন্না মন্ত্রাঃ কর্ম্মার্থমেবচ।
অনেনেদন্ত কর্ত্তব্যং বিনিয়োগঃ সউচ্যতে॥" ইতি॥

প্রণবের ব্রহ্ম ঋষি, অগ্নি দেবতা, গায়ত্রী ছন্দ, সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগ।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

"প্রণবস্য ব্রহ্মা ঋষির্দ্দেবোঽগ্নি স্তস্য কথ্যতে।
গায়ত্রীচ ভবেৎ ছন্দো নিয়োগঃ সর্ব্বকর্ম্মসু॥ ইতি॥"

সপ্ত ব্যাহৃতির প্রজাপতি ঋষি, গায়ত্রী উষ্ণিক অনুষ্টুপ্ বৃহতী পঙ্‌ক্তি ত্রিষ্টুপ্ জগতী ছন্দ, অগ্নি, বায়ু, সূর্য্য, বৃহস্পতি, বরুণ, ইন্দ্র, বিশ্ব-দেব, দেবতা প্রাণায়ামে বিনিয়োগ।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

"ব্যাহৃতীনাঞ্চ সর্ব্বাসামার্ষঞ্চৈব প্রজাপতিঃ।
গায়ত্র্যুষ্ণি গনুষ্টুপচবৃহতী ত্রিষ্টুবেবচ।
পঙ্‌ক্তিশ্চ জগতীচৈব ছন্দাংস্যেতানি সপ্তবৈ।
অগ্নির্ব্বায়ুস্তথা সূর্য্যো বৃহস্পতিরপাংপতিঃ।
ইন্দ্রশ্চ বিশ্বে দেবাশ্চ দেবতাঃ সমুদাহৃতাঃ।
প্রাণস্যায়মনেচৈব বিনিয়োগ উদাহৃত ইতি॥"

গায়ত্রীর বিশ্বামিত্র ঋষি, গায়ত্রী ছন্দ, সবিতা দেবতা, জপহোমোপনয়নে বিনিয়োগ।

প্রমাণ সম্বর্ত্ত যথা—

"বিশ্বামিত্র ঋষিশ্ছন্দো গায়ত্রী সবিতে য্যতে।
জপহোমোপনয়নে বিনিয়োগো বিধীয়তে॥ ইতি॥"

গায়ত্রী শিরের প্রজাপতি ঋষি গায়ত্রী ছন্দ, ব্রহ্মা, বায়ু, অগ্নি, সূর্য্য দেবতা প্রাণায়ামে বিনিয়োগ। বায়ুসংযমন করিয়া ভূরাদি সপ্তব্যাহৃতি, গায়ত্রী, আপোজ্যোতিরাদি গায়ত্রীশির এই গুলি জপ করার নাম প্রাণায়াম।

প্রমাণ ছন্দোগ পরিশিষ্টে যথা—

"ভূরাদ্যা স্তিস্র এবৈতা মহাব্যাহৃতয়োঽব্যয়াঃ।
মহর্জন স্তপঃ সত্যং গায়ত্রীচ শিরস্তথা।
আপোজ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরিতি।
শিরঃ প্রভীকং প্রণবং অন্তেচ শিরস স্তথা।
এতাএতাং সহানেন তথৈভির্দ্দশভিঃ সহ।
ত্রির্জপেদায়ত প্রাণঃ প্রাণায়ামঃ সউচ্যতে॥ ইতি॥'

রেচন, পূরণ ও কুম্ভন এই লক্ষণ ত্রয় বিশিষ্ট বায়ুসংযমন কার্য্যের নাম প্রাণায়াম।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

"পূরকো কুম্ভকো রেচ্যঃ প্রাণায়াম স্ত্রিলক্ষণঃ।
নাসিকা গত-উচ্ছ্বাসো ধ্যাতুঃ পূরক উচ্যতে।
কুম্ভকো নিশ্চলশ্বাসো মুচ্যমানস্তুরেচকঃ॥ ইতি॥"

আপোহিষ্টেতি সূক্তের সিন্ধুদ্বীপঋষি, গায়ত্রী ছন্দ, জল দেবতা, মার্জ্জনে বিনিয়োগ।

প্রমাণ রামায়ণ যথা—

"আপোহিষ্ঠেতি সূক্তস্য সিন্ধুদ্বীপঋষিঃস্মৃতঃ।
আপোবৈদেবতা ছন্দো গায়ত্রী মার্জ্জনং স্মৃতং॥ ইতি॥"

ঋতঞ্চেতি মন্ত্রের অঘমর্ষণ ঋষি, অনুষ্টুপ ছন্দ, ভাব বৃত্ত দেবতা, অশ্বমেধযজ্ঞে বিনিয়োগ।

প্রমাণ যথা যোগি যাজ্ঞবল্ক্য—

"অঘমর্ষণ সূক্তস্য ঋষি স্যাদঘমর্ষণঃ।
অনুষ্টুপ চ ভবেৎ ছন্দো ভাববৃত্তস্তু দৈবতং।
অশ্বমেধাবভৃথকে বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ। ইতি॥"

প্রাণায়ামের পর প্রাতে মধ্যাহ্নে ও সায়াহ্নে যথাক্রমে সূর্য্যশ্চমেত্যাদি, আপঃ পুনন্তু ইত্যাদি ও অগ্নিশ্চমেত্যাদি মন্ত্র পাঠ করিয়া পুনরাচমন করিতে হয়।

প্রমাণ প্রাণায়ামানন্তরাচমনে বৌধায়ন যথা—

"সূর্য্যশ্চ মামন্যুশ্চ ইতি প্রাতঃ পবিত্র পাণিনা ইতি॥"

ভরদ্বাজ যথা—

"সায়মগ্নিশ্চ মেত্যুক্ত্বা প্রাতঃ সূর্য্যেত্যপঃ পিবেৎ।
আপঃপুনন্তু মধ্যাহ্নে ততশ্চাচমনং চরেদিতিচ॥"

মৈত্রায়নীয় গৃহ্য পরিশিষ্টে যথা—

"প্রাত সূর্য্যশ্চ মেত্যুক্ত্বা সায় মগ্নিশ্চমেতিচ।
আপঃপুনন্তু মধ্যাহ্নে কুর্য্যাদাচমনং তত ইতিচ॥"

পূর্ব্বোক্ত মন্ত্রত্রয়ের প্রকৃতি ছন্দ, আপোদেবতা, আচমনে বিনিয়োগ, দেবতা যথাক্রমে ব্রহ্মা, বিষ্ণু, ও শিব, প্রাতে ও সায়াহ্নে কৃতাঞ্জলি হইয়া এবং মধ্যাহ্নে ঊর্দ্ধ বাহু হইয়া উপস্থান করিতে হয়।

প্রমাণ হারীত যথা—

"সায়ং প্রাতরুপস্থানং কুর্য্যাৎ প্রাঞ্জলি রানতঃ।
ঊর্দ্ধ বাহুস্তু মধ্যাহ্নে তথা সূর্য্যস্য দর্শনাদিতি॥"

উদুত্য মিত্যাদি মন্ত্রের প্রস্কন্ন ঋষি, গায়ত্রী ছন্দ সূর্য্যদেবতা, অগ্নিষ্টোম ও সূর্য্যোপস্থানে বিনিয়োগ।

চিত্র মিত্যাদি মন্ত্রের কৌৎস ঋষি, ত্রিষ্টুপ ছন্দ, সূর্য্যদেবতা, অগ্নিষ্টোম ও সূর্য্যোপস্থানে বিনিয়োগ।

প্রমাণ ব্যাস যথা—

"উদুত্যং জাতবেদেতি ঋষিঃপ্রস্কন্ন উচ্যতে।
ছন্দো গায়ত্র্যমেবাস্য সূর্য্যোদৈবত মেবচ।
অগ্নিষ্টোম উপস্থানে বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ
চিত্রংদেবেতি হিঋচঃ ঋষিঃ কৌৎস উদাহৃতঃ।
ত্রিষ্টুপ ছন্দো দৈবতঞ্চ সূর্য্যোঽস্যাঃ পরিকীর্ত্তিতঃ।
অগ্নিষ্টোম উপস্থানে বিনিয়োগস্তথৈবচ॥ ইতি॥"

ইহার পর তর্পণ, আবাহন ধ্যান ও জপাদি।

গায়ত্রী জপে সমস্ত পাতক নষ্ট হয়।

প্রমাণ যম যথা—

"গায়ত্র্যাঃ পাদমর্দ্ধম্বাঋচঃ সর্ব্বর্চমেববা।
ব্রহ্মহত্যা সুরাপানং সুবর্ণ হরণংতথা।
গুরুদারাভিগমনং যচ্চান্যৎ পাতকং মহৎ।
সর্ব্বমেতৎ পুণাত্যাহ স্বয়ং বৈবস্বতো যমঃ॥ ইতি।"

অনন্তর যথাবিধি মন্ত্রাদি পাঠ করিয়া সূর্য্যার্ঘ দানাদি করিবে। সন্ধ্যা ও তাহার অর্থ পরে লিখিত হইবে।

দ্বিজগণ তৃণ কাষ্ঠ (যজ্ঞার্থে) পুষ্প সকল স্থান হইলেই স্বকীয় বোধে আনয়ন করিবে। ইহাতে চৌর্য্যাপরাধ নাই।

প্রমাণ যাজ্ঞবল্ক্য যথা—

"দ্বিজস্তৃণৈধ পুষ্পানি সর্ব্বতঃ স্ববদাহরেদিতি ॥"
"দেবতার্থন্তু কুসুমমস্তেয়ং মনুরব্রবীৎ" ইতি
বচনাচ্চ।

মূল্য দ্বারা ক্রীত ও যাচিত পুষ্প দ্বারা পূজা নিষ্ফল হয়।

প্রমাণ যথা—

"যাচিতং নিষ্ফলংপুষ্পং ক্রয়ক্রীতঞ্চ নিষ্ফলং ॥ ইতি ॥"

এবং হারীত ও শাতাতপ যথা—

"সমিৎ পুষ্প কুশাদীনি ব্রাহ্মণঃ স্বয়মাহরেৎ।
শূদ্রানীতৈঃ ক্রয়ক্রীতৈঃ কর্ম্মকুর্ব্বন্ পতত্যধঃ ॥"
ইতি ॥

গৃহদেবতাকে নিত্য গন্ধ, পুষ্প ধূপ, দীপ ও নৈবেদ্য দ্বারা পূজা করিতে হয়।

প্রমাণ দেবল যথা—

"অন্নেন সুমনোভিশ্চগন্ধ ধূপৈঃ প্রদীপকৈঃ।
গৃহস্থঃ পূজয়েন্নিত্যং স্বগৃহে গৃহদেবতাঃ ॥ ইতি ॥"

গৃহস্থ মাত্রেরই গৃহে শালগ্রামশিলা রাখা উচিত।

প্রমাণ সম্বৎসর প্রদীপে স্মৃতি যথা—

"কেশবার্চ্চা গৃহে যস্য নতিষ্ঠতি মহীয়তে।
তস্যান্নং নৈবভোক্তব্যং অভক্ষ্যেণ সমংস্মৃতং ॥ ইতি ॥"

এবং পদ্ম পুরাণে যথা—

"শালগ্রাম শিলারূপী যত্রতিষ্ঠতি কেশবঃ।
তত্র দেবাসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ ॥ ইতি ॥"

গন্ধ, পুষ্প, ধূপ দীপ ও নৈবেদ্য এই পঞ্চদ্রব্য ভিন্ন প্রতিমা পূজা হয় না।
প্রমাণ স্মৃতি যথা—

"গন্ধং পুষ্পং তথাধূপং দীপং নৈবেদ্য পঞ্চমং।
প্রতিমাদিষু পূজয়াং অবশ্যং কল্পয়েদ্বুধঃ ॥ ইতি ॥"

জলে পুষ্প অথবা জল দ্বারা পূজা কবিবে।

প্রমাণ স্মৃতি যথা—

"জলেতু পুষ্পমাত্রেন জলৈর্ব্বা প্রতিপূজয়েদিতি ॥"

জলেও বিষ্ণুর পূজা হয়।

প্রমাণ বিষ্ণু যথা—

"আপআয়তনং যস্মাৎ তস্মাৎ তাসু সদাহরিঃ ॥" ইতি ॥

প্রতিমা স্থানীয় জলে ও অগ্নিতে আবাহন ও বিসর্জ্জন নাই।

প্রমাণ বৌধায়ন যথা—

"প্রতিমাস্থানেষপ্সু অগ্নাবাবাহন বিসর্জ্জন বর্জ্যমিতি।"

জলই দেব প্রতিমা ইহার—প্রমাণ শাতাতপ বচনে যথা—

"অপ্সু দেবা মনুষ্যাণাং দিবিদেবা মনীষিণাং।
কাষ্ঠ লোষ্ট্রেষুমূর্খানাং যুক্তস্যাত্মনি দেবতা ॥" ইতি ॥

দেবপ্রতিমা ও ত্রিদণ্ডী যতিকে দর্শন করিয়া যিনি নমস্কার না করেন তিনি এক দিবস উপবাসরূপ প্রায়শ্চিত্ত করিবেন।

প্রমাণ মহাভারত যথা—

"দেবতা প্রতিমাং দৃষ্ট্বা যতিঞ্চৈব ত্রিদণ্ডিনং।
নমস্কারং নকুর্য্যাদ্‌য উপবাসেন শুদ্ধ্যতি॥" ইতি

শূদ্র সংস্পৃষ্ট শিবলিঙ্গ অথবা বিষ্ণুকে নমস্কার [illegible]বে না।

প্রমাণ বৃহন্নারদীয়ে যথা—

"নমেদ্‌যঃ শূদ্রসংস্পৃষ্টং লিঙ্গং বাহরিমেব বা।
সসর্ব্ব যাতনা ভোগী যাবদাহূত সংপ্লবং॥ ইতি॥"

অনুপনীত দ্বিজাতির, স্ত্রী ও শূদ্রের বিষ্ণু ও শিব স্পর্শে অধিকার নাই।

প্রমাণ বৃহন্নারদীয়ে যথা—

"স্ত্রীণামনুপনীতানাং শূদ্রানাঞ্চ জনেশ্বর।
স্পর্শনেনাধিকারোঽস্তি বিষ্ণৌবা শঙ্করেঽপিবা॥"
ইতি॥

সমস্ত পূজাতেই সূর্য্য, গণেশ, শিব ও বিষ্ণুকে যথাক্রমে পূজা করিবে।

প্রমাণ পাদ্মে যথা—

"আদিত্যং গণনাথঞ্চ দেবীং রুদ্রং যথাক্রমং।
নারায়ণং বিশুদ্ধাখ্যং অন্তেচ কুলদেবতাঃ॥ ইতি॥"

রেচক, পূরক ও কুম্ভক করিয়া ওঁকার দ্বারা বাক্য, মন ও দেহের সমস্ত দোষ নষ্ট করিবে।

প্রমাণ ভবিষ্য পুরাণে যথা—

পূরকং কুম্ভকং কৃত্বা রেচকঞ্চ সমাহিতঃ।
কৃত্বোঙ্কারেণ দোষাংস্তু হন্যাৎ কায়াদি সম্ভবান্॥"
ইতি॥

আত্মার শুদ্ধ্যর্থ বায়ব্য, আগ্নেয়, মাহেন্দ্র ও বারুণ মন্ত্র ধারণা করিবে

ঐ সকল মন্ত্র ধারণা দ্বারা যথাক্রমে দেহের শোষণ,দহন স্তম্ভন ও প্লাবন করিবে। প্রণব দ্বারা উক্ত ধারণা-শুদ্ধ দেহ ও আত্মাকে অর্ক সদৃশ চিন্তা করিবে।

প্রমাণ ভবিষ্যে যথা—

"বায়ব্যাগ্নেয় মাহেন্দ্র বারুণাভির্যথাক্রমং।
কিল্বিষং ধারণাভিশ্চ হন্যাৎ শুদ্ধ্যর্থমাত্মনঃ।
শোষণে দহনে স্তম্ভে প্লাবনেচ যথাক্রমং।
বায়্বগ্নীন্দ্র জলাখ্যাভির্ধারণাভিঃ কৃতেসতি।
ধ্যায়েদ্বিশুদ্ধমাত্মানং প্রণবেনার্কবৎস্থিতং।
দেহং তেনৈব সঞ্চিন্ত্য পঞ্চভূতময়ং পরং।
স্থূলং সূক্ষ্মং তথাঙ্গানি স্বস্থানেষু প্রকল্প্যচ॥ ইতি"

সূর্য্য পূজায় পুষ্পাভাবে পত্র দিবে তথাপি মুকুল অর্থাৎ অপ্রস্ফুটিত পুষ্প দিবে না।

প্রমাণ ভবিষ্যে যথা—

"মুকুলৈর্নার্চ্চয়েদ্ভানুং অপক্কং ন নিবেদয়েৎ।
অলাভেন তু পুষ্পানাং পত্রাণ্যপি নিবেদয়েদিতি॥"

গণেশ, দুর্গা, বায়ু, আকাশ ও অশ্বিনীকুমারদ্বয়কে ব্যাহৃতি দ্বারা আবাহন করিবে।

প্রমাণ বায়ু পুরাণে যথা—

"বিনায়কং তথাদুর্গাং বায়ু মাকাশমেবচ।
আবাহয়েদ্ব্যাহৃতিভিস্তথৈবাশ্বিকুমারকৌ॥" ইতি॥

মৃত্তিকা গ্রহণে, গঠনে, প্রতিষ্ঠনে, আবাহনে, স্নপনে, পূজনে ও বিসর্জ্জনে যথাক্রমে হরাদি নাম কীর্ত্তন করিবে।

প্রমাণ ব্রহ্ম পুরাণে যথা—

"মৃত্তিকা গ্রহণে চৈব গঠনেচ প্রতিষ্ঠনে
আবাহনেচ স্নপনে পূজনে চ বিসৰ্জ্জনে
হরাদীনিচ নামান মহাঁদেবান্তানি কীৰ্ত্তয়েদিতি ॥"

হরাদি নাম যথা—ব্রাহ্মে।

"হরো মহেশ্বরশ্চৈব শূলপানিঃ পিণাক ধৃক্।
পশুপতিঃ শিবশ্চৈব মহাদেব ইতিক্রমাৎ ॥ ইতি ॥"

শিবলিঙ্গাদিতে নিম্ন লিখিত অষ্ট মূর্ত্তির পূজা করিতে হয়।

প্রমাণ ভবিষ্যে যথা—

"সৰ্ব্বায় ক্ষিতিমূৰ্ত্তয়ে নমঃ ভবায় জলমূৰ্ত্তয়ে নমঃ
রুদ্রয়াগ্নিমূৰ্ত্তয়ে নমঃ উগ্রায় বায়ুমূৰ্ত্তয়ে নমঃ ভীমায়
আকাশ মূৰ্ত্তয়ে নমঃ পশুপতয়ে যজমানমূৰ্ত্তয়ে নমঃ
মহাদেবায় সোমমূৰ্ত্তয়ে নমঃ ঈশানায় সূৰ্য্যমূৰ্ত্তয়ে নমঃ।
মূৰ্ত্তয়ো হষ্টৌ শিবস্যৈতাঃ পূৰ্ব্বাদিক্রম যোগতঃ।
আগ্নেযন্তাঃ প্রপূজ্যাস্ত বেদ্যাংলিঙ্গে শিবংযজেদিতি ॥"

যোড়শোপচার আচার চিন্তামণিতে যথা—

"আসনং স্বাগতং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কম্।
মধুপৰ্ক মাচমন স্নান বসনাভরণানিচ।
গন্ধপুষ্পে ধূপদীপৌ নৈবেদ্যং বন্দনন্তথা ॥"

কুশ, পুষ্প, ও অক্ষত দ্বারা অথবা সিদ্ধার্থ ও চন্দন দ্বারা অর্ঘ্য দান করিবে।

প্রমাণ কালিকা পুরাণে যথা—

"পাদার্থমুদকং পাদ্যং কেবলং তোয়মেবতৎ।
তত্তৈজসেন পাত্রেণ শঙ্খেনাথ প্রদাপয়েৎ।

কুশ পুষ্পা ক্ষতৈর্ব্বাপি সিদ্ধার্থৈশ্চন্দনৈস্তথা।
তোয়ৈ র্গন্ধৈ র্যথালব্ধৈরর্ঘ্যং দদ্যাত্তু সিদ্ধয়ে॥” ইতি।

অর্ঘ্যপাত্রে অষ্টধা মন্ত্র জপ করিবে এবং সেই জল নিজদেহে এবং নৈবেদ্যা-দিতে দিবে।

প্রমাণ কালিকা পুরাণে যথা—

“এবমেব ত্বর্ঘপাত্রে হ্যষ্টধামন্ত্রং জপেৎসুধীঃ।
তত্তোয়ৈঃ সেচয়েৎ শীর্ষং গন্ধপুষ্পাদিকং তথা।
যদ্দীয়তে দেবতাভ্যো গন্ধপুষ্পাদিকং তথা।
অর্ঘপাত্রে স্থিতৈস্তোয়ৈ রভিষিচ্য সমুৎসৃজেদিতি॥”

তুলসীচয়ন মন্ত্র স্কান্দে যথা—

“তুলস্যামৃতনামাসি সদাত্বংকেশব প্রিয়ে।
কেশবার্থং চিনোমিত্বাং বরদাভব শোভনে।
তদঙ্গ সম্ভবৈর্দেবং পূজয়ামি যথাহরিং।
তথাকুরু পবিত্রাঙ্গি কলৌমল বিনাশিনী।
মন্ত্রেণানেন যঃ কুর্য্যাদ্গৃহীত্বা তুলসীদলং।
পূজনং বাস্য দেবস্য বিষ্ণুলোকং সগচ্ছতি॥ ইতি॥”

সংক্রান্তি, পক্ষান্ত, দ্বাদশী, রাত্রি ও সন্ধ্যাতে তুলসীচয়ন নিষেধ।

প্রমাণ বৈষ্ণবামৃতে ব্যাস যথা—

“সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং নিশিসন্ধ্যয়োঃ।
ছিন্দন্তি তুলসীং যেতু তে ছিন্দন্তি হরেঃশিরঃ॥”
ইতি॥

অষ্টাঙ্গ প্রণাম নৃসিংহ পুরাণে যথা—

"উরসা শিরসাদৃষ্ট্যা বচসা মনসাতথা।
পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যাং প্রণামোঽষ্টাঙ্গ ইষ্যতে॥
ইতি॥"

তিনবার প্রদক্ষিণ করিয়া অষ্টাঙ্গে বিষ্ণুকে প্রণাম করিলে দশাশ্বমেধের ফললাভ হয়।

প্রমাণ বামন পুরাণে যথা—

"ত্রিঃ প্রদক্ষিণঞ্চ যঃকুর্য্যাৎ সাষ্টাঙ্গক প্রণামকং।
দশাশ্বমেধস্য ফলং প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ॥ ইতি॥"

বিষ্ণু পুরাণোক্ত কাম্যবলি অর্থাৎ ভূতগণকে অন্নদান গৃহস্থের কর্ত্তব্য।

প্রমাণ যথা—

"ততো ঽন্যদন্নমাদায় ভূমিভাগে শুচৌপুনঃ।
দদ্যাদশেষভূতেভ্যঃ স্বেচ্ছয়াতৎ সমাহিতঃ।
দেবামনুষ্যাঃ পশবোবয়াংসিসিদ্ধাঃ সযক্ষোরগ দৈত্যসঙ্ঘাঃ।
প্রেতাঃপিশাচা স্তরবঃসমস্তা যেচান্নমিচ্ছন্তি ময়াপ্রদত্তং।
পিপীলিকাঃ কীটপতঙ্গকাদ্যাবুভুক্ষিতাঃ কর্ম্ম নির্ব্বন্ধবন্ধাঃ।
প্রয়াস্তুতেতৃপ্তিমিদংময়ান্নং তেভ্যো বিসৃষ্টং সুখিনোভবন্তু।
যেষাং নমাতা নপিতা নবন্ধু র্নৈবান্ন সিদ্ধির্নতথান্নমস্তি।
তত্তৃপ্তয়ে ঽন্নং ভুবিদত্তমেতৎ প্রযান্তু তৃপ্তিং মুদিতাভবন্তু।
ভূতানি সর্ব্বানি তথান্নমেতদহঞ্চ বিষ্ণু র্নযতোঽন্যদস্তি।
তস্মাদহং ভূতনিকায়ভূতমন্নং প্রযচ্ছামি ভবায়তেষাং॥
চতুর্দ্দশো ভূতগণোযএষ যত্রস্থিতা যেঽখিল ভূতসঙ্ঘাঃ।
তৃপ্ত্যর্থমন্নং হি ময়া বিসৃষ্টং তেষামিদন্তে মুদিতাভবন্তু।
ইত্যুচ্চার্য্য নরোদদ্যাদন্নং শ্রদ্ধাসমন্বিত ইতি॥"

অচিরোদিত সূর্য্যে, সন্ধ্যাকালে, এবং দিবাভোজনে অতিতৃপ্ত ব্যক্তি রাত্রিতে ভোজন করিবে না।

প্রমাণ মনু যথা—

"নাতিপ্রগে নাতিসায়ংন সায়ং প্রাতরাশিত" ইতি ॥

ভোজন করিবার সময় প্রাণাদি পঞ্চ বায়ুর অন্নভূমিতে প্রদান করিবে।

প্রমাণ ব্রহ্ম পুরাণে—

"প্রাণেভ্যস্তথ পঞ্চভ্যঃ স্বাহা প্রণবসংযুতাঃ।
পঞ্চাহুতিস্তুজুহুয়াৎ প্রলয়াগ্নি নিভেষুচ ॥ ইতি ॥"

দেবাদির উদ্দেশে পাদোদকাদি প্রদান করিতে হয়।

প্রমাণ স্মৃতি যথা—

"নিবেদ্য প্রাশনাৎ পূর্ব্বংদেব পাদোদকাহুতিঃ।
হোতব্যাজঠরে বহ্নৌস্বেন পানিতলেনতু ॥" ইতি ॥

জীবন্মাতৃক ও জীবৎ পিতৃক ব্যক্তি দক্ষিণমুখে ভোজন করিবে না।

প্রমাণ আপস্তম্ব যথা—

"দক্ষিণামুখোন ভুঞ্জীত এবম্বিধভোজন মনায়ুষ্যং মাতুরুপদিশতি ॥"

এবং

"কুহূস্নানং গয়াশ্রাদ্ধং তিলৈস্তর্পণমেবচ।
ন জীবৎ পিতৃকঃ কুর্য্যাদ্দক্ষিণামুখ ভোজনং ॥
ইতি ॥"

দিবসে দুইবার অন্ন ভোজন করিবে না।

প্রমাণ আপস্তম্ভ যথা—

"দিবাপুন র্নভুঞ্জীতান্যত্র ফলমূলেভ্যঃ ॥ ইতি ॥"

প্রাণাহুতি ঘৃতাভাবে সম্পন্ন হইলে, আর ঘৃত ভোজন করিবে না।

প্রমাণ স্মৃত্যর্থসারে যথা—

"প্রাণাহুতৌ ঘৃতাভাবে পশ্চাদ্ভুঞ্জীত নোঘৃতমিতি ॥"

আস্তরণের নিমিত্ত "অমৃতোপস্তরণমসি স্বাহা" এই বলিয়া জলপান করিতে হয়।

প্রমাণ ব্রহ্ম পুরাণে যথা—

"আপোশানঞ্চ গৃহ্লীয়াৎ সর্ব্বতীর্থময়ঞ্চযৎ।
অমৃতোপস্তরণং মসীতি বিষ্ণোরন্নময়স্যচ।
অত্র চাস্তরণার্থস্তু প্রাশ্যতে যোঽমৃতংসকৃৎ।
অমৃতোপস্তরণমসি স্বাহেতিসচ উদ্ধরেৎ ॥" ইতি ॥

পানীয়, পায়স, ঘৃত, দুগ্ধ, সর্পি সমস্ত ভক্ষণ করিবে, না পারিলে পরিত্যাগ করিবে, তথাপি ভুক্তাবশিষ্ট অন্যকে দিবে না।

প্রমাণ মহাভারতে যথা—

"পানীয়ং পায়সংসর্পির্দ্দধি ক্ষীরঘৃতান্যপি।
নিরশ্যং শেষমেতেষাং নপ্রদেয়স্তু কস্যচিৎ ॥" ইতি ॥

কার্ত্তিক মাসে মাংসাদি ভোজন করিবে না।

প্রমাণ নারদীয়ে যথা—

"নমৎস্যং ভক্ষয়েন্মাংসং নকৌর্ম্মং নান্যদেবহি।
চণ্ডালোজায়তে রাজন্ কার্ত্তিকে মাংসভক্ষণাৎ ॥
ইতি ॥"

মৎস্য ভক্ষণ নিষেধ মনু বচনে যথা—

"মৎস্যাদঃ সর্ব্বমাংসাদস্তস্মান্মৎস্যান্ বিবর্জ্জয়েদিতি ॥"

প্রতিপদাদি পঞ্চদশ তিথিতে কুষ্মাণ্ডাদি পঞ্চদশ দ্রব্য ভক্ষণে দোষ ক্রমান্বয়ে নিম্ন লিখিত স্মৃতি বচনে লিখিত হইয়াছে।

যথা—

"কুষ্মাণ্ডেচার্থ হানিস্যাদ্বৃহত্যাং নস্মরেদ্ধরিং।
বহুশত্রুঃ পটোলে স্যাদ্ধন হানিস্তুমূলকে।
কলঙ্কীজায়তে বিল্বে তির্য্যক্‌যোনিশ্চ নিম্বকে।
তালে শরীরনাশঃ স্যাৎ নারিকেলে চ মূর্খতা।
তুম্বী গোমাংসতুল্যাস্যাৎ কলম্বী গোবধাত্মিকা।
শিম্বী পাপকরীপ্রোক্তা পূতিকা ব্রহ্মঘাতিকা।
বার্ত্তাকৌসুত হানিস্যাৎ চিররোগীচ মাষকে।
মহাপাপকরং মাংসং প্রতিপদাদিষু বর্জ্জয়েদিতি॥"

অথ সামগ সন্ধ্যা প্রয়োগ।

"ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, তদ্বিষ্ণোঃ পরমংপদং সদা পশ্যন্তি সূরয়োদিবীব চক্ষুরাততম্ ইত্যুক্তা আচমনংকুর্য্যাৎ॥"

ওঁ বিষ্ণু ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া আচমন করিবে।

"ওঁ শন্ন আপোধন্বন্যাঃ শমনঃসন্তুনূপ্যাঃ*।
শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃসন্তুকূপ্যাঃ।"

মরুদেশভব জল আমাদিগের মঙ্গল করুক। জলপ্লাবিত দেশের জল আমাদিগের হিতকারী হউক। সমুদ্রভব জল আমাদিগের কল্যাণদায়ী হউক। কূপ জল আমাদিগের শুভদ হউক।

---

* নূপ্যা আপঃ অনূপদে শভবানি জলানি ইত্যর্থঃ। জল প্রায় দেশের নাম অনূপ। জলপ্রায় মনূপংস্যাদিত্যমরঃ।

ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতোমলাদিব
পূতং পবিত্রেণে বাজ্যমাপঃশুন্ধন্তু মৈনসঃ।

বৃক্ষ সকল যেরূপ ঘর্ম্মাক্ত ব্যক্তির ক্লমাপনোদন করে, অবগাহন যেরূপ স্নাত ব্যক্তির মলাদি দূরীভূত করে, ঘৃত যেরূপ সংস্কার বিধি দ্বারা পবিত্র হয়, হে জল সেইরূপ আমাদিগকে পাপ হইতে মুক্ত কর।

"ওঁ আপোহিষ্টা ময়োভুবস্তান ঊর্জ্জে
দধাতন মহেরণায় চক্ষসে।"

হে জল তোমরা সুখদায়ী অতএব আমাদিগকে অন্নদান কর এবং চরমে পরব্রহ্মের সহিত সংযোজিত কর।

"ওঁ যোবঃ শিবতমোরসস্তস্য ভাজয়তেহ
নউষতীরিব মাতরঃ॥"

হে জল হিতকারিণী স্নেহবতী জননীর ন্যায়, যে রস আমাদিগের শিবতম আমাদিগকে তদ্ভাগী কর এবং সমস্ত কলুস বিনাশ কর।

"ওঁ তস্মা অরঙ্গমাম বোযস্যক্ষয়ায়
জিন্নথ আপোজনয়থা চনঃ।"

হে জল তোমরা যে রস দ্বারা জগৎকে তৃপ্ত করিতেছ, সেই রস দ্বারা আমাদিগকে পরিতৃপ্ত কর।

"ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভিদ্ধাত্তপসোহধ্যজায়ত ততোরাত্র্যজায়ত
ততঃ সমুদ্রোর্নবঃ সমুদ্রাদর্নবাদধি সম্বৎসরোহজায়ত।
অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতোবশী সূর্য্যা চন্দ্রমসৌ
সৌধাতাযথা পূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথোস্বঃ।"

মহাপ্রলয় সময়ে কেবল এক মাত্র ব্রহ্ম ছিলেন। সেই সময়ে বিশ্ব

অন্ধকারে আবৃত ছিল। অনন্তর লোকত্রয়ের কারণ বারিপূরিত জলধি উৎপন্ন হয়। সেই জল হইতে উৎপন্ন বিধাতা ক্রমান্বয়ে চন্দ্র, সূর্য্য, সৃষ্টি করিয়া স্বর্গ, মর্ত্ত্য, আকাশ, নক্ষত্র ইত্যাদি সৃষ্টি করেন, সেই সময় হইতে দিন, রাত্রি, ঋতু, বর্ষাদি হইতে লাগিল।

(ইতি মার্জ্জনং। ততো বদ্ধাঞ্জলিঃ)

"ওঁ কারস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। সপ্তব্যাহৃতীনাং প্রজাপতি ঋষির্গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্‌বৃহতী পঙ্‌ক্তি ত্রিষ্টুপ্‌জগত্যশ্ছন্দাংসি অগ্নিবায়ু বরুণ সূর্য্য বৃহস্পতীন্দ্র বিশ্বেদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষি গায়ত্রীচ্ছন্দঃ সবিতাদেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্রীশিরসঃ প্রজাপতি ঋষি ব্রহ্মবায়্বগ্নি সূর্য্যাশ্চতস্রো দেবাদেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ।"

(ইহার অর্থ পূর্ব্বেই লিখিত হইয়াছে)

(ইত্যুক্ত্বা জলংবেষ্টয়িত্বা অঙ্গুষ্ঠেন দক্ষিণপুটং ধৃত্বা প্রথমং রক্তবর্ণং চতুর্মুখং দ্বিভুজং অক্ষসূত্র কমণ্ডলুকরং হংসাসন মারূঢ়ং ব্রহ্মাণংনাভিদেশেধ্যায়ন্) "ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্যধীমহি ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ ওঁ আপোজ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্।" নাসাপুটৌ ধৃত্বা হৃদিনীলোৎপলদল প্রভং চতুর্ভুজং শঙ্খচক্র গদাপদ্ম হস্তং গরুড়াসনমারূঢ়ং কেশবংধ্যায়ন্) "ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ

জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো-
দেবস্য ধীমহি ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ ওঁ আপোজ্যো-
তীরসোঽমৃতংব্রহ্ম ভূর্ভুর্বঃ স্বরোম্।” (ততো দক্ষিণ না-
সাপুটেন বায়ুং ত্যজন্ ললাটেশ্বেতং ত্রিশূল ডমরুকরং
অর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষভাসনস্থং শম্ভুংধ্যায়ন্)
“ওঁভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং
ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়োয়োনঃ
প্রচোদয়াৎ ওঁ আপোজ্যোতীরসোঽমৃতংব্রহ্ম ভূর্ভুর্বঃ
স্বরোম্”। (ইতি প্রাণায়ামঃ)

পূর্ব্বোক্ত প্রকারে যথাক্রমে ব্রহ্মা বিষ্ণু ও শিবের ধ্যান করিয়া প্রাণায়াম করিতে হয়।

প্রমাণ ব্যাস যথা—

“আদানং রোধমুৎসর্গং বায়োস্ত্রি স্ত্রিঃ সমভ্যসেৎ।
ব্রহ্মাণংকেশবং শম্ভুংধ্যায়েদ্দেবাননুক্রমাদিতি ॥”

এবং বৃহস্পতিধৃত বিষ্ণু ধর্ম্মোত্তর বচন যথা—

“ব্রাহ্মণং কেশবং শম্ভুং ধ্যায়ন্ মুচ্যেত বন্ধনাদিতি।”

(তত আচমনং তত্র প্রাতর্মন্ত্রঃ।

“সূর্য্যশ্চমেতি মন্ত্রস্য ব্রহ্মঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো-
দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মামন্যুশ্চ
মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং
যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসাবাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদ-
রেণ শিশ্না অহস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি

ইদমহমাপোঽমৃতযোনৌ সূর্য্যেজ্যোতিষি পরমাত্মনি জুহোমিস্বাহো।"

সূর্য্য, যজ্ঞ এবং যজ্ঞ পতিরা আমাকে অসমাপ্ত যজ্ঞকৃত পাপ হইতে রক্ষা করুন। আমি রাত্রিকালে মন, বাক্য, হস্ত, পদ, উদর, ও শিশ্নদ্বারা যে পাপ করিয়াছি দিবস তাহা নাশ করুন৭ অন্য যে কিছু পাপ আছে, তাহা সূর্য্যে অর্পণ করিতেছি।

(মধ্যাহ্নে মন্ত্রশ্চ)

"আপঃপুনন্ত্বিতি মন্ত্রস্য বিষ্ণুঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপোদেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃপুনন্তু পৃথিবীং পৃথ্বীপূতা পুনাতুমাং পুনন্তু ব্রহ্মণস্পতি-ব্র্হ্মপূতা পুনাতুমাং যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বাদুশ্চরিতং মম সর্ব্বংপুনন্তু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহংস্বাহা।"

জল পৃথিবীকে পবিত্র করুন। পবিত্রা পৃথিবী আমাকে পবিত্র করুন। পূত পরব্রহ্ম আমাকে পবিত্র করুন। আমি উচ্ছিষ্ট ও অভোজ্য ভোজনাদি যে কিছু পাপ করিয়াছি, জল আমাকে সেই সকল পাপ হইতে মুক্ত করুন।

(সায়াহ্নে মন্ত্রশ্চ)

"অগ্নিশ্চমেতি মন্ত্রস্য রুদ্রঋষি প্রকৃতিশ্ছন্দ আপো-দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মামন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যোরক্ষন্তাং যদহ্না পাপমকার্ষং মনসাবাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপো-ঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষিপরমাত্মনিজুহোমিস্বাহা।"

(ইতি আচমনং)

অগ্নি, যজ্ঞ, ও যজ্ঞপতিরা আমাকে অসম্পন্ন যজ্ঞকৃত পাপ হইতে রক্ষা করুন। আমি কায়মনোবাক্য দ্বারা দিবসে যে কিছু পাপ করিয়াছি রাত্রি তাহা নষ্ট করুন। অন্য যে কিছু পাপ আছে তাহা সত্য ও জ্যোতিস্বরূপ পরমাত্মাতে অর্পণ করি।

(ততো জলে গায়ত্রীং জপ্ত্বা)

আপোহিষ্ঠেতি ঋক্‌ত্রয়স্য সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপোদেবতা মার্জনে বিনিয়োগঃ। ওঁ আপোহিষ্ঠা ময়ো ভুবস্তান ঊর্জে দধাতন মহেরণায় চক্ষসে। ওঁ যোবঃ শিবতমোরসস্তস্য ভাজয়তেহ ন উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বোযস্য ক্ষয়ায় জিন্বথ আপোজনয়থা চনঃ।" (ইতি পুনর্ম্মার্জনং)

(ততো জল গণ্ডূষং নাশিকায়া মারোপ্য)

"ঋতঞ্চ সত্যঞ্চেতি মন্ত্রস্য অঘমর্ষণ ঋষিরণুষ্টুপ্ ছন্দো ভাববৃতো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভিদ্ধাত্তপসোহধ্য জায়ত ততোরাত্র্য-জায়ত ততঃ সমুদ্রোর্ণবঃ সমুদ্রাদর্ণবাদধি সম্বৎসরো-হজায়ত অহোরাত্রানি বিদধদ্বিশ্বস্য মিষতোবশী সূর্য্যা চন্দ্রমসোধাতা যথাপূর্ব্ব মকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্ত-রীক্ষমথোস্বঃ।"

(ইতি পঠিত্বা ভূমৌ তজ্জল গণ্ডূষং ত্যজেৎ) (ততো গায়ত্র্যাজলাঞ্জলি ত্রয়ং সূর্য্যায় দদ্যাৎ) (মধ্যাহ্নেতুসকৃৎ) (ততঃ সূর্য্যোপস্থানং) (তত্রমন্ত্রঃ)।

"উদুত্যমিত্যস্য প্রস্কন্নঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যোদেবতা

সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদুত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ দৃশে বিশ্বায় সূর্য্যং।"

জগতের প্রকাশের নিমিত্ত রশ্মি সকল সূর্য্যদেবকে বহন করিতেছে।

"চিত্রমিত্যস্য কৌৎস ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানা মুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেরাপ্রাদ্যাবা পৃথিবীঞ্চান্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ।"

অগ্নি, মিত্র ও বরুণ এই তিন দেবতার নয়ন সদৃশ এতদতিরিক্ত দেবতা স্বরূপ সস্থাবর জঙ্গমের আত্মা স্বরূপ সূর্য্যদেব স্বকীয় অংশুমালা দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও আকাশ ব্যাপ্ত করিয়াছেন।

"ওঁ নমো ব্রহ্মণে, ওঁ নমো ব্রাহ্মণেভ্যঃ, ওঁ নম আচার্য্যেভ্যঃ, ওঁ নম ঋষিভ্যঃ, ওঁ নমো দেবেভ্যঃ, ওঁ নমো বেদেভ্যঃ, ওঁ নমো মৃত্যবে, ওঁ নমো বায়বে, ওঁ নমো বরুণায়, ওঁ নমো বিষ্ণবে, ওঁ নমো বৈশ্রবণায় চোপজায়চ।"

ইত্যেতৈঃ প্রত্যেকং জলাঞ্জলিনা প্রত্যুপস্থানং কুর্য্যাৎ, এতদনন্তরং নিষ্পিতৃকস্য পিত্রাদি তর্পণং, ততঃ কৃতাঞ্জলিঃ।

"ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনী।
গায়ত্রিচ্ছন্দসাং মাত র্ব্রহ্মযোনি নমোঽস্তুতে॥" ইতি।

অয়ি বরদে বেদোদ্দীপনকারিণী বেদমাতা ব্রহ্মযোনি প্রণবস্বরূপে গায়ত্রী দেবী আগমন করুন, আমি তোমাকে নমস্কার করি।

(ইত্যাবাহ্য ওঁ ভূঃহৃদয়ে, ওঁ ভুবঃ শিরসি, ওঁ স্বঃ

শিখায়াং, ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং সর্ব্বাঙ্গে, ওঁ ভর্গো-দেবস্যধীমহি ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ ওঁ করতলদ্বয়ে। এবং অপরবারদ্বয়ং ন্যসেৎ)

তর্পণের পর গায়ত্রী জপের বিধি ব্রাহ্মণসর্ব্বস্বে শঙ্খ যাজ্ঞবল্ক্য যথা—

"প্রণবোভূর্ভুবঃ স্বশ্চ অঙ্গানি হৃদয়াদয়ঃ।
ত্রিরাবৃত্য ততঃ পশ্চাদার্ষং ছন্দশ্চ দৈবতং।
বিনিয়োগ স্তথারূপং ধ্যাতব্যং ক্রমাস্তুবৈ॥ ইতি॥"

(ততশ্চ)

গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষির্গায়ত্রীছন্দঃ সবিতাদেবতা জপোপনয়নে বিনিয়োগঃ।

(ততোধ্যানং)

"প্রাতর্গায়ত্রীং কৌমারীং ঋগ্বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডল সংস্থিতাং।"

"মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষস্থাং পীতবাসসীং।
যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডল সংস্থিতাং॥"

"সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভবাহিনীং।
সূর্য্যমণ্ডল মধ্যস্থাং সামবেদসমাযুতাং॥"

(এবং প্রাতরাদিকাল ভেদেন যথাক্রমং গায়ত্রীং সাবিত্রীং সরস্বতীং ধ্যায়ন্ ঊর্দ্ধস্তিষ্ঠন্ প্রাতরূর্দ্ধোত্তান-করৌ মধ্যাহ্নে তথাতিষ্ঠন্ তীর্য্যক্‌করৌ সায়মুপবিষ্টো-ঽধোমুখোকরৌ কৃত্বা অনামিকা মধ্যমূল পর্ব্বদ্বয় কনিষ্ঠামূলাদি পর্ব্বত্রয় অনামিকাগ্রপর্ব্ব মধ্যমাগ্রপর্ব্ব

তর্জ্জন্যগ্রাদি পর্ব্বত্রয়রূপ দশপর্ব্বসু অঙ্গুষ্ঠাদ্য পর্ব্ব-
যোগেন)

এই ধ্যানের প্রমাণ স্মৃতি যথা—

"গায়ত্রী ব্রহ্মরূপাতু সাবিত্রী বিষ্ণুরূপিণী।
সরস্বতী রুদ্ররূপা উপস্যারূপভেদতঃ॥"

রূপনামভেদের প্রমাণ যোগি যাজ্ঞবল্ক্য যথা—

"পূর্ব্বাসন্ধ্যাচ গায়ত্রী সাবিত্রী মধ্যমাস্মৃতা।
যাভবেৎ পশ্চিমাসন্ধ্যা বিজ্ঞেয়াসাসরস্বতী॥ ইতি॥"

"ওঁ ভূর্ভুবঃ স্বঃতৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি
ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ ওঁ।"

(ইতি দশধাজপন্ সমর্থশ্চেৎশতধা সহস্রধাপি) ততঃ—

"ওঁ মহেশবদনোৎপন্না বিষ্ণোর্হৃদয় সম্ভবা ব্রহ্মণা
সমনুজ্ঞাতা গচ্ছদেবি যথেচ্ছয়া॥"

(ইত্যনেন বিসর্জ্জয়েৎ)

"অনেন জপেন ভগবন্তাবাদিত্য শুক্রৌপ্রীয়েতাং"
(ইত্যুচ্চার্য্য) "ওঁ আদিত্য শুক্রাভ্যাং নমঃ"

(ইতি জলাঞ্জলিং দদ্যাৎ) ততঃ—

"জাতবেদস ইত্যস্য কাশ্যপ ঋষি স্ত্রিষ্টুপ্ছন্দো
হগ্নির্দেবতা আত্মরক্ষায়াংজপে বিনিয়োগঃ। ওঁ
জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নিদহাতি
বেদঃসনঃ পরিষদতি দুর্গানি বিশ্বানাবেব সিন্ধুংদুরিতা-
ত্যগ্নিঃ।"

পূর্ব্বোক্ত মন্ত্রের ঋষি কশ্যপ, ছন্দ ত্রিষ্টুপ্, দেবতা অগ্নি, আত্মরক্ষার্থে প্রয়োজন। অগ্নিতে সোম যজ্ঞের অনুষ্ঠান করি, অগ্নি আমাদিগের অরাতি দগ্ধ করেন, উহাদ্বারা বেদ বশীকৃত হয়, নৌকা যেরূপ তটিনীতরণের সাধন সেইরূপ অগ্নি বিশ্বের পাপ হইতে আমাদিগকে উত্তীর্ণ করেন।

(ইতি শিরসিরক্ষাং কুর্য্যাৎ)

এই স্বস্ত্যয়ন মন্ত্র জপের প্রমাণ বিষ্ণু ধর্ম্মোত্তরে যথা—

"জাতবেদস ইত্যেতজ্জপেৎস্বস্ত্যয়নং পথি।
ভয়ৈর্ব্বিমুচ্যতে সর্ব্বৈঃ স্বস্তিমান্ প্রাপ্নুয়াৎগৃহে॥
ইতি॥"

"ঋতমিত্যস্য কালাগ্নিরুদ্র ঋষিরনুষ্টুপছন্দো রুদ্রো-দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ। ওঁ ঋতং সত্যং পরংব্রহ্ম পুরুষংকৃষ্ণপিঙ্গলং ঊর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং বিশ্বরূপং নমোনমঃ।" ইতি কৃতাঞ্জলির্জপেৎ।

এই মন্ত্রের কালাগ্নি ঋষি, অনুষ্টুপ্ ছন্দ, রুদ্রদেবতা, রুদ্রোপস্থানে বিনি-য়োগঃ। নিত্য, সত্য, কৃষ্ণ পিঙ্গল, ঊর্দ্ধলিঙ্গ, বিরূপাক্ষ, বিশ্বরূপ পরব্রহ্মকে নমস্কার করি।

এই মন্ত্র জপের প্রমাণ ছন্দোগ পরিশিষ্টে যথা—

"ততো রুদ্রমর্ব্বাগ্বা বৈদিকাজ্জপাৎ" ইতি॥"

(ততঃ) "ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ বরুণায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, রুদ্রায় নমঃ।

(ইত্যনেন জলাঞ্জলীন্ দদ্যাৎ) এই জলাঞ্জলি দানের প্রমাণ বিষ্ণু ধর্ম্মোত্তরে যথা—

"ক্ষিপেজ্জলাঞ্জলীন্সপ্ত মনোদুঃখ বিনাশনে।" ইতি॥

ত্রিকালেই সূর্য্যার্ঘ দান করিবে, অশক্ত হইলে একবার দান করিবে।

প্রমাণ নারসিংহে যথা—

"অর্ঘ্যংদদ্যাত্তু সূর্য্যায় ত্রিকালেষু যথাক্রমাৎ।
অশক্ত এককালে ঽপি মধ্যাহ্নে তু বিশেষতঃ॥ ইতি॥
সন্ধ্যাং কৃত্বাতুদত্ত্বার্ঘ্যংততঃ পশ্যেদ্দিবাকরং। ইতিচ॥"

"ওঁ ত্রাহিসূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাংভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর॥" ইতি॥

"ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্‌ভাস্বতে বিষ্ণুতেজসে।"
জগৎ সবিত্রেসূচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে॥ ইতি॥"

এই বিষ্ণু পুরাণোক্ত সূর্য্যার্ঘ্য দান মন্ত্র পাঠ করিয়া অর্ঘ দিবে।

(ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় নম) ইতি সূর্য্যায়ার্ঘ্যং দত্ত্বা)

"ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং।"
ইতি প্রণমেৎ॥

পূর্ব্বে জপে কর বিন্যাসের যে রীতি নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার প্রমাণের নিমিত্ত স্মৃতি বচন নিম্নে উদ্ধৃত হইল।

"কৃত্বোত্তানৌ করৌপ্রাতেঃ সায়ঞ্চাধোমুখৌ করৌ।
মধ্যেতীর্য্যক্ করৌপ্রোক্তা জপএবমুদাহৃতঃ। ইতি।"

এবং শঙ্খ্য যথা—

"তিস্রোঽঙ্গুল্য স্ত্রিপর্ব্বাণোমধ্যমা চৈকপর্ব্বিকা।
অনামা মধ্যমারভ্য জপএব মুদাহৃতঃ। ইতি॥"

এবং মদন পারিজাতে।

"মধ্যমায়াদ্বয়ং পর্ব্বং জপকালেতুবর্জ্জয়েৎ।
এনং মেরুং বিজানীয়াদ্দূষিতং ব্রহ্মণাস্বয়ং॥ ইতি॥"

সংখ্যা করিয়া জপ না করিলে তাহা নিষ্ফল হয়।

প্রমাণ মদন পারিজাতে যথা—

"অঙ্গুষ্ঠাগ্রেণ যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘিতং।
অসংখ্যাতঞ্চ যজ্জপ্তং তৎসর্ব্বং নিষ্ফলংভবেৎ।"
ইতি॥

জপকালে অন্যের সহিত আলাপ করিবে না।

প্রমাণ ব্যাস যথা—

"জপকালে ন ভাষেত ব্রতহোমাদিকেষুচ।" ইতি।

অশুচি, দৈবকর্ম্মাদিরত, অক্ষত পাণি, জপনিরত ও পুষ্পপাণি ব্যক্তি অন্যকে অভিবাদন করিবে না।

প্রমাণ শঙ্খ লিখিত যথা—

"নপুষ্পাক্ষত পাণি র্নাশুচির্ণজপন্নদৈব পিতৃকার্য্যং
কুর্ব্বন্নিতি॥"

বৃন্তাক, জালিকা শাক, কুসুম্ভ, অশ্মন্তক, পলাণ্ডু, লশুন, শুক্ত ও নির্ষাস ভক্ষণ করিবে না।

প্রমাণ কৌর্ম্মে যথা—

"বৃন্তাকং জালিকাশাকং কুসুম্ভাশ্মন্তকং তথা।
পলাণ্ডুলশুনং শুক্লং নির্য্যাসঞ্চৈব বর্জ্জয়েৎ॥" ইতি॥

গৃঞ্জন, কিংশুক, কুকুণ্ড, উডুম্বর ও অলাবু ভক্ষণে পতিত হয়।

প্রমাণ কৌর্ম্মে যথা—

"গৃঞ্জনং কিংশুকঞ্চৈব কুকুণ্ডঞ্চ তথৈবচ।
উড়ুম্বর মলাবুঞ্চ জগ্ধাপততি বৈদ্বিজঃ॥" ইতি॥

অথ দীক্ষা কৃত্য নির্ণয়।

যাহাতে জ্ঞান দান হয় এবং যাহার দ্বারা পাপ ক্ষয় হয়, এবম্বিধ পাপচ্ছেদ ক্ষমা ক্রিয়ার নাম দীক্ষা।

প্রমাণ প্রয়োগসারে যথা—

"দীয়তে জ্ঞান মত্যন্তং ক্ষীয়তে পাপসঞ্চয়ঃ।
তেন দীক্ষেতি সাজ্ঞেয়া পাপচ্ছেদ ক্ষমাক্রিয়া॥" ইতি॥

উপনয়ন না হইলে যেরূপ অধ্যয়নাদি কর্ম্মে অধিকার হয় না, সেইরূপ অদীক্ষিত ব্যক্তির মন্ত্র-দেবার্চ্চনাদি কর্ম্মে অধিকার হয় না।

প্রমাণ আগমে যথা—

"দ্বিজানামনুপেতানাং স্বকর্ম্মাধ্যয়নাদিষু।
যথাধিকারো নাস্তীহ স্যাচ্চোপনয়নাদনু।
তথাত্রাদীক্ষিতানান্তু মন্ত্রদেবার্চ্চনাদিষু।
নাধিকার স্ততঃ কুর্য্যাদাত্মনং শিবসংস্তুতং॥" ইতি॥

অদীক্ষিত ব্যক্তি পশু তুল্য এবং তাহার জীবন নিষ্ফল।

প্রমাণ স্কান্দে কার্ত্তিক প্রসঙ্গে ব্রহ্মনারদ সম্বাদে যথা—

"তেনরাঃপশবোলোকে কিংতেষাংজীবনে ফলং।
যৈর্নলব্ধা হরেদীক্ষা নার্চ্চিতোবা জনার্দ্দনঃ॥" ইতি॥

দীক্ষারহিত ব্যক্তির ইহ-জন্ম-কৃতকর্ম্ম নিষ্ফল হয় এবং পরে পশুযোনি প্রাপ্তি হয়।

হরিভক্তিবিলাস ধৃত বিষ্ণুযামলে যথা—

"অদীক্ষিতস্য বামোরু কৃতং সর্ব্বং নিরর্থকং।
পশুযোনিমবাপ্নোতি দীক্ষাবিরহিতো জনঃ॥" ইতি॥

দিব্য জ্ঞান লাভের নিমিত্ত গুরুকে সর্ব্বস্ব নিবেদন করিয়া মন্ত্র গ্রহণ করিবে।

প্রমাণ বিষ্ণুযামলে যথা—

"দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্যসংক্ষয়ং।
তস্মাদ্দীক্ষেতি সাপ্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ।
অতোগুরুং প্রণম্যৈবং সর্ব্বস্বং বিনিবেদ্যচ।
গৃহ্লীয়াদ্বৈষ্ণবং মন্ত্রং দীক্ষাপূর্ব্বং বিধানতঃ॥" ইতি॥

জ্ঞান লাভের নিমিত্ত সৎ গুরুর নিকট গমন করিবে।

প্রমাণ শ্রুতি যথা—

"তদ্বিজ্ঞানার্থং সদ্গুরুমেবাভিগচ্ছেৎ।
সমিৎ পাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং॥" ইতি॥

এবং ভাগবতের দশমস্কন্ধে যথা—

"বিজিত হৃষীক বায়ুভি রদান্ত মনস্তুরগং।
যইহ যতন্তি যন্তু মতিলোল মুপায়খিদঃ।
ব্যসন শতান্বিতাঃ সমবহায় গুরোশ্চরণং।
বনিজইবাজ সন্ত্যক্ত কর্ণধারা জলধৌ॥" ইতি॥

বিজিতেন্দ্রিয় বায়ু যে ব্যক্তি সদ্‌গুরুচরণাশ্রয় ব্যতিরেকে অদমিত মন

দমন করিতে ইচ্ছা করে, সে ব্যক্তি এই সংসার সাগরে অকৃতকর্ণধার বণিকের ন্যায় ক্লেশ ভোগ করে।

এবং শ্রুতি যথা--

"নৈষাতর্কেণ মতিরপনেয়া প্রোক্তান্যেনৈব
সুজ্ঞানায় প্রেষ্ঠা।" ইতি।

শোভন জ্ঞানের নিমিত্ত প্রিয়তমা বুদ্ধিকে নিজ তর্ক দ্বারা অপমার্গে প্রবিষ্ট করিবে না।

শুদ্ধবংশজাত, স্বয়ং পাতিত্যাদি দোষরহিত, সদাচারী, আশ্রমী, ক্রোধ রহিত, বেদবেত্তা, সর্ব্বশাস্ত্রবেত্তা, শ্রদ্ধাবান্, অসূয়া শূন্য, প্রিয়বাক, প্রিয়দর্শন, সুবেশ, তরুণ, সর্ব্বভূত-হিত-রত, ধীমান্, অনুদ্ধতমতি, অহিংসক, তত্ত্ব বিচারক, বাৎসল্যাদিগুণযুক্ত, ভগবৎ পূজায় কৃত নিশ্চয়, কৃতজ্ঞ, ন্যায়বান্, কৃপালু, মন্ত্র হোম পরায়ণ, অনুমান ও তর্ক প্রকারজ্ঞ শুদ্ধাত্মা ব্যক্তিই গুরু শ্রেষ্ঠ।

প্রমাণ যথা মন্ত্র-মুক্তাবলি গ্রন্থে—

"অবদাতান্বয়ঃ শুদ্ধঃ স্বোচিতাচারতৎপরঃ।
আশ্রমী ক্রোধরহিতো বেদবিৎ সর্ব্বশাস্ত্রবিৎ।
শ্রদ্ধাবাননসূয়শ্চ প্রিয়বাক্ প্রিয়দর্শনঃ।
শুচিঃ সুবেশস্তরুণঃ সর্ব্বভূতহিতেরতঃ।
ধীমাননুদ্ধতমতিঃ পূর্ণোঽহন্তা বিমর্শকঃ।
সগুণোঽর্চ্চাসু কৃতধীঃ কৃতজ্ঞঃ শিষ্যবৎসলঃ।
নিগ্রহানুগ্রহেশক্তোহোম মন্ত্র পরায়ণঃ।
ঊহাপোহ প্রকারজ্ঞঃ শুদ্ধাত্মা যঃ কৃপালয়ঃ।
ইত্যাদি লক্ষণৈর্যুক্তো গুরুস্যাদ্ গরিমাম্বুধিঃ॥" ইতি॥

এবং অগস্ত্যসংহিতা যথা—

"দেবতোপাসকঃ শান্তো বিষয়েষ্বপি নিস্পৃহঃ।

অধ্যাত্মবিদ্‌ব্রহ্মবাদী বেদশাস্ত্রার্থ কোবিদঃ।
উদ্ধর্ত্তুং চৈব সংহর্ত্তুং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ।
তত্ত্বজ্ঞোযন্ত্রমন্ত্রাণাং মর্ম্মভেত্তা রহস্যবিৎ।
পুরশ্চরণকৃদ্ধোম-মন্ত্র সিদ্ধঃ প্রয়োগ বিৎ।
তপস্বী সত্যবাদীচ গৃহস্থোগুরুরুচ্যতে॥" ইতি॥

দেবতোপাসক, শান্ত, বিষয়ে অনাশক্ত, আত্মতত্ত্ববেত্তা, বেদাধ্যাপক, বেদশাস্ত্রার্থজ্ঞ, উদ্ধার এবং সংহার সমর্থ, ব্রাহ্মণশ্রেষ্ঠ, যন্ত্র মন্ত্রতত্ত্বজ্ঞ, সংশয়-চ্ছেত্তা, রহস্যজ্ঞ, পুরশ্চরণকৃৎ, হোমমন্ত্রসিদ্ধ, প্রয়োগবেত্তা, তপস্বী, সত্যবাদী ও গৃহস্থ ব্যক্তিই গুরুশ্রেষ্ঠ।

সহস্র শাখাধ্যায়ী, সর্ব্বযজ্ঞ দীক্ষিত এবং মহাকুল প্রসূত ব্যক্তিও অবৈষ্ণব হইলে গুরুশ্রেষ্ঠ নন।

প্রমাণ পাদ্মে যথা—

"মহা ভাগবত শ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈগুরুর্নৃণাং।
সর্ব্বেষামেবলোকানামসৌপূজ্যো যথাহরিঃ।
মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
সহস্র শাখ্যাধায়ীচ ন গুরুস্যাদবৈষ্ণবঃ।" ইতি॥

বিষ্ণু মন্ত্র দীক্ষিত ও বিষ্ণু পূজা তৎপর ব্যক্তিই বৈষ্ণব।

প্রমাণ হরিভক্তি বিলাসধৃত পাদ্মে যথা—

"গৃহীত বিষ্ণু দীক্ষাকো বিষ্ণুপূজাপরোনরঃ।
বৈষ্ণবোঽভিহিতো ঽভিজ্ঞৈরিতরো ঽস্মাদ বৈষ্ণবঃ॥"
ইতি।

অবৈষ্ণব ব্যক্তির নিকট উপদিষ্ট হইলে নিরয়গামী হইতে হয়।

প্রমাণ পঞ্চরাত্রে যথা—

'অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ।
পুনশ্চ বিধিনা সম্যক গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্গুরোঃ।"

বহু ভোজনকারী, দীর্ঘসূত্রী, বিষয় লোলুপ, হেতুবাদরত, অবাচ্য পর পাপাদিবক্তা, গুণ নিন্দক, অরোমা, বহুরোমা, নিন্দিতাশ্রম সেবক, কাল দন্ত, কৃষ্ণৌষ্ঠ, দুর্গন্ধিশ্বাসবাহক, দুষ্ট লক্ষণ সম্পন্ন, দান সমর্থ, বহু প্রতিগ্রহাসক্ত ব্যক্তিকে গুরু করিবে না।

প্রমাণ তন্ত্রসাগরে যথা-

"বহ্বাশী দীর্ঘসূত্রীচ বিষয়াদিষু লোলুপঃ।
হেতুবাদরতো দুষ্টোঽবাগ্বাদী গুণ নিন্দকঃ
অরোমা বহুরোমাচ নিন্দিতাশ্রমসেবকঃ।
কালদন্তো ঽসিতৌষ্ঠশ্চ দুর্গন্ধিশ্বাসবাহকঃ।
দুষ্টলক্ষণ সম্পন্নো যদ্যপি স্বয়মীশ্বরঃ।
বহুপ্রতিগ্রহাসক্ত আচার্য্যঃ শ্রীক্ষয়াবহঃ॥" ইতি॥

শ্রদ্ধান্বয়, শ্রীমান, বিনীত, প্রিয়দর্শন, সত্যবাদী, পুণ্য চরিত্র, মহাবুদ্ধি, অদাম্ভিক, রাগ দ্বেষাদি রহিত, গুরুচরণ পরায়ণ, দেবাদি পূজক, শ্রদ্ধাবান্, নিয়তেন্দ্রিয় যুবা ও কৃপালু ব্যক্তিই শিষ্যশ্রেষ্ঠ।

প্রমাণ মন্ত্র মুক্তাবলীতে যথা—

"শিষ্যঃ শুদ্ধান্বয়ঃ শ্রীমান্ বিনীতঃ প্রিয়দর্শনঃ।
সত্যবাক্ পুণ্যচরিতো ঽদভ্রধীর্দম্ভবর্জ্জিতঃ।
কামক্রোধ পরিত্যাগী ভক্তশ্চ গুরু পাদয়োঃ।
দেবতা প্রবণঃ কায়-মনোবাগ্ভির্দিবানিশং।
নিরুজো নির্জ্জিতাশেষ পাতকঃ শ্রদ্ধয়ান্বিতঃ।
দ্বিজদেব পিতৃণাঞ্চ নিত্যমর্চ্চা পরায়ণঃ।

যুবা বিনিয়তাশেষ করণঃ করুণালয়ঃ।
ইত্যাদি লক্ষণৈর্যুক্তঃ শিষ্যোদীক্ষাধিকারবান্।" ইতি ॥

জৈমিনি, সুগত, নাস্তিক, নগ্ন্য, কপিল ও অক্ষপাদ এই ছয় জন এবং ইহাদের মতানুবর্ত্তী ব্যক্তিরা হেতুবাদী।

প্রমাণ হয়শীর্ষ পঞ্চরাত্রে যথা—

"জৈমিনিঃ সুগতশ্চৈব নাস্তিকোনগ্ন্য এবচ।
কপিলশ্চাক্ষপাদশ্চ ষড়েতে হেতুবাদিনঃ।
এতন্মতানুসারেণ বর্ত্তন্তে যে নরাধমাঃ।
তে হেতু বাদিনঃ প্রোক্তাস্তেভ্যস্তন্ত্রং নদাপয়েদিতি।"

গুরু ও শিষ্য এক বৎসর একত্র বাসে পরস্পরের স্বভাব অবগত হইয়া মন্ত্রদান ও গ্রহণ করাই শ্রেয়ঃ কল্প।

প্রমাণ মন্ত্রমুক্তাবলীতে যথা—

"তয়োর্বৎসর বাসেন জ্ঞাতান্যোন্য স্বভাবয়োঃ।
গুরুতা শিষ্যতাচেতি নান্যথৈবেতি নিশ্চয়ঃ ॥" ইতি ॥

এবং শ্রুতি যথা—

"নাসম্বৎসর বাসিনে দেয়াৎ।"

এবং সারসংগ্রহেঽপি—

"সদ্গুরুঃ স্বাশ্রিতংশিষ্যং বর্ষমেকং পরীক্ষয়েৎ ॥"
ইতি ॥

বাসুদেব মন্ত্রে দীক্ষিত হওয়াই কর্ত্তব্য।

প্রমাণ নারসিংহে যথা—

"সত্যং সত্যং পুনঃসত্য মুৎক্ষিপ্যভুজমুচ্যতে।
বেদাচ্ছাস্ত্রং পরংনাস্তিন দেবঃ কেশবাৎপরঃ।ইতি ॥"

পাদ্মে যথা—

"অরির্ম্মিত্রং বিষংপথ্যং অধর্ম্মোধর্ম্মতাংব্রজেৎ।
সুপ্রসন্নে হৃষীকেশে বিপরীতে বিপর্য্যয়ঃ॥ ইতি॥"

বাসুদেবই নিত্য পরব্রহ্ম তিনি তুষ্ট হইলে বিপরীতে বিপর্য্যয় হয়।

বাসুদেবকে পরিত্যাগ করিয়া যিনি অন্যের উপাসনা করেন, তিনি জননীর পরিবর্ত্তে চণ্ডালিনীর বন্দনা করেন।

প্রমাণ স্কান্দে যথা—

"বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
স্বমাতরং পরিত্যজ্য শ্বপচীংবন্দতে হিসঃ॥" ইতি॥

এবং মহাভারতে যথা—

"অনাদৃত্যতু যোবিষ্ণুং অন্যদেবং সমাশ্রয়েৎ।
গঙ্গাম্ভসঃ সতৃষ্ণার্ত্তো মৃগতৃষ্ণাং প্রধাবতি॥" ইতি॥

এবং হরিবংশে শিববাক্য যথা—

"হরিরেব সদারাধ্যো ভবদ্ভিঃ সত্ত্বসংস্থিতৈঃ।
বিষ্ণুমন্ত্রং সদাবিপ্রাঃ পঠধ্বংধ্যাতকেশবং॥" ইতি॥

এই তান্ত্রিক বিষ্ণুমন্ত্র দীক্ষায় স্ত্রী শূদ্রাদিরও অধিকার আছে।

প্রমাণ পাদ্মে নারদাম্বরীষ সম্বাদে যথা—

"আগমোক্তেন মার্গেণ স্ত্রীশূদ্রৈশ্চৈব পূজনং।
কর্ত্তব্যং শ্রদ্ধয়া বিষ্ণোশ্চিন্তয়িত্বাপতিং হৃদি।
শূদ্রানাঞ্চৈবভবতি নাম্না বৈদেবতার্চ্চনং॥" ইতি॥

এবং অগস্ত্যসংহিতায় যথা—

"শুচি ব্রততমাঃ শূদ্রা ধার্ম্মিকা দ্বিজসেবকাঃ।

স্ত্রিয়ঃ পতিব্রতাশ্চান্যে প্রতিলোমানুলোমজাঃ।
লোকাশ্চাণ্ডাল পর্য্যন্তাঃ সর্ব্বেপ্যত্রাধিকারিণঃ॥" ইতি॥

সাবিত্রী, প্রণব, যজু ও লক্ষ্মী, স্ত্রী ও শূদ্রের অশ্রোতব্য ও অজ্ঞাতব্য।

প্রমাণ নৃসিংহ তাপনীয় শ্রুতি যথা—

"সাবিত্রীং প্রণবং যজুর্লক্ষ্মীং স্ত্রীশূদ্রয়োর্নেচ্ছন্তি।" ইতি॥

এবং গোবিন্দভট্টধৃত বচন যথা—

"স্বাহা প্রণব সংযুক্তং শূদ্রে মন্ত্রং দদদ্দ্বিজঃ।
শূদ্রো নিরয়গামীস্যাৎ ব্রাহ্মণঃ শূদ্রতামিয়াৎ॥" ইতি॥

যদ্দ্বারা মনন, বিশ্ববিজ্ঞান এবং সংসারবন্ধন হইতে ত্রাণ হয় তাহার নাম মন্ত্র।

প্রমাণ পিঙ্গলামৃত যথা—

"মননং বিশ্ববিজ্ঞানং ত্রাণং সংসার বন্ধনাৎ।
যতঃ করোতি সংসিদ্ধ্যে মন্ত্রইত্যভিধীয়তে॥" ইতি।

জনন, জীবন, তাড়ন, রোধন, অভিষেক, বিমলী করণ, আপ্যায়ন, তর্পণ, দীপন ও গুপ্তি এই দশবিধ সংস্কার দ্বারা মন্ত্রশুদ্ধি হয়।

প্রমাণ শারদা তিলকে যথা—

"মন্ত্রানাং দশকথ্যন্তে সংস্কারাঃ সিদ্ধিদায়িনঃ।
জননং জীবনং পশ্চাৎ তাড়নং রোধনং তথা।
অথাভিষেকো বিমলী করণাপ্যায়নে পুনঃ।
তর্পণং দীপনং গুপ্তির্দ্দশৈতা মন্ত্রসংস্ক্রিয়া॥" ইতি॥

মন্ত্রের মাতৃকা যন্ত্র হইতে উদ্ধারের নাম জনন।

প্রমাণ যথা—

"মন্ত্রাণাং মাতৃকা যন্ত্রাদুদ্ধারো জননং স্মৃতং।" ইতি ॥

প্রণবান্তরিত করিয়া মন্ত্র বর্ণ জপের নাম জীবন।

প্রমাণ যথা—

"প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ।
এতজ্জীবন মিত্যাহুর্ম্মন্ত্র তন্ত্র বিশারদাঃ। ইতি ॥"

মন্ত্র বর্ণ লিখিয়া বায়ুবীজ পাঠ করত চন্দনাম্বু দ্বারা তাড়নের নাম তাড়ন।

প্রমাণ যথা—

"মন্ত্রর্বর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা।
প্রত্যেকং বায়ুনা মন্ত্রী তাড়নং তদুদাহৃতং ॥ ইতি ॥"

মন্ত্র বর্ণ সংখ্যক করবীর পুষ্প দ্বারা হননের নাম রোধন।

প্রমাণ যথা—

"বিলিখ্য মন্ত্রংতং মন্ত্রী প্রসূনৈঃ করবীরজৈঃ।
তন্মন্ত্রাক্ষর সংখ্যাতৈ র্হন্যাদ্ যত্নেন রোধনং ॥" ইতি ॥

মন্ত্রী স্বতন্ত্রোক্ত বিধানে মন্ত্রবর্ণ সংখ্যক অশ্বথ পল্লব জল দ্বারা মন্ত্রের অভিষেক করিবে।

প্রমাণ যথা—

"স্বতন্ত্রোক্ত বিধানেন মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া।
অশ্বথ পল্লবৈর্ম্মন্ত্র মভিষিঞ্চেদ্বিশুদ্ধয়ে ॥ ইতি ॥"

অথবা—

"স্বতন্ত্রোক্ত বিধানেন মূর্দ্ধ্নি তোয়েন দেশিকঃ।
নমোঽন্তং মন্ত্রমুচ্চার্য্য তদন্তে দেবতাভিধাং।
দ্বিতীয়ান্তা মহং পশ্চাৎ অভিষিঞ্চাম্যনেন তু। ইতি ॥"
তোয়ৈরঞ্জলি বদ্ধৈশ্চাপ্যভিষিঞ্চেৎ স্বমূর্দ্ধনি ॥ ইতিবা ॥'

মানসে মন্ত্র চিন্তা করিয়া জ্যোতির্ম্মন্ত্র দ্বারা মন্ত্রে মলত্রয় দহনের নাম বিমলী করণ।

প্রমাণ যথা—

"সঞ্চিন্ত্য মনসামন্ত্রং জ্যোতির্ম্মন্ত্রেণ* নির্দ্দহেৎ।
মন্ত্রে মলত্রয়ং† মন্ত্রী বিমলীকরণন্ত্বিদং॥" ইতি॥

সেই মন্ত্র পাঠ করত কুশোদক দ্বারা মন্ত্রের প্রত্যেক বর্ণ প্রোক্ষণের নাম আপ্যায়ন।

প্রমাণ যথা—

"কুশোদকেন মন্ত্রেণ প্রত্যর্ণং প্রোক্ষণং মনোঃ।
তেন মন্ত্রেণ বিধিবৎ এতদাপ্যায়নং স্মৃতং॥ ইতি॥"

মন্ত্র ও বারি দ্বারা মন্ত্রে তর্পণের নাম তর্পণ।

প্রমাণ যথা—

"মন্ত্রেণ বারিণা মন্ত্রে তর্পণং তর্পণং মতং। ইতি॥"

তার, মায়া ও রমা যোগের নাম দীপন।

প্রমাণ যথা—

"তারমায়াঞ্চ‡ রমাযোগো মনোর্দ্দীপন মুচ্যতে॥" ইতি॥

জপ্যমান মন্ত্রের অপ্রকাশনের নাম গুপ্তি।

প্রমাণ যথা—

* "তারব্যোমাগ্নিমনুযুগ্দণ্ডী জ্যোতির্ম্মনু মতঃ।" "তারং প্রণবঃ, ব্যোম হকারঃ, অগ্নীরেফঃ, মনুরৌকারঃ, তদ্যুক্তোঽনুস্বারঃ তেন ওন্ হ্রৌং ইতি জ্যোতির্ম্মন্ত্রঃ।" ইতি স্মার্ত্তঃ॥

† মলত্রয়ং মায়িকং কার্ম্মিণং মানবরূপং ইতি স্মার্ত্তঃ।

‡ তার ওঁ মায়াহ্রীং রমাশ্রীং ইতি স্মার্ত্তঃ।

"জপ্যমানস্য ম গোপনংত্বপ্রকাশনং ॥" ইতি

কৃষ্ণ মন্ত্রের সংস্কারাপেক্ষা নাই।

প্রমাণ হরিভক্তিবিলাসে যথা—

"বলিত্বাৎ কৃষ্ণমন্ত্রাণাং সংস্কারাপেক্ষণং নহি।
সামান্যোদ্দেশ মাত্রেণ তথাপ্যেতদুদীরিতং ॥" ইতি ॥

এক মন্ত্র সাধনে সমস্ত মন্ত্রই সাধিত হয়।

প্রমাণ পঞ্চরাত্রে যথা—

"মন্ত্রং যঃ সাধয়েদেকং জপহোমার্চ্চনাদিভিঃ।
ক্রিয়াভির্ভূরিভিস্তস্য সিদ্ধন্ত্যন্যে হ্যপ্যসাধনাদিতি ॥"
"সম্যক্ সিদ্ধৈক মন্ত্রস্য নাসিদ্ধমিহকিঞ্চন ॥" ইতিচ ॥

অথ দীক্ষা কাল নির্ণয়

গুরু ও ভৃগুর অস্তগমনে বাল্যে ও বার্দ্ধক্যে সিংহরাশিস্থ বৃহস্পতিতে, গুরু সূর্য্য সংযোগে দশাহে, বক্রী গুরুর অষ্ট বিংশাহে, প্রাগ্রাশ্যনায়তে অতি-চারি গুরু বৎসরে, প্রাগ্রাশি গন্তৃ গুরুর অতিচারে ত্রিপক্ষ মধ্যে ভূকম্পাদ্যদ্ভুত কার্য্যে সপ্তাহ মধ্যে, মলমাসাদিতে,পৌষাদি চতুর্ম্মাসে একাহ বৃষ্টিতে এক দিনে, দুই দিবস বৃষ্টিতে তিন দিনে, তিন দিবস বৃষ্টিতে সপ্তাহ মধ্যে দীক্ষাদি নিষেধ। এবং ভার্গব ও বৃহস্পতির অস্তগতিতে দ্বাত্রিংশদ্দিবস মধ্যে, মহত্যস্তে দ্ব্যধিক সপ্ততি দিবস মধ্যে, পাদাস্তে দ্বাদশ দিবস মধ্যে, গুরুর অস্তে পূর্ব্ব পর পক্ষ মধ্যে, বার্দ্ধক্য বাল্যে পাদাস্তে দশাহ মধ্যে এবং বার্দ্ধক্য বাল্যে দিনত্রয় মধ্যেও দীক্ষাদি নিষেধ।

প্রমাণ স্মার্ত্ত ধৃত বচন যথা—

"গুরোর্ভৃগো রস্তবাল্যেবার্দ্ধকে সিংহগে গুরৌ।
গুর্ব্বাদিত্যে দশাহেচ বক্রিজীবেঽষ্টবিংশকে।

দিনে প্রাগ্রাশ্যনায়াতাতিচারি গুরু বৎসরে।
প্রাগ্রাশিগন্তু জীবস্যাতিচারেচ ত্রিপক্ষকে।
কম্পাদ্যদ্ভুত সপ্তাহে নীচস্থেজ্যে মলিম্লুচে।
